ভাষা শিক্ষা ককবরক

নির্মলেন্দু আচার্য, এম. এ., সি. সি. কে,

ভাষা শিক্ষা ককবরক

নির্মলেন্দু আচার্য, এম. এ., সি. সি. কে

22cm
295 P
10003
Rs 99/-
14/8/03

চঞ্চলা প্রকাশনী
পুরাতন কলেজ রোড,
পূর্ব শিবনগর, আগরতলা।

Bhasha Shiksha Kok-Borok
A Book of Kok-Borok (Tripuri Language) Learning
By Nirmalendu Acharya

প্রথম প্রকাশ ঃ ২৬-২-২০০০ (বইমেলা)
দ্বিতীয় প্রকাশ ঃ ২৬.৩.২০০০

প্রাপ্তিস্থান ঃ (১) প্রফুল্ল রক্ষিত
পুরাতন কলেজ রোড,
পূর্ব শিবনগর,
আগরতলা, ত্রিপুরা (পঃ)।
(২) কমার্শিয়াল ট্রেডার্স
মঠচৌমুহনী,
আগরতলা, ত্রিপুরা (পঃ)।
(৩) পুস্তকালয়
সুভাষপার্ক, খোয়াই
ত্রিপুরা, পশ্চিম।
(৪) মা পুস্তকালয়
চেবরী, খোয়াই
ত্রিপুরা (পঃ)।

মূল্য ঃ ৯৯ টাকা মাত্র।

চঞ্চলা প্রকাশনী
পুরাতন কলেজ রোড,
পূর্ব শিবনগর, আগরতলা।

উৎসর্গ

হারিয়ে যাবার পরও পল-অনুপলে
যার নিয়ত অদৃশ্য উপস্থিতি আমাকে প্রতি মুহূর্তে
অনুপ্রেরণা যোগায় সেই পিতার উদ্দেশ্য

ভূমিকা

ত্রিপুরার ককবরক ভাষাভাষী লেখক ও গবেষকদের পাশাপাশি সমান্তরালভাবে কিছু বাঙালী লেখক ও গবেষক ককবরক ভাষা ও সাহিত্য চর্চার কাজে এগিয়ে এসেছেন। এই ধারার বয়েস একশ' বছরের মতন। একশ' বছর আগে ককবরকভাষী রাধামোহন ঠাকুর যখন 'কক্-বরক-মা' লেখেন, তখন থেকে ঠিক একই সময়ে কাজী দৌলত আহম্মদ তাঁর 'কক-বরমা' বই প্রকাশ করেন। ককবরক ভাষা চর্চার উষালগ্নে এই বই দু'খানি মুদ্রিত হয়েছিলো কুমিল্লা থেকে। রাধামোহন ঠাকুর ছিলেন ককবরকভাষী ত্রিপুরী, আর কাজী দৌলত আহম্মদ ছিলেন বাংলাভাষী বাঙালী। ককবরক ভাষা চর্চার ক্ষেত্রে রাধামোহন ঠাকুর ও কাজী দৌলত আহম্মদের সেই ঐতিহ্যধারা আজও বহমান ত্রিপুরাতে।

ভাষা চর্চা ও সাহিত্য চর্চা এক কাজ নয়। সাহিত্য চর্চার লোক পাওয়া যায় ভুরিভুরি, কিন্তু ভাষা চর্চার লোক মেলে কোটিতে গোটিক। ত্রিপুরায় রাধামোহন - দৌলত আহম্মদের উত্তরকালে অজিতবন্ধু দেববর্মা, এ্যাডভাইজার জিতেন ঠাকুর, বংশী ঠাকুর, দশরথ দেব, সুধন্বা দেববর্মা, মহেন্দ্র দেববর্মা, যোগেন্দ্র দেববর্মা প্রমুখের ককবরক ভাষা চর্চার অবদান অসামান্য। তাঁদের পর বর্তমান প্রজন্মের নরেন্দ্র চন্দ্র দেববর্মা, নরেশ চন্দ্র দেববর্মা, রবীন্দ্র কিশোর দেববর্মা, বিনয় দেববর্মা প্রমুখের পাশাপাশি শ্রীযুত শান্তিময় চক্রবর্ত্তী, ডঃ অনাদি ভট্টাচার্য, ডঃ প্রভাষ চন্দ্র ধর, মনোরঞ্জন মজুমদার, নিতাই আচার্য প্রমুখ ককবরক ভাষা চর্চার কাজে এগিয়ে এসেছেন। ককবরক ভাষী না হয়েও তাঁরা ভালোবেসে ককবরক আয়ত্ত করেছেন এবং ব্যকরণ চর্চার মতো দুরূহ কাজে আত্মনিয়োগ করেছেন। তাঁদের কাজের মানও উৎকৃষ্ট। ত্রিপুরায় সার্বিকভাবে ককবরক চর্চার ক্ষেত্রে ত্রিপুরী-বাঙালী মেলবন্ধন অব্যাহত গতিতে চলতে থাকবে।

শ্রীমান নির্মলেন্দু আচার্য অনুজ প্রতিম ককবরক গবেষক। ককবরকের কৃতি গবেষক তাঁর দাদা শ্রীযুত নিতাই আচার্য ও তিনি ককবরক ভাষা পরিমণ্ডলের মধ্যে জন্মগ্রহন ক'রে একই সঙ্গে মাতৃভাষা 'বাঙলা' ও তিব্বত-বর্মীয় ভাষা 'ককবরক' সমানভাবে আয়ত্ত করেছেন। পর্দার আড়াল থেকে এই দু'ভাইয়ের ককবরক উচ্চারণ শুনলে কেউ বুঝতে পারবেন না যে তাঁরা বাঙালী। শ্রীমান নির্মলেন্দুর ককবরক ব্যাকরণজ্ঞান দেখে আমি অবাক হয়েছি। তিনি যখন ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ে ককবরক সার্টিফিকেট কোর্সে আমার ছাত্র ছিলেন, তখনই আমি তাঁর মেধার পরিচয় পাই। কঠোর সাধনা ও অধ্যাবসায়ের সাথে তিনি তার এই **'ভাষা শিক্ষা ককবরক'** বই লিখেছেন। তাঁর এই ককবরক ভাষা চর্চার বই ককবরক শিখতে ইচ্ছুক পাঠকদের কাছে এক অমূল্য সম্পদ। এই বই পড়ে তাঁরা ককবরক ভাষার আন্তর জগতে প্রবেশ করে অনেক মণিমুক্তোর সন্ধান পাবেন। তাঁর এই শ্রম সার্থক হবে বলে আমি আশা করি।

কুমুদ কুণ্ডু চৌধুরী
সেন্টার ফর ট্রাইব্যাল ল্যাঙ্গুয়েজেজ,
ত্রিপুরা বিশ্ববিদ্যালয়, আগরতলা।
২০.২.২০০০

CHIEF EXECUTIVE MEMBER
TRIPURA TRIBAL AREAS AUTONOMOUS DISTRICT COUNCIL
KHUMLWNG, TRIPURA.

THE DATE 26.02.2000

ত্রিপুরা রাজ্যের দ্বিতীয় রাজ্যভাষা ককবরক। রাজ্যের মোট জনসংখ্যার প্রায় দুই তৃতীয়াংশ জনগণই ককবরক ভাষা জানেন না। ফলে অনেক ক্ষেত্রেই ককবরকভাষী ও অককবরকভাষীদের মধ্যে ভাব বিনিময়ে অসুবিধার সৃষ্টি হয়। ত্রিপুরা জাতি-উপজাতির বাসভূমি। শান্তি ও সম্প্রীতি বজায় রাখার ক্ষেত্রেও সৌভ্রাতৃত্ব গড়ে তোলার ক্ষেত্রে একে অপরের ভাষা বুঝা অত্যন্ত জরুরী। ত্রিপুরার প্রত্যন্ত অঞ্চলে বসবাসকারী সমাজের পিছিয়ে পড়া জনজাতির অধিকাংশই ককবরকভাষী। তাই তাদের দুঃখ-দুর্দশা, অভাব-অভিযোগ ও সুবিধা-অসুবিধার কথা সঠিকভাবে বুঝতে না পারলে তাদেরকে সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে অন্তরায় সৃষ্টি হবে। তাই ককবরক ভাষা জানা একান্ত প্রয়োজন।

এজন্য রাজ্য সরকার ট্রাইব্যাল রিসার্চ ইন্সটিটিউটের মাধ্যমে জেলা, মহকুমা ও ব্লক স্তরে কর্মরত সরকারী কর্মচারীদের ককবরক শিখানোর কাজ হাতে নিয়েছেন। এজন্য এডিসি কর্তৃপক্ষও সর্বোতভাবে প্রয়াস অব্যাহত রেখেছেন। এরই অঙ্গ হিসাবে বিগত ১৯৯৯ ইং সনের ২০শে এপ্রিল থেকে আনুষ্ঠানিকভাবে এডিসিতে প্রশাসনিক স্তরে ককবরক ভাষা চালু করেছেন। এজন্য সকলের সহযোগিতা একান্ত প্রয়োজন। এই উদ্যোগকে সফলভাবে বাস্তবায়নের ক্ষেত্রে নির্মলেন্দু আচার্যের এই **"ভাষা শিক্ষা ককবরক"** সহায়ক বই হিসাবে সাহায্য করবে।

ককবরক ভাষার বিকাশে লেখকের এই উদ্যোগকে আমি আন্তরিকভাবে ধন্যবাদ জানাই।

রণজিৎ দেববর্মা
২৬/২/২০০০ ইং

(রণজিৎ দেববর্মা)
মুখ্য কার্য্য নির্বাহী সদস্য
স্ব-শাসিত জেলা পরিষদ
২৬.২.২০০০ ইং

।। প্রকাশকের নিবেদন ।।

অবিশ্বাস্য হলেও সত্যি! চলিত বছরের আগরতলা বইমেলার মাত্র প্রথম ছয় দিনের মধ্যে প্রথম সংস্করণ শেষ হয়ে যাওয়ায় দ্বিতীয় সংস্করণের জন্য হাত দিতে হলো।

যাঁদের ককবরক সম্বন্ধে বিন্দুমাত্র জ্ঞানও নেই তাঁদের যাতে উপকার হয় এই ভেবে **'ভাষা শিক্ষা ককবরক'** বইটি প্রকাশিত হয়েছিল। প্রথম প্রকাশের সময় এবিষয়ে যথেষ্ট সন্দেহ ছিল সকলের কাছে কিরকম গ্রহণযোগ্য হবে। কিন্তু 'আগরতলা বইমেলা ২০০০'-এর প্রথম ছয় দিনেই প্রথম সংস্করণের সমস্ত কপি শেষ হয়ে যায়। বইমেলার শেষ চার দিনে পাঠকদের চাহিদা অনুযায়ী আমরা বইয়ের যোগান দিতে না পারায় দুঃখিত। তাই পাঠকদের চাহিদা পূরণের জন্য তড়িঘড়ি দ্বিতীয় সংস্করণে হাত দিয়েছি।

এই সংস্করণে বইটির সর্বাঙ্গীন উন্নতিকল্পে কোন কোন ক্ষেত্রে স্বল্প সময়েব মধ্যে যথাসম্ভব কিছু কিছু পরিবর্তন ও পরিবর্ধন করা হয়েছে, যাতে শিক্ষার্থীগণ এর দ্বারা একান্তভাবে উপকৃত হন। আশা করি, শিক্ষার্থীদের পক্ষে পরিবর্ধিত ও পরিমার্জিত বিষয়গুলি বিশেষ উপকারে লাগবে।

বিনীত —
প্রকাশক

লেখকের কথা

ভাষা ভ্রাতৃত্ববোধ ও মৈত্রীর সহায়ক। কোন ভাষা যত বেশী ভিন্ন ভাষাগোষ্ঠীর লোকেদের মধ্যে বিস্তার লাভ করে সে ভাষার ব্যাপ্তি ও জনপ্রিয়তা তত বেশী। আবার কোন ভাষা প্রয়োগের সম্ভাবনা যত বেশী সে ভাষা শিখার আগ্রহও তত বেশী। রাজ্য সরকার ককবরক-কে অন্যতম সরকারী ভাষা হিসাবে স্বীকৃতি দিয়েছেন এবং ককবরক ভাষা প্রসারের উদ্দেশ্যে বিভিন্ন রকম উদ্যোগ গ্রহণ করেছেন। ইতিমধ্যে উপজাতি স্ব-শাসিত জেলা পরিষদ এলাকার বিদ্যালয়গুলিতে প্রাথমিক স্তর পর্যন্ত ককবরক ভাষায় পঠন-পাঠন শুরু হয়েছে। রাজ্যের নির্বাচিত কয়েকটি বিদ্যালয়ে মাধ্যমিক স্তর পর্যন্ত ঐচ্ছিক বিষয় হিসাবে ককবরক অন্তর্ভুক্ত করা হয়েছে। এজন্য ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ প্রয়োজনীয় বই প্রকাশ করেছেন। বর্তমানে মধ্যশিক্ষা পর্ষদের অধীনে ককবরক বিষয়ে পরীক্ষার সুযোগও রয়েছে। সম্প্রতি উপজাতি স্ব-শাসিত জেলা পরিষদের প্রশাসনিক কাজকর্মে ককবরক চালু করা হয়েছে। রাজ্য সরকারও সরকারী কর্মচারীদের ককবরক শিখানোর উদ্যোগ নিয়েছেন। এই অবস্থায় অ-ককবরক ভাষীদের প্রয়োজনে ব্যাকরণ ভিত্তিক দ্বি-ভাষিক একটি ভাষা শিক্ষা বইয়ের প্রয়োজনীয়তা উপলব্ধি করছিলাম। মূলতঃ দু'টি উদ্দেশ্যে এই বইয়ের অবতারণা। এক, অক্ষর জ্ঞান নেই এমন ব্যক্তিও যেন ককবরক শিখতে পারেন, দুই, বাংলাভাষী মাধ্যমিক পরীক্ষার্থীদের যারা ককবরককে ঐচ্ছিক বিষয় হিসাবে নিতে চায় তাদের সহায়তা করা। এজন্য এই বইয়ের সবরকম ব্যাকরণগত পরিভাষা ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ দ্বারা প্রকাশিত *"মাইদমিক ককবরক ককমা তেই সীযমুঙ বীচাপ"* থেকে নেওয়া হয়েছে এবং কয়েকটি রচনা ও ভাব-সম্প্রসারণ বঙ্গানুবাদসহ উল্লেখ করা হয়েছে।

বইটিতে ব্যাকরণগত ব্যাখ্যায় বুঝার সুবিধার জন্য সাধুভাষার ব্যবহার করা হয়েছে। সময় স্বল্পতার জন্য ইচ্ছা থাকা সত্ত্বেও অনেক বিষয় অর্ন্তভূক্ত করতে পারিনি। পরবর্তী সংস্করণে বিষয়গুলি সংযোজন করতে চেষ্টা করব। আশা, করি এই বইটির দ্বারা ককবরক শিক্ষক ও শিক্ষার্থী উভয়ই উপকৃত হবেন। বইটির ত্রুটি-বিচ্যুতি দূরীকরণে অভিজ্ঞ ব্যক্তিদের যে কোন রকম প্রস্তাবই সাদরে গৃহীত হবে।

বই লেখার অনুপ্রেরণা আমি যার কাছ থেকে পেয়েছি তিনি হচ্ছেন আমার বড়দা শ্রদ্ধেয় শ্রীযুত নিতাই আচার্য মহাশয়, যার কাছে আমার ককবরকে হাতে খড়ি। আর যিনি আমার পাণ্ডুলিপি দেখে বইয়ের রূপ দিতে উৎসাহিত করেছেন তিনি হচ্ছেন আমার ককবরক শিক্ষক ত্রিপুরা বিশ্ব বিদ্যালয়ের বাংলা বিভাগের রিসার্চ এ্যানালিস্ট শ্রদ্ধেয় শ্রীযুত কুমুদ কুণ্ডু চৌধুরী মহাশয়। এডিসির মুখ্য কার্য নির্বাহী সদস্য শ্রীযুত রঞ্জিত দেববর্মা মহাশয় প্রায় দীর্ঘ তিন মাস তাঁর মূল্যবান সময়ের ফাঁকে ফাঁকে এই বইয়ের পাণ্ডুলিপি দেখে দেওয়ার জন্য তাঁকে অশেষ কৃতজ্ঞতা জানাই। কৃতজ্ঞতা জানাই আকাশবাণী আগরতলা কেন্দ্রের সংবাদ বিভাগে কর্মরত আমার সহকর্মীদের যারা বিভিন্ন সময়ে অনেক অজানা শব্দের যোগান দিয়ে আমায় সাহায্য করেছেন।

পরিশেষে কৃতজ্ঞতা জানাই বইটির প্রকাশককে যিনি বইটি প্রকাশনার দায়িত্ব না নিলে আমার পাণ্ডুলিপি বইয়ের আকারে প্রকাশিত হত না।

ইতি —
নির্মলেন্দু আচার্য

তঙবীলাই (সূচীপত্র)

প্রথম অধ্যায় ঃ		**পৃষ্ঠা**
প্রথম পরিচ্ছেদ —	ব্যাকরণ, ধ্বনি ও বর্ণ,	১১
দ্বিতীয় পরিচ্ছেদ —	শব্দ, শব্দাংশ, বানান ও উচ্চারণ পদ্ধতি, য়-যোগে বিভিন্ন শব্দ।	১৪
তৃতীয় পরিচ্ছেদ —	শব্দের ব্যবহার।	১৮
দ্বিতীয় অধ্যায় ঃ		
প্রথম পরিচ্ছেদ —	**অঙ্গ-প্রত্যঙ্গ ও জিনিস-পত্রের নাম**	
	আত্মীয়-স্বজন	২১
	অঙ্গ-প্রত্যঙ্গ	২২
	পশু	২৩
	পাখী	২৪
	মাছ-মাংস	২৪
	কীট-পতঙ্গ	২৫
	সরীসৃপ	২৫
	গাছ-পালা	২৫
	ফল-ফলাদি	২৬
	ফুলের নাম	২৭
	শাক-সব্জী	২৭
	মশলা	২৭
	খাদ্যদ্রব্য	২৮
	বাদ্যযন্ত্র	২৮
	গৃহ ও গৃহসামগ্রী	২৮
	বস্ত্র ও অলঙ্কারাদি	২৯
	চন্দ্র-সূর্য ইত্যাদি	২৯
	পাহাড়-পর্বত-নদ-নদী	৩০
	রোগের নাম	৩০
	বর্ণ (রঙ)	৩১
	সময় ও বৎসর	৩১
	গুণাবলী	৩২

পেশা ৩৩
দিক সমূহ ৩৪
সাত বারের নাম ৩৪
ঋতু ৩৪
বিবিধ ৩৪

তৃতীয় অধ্যায় ঃ
প্রথম পরিচ্ছেদ — বাক্য, কর্তা ও কর্ম, ৩৫
দ্বিতীয় পরিচ্ছেদ — বাক্যের শ্রেণীবিভাগ, ৩৭
তৃতীয় পরিচ্ছেদ — বাক্যের বিভাগ, ৩৯

চতুর্থ অধ্যায় ঃ
প্রথম পরিচ্ছেদ — পদ ও পদের প্রকারভেদ, বিশেষ্য পদ, ৪১
দ্বিতীয় পরিচ্ছেদ — সর্বনাম ও সর্বনামের প্রকারভেদ, ৪৫
তৃতীয় পরিচ্ছেদ — বিশেষণ ও বিশেষণের প্রকারভেদ, ৪৯
চতুর্থ পরিচ্ছেদ — ক্রিয়াপদ ও ক্রিয়ার শ্রেণীবিভাগ,
ক্রিয়ার তালিকা, ৫৩
পঞ্চম পরিচ্ছেদ — অব্যয় ও অব্যয়ের শ্রেণীবিভাগ, ৭১

পঞ্চম অধ্যায় ঃ
প্রথম পরিচ্ছেদ — বচন ও বচন পরিবর্তনের নিয়ম, ৭৪
দ্বিতীয় পরিচ্ছেদ — পুরুষ, ৭৭
তৃতীয় পরিচ্ছেদ — লিঙ্গ ও লিঙ্গ পরিবর্তন, ৭৯
চতুর্থ পরিচ্ছেদ — সন্ধি, ৮২
পঞ্চম পরিচ্ছেদ — কারক ও বিভক্তি, ৮৫

ষষ্ঠ অধ্যায় ঃ
প্রথম পরিচ্ছেদ — উপসর্গ ও অনুসর্গ, ৯১
দ্বিতীয় পরিচ্ছেদ — প্রত্যয়, ৯৫
তৃতীয় পরিচ্ছেদ — সমাস, ১১১

সপ্তম অধ্যায় ঃ
প্রথম পরিচ্ছেদ — ক্রিয়ারকাল, ১১৬
দ্বিতীয় পরিচ্ছেদ — প্রশ্নসূচক বাক্য, ১২৪
তৃতীয় পরিচ্ছেদ — কয়েকটি প্রশ্নসূচক শব্দ, ১২৯
চতুর্থ পরিচ্ছেদ — বাচ্য ও বাচ্য পরিবর্তন, ১৩২
পঞ্চম পরিচ্ছেদ — উক্তি পরিবর্তন, ১৩৫
ষষ্ঠ পরিচ্ছেদ — বিরাম চিহ্ন, ১৪২
সপ্তম পরিচ্ছেদ — শব্দার্থের রূপান্তর, ১৪৪

অষ্টম অধ্যায় ঃ

প্রথম পরিচ্ছেদ — বহুপদের একপদীকরণ, ১৪৮

দ্বিতীয় পরিচ্ছেদ — বাগধারা ও প্রবাদবাক্য ১৫৪

নবম অধ্যায় ঃ

প্রথম পরিচ্ছেদ — প্রায় সমুচ্চারিত ভিন্নার্থক শব্দ, ১৬০

দশম অধ্যায় ঃ

প্রথম পরিচ্ছেদ — ককবরক গণনা পদ্ধতি, ১৮৮

দ্বিতীয় পরিচ্ছেদ — ককবরক গণনায় শ্রেণী বিভাজকের ব্যবহার, ১৯২

তৃতীয় পরিচ্ছেদ — পত্রলিখন, ২০০

চতুর্থ পরিচ্ছেদ — বঙ্গানুবাদ, ২১৪

পঞ্চম পরিচ্ছেদ — সংলাপ, ২৩৩

ষষ্ঠ পরিচ্ছেদ — ভাবসম্প্রসারণ, ২৩৭

সপ্তম পরিচ্ছেদ — রচনা, ২৫৫

প্রথম অধ্যায়

বীখাক পুইলা

বেদেক পুইলা (প্রথম পরিচ্ছেদ)

ভারতের বিভিন্ন অঞ্চলে বসবাসকারী সকল মানুষের ভাষা এক রকম নহে। এক একটি অঞ্চলের মানুষের ভাষা এক এক রকম হইয়া থাকে। ভিন্ন ভিন্ন অঞ্চলের মানুষ ভিন্ন ভিন্ন ধ্বনি সমষ্টির দ্বারা মনের ভাব প্রকাশ করিয়া থাকে। অর্থাৎ যে-সকল ধ্বনি সমষ্টির দ্বারা মানুষ মনের ভাব প্রকাশ করে তাহাকে ***কক*** বা ভাষা বলা হয়। অঞ্চল ভেদে মানুষের ভাষা ভিন্ন ভিন্ন হইয়া থাকে। উদাহরণস্বরূপ - বাংলা ভাষা, অসমীয়া ভাষা, মনিপুরী ভাষা এবং ককবরক ভাষা ইত্যাদি।

মানুষের মনের ভাব দুই ভাবে প্রকাশ করা যায়। বলিয়া এবং লিখিয়া। মানুষের মনের ভাব বলিয়া প্রকাশ করিবার পদ্ধতিকে বলা হয় ***খুগনি কক*** বা কথ্য ভাষা। আর মানুষের মনের যে-ভাব লিখিয়া প্রকাশ করা হয় তাহাকে বলা হয় ***সীয়জাক কক*** বা লিখিত ভাষা।

ককমা

(ব্যাকরণ; Grammer)

কোন ভাষা শুদ্ধভাবে বলিবার, লিখিবার বা পড়িবার কতগুলি নিয়ম কানুন রহিয়াছে। যে-বই পড়িয়া কোন ভাষা শুদ্ধভাবে বলিতে, লিখিতে বা পড়িতে পারা যায় তাহাকে বলা হয় ***ককমা*** বা ব্যাকরণ।

আর যে-বই পড়িয়া ককবরক ভাষা শুদ্ধভাবে বলিতে, লিখিতে ও পড়িতে পারা যায় তাহাকে বলা হয় ***ককবরক ককমা*** বা ককবরক ব্যাকরণ।

খরাঙ তেই সীয়থাই

(ধ্বনি ও বর্ণ; Sound and Letter)

আমরা কথা বলিবার মাধ্যমে অপরকে মনের ভাব বুঝাইয়া থাকি। কথা বলিবার সময় আমাদের মুখ হইতে যে আওয়াজ বাহির হয় এই আওয়াজকেই বলা হয় *খরাঙ* বা ধ্বনি। যেমন — সা, রে, গা, মা ইত্যাদি।

খরাঙ-এর প্রকারভেদ

এই *খরাঙ* আবার দুই প্রকার। যথা —

- ১) *খরাঙসারি* (স্বর ধ্বনি)
- ২) *খরাঙকীথা* (ব্যঞ্জণ ধ্বনি)

(১) *খরাঙসারি* (Vowel Sound) ঃ

কোন কোন ধ্বনি উচ্চারিত হইবার সময় খুব সহজেই উচ্চারিত হইয়া থাকে। অর্থাৎ উচ্চারিত হইবার সময় আমাদের বাগযন্ত্রের কোথাও আটকায় না। যে-সকল ধ্বনি অন্যের সাহায্য ছাড়াই উচ্চারিত হইতে পারে তাহাদের বলা হয় *খরাঙসারি* বা স্বর ধ্বনি। যেমন— অ, আ, ই, উ, এ, ঔ, ইত্যাদি।

২) *খরাঙকীথা* (Consunantal Sound) ঃ

যে-সকল ধ্বনি অন্যের সাহায্য ছাড়া উচ্চারিত হইতে পারে না তাহাদের বলা হয় *খরাঙকীথা* বা ব্যঞ্জণ ধ্বনি। যেমন— ক, খ, গ, ঙ, চ ইত্যাদি।

সীয়থাই

(বর্ণ; Letter)

মানুষ মনের ভাব লিখিতরূপে প্রকাশ করিবার জন্য কতগুলি সাঙ্কেতিক চিহ্ন ব্যবহার করিয়া থাকে। এই সাঙ্কেতিক চিহ্নগুলিকে বলা হয় *সীয়থাই* বা বর্ণ। যেমন— অ, আ, ক, খ, গ ইত্যাদি।

বাংলা ভাষা লিখিয়া প্রকাশ করিবার জন্য যেরূপ অ আ ক খ এবং ইংরেজী ভাষা লিখিয়া প্রকাশ করিবার জন্য A, B, C, D ইত্যাদি বর্ণ রহিয়াছে, ককবরকেও একটি বর্ণমালা প্রস্তুত করা হইয়াছে। তবে এই ক্ষেত্রে বাংলা বর্ণমালার কয়েকটি বর্ণকে সম্পূর্ণ বাদ দিয়া এবং দুইটি বর্ণকে খানিকটা পরিবর্তন করিয়া নতুন চিহ্ন যোগ করিয়া নতুন ককবরক বর্ণ হিসাবে গ্রহণ করা হইয়াছে।

বাংলা ও ইংরাজী বর্ণের মতো ককবরকের *সীয়থাই*-গুলিকেও দুইটি বিভাগে বিভক্ত করা হইয়াছে। যথা—

- ক) ***সারিথাই*** (স্বর বর্ণ ; Vowels)
- খ) ***কীথাথাই*** (ব্যঞ্জণবর্ণ; Consonants)

ক) *সারিথাই* (স্বর বর্ণ ; Vowels)

যে-সকল *সীয়থাই* অপর *সীয়থাই*-এর সাহায্য ছাড়াই উচ্চারিত হইতে পারে ঐ সকল *সীয়থাই*-গুলিকে বলা হয় ***সারিথাই*** বা স্বর বর্ণ। নিম্নে ককবরক *সারিথাই*-গুলির তালিকা প্রদত্ত হইল ঃ

অ	আ	ই
উ	এ	ঔ

খ) *কীথাথাই* (ব্যঞ্জণ বর্ণ ; Consonants)

যে-সকল *সীয়থাই* অন্য সীয়থাই-এর সাহায্য ছাড়া উচ্চারিত হইতে পারে না, তাহাদের বলা হয় ***কীথাথাই*** বা ব্যঞ্জণ বর্ণ। নিম্নে ককবরক *কীথাথাই*-গুলির তালিকা প্রদত্ত হইল ঃ

ক	খ	গ	ঙ
চ	ছ	জ	
ত	থ	দ	ন
প	ফ	ব	ম
য়	র	ল	উা
স	হ	ং	ঁ

ককবরকে উপরে উল্লেখিত ছয়টি *সারিথাই* এবং বাইশটি *কীথাথাই* ব্যবহৃত হইয়া থাকে।

বেদেক উলনীয় (দ্বিতীয় পরিচ্ছেদ)

ককথাই

(শব্দ ; Word)

এক বা একাধিক *সীয়থাই* পাশাপাশি বসিয়া যদি কোন অর্থপূর্ণ ভাব প্রকাশ করে তখন ঐ *সীয়থাই* বা *সীয়থাই* সমষ্টিকে বলা হয় ***ককথাই*** বা শব্দ।

এখানে মনে রাখিতে হইবে যে, সকল *সীয়থাই* সমষ্টিকে বা *সীয়থাই*-কে *ককথাই* বলা যাইবে না। *সীয়থাই* বা *সীয়থাই* সমষ্টি অর্থপূর্ণ হইতে হইবে। যেমন— *ব* (সে, তিনি), *নীঙ* (তুমি, আপনি), *আচক* (বসা) ইত্যাদি।

ককথর

(শব্দাংশ; Syllable)

ককথাই-গুলি উচ্চারণের ক্ষেত্রে লক্ষ্য করিলে দেখা যাইবে যে, সকল *ককথাই*-এর সম্পূর্ণ অংশ একইসঙ্গে উচ্চরিত হয় না। কোন কোন *ককথাই* রহিয়াছে যাহাদের একাধিক অংশে বিভক্ত করিয়া উচ্চারণ করিতে হয়। কোন *ককথাই*-এর যে-অংশটি একই সঙ্গে উচ্চারিত হয় তাহাকে বলা হয় ***ককথর*** বা শব্দাংশ। যে *ককথাই*-এর সম্পূর্ণ অংশই এক সঙ্গে উচ্চারিত হয় তাহাকে বলা হয় ***ককথাই থরসা*** বা একক শব্দাংশ বিশিষ্ট শব্দ। আর যে-সকল *ককথাই*-কে একাধিক অংশে বিভক্ত করিয়া উচ্চারণ করিতে হয় তাহাদের বলা হয় ***ককথাই থরবাং*** বা একাধিক শব্দাংশ বিশিষ্ট শব্দ। নিম্নে দুইটি তালিকার সাহায্যে *ককথাই থরসা* এবং *ককথাই থরবাং*-এর কয়েকটি উদাহরণ দেওয়া হইল ঃ

ককথাই থরসা	***ককথাই থরবাং***
কক (ভাষা)	*ককবথপ* (অভিধান)
চীঙ (আমরা)	*ফানতক* (বেগুন)
তক (পাখী; মোরগ)	*তকবথপ* (পাখীর বাসা)

মায় (ভাত)	*মায়রুঙ* (চাউল)
মকল (চক্ষু)	*মকলবরি* (ভ্রু)

ককথাই উামুঙ তেই পুঙমানি রাইদারগ

(শব্দের বানান ও উচ্চারণ পদ্ধতি)

বাংলা উচ্চারণ ও ককবরক উচ্চারণ পদ্ধতির মধ্যে বেশ পার্থক্য রহিয়াছে। ককবরক উচ্চারণের ক্ষেত্রে প্রতিটি শব্দাংশের শেষ বর্ণটির ক্ষেত্রে হসন্ত (্) উচ্চারিত হয়। যেমন— *'উানদাল'* শব্দটিতে দুইটি শব্দাংশ রহিয়াছে। প্রথম শব্দাংশটি হইল *উান* (ওয়ান্) এবং দ্বিতীয় শব্দাংশটি হইল *দাল* (দাল্)। এই ক্ষেত্রে প্রথম শব্দাংশটির শেষ বর্ণ *'ন'* এবং দ্বিতীয় শব্দাংশের শেষ বর্ণটি হইল *'ল'*। তাই *'ন'* এবং *'ল'* এই বর্ণদুইটির নীচে হসন্ত (্) রহিয়াছে ধরিয়া লইতে হইবে এবং পড়িতে হইবে *ওয়ান্দাল্*।

ককবরক বর্ণমালায় *সারিথাই* বা স্বরবর্ণ এবং *কীথাথাই* বা ব্যঞ্জণ বর্ণমালায় একটি করিয়া যে দুইটি *(আঁ, উা)* নতুন বর্ণের আগমন ঘটিয়াছে উহাদের প্রথম (*আঁ*) বর্ণটির উচ্চারণ বাংলা 'উ' এবং 'ও'- এই বর্ণ দুইটির মাঝামাঝি উচ্চারণ। দ্বিতীয় (*উা*) বর্ণটির উচ্চারণ ইংরাজী WA এর উচ্চারণের ন্যায় হয়। নিম্নে এই দুইটি বর্ণ সহযোগে গঠিত কয়েকটি শব্দ ও তাহাদের উচ্চারণ পদ্ধতি বাংলায় প্রদত্ত হইল ঃ

ককথাই (শব্দ)	উচ্চাণর পদ্ধতি	বাংলা অর্থ
আঁং	উং	হওয়া
আঁংখা	উংখা	হইয়াছে
আঁংথাই	উংথাই	হওয়া উচিৎ
আঁংদরপ	উংদ্রপ্	হওয়া মাত্র
উা	ওয়া	বাঁশ, বৃষ্টি হওয়া
উার	ওয়ার্	প্রশস্ত হওয়া
উালাই	ওয়ালাই	ঝগড়া করা
উাতীয়	ওয়াতোই	বৃষ্টি
উাথাই	ওয়াথুই	মুলিবাঁশ
উানা	ওযানা	চিন্তা করা
উাসুর	ওয়াসুর	বরাক বাঁশ
উায়িং	ওয়ায়িং	দোলনা

ককবরক বানান পদ্ধতি সম্পর্কে আলোচনা করিতে হইলে আকার (া), ই-কার (ি)

ইত্যাদি সম্পর্কেও আলোচনা করা প্রয়োজন। বাংলায় যে-রূপ যতগুলি স্বরবর্ণ রহিয়াছে ততগুলি অপ্রাথমিক চিহ্ন রহিয়াছে, অনুরূপ ভাবে ককবরকেও ছয়টি *সারিথাই* অনুযায়ী ছয়টি অপ্রাথমিক চিহ্ন রহিয়াছে। যেমন—

অ	এর	প্রাথমিক	চিহ্ন	(')
আ	,,	,,	,,	আ-কার (া)
ই	,,	,,	,,	ই-কার (ি)
উ	,,	,,	,,	উ-কার (ু)
এ	,,	,,	,,	এ- কার (ে)
ঔ	,,	,,	,,	ঔ-কার (ৌ)

ককবরক *'ঔ'* এবং *'উ'* এই নতুন বর্ণ দুইটির উচ্চারণ ছাড়াও *'য়'* বর্ণটির ককবরক উচ্চারণে বেশ নবীনতা রহিয়াছে। এই বর্ণ (য়)-টি যদি কোন শব্দের প্রথমে ব্যবহৃত হয় তখন উহার উচ্চারণ বাংলা 'ইয়'-এর ন্যায় হইবে। আবার বর্ণটি যখন শব্দাংশের শেষে ব্যবহৃত হয় তখন উাহার উচ্চারণ বাংলা ই-এর ন্যায় হইয়া থাকে। নিম্নে 'য়' যোগে বিভিন্ন শব্দের একটি তালিকা প্রদত্ত হইল ঃ

'য়'- যোগে বিভিন্ন শব্দ

'য়'-এর উচ্চারণ 'ইয়'-এর ন্যায়

ককথাই (শব্দ)	উচ্চারণ পদ্ধতি	বাংলা অর্থ
য়ক	ইয়ক	মুক্তি পাওয়া
য়ঙ	ইয়ং	জীবানু, জ্যেঠামশাই
য়ংদুলমা	ইয়ংদুল্‌মা	গোবরে পোকা
য়ংফাক	ইয়ংফাক্	বিছা
য়ংলা	ইয়ংলা	ব্যাঙ
য়ংসা	ইয়ংসা	কীট, পোকা
য়াক	ইয়াগ্	হাত
য়াকতৌক	ইয়াক্‌তোক	হাতের কব্জি
য়াকুং	ইয়াকুং	পা
য়াগরা	ইয়াগ্‌রা	ডানহাত
য়াচাক	ইয়াচাগ্	গ্রহণ করা (ক্রি)
য়াফা	ইয়াফা	হাতের তালু

য়ারুং	ইয়ারুং	শিকড়
য়াসি	ইয়াছি	আঙ্গুল
য়াসীকু	ইয়াসুকু	হাটু

সিথাই (জ্ঞাতব্য) ঃ দন্ত - স এর উচ্চারণ সর্বদা বাংলা 'ছ'-এর ন্যায় হয়।

'য়'- এর উচ্চারণ 'ই'-এর ন্যায়

ককথাই (শব্দ)	উচ্চারণ পদ্ধতি	বাংলা অর্থ
ফায়	ফাই	আসা (ক্রি)
বসয়	বছই	বরশী
মায়	মাই	ভাত
তীয়	তুই	জল
বীচালীয়	বুচুলুই	বীজ
খুকতীয়	খুকতুই	থুথু
সাঁতীয়	ছোতোই	হলুদ (মশলা)
কীলায়	কোলাই	সহজ, সস্তা
করায়	কড়াই	ঘোড়া
বীয়ীয়	বুরুই	স্ত্রীলোক, চার (সংখ্যা)
থীয়	থোই	মৃত্যুবরণ করা
সীয়	সোই	লেখা
খীলায়	খোলাই	করা
চাখীয়	চাখুই	খারপানি

সিথাই (জ্ঞাতব্য) ঃ ককথর (শব্দাংশ)- এর শেষ বর্ণটি 'য়' হইলে তাহার উচ্চারণ সর্বদাই 'ই'-এর ন্যায় হইবে।

বেদেক উলথাম (তৃতীয় পরিচ্ছেদ)

ককথাই থেপামুঙ

(শব্দের ব্যবহার)

১

বাংলা		ককবরক
একজন মানুষ	—	*বরক খরকসা*
একটি গরু	—	*মুসুক মাসা*
একটি ফল	—	*বীথাই থাইসা*
একটি চোখ	—	*মকল কলসা*
একটি নৌকা	—	*রীং খুংসা*
একটি বই	—	*পুথি কাঙসা*
একটি পথ	—	*লামা তীংসা*
একটি গাছ	—	*বুফাঙ ফাঙসা*
একটি ডিম	—	*বীতাই তাইসা*
একটি ফুল	—	*খুম বারসা*
একটি চিঠি	—	*তাইতুন কাঙসা*
একটি ঘর	—	*নক খুঙসা*
একটি হাত	—	*য়াক কঙসা*
একটি পা	—	*য়াকুং কঙসা*
একটি পয়সা	—	*পুইসা লেপসা*
একটি টাকা	—	*রাং খকসা*
একটি শাখা	—	*বেদেক দেকসা*

উপরে লক্ষ্য করিলে দেখা যাইবে যে, প্রতিটি বিশেষ্যের সংখ্যাবাচক শব্দ 'একটি'

বুঝাইবার জন্য প্রতি ক্ষেত্রে এক জাতীয় শ্রেণী বিভাজক ব্যবহার করা হয় নাই। এই বিষয়ে পরবর্তীকালে (দশমঅধ্যায়ে) বিশেষ আলোচনা করা হইয়াছে।

২

ক) একজন বেঁটে মানুষ	—	*বরক বারা খরকসা।*
খ) একটি কাল গরু	—	*মুসুক কসম মাসা।*
গ) একটি ছোট চোখ	—	*মকল চিকন কলসা।*
ঘ) একটি ভাল ফল	—	*বীথাই কাহাম থাইসা।*
ঙ) একটি নতুন বই	—	*পুথি কীতাল কাঙসা।*

৩

ক) চন্দ্রা (হয়) একজন বেঁটে মানুষ	—	*চন্দ্রা বরক বারা খরকসা*
খ) এইটি (হয়) একটি কাল গরু	—	*ম মুসুক কসম মাসা।*
গ) ঐটি (হয়) একটি ভাল ফল	—	*আব' বীথাই কাহাম থাইসা।*
ঘ) সেটি (হয়) একটি বড় বই	—	*আম'পুথি কতর কাঙসা।*
ঙ) তুমি (হও) একজন ভাল ছেলে	—	*নীঙ চীলা কাহাম খরকসা।*

৪

ক) আমার একটি সাদা কুকুর আছে	—	*আনি সীই কুফুর মাসা তঙগ।*
খ) সুভাষের একটি লাল সার্ট আছে	—	*সুভাষনি কামচীলীই কীচাক কাইসা তঙগ।*
গ) যদুর তিনটি সাদা গাড়ী আছে	—	*যদুনি গাড়ী কুফুর খুঙতাম তঙগ।*
ঘ) তোমার একটি ভাল নৌকা আছে	—	*নিনি রীঙ কাহাম খুঙসা তঙগ।*
ঙ) তাহার দুটি সুন্দর গাড়ী আছে	—	*বিনি গাড়ী নায়থক খুঙনীয় তঙগ।*

৫

ক) আমার তিনজন বন্ধু ছিল	—	*আনি কিচিং খরকথাম তঙমানি।*
খ) তোমার একটি ঘোড়া ছিল	—	*নিনি করায় মাসা তঙমানি।*
গ) অমরের একটি রেডিও ছিল	—	*অমরনি রেডিও কাইসা তঙমানি।*
ঘ) তাহার একুশটি আঙ্গুল ছিল	—	*বিনি য়াসি নীয়চিসা তঙমানি।*
ঙ) রহিমের দুইজন ছেলে ছিল	—	*রহিমনি বীসালা খরগনীয় তঙমানি।*

সিথাই (জ্ঞাতব্য) ঃ

১) সকল ক্ষেত্রে সংখ্যাবাচক শ্রেণীবিভাজক একই প্রকার হয় না।

২) বিশেষ্যের বিশেষণ সর্বদাই বিশেষ্যের পরে বসিবে এবং সংখ্যা বাচক শব্দটি সর্বদাই বিশেষ্য বা সর্বনামের বিশেষণের পরে বসিবে।

৩) 'আমি হই' 'তুমি হও' বা 'সে হয়' এইরূপ বাংলা বাক্যের ইংরাজী অনুবাদ করিবার সময় যেরূপ I am, You are, He is ইত্যাদি হয় ককবরকে আমি হই, তুমি হও বা 'সে হয়' এর অনুবাদ করিবার সময় কেবলমাত্র *'আঙ' 'নীঙ'* বা *'ব'* লিখিলেই চলিবে। অর্থাৎ 'হই', 'হও' বা 'হয়' কথাটির জন্য 'am', 'are', 'is' এর ন্যায় ককবরকে পৃথক কোন শব্দ ব্যবহারের প্রয়োজন নাই।

৪) 'আমার আছে', 'তোমার আছে' বা কাহারও কোন বস্তু আছে এইরূপ বুঝাইলে 'আছে' কথাটির জন্য ককবরকে **'তঙগ'** শব্দটি ব্যবহৃত হইয়া থাকে।

৫) 'আমার ছিল' 'তোমার ছিল', 'তাহার ছিল', বা কাহারও কোন বস্তু ছিল এইরূপ বুঝাইলে **'ছিল'** শব্দটির জন্য ককবরকে *'তঙমানি'* শব্দটি ব্যবহৃত হয়।

491.495
A-176

RRRLF
10003
14/8/03
295 P
Rs 99/-

দ্বিতীয় অধ্যায়

বীখাক উলনীয়

বেদেক পুইলা (প্রথম পরিচ্ছেদ)

লীসাক তেই মানীই-খীনীই রগনি বুমুঙ

(অঙ্গ-প্রত্যঙ্গ ও জিনিস-পত্রের নাম)

➔ (ক) *জাইতি নাওমারগ* (আত্মীয়-স্বজন) **[Relatives]**

মা --- *মা*	কাকা -- *কাকা*
বাবা --- *বাবু/বা/ফা*	কাকী -- *কাকি/খিরিজীক*
ভাই — *তাখুক*	জেঠামশাই --- *য়ঙচীলা*
বোন --- *খুখুক*	জেঠীমা --- *যঙবীরীয*
তাহার বড়ভাই - *বীতা*	স্বামী — *সায়*
বড়বোন-- *বাই*	স্ত্রী --- *হিক*
ছোট বোন — *হানকজীক*	স্বামী-স্ত্রী — *হিক-সাই*
মাতা-পিতা — *মা ফা*	শালক --- *বীপরাঙ*
বিমাতা - *মাতয়*	শালিকা — *পীরাঙজীক*
পুত্র, ছেলে — *সাজীলা*	বন্ধু — *য়ার/কিচিং*
কন্যা বা মেয়ে --- *সাজীক*	বান্ধবী --- *মারে*
জামাই --- *চামারি*	শ্বশুর --- *কীরা*
পুত্রবধু — *হামজীক*	শাশুরী — *কীরাজীক*

যুবক — সিকীলা
যুবতী — সিকলি
বৃদ্ধ — বুড়া
বৃদ্ধা — বুড়ী
বালক — চেরাই
বালিকা — চেরাইজীক
মাসী — তই/মই
মেসোমহাশয় — মুউা
জামাই বাবু — কুমুই
বৈবাহিক — চামাই
বৈবাহিকা — চামাইজীক
পিতামহ/মাতামহ — চু
পিতামহী/মাতামহী — চুই
পিসেমশাই — পিয়া
পিসিমা — পি
ভাইপো — বায়ুংসা/বুবাইনা
ভাইঝি — বায়ুংজীক
নাতি/নাতনি — সুক

(খ) বীছাক (অঙ্গ-প্রত্যঙ্গ) [Limps of man]

মানুষ — বরক
মাথা — বখরক/খরক
চোখ — মকল
নাক — বুকুঙ
নাসারন্ধ্র — কুঙবীলাম
নাসাগ্র — কুঙকুক
কান — খুনজু
ভ্রু — মকলবরি
মুখমন্ডল — মীখাঙ
মুখ — বুখুক/ খুক
কপাল — কীপাল
দাঁত — বুউা
দাঁতের মারি — উায়িং
গাল — খাংগার
চোয়াল — উাবাক
ঠোঁট — খীকচাই
তালু — উাবাক সাকা
জিহ্বা — বীসীলাই
চোখের মনি — মুকতকসা
আঙ্গুল — য়াসি
নখ — য়াসকু
বুড়ু আঙ্গুল — য়াসিমা
বগল — ফাইমক
বুক — খাকীলাব
পিঠ — ফিকুঙ
মেরুদন্ড — বিসমা
পেট — অক/বহক
কোমর — বীচাং
নাভি — অমথাই
পা — য়াকুং
হাটু — য়াসকু
হাড় — বেকেরেঙ
মাংস — বাহান
রক্ত — খাই
চুল — খীনাই/বীখীনাই
দাড়ি — খচাই

আলজিহ্বা — *ততরা বীলীইসা*
গলা — *ততরা*
ঘাড় — *গীদনা*
কাঁধ — *বাংগীরা*
হাত — *য়াক*
হাতের তালু — *য়াফা*
মগজ — *বমতম*
স্তন — *আবুক*
ঘাম — *কলমতীয়*
হাতের কব্জি — *য়াকতীক*
শরীর — *বীসাক*
গোঁফ — *সেংকারি*
উরু — *য়াফুং*
লোম — *বিখুমু*
হৃদয় — *বীখা*
নাড়িভুড়ি — *বুবুক*
পায়ু ছিদ্র — *খিকরক*
পাছা — *খিছলাং*
মল — *খি*
মুত্র — *সীতাই*
গোড়ালি — *য়াকীরাই*
কনিষ্ঠা — *য়াসিকতই*

(গ) *মালমাতা* (পশু) [Beasts]

পশু — *মালমাতা*
কুকুর — *সাই*
বিড়াল — *আমিঙ*
গরু — *মুসুক*
ছাগল — *পুন*
পাঠা — *পুনজুউা*
পাঠী — *পুনজীক*
হুনু বিড়াল — *আমিঙচীলা*
মাদী বিড়াল — *আমিঙ বীরীয়*
ঘোড়া — *করাই*
মহিস — *মিসিপ*
শৃগল — *সিয়াল*
শূকর — *উাক*
বাঘ — *মীসা*
হরিণ — *মীসাই*
কুকুরী — *সাইমা*
বানর — *মীখরা*
খরগোস — *কুরকুস*
ছাগমাতা — *পুনমা*
সজারু — *মীসানদীয়*
কাঠবিড়াল — *মানদার*
গন্ডার — *গনদার*
ষাঁড় — *দেকা*
ঘোটকী — *করাই বীরীয়*
জলহস্তী — *তীয়-মায়ুঙ*
চিতাবাঘ — *টিককাপুরা*
শূকরী — *উাকমা*
বেজী — *বেস'*

বাঘিনী — *মীসাজীক*
ভেড়া — *মেরা*
সিংহ — *ছিংগ*
নেকড়ে বাঘ — *গেগুমা*
ভল্লুক — *গঙ*
হাতী — *মায়ুঙ*

(ঘ) *তকরগ* (পাখী) [Birds]

পাখী — *তকসা*
বাবুই — *চেচ*
বক — *বগা*
সারস — *সারকসা*
কাক — *ওখা*
টয়া — *আতকা*
ঘুঘু — *তকথু*
তোতা — *তপছি*
ময়না — *মইনা*
চাতক — *তয়াথু*
বুলবুলি — *তকবুলু*
গাঙ্গচিল — *তীয়বুম তলিং*
শকুন — *ছিকরুক*
কোকিল — *কুংকিলা*
ধনেশ — *তায়ুং*
পাখির বাসা — *তকবথপ*
চিল — *তলিং*
ডানা — *বীকরাঙ*
পায়রা — *ফারুক*
চঞ্চু — *তক খুকচাই*
হাস — *তাখুম*
ময়ূর — *তকরাই/ময়ুর*
মোরগ — *তকলা*
শালিক — *সারুক*
মোরগী — *তকমা*
বনমোরগ — *তকবলং*
হংসী — *তাখুমবীরীয়*
বালিহাঁস — *তীয়তাখুম*
পেঁচা — *তাখুক*
কাঠ ঠোকরা — *তকথুনতা*
ডাহুক — *দক*
দাঁড় কাক — *তখাবরক*
বাদুর — *তকবাক*
বাজপাখী — *তলিংসিকারি*

(ঙ) *আ-বাহান* (মাছ- মাংস) [Fish & Meat]

মাছ — *আ*
শৈলমাছ — *আ সীবাং*
রুইমাছ — *রুই আ*
কাতলামাছ — *আ-কাতলা*
ইলিশ — *এলচি*
মাগুর — *জাগুর*
চিংড়ি — *আথুক*
মকা — *মলয়া*

কাঁকড়া — *খাংরাই*
কচ্চব — *কাইসিং*
পুঁটি মাছ — *পুথি*
বাইম মাছ — *আবাং*
লাটিমাছ — *লাইতা*
ট্যাংরামাছ — *গংগিয়া*
দাড়কিনা — *দাংখিলা*
গুতুম মাছ — *গুনথু*
মাছের আঁশ — *বফর*
বোয়াল মাছ — *বৃউাল*

(চ) *য়ংসা - কুকসা* (কীট-পতঙ্গ) [Insects]

য়ংসা-কুকসা — *কীট-পতঙ্গ*
মশা — *থামপুই*
মাছি — *য়ংখা*
মৌমাছি — *পিয়া*
ফড়িং — *কক*
প্রজাপতি — *লারিমা*
ভ্রমর — *বমীরাই*
শামুক — *ততবাক*
কেঁচু — *কেনজুউা*
ঢোঁক — *সিলুক*
বড় ফড়িং — *কীয়ুং*
ইঁদুর — *ছিনজ*
পিঁপড়ে — *মইসুরুম*
ছারপোকা — *বুরুউা*
উকুন — *থীক*
জোনাকি — *চেংখারী*
উইপোকা — *উরি*
গোবরেপোকা — *খেবুক*
আরশোলা — *কুরমা*
গান্ধীপোকা — *য়ংচিগদা*
ঝিঁঝি-পোকা — *খেরামবুক*
কাঠ-পিঁপড়ে — *খাইচিং*

(ছ) *মালনাইরগ* (সরীসৃপ) [Reptiles]

সরীসৃপ — *মালনাই*
বিছা — *য়ংফাক*
টিকটিকি — *নক বেরাইসা*
কাকড়া বিছা — *কাংগলা*
কেন্নো — *য়াক কীবাক/কেনদরা*
সাপ — *চিবুক*
গোসাপ — *মুফুকসা*
তক্ষক — *তকে*
গিরগিটি — *সীমলীয়*
কুমির — *কুমবির/বুরচা*

(জ) *বুফাঙ- বেদেক* (গাছ-পালা) [Trees & Plants]

গাছ — *বুফাঙ*
শাখা — *বেদেক*

আমগাছ — *থাইচুক ফাঙ*
জামগাছ — *জামবুক ফাঙ*
কাঁঠালগাছ — *থাইপুঙ ফাঙ*
বটগাছ — *বুরিফাঙ*
শিমুলগাছ — *বরচুক ফাঙ*
উদাল — *লামবাক*
অওয়াল গাছ — *সিলাই ফাঙ*
গাছের গুড়ি — *বথমা*
গাছের আঁশ — *বীসনাল*
বীজ — *বীচীলাই*
লজ্জাবতী — *সামসুনদুরু*
অঙ্কুর — *বমুক*
শিকড় — *য়ারুং*

লতা — *বুদুক*
পাতা — *বীলাই*
বাঁশ — *উা*
পাট — *পাত*
ইক্ষু — *কুরুক*
মুলিবাঁশ — *উাথাই*
মৃত্তিঙ্গা বাঁশ — *উানদাল*
রুপই বাঁশ — *উামিলিক*
বরাক বাঁশ — *উাসুর*
বাকল — বুকুর
কাঁটা — বুসু
আঙ্গুর গাছ — *আঙ্গুর বুদুক*
মায়তাং —ধানের শীষ

সিথাই (জ্ঞাতব্য) ঃ গাছটি যদি লতা জাতীয় হয় তবে ঐ ফল বা ফুলের নামের পরে *'বুদুক'* শব্দটি বসাইলেই ঐ জাতীয় গাছকে বুঝাইবে।

➔ (ঞ) *বীথাইরগ* (ফল-ফলাদি) [Fruits]

ফল — *বীথাই*
আম — *থাইচুক*
জাম — *জামবুক*
কাঁঠাল — *থাইপুঙ*
লিচু — *লেউাচি*
তরমুজ — *মমফল*
নারিকেল — *নারিকীর*
লেবু — *জামি/জামবিদা*
পেয়ারা — *গয়াম*
তখা থাইচুমু — *মাখাল ফল*
শশা — *দরমপাই*

আনারস — *আনদর'স'*
কলা — *থাইলিক*
তেঁতুল — থেনতীরাই
পেঁপে — *কউাইফল*
আমলকি — *আমলাই*
চামলফল — *জীরাম*
কুল — *বরই*
চলিতা — *থাইপল'*
আমরা ফল — *থাইতীয়*
কুসুমাই — *লটকন ফল*
হরবরি — *লেউর*

➔ (ট) *খুমনি বুমুঙ* (ফুলের নাম) [Flowers]

ফুল — *খুমবুবার*
জবা — *উরি*
চাঁপা — *সামপারি*
গাঁদা — *ছতর'রঙগ*
পদ্ম ফুল — *পদদ' বুবার*
বৃন্ত — *বুবাক*
কাঠ-গোলাপ — *গুলাচি*
মুকুল — *বুবার*
জুঁই ফুল — *খুমরুংখু*
বেলি ফুল — *খুমমালি*
কুমুদ, শালুক ফুল — *খুমতীয়সা*
দোলনচাঁপা — *খুমপুই*
ভুইচাঁপা — *খুমতয়া*
ফুলের পাপড়ি — *খুম বপলম*
লাল গাঁদা — *খুম উাকথুই*
গন্ধরাজ — *গনদরা*
মাধবীলতা — *খেলাং*
মালতী — *মাজিলতা*
শেফালী — *হেংরা*
সন্ধ্যামালী — *খুমসারিক*
শিমুল ফুল — *বরচুক বুবার*
নীলকন্ঠ — *খুম সিনদার*

➔ (ঠ) *মুই কীথীঙ-থাইকীথীঙ* (শাক-সব্জী) [Vegetables]

শাক-সব্জী — দাল'পানচ'
আলু — *থা/ আলু*
বেগুন — *ফানতক*
সীম — *কসই*
বরবটি — *সবাই লুবিয়া*
টক বেগুন — *ফানতকমীখাই*
মাশরুম — *মুইখুমু*
পুইশাক — *মুপরাই*
মুখী — থাবাদিয়া
করলা — *গাংগীলা*
ঢেড়স — *বেলেস'*
ঝিংগা — *জিংগা*
লাউ — *মিলক*
মিষ্টি কোমড়— *চাকুমরা*
চালকোমড় — *খাকলু*
থানকুনিপাতা — *সামসতা*
ভুট্টা — *মগদাম*
তিল — *সিপিং*

➔ (ড) *মুইথক* (মসল্লা) [Spices]

মসল্লা — *মুইথক*
হলুদ — *সীতীয়*
লবন — *সম*
আদা — *হাইচিং*
পিয়াজ— *পিয়াজ'*
রসুন— *রাইসীন*

মরিচ — *মস'*
তেজপাতা— *তেসপাতা*
তৈল — *থক*
কাচা লঙ্কা — *মস' কীথাঙ*

(ঢ) *চাথাই* (খাদ্য দ্রব্য) [Food]

খাদ্য — *চাথাই*
চিড়া — *রমফে*
ভাত — *মায়*
মুড়ি— *উরুম*
তরকারি — *মুই*
গুর— *কীতীই*
ভাতের মার — *মায়তীয়*
মধু— *পিয়া বীতীয়*
ঝোল — *বীতীয়*
সুরা বা মদ — *চুউরাক*
চাউল — *মায়রুম*
মিষ্টি— *কীতীই*
ধানের কুড়া — *গীনদাক কীসাপ*
পিঠা— *আউীন*
ধানের চোঁচা — *মায় বুকুর*
ক্ষারপানি — *চাখীয়*
শিদল — *বেরমা*
ভর্তা— *মসদেঙ*
শুকনো মাছ — *আ-কীরান*
চাউলের ক্ষুদ— *রুংখু*
মাংস — *বাহান*
শূকরের মাংস — *উাহান*
পাঁঠার মাংস — *পুহান*
হরিণের মাংস — *মীসীই বাহান*

(ন) *তামমানি মানীই* (বাদ্যযন্ত্র) [Mugical Instruments]

জয়ঢাক — *খাম কতর*
ঢাক — *খাম*
বাঁশী — *সুমুই*
তবল — *তবলা*
মৃদঙ্গ — *মেরতুং*
সারেঙ্গী — *সারিনদা*
সেতার — *ছেতার*
হারমানিয়াম — *হারমনি*

(ত) *নক তেই নকনি মানীইরগ* (গৃহ ও গৃহসামগ্রী) [House, Room etc.]

গৃহ — *নক*
কলসী — *গলা*
দরজা — *দগা/দগালাম*
থালা — *মাইরাং*
জানালা — *তাইলাম*
ঘটি — *লুতা*
বারান্দা — *নুকা*
খাড়া — *লাংগা*
ঘরের ছাদ — *নুখুং*
হাড়ী — *তীক*

পার্টিশান — *বেংকি*
ঘরের তীর — *ফাকলাই*
টংঘর — *গাইরিঙ*
পাখা — *কিসিপ*
জিনিস — *মানাই*
কাস্তে — *চেখরা*
হাতুরী — *হাতুরা*
কোদাল — *গীদাল*
কুঠার — *কুউা*
চিরুনী — *বেথরা*
প্রদীপ — *চাতি*
রান্না ঘর — *গানতি নক*
হাতা — *থারুক*
বোতল — *বতল*
কড়াই — *কারাই*
দেশলাই — *হরখক*
লাকড়ী — *বল*
ধনুক — *বাদুখুং*
প্রদীপের সলিতা — *দসি*
দোলনা — *উায়িং*
হুকু — *দাবা*
ফাঁদ — *উারায়/খাই*
ডালা — *বাইলিঙ*
হল ঘর — *মালাইমা নক*

(থ) *রিচুম তেই গয়নারগ* (বস্ত্র ও অলংকারাদি) [Cloths & Jewellers]

কাপড় — *রি*
কাপড় চোপর — *রিচুম*
শাড়ী — *রিগনাই*
জামা — *কামচীলীয়*
গামছা — *রিতুক*
বিছানা — *রিয়ন*
শয্যা — *থুয়ান*
লেপ — *রীজাই*
পাছড়া — *রিগনাই বরক*
কাথা — *খেনতা*
অলঙ্কার — *গয়না*
চুরি — *মাথিয়া*
আংটি — *য়াসিথাম*
স্বর্ণ — *রাংচাক*
তোষক — *তুসুক*
বালিশ — *কবং*
বালিশের খোল — *কবং উা*
বালিশের উষার — *কবংগিলাপ*
মশারী — গীনদা
চাদর — *দুলাই*

(দ) *তাল-সাল আকরগ* (চন্দ্র-সূর্য ইত্যাদি) [Sun, Moon etc.]

সূর্য — *সাল*
চন্দ্র — *তাল*
বিশ্ব — *হায়ুঙ*
ভূগোল — *হাতিং*
বৃষ্টি — *উাতায়*
কুয়াশা — *সিয়ারি*

তারা — *আথুকিরি*
শুকতারা — *আইতরমা*
আকাশ — নখা
আমাবস্যা — *তালথীয়*
পুর্ণিমা — *তালপুনা*
ভূমিকম্প — *বাংলা*
মেঘ — *চুমুই*
বিদ্যুৎ-ঝলক — *নখা ফিলিক*
শিশির — *পামতীয়*
বজ্রধ্বনি — *ফিরাং কগমা*
মেঘ গর্জন — *নখা-গুরুমমা*
বাতাস — *নবাব/বয়ার*
শিলা — *হলং*
পরিবেশ — *তঙখর*
চন্দ্রগ্রহণ — *তাল মনক*
সূর্যগ্রহণ — *সালমনক*

(ধ) *হাচাক-হাতাই-তীয়মা-তীয়সা* (পাহাড়-পর্বত-নদ-নদী) [Hills, Ranges, Rivers etc.]

পাহাড় — *হাচাক*
পর্বত — *হাচাক*
নদী — *তীয়মা*
নদীর তীর — *তীয় রুকুং*
হ্রদ — *তীয়খর*
সমতল ভূমি — *হামিলিক*
শুষ্কপ্রায় ছড়া — *তীয়খেরেং*
সমুদ্র — *তীয়বুং*
জলের ফুট — *তীয়মুক*
নদীর উৎস — *তীয়খরক*
জলের পাক — *তীয় অমতাই*
মাটি — *হা*
ছোট নদী — *তীয়সা*
জল প্রপাত — *দঙগর*
গুহা — *হাকর কতর*
সমতল টিলা — *হারেপ*
গর্ত — *হাকর*
টিলা — *হাপুঙ*
ছোট টিলা — *হাতাই*
ঘন বন — *বলং কুবুং*
জলস্ফীতি — *তীয় দু*
উপত্যকা — *হারুং কতর*

(ন) *বেমার* (রোগ) [Diseases]

রোগ — *বেমার*
জ্বর — *কুলুম*
আমাশয় — *খেনচ'*
সর্দি — *কংরাই*
কাশি — *কুচুগমা*
অসুস্থ — *সাক হাময়া*
ব্যথা-বেদনা — *সাকরিয়র/রুউাই*
বমি — *কীবাতীয়*
দাঁদ — *খাইচুউাক*
তিল — *সবাই ককসা*

চুলকানি — *মতক*
ফুলে উঠা — *রবম*
ক্ষত — *কীসা*
কুষ্ঠ — *বিয়াদি*
মল — *খি*
ঔষদ — *বিথি*
ফুট — *বথরাই*
ধবলা শ্বেতী — *মিসিকা*
বসন্ত — *জীংগীলা*
দুর্বলতা — *সাক হই হই*
ফোঁড়া — *কীলা, কেতলা*

টনসিল — *সাইবম*
খোসকি — *খাপুই*
সর্দি-কাশি — *কংরাই হুলক*
পাঁচড়া — *বিসিমতক*
পেট কামরানি — *বহক কিয়র*
পুঁজ — *কীপতীয়*
মোচর — *মথরজাক*
ফুসকুড়ি — *থুপু*
অম্লউদগার — *কীখীয় দেগরে*
উলাউটা — *মরকি*
মাথা ঘোরা — *বখরক মিহিম*

(প) *বুমুল* (বর্ণ) [Colour]

বর্ণ — *বুমুল*
লাল — *কীচাক*
নীল — *খীরংজি/ সমলুলুক*
সাদা — *কুফুর*
কালো — *কসম*
হলুদ — *করম'*
চিকচিকে কালো — *সমসাসা*

সিদুর বর্ণ — *চাকতুরু*
ইষৎ লাল — *চাক র-র*
ইষৎ হলুদ — *করম লুলুক*
ছাইবর্ণ — *থাপলা হাই*
সবুজ — *কীখরাং*
আকাশী — *সমচুমুই*
ধবধবে সাদা — *ফুদুদু*

(ফ) *জরা তেই বিসি* (সময় ও বৎসর) [Time & Years etc.]

দিন — *সাল*
সারাদিন — *সাপুঙ*
দিন-রাত — *হপুঙ-সাপুঙ*
আজ — *তিনি*
গতকাল — *মিয়া*
আগামী কাল — *খীনা*
আগামী পরশু — *সনি*

গভীর রাত্র — *হর কুথুক*
সারা রাত — *হপুঙ*
সারাদিন — *সাপুঙ*
এখন — *তাবুক*
তখন — *আফুরু*
আগে — *আগি/ সীকাংগ*
পরে — *উল'*

গত পরশু— *উসীকাং*
সকাল— *ফুঙ/ফুউাই*
বিকাল— *সারিক*
রাত্র— *হর*
সন্ধ্যা— *সানজা*
দুপুর— *দিবর*
ভোর কাল— *আইচুক*
উষা কাল— *আইসিবিসিরি*
মাস— *তাল*
বছর— *বিসি*
আগামী বৎসর— *খালি*
গত বৎসর— *সেমা*

কখন— *বীফুরু*
কিছুক্ষণ— *সীরাপসা*
কিছুক্ষণ পূর্বে— *তাইসিংগ*
সর্বদা— *জতফুরু*
সপ্তাহ— *হাতি/হাপতা*
এক সপ্তাহ— *হাতি বারসা/হাপতাসা*
হঠাৎ— *আচমসা/আতুমসা*
মধ্যরাত্রি— *হরদিবর*
সময়ে সময়ে— *জরা জবাঅ*
মাঝে মধ্যে— *উইসা উইসু*
বর্তমান বৎসর— *তাকলাই*
পক্ষকাল— *তালখাকসা*

(ব) *কাহাম-হাময়া* (গুণাবলী) [Adjectives]

ভাল— *কাহাম*
খারাপ— *হাময়া*
আকারে বড়— *কতর*
বয়সে বড় — *অকরা*
কোমল — *কীসাপ*
দীর্ঘ — *কলক*
খাটো — *বারা*
গোলাকার — *কিতিং*
চেপ্টা — *কেফের*
সুখ — *তঙথগ*
দুঃখ — *দুখ*
উচ্চ — *কুচুক*
নীচু — *হাচে*
নীচ — *তলাঅ/খামাঅ*
ঘন — *কুবুং*

নতুন— *কীতাল*
পুরাতন— *কীচাম*
শক্ত — *কীরাক*
উজ্জ্বল — *কীচীং*
মোটা — *কফুং*
পাতলা — *হেলেং*
ভাড়া — *হিলিক*
পুরু — *রীজা*
আনন্দ — *তঙথক*
ধনী — *গীনাঙ*
গরীব — *কীরাই বরক*
দুঃস্থ — *কীরাইজা*
ফকির — *বিগরা*
সস্তা — *কীলায়*
দামী — *মরক*

দুর্বল — *কেবেল*
তরল — *কসল*
কঠিন — *কীরাক*
তাড়াতাড়ি — *দাকাতি দদর'*
দ্রুত — *দাকতি*
ঠান্ডা — *কীচাং*
গরম — *কুতুং*
সবল — *ফানগীনাঙ*
পবিত্র — *কীথার*
অলস — *সেলের*
মচমচে ভঙ্গুর — *সেরেম*
ইষৎগরম — *তুংলুলু*
আঠালো — *সিনিল*
চওড়া — *কীউার*
শুকনা — *কীরান*
আদ্র — *সিবুক*
ভিজা — *কিসি*
খসখসে — *পাথরা*
ছোট — *চিকন*
ছোট্ট — *চিকনতে*
মসৃন — *মিলিক*
মিশ্রণ — *সাপুলজাক*
বিবিধ — *দালবিদাল*
ইষৎ লাল — চাকর'র'

(ভ) *সামুঙ খীলায়মা* (পেশা) [Occupation]

লেখক — *সীয়নাই*
প্রকাশক — *কারিনাই*
চিকিৎসক — *সাকনায়নাই*
কুমার — *হানি মানীই সীনামনাই*
গায়ক — *রীচাবনাই*
স্বর্ণকার — *রাঙচাকনি কাম খাইনাই*
ধোপা — *রি সুনাই*
চাষী — *আল চুউইনাই/খেতি খীলায়নাই*
নাপিত — *খীনাই রানাই*
পাচক — *মায় সঙনাই*
পুস্তক বিক্রেতা — *পুথি ফালনাই*
পুরোহিত — *অচাই*
গোয়ালা — *দুদ ফালনাই*
কর্তৃপক্ষ — *তাঙসঙ*
প্রেরক— *রীনাই/য়াফারনাই*
প্রাপক— *য়াচাগনাই*
প্রতিনিধি— *আদঙ*
খাজাঞ্চী — *রাঙফাঙ*
গাড়িচালক — *গাড়ি চালগনাই*
দারোয়ান — *দগা মীরীগনাই*
কামার — *সরনি মানীই সীনামনাই*
জেলে — *আ-রমনাই*
মাঝি — *রীং চগনাই*
শিক্ষক — *ফীরীঙনাই*
ব্যবসায়ী — *বেপারি*
সম্পাদক — *তাঙফাঙ/কমথিঙনাই*
বাহক — *তীইনাই*
সভাপতি — *আচুগফাঙ*

(ম) *ফায়সিং* (দিকসমূহ) [Directions]

পূর্ব — *পুব*
পশ্চিম — *পসিম*
উত্তর — *উতুর*
দক্ষিণ — *দখিন*
বামদিক — *দেবরা ফায়সিং*
এদিক — *য়াং*
উর্ধ্ব — সাকা
নিম্ন — *তলা/খামা*
সামনের দিক — *বীসকাং*
পিছনের দিক — *উকলক*
ডানদিক — *য়াগরা ফায়সিং*
সেদিক — *আয়াং*

(য) *সাল স্নিনি বুমুঙ* (সাত বারের নাম) [সপ্তাহ -Week]

রবিবার — *ককতি সাল*
সোমবার — *তাংসাল*
মঙ্গলবার — *কীরাক সাল*
বুধবার — *সীরাং সাল*
বৃহস্পতিবার — *সাঙগ্রং সাল*
শুক্রবার — *ফা সাল*
শনিবার — *চা সাল*

(র) *মল* (ঋতু) [Seasons]

গ্রীষ্মকাল — *তাঙবিলি জরা*
বর্ষাকাল — *উাতীয় মল*
শরৎকাল — *অসানি জরা*
শীতকাল — *মাইসিং জরা*
হেমন্ত কাল — *হেমনত'*
বসন্ত কাল — *সাচীলাং জরা*

(ল) *দালবিদাল* (বিবিধ)

বিজ্ঞান — *সইসিমা/ সইসিকীরীঙ*
সাহিত্য — *ককরীবাই*
ভূগোল — *হাতিং*
অভিধান — *ককবথপ*
শিক্ষা — *রীং*
গদ্য — *ককবম*
ঝড়-তুফান — *নবার কুতর*
গুহা — *হাবুগুরুঙ*
চিরস্থায়ী — *তঙসুগনাই*
সর্বান্তকরনে — *খাবাই-খুগবাই*
বলপূর্বক — *ফানখে*
ইতিহাস — *লাইবুমা*
পদ্য — *ককলব*
দরখাস্ত — *আরজি*
ঘূর্ণীঝড় — *বাঙকুনদিরি*
সমতল টিলা ভূমি — *হারেপ*

তৃতীয় অধ্যায়

বীখাক উলথাম

বেদেক পুইলা (প্রথম পরিচ্ছেদ)

➔ *ককবীতাং* (বাক্য) [Sentence] ঃ

দুইটি বা তার অধিক *ককথাই* যখন পাশাপাশি বসিয়া মনের ভাব সম্পূর্ণরূপে প্রকাশ করে তখন তাহাকে ***ককবীতাং*** বা বাক্য বলা হয়। যথা—

ক) আমি অমল — *আঙ অমল*

খ) বৃষ্টি পড়িতেছে — *উাতীয় উাইতঙগ।*

উপরের বাক্য বা *ককবীতাং* দুইটি লক্ষ্য করিলে দেখা যায় যে, প্রতিটি ক্ষেত্রেই *ককথাই*-গুলি পাশাপাশি বসিয়া মনের ভাব সম্পূর্ণরূপে প্রকাশ করিয়াছে। তাই এইগুলি *ককবীতাং* বা বাক্য।

স্মরণীয়, ককবরক বাক্যে প্রথমে *তাঙফাঙ* (কর্তা) তাহার পর *তাঙজাগনাই* (কর্ম) এবং সবশেষে *মীথাক খীলায়* (সমাপিকা ক্রিয়া) বসে। সূত্রাকারে লেখা যায় —

তাঙফাঙ	+	*তাঙজাগনাই* + ... +		*মীথাক খীলায়*
(কর্তা)		(কর্ম)		(সমাপিকা ক্রিয়া)

আরও সংক্ষেপে বলা যায় যে, ককবরক বাক্য *তাঙফাঙ* দিয়া শুরু হয় এবং *মীথাক খীলায়* (সমাপিকা ক্রিয়া) দিয়া শেষ হয়।

➔ *তাঙফাঙ তেই তাঙজাগনাই* (কর্তা ও কর্ম) [Subject & Object]

কোন বাক্যের ক্রিয়া সম্পাদনকারীকে বলা হয় *তাঙফাঙ* (কর্তা) যেমন— *যতীন্দ্র থুংগ* (যতীন্দ্র খেলে)। এই বাক্যে 'থুং (খেলা)' ক্রিয়াটি সম্পাদন করিতেছে 'যতীন্দ্র', সুতরাং 'যতীন্দ্র' হইল এই বাক্যের *তাঙফাঙ*।

আর *তাঙফাঙ* যাহাকে নির্ভর করিয়া ক্রিয়া সম্পাদন করে তাহাকে বলা হয় *তাঙজাগনাই* (কর্ম)। যেমন— *আঙ ককলাই সীয়'* (আমি চিঠি লিখি)। এই বাক্যে *তাঙফাঙ* হইল *'আঙ'* এবং *ককলাই*-এর উপর নির্ভর করিয়া *'সীয়'* ক্রিয়াটি সম্পাদিত হইতেছে। সুতরাং এইখানে *তাঙজাগনাই* হইল *'ককলাই'*।

পূর্বেই আলোচনা করা হইয়াছে যে, *তাঙজাগনাই* সর্বদাই *তাঙফাঙ*-এর পরে এবং *মীথাক খীলায়*-এর পূর্বে বসিয়া থাকে। বিষয়টি আরও সুষ্ঠভাবে বুঝাইবার জন্য নিম্নে একটি ছকের ব্যবহার করা হইল ঃ

ককবীতাং (বাক্য)	*তাঙফাঙ (কর্তা)*	*তাঙজাগনাই (কর্ম)*	*খীলায় (ক্রিয়া)*
ক) বিবাস বল থুংগ	*বিবাস*	*বল*	*থুংগ*
খ) তরুবালা ককলাই সীয়'	*তরুবালা*	*ককলাই*	*সীয়'*
গ) খেলাংতি বই পরিঅ	*খেলাংতি*	*বই*	*পরিঅ*
ঘ) চন্দ্রবালা মায় চাঅ	*চন্দ্রবালা*	*মায়*	*চাঅ*
ঙ) ধীরেন্দ্র খবর পরিখা	*ধীরেন্দ্র*	*খবর*	*পরিখা*

বেদেক উলনীয় (দ্বিতীয় পরিচ্ছেদ)

ককবীতাংনি দালবেরেম (বাক্যের শ্রেণীবিভাগ)

[Classification of Sentence]

ককবরক ভাষায় ব্যবহৃত *ককবীতাং*-গুলি তিন শ্রেণীতে বিভক্ত। যথা—

- ১) ***ককবীতাং কসঙ*** (সরল বাক্য)
- ২) ***ককবীতাং কুতুক*** (জটিল বাক্য)
- ৩) ***ককবীতাং মানজু*** (যৌগিক বাক্য)

নিম্নে এই সকল ককবীতাং সম্বন্ধে আলোচনা করা হইয়াছে।

(১) ***ককবীতাং কসঙ*** (সরল বাক্য) [Simple Sentence] :

যে-*ককবীতাং*-এ একটি মাত্র *'তাঙফাঙ'* এবং একটি মাত্র *'মীথাক খীলায়'* থাকে, তাহাকে ***ককবীতাং কসঙ*** বলে। যেমন—

ক) তরুবালা মায় চাঅ।

খ) কিশোরসঙ বল থুংলাইঅ।

গ) চাঁঙ খবর পরিঅ।

ঘ) বরগ তাইতুন সীয়লাইঅ।

ঙ) নরগ কক সালাইঅ।

(২) ***ককবীতাং কতুক*** (জটিল বাক্য) [Complex Sentence] :

যে-*ককবীতাং*-এ একটি *ককবীতাং-ফাঙ* বা প্রধান খন্ডবাক্য এবং এক বা একাধিক *ককবীতাং য়াকচু* বা অপ্রধান খন্ডবাক্য থাকে সেই *ককবীতাং*-কে ***ককবীতাং কতুক*** বা জটিল বাক্য বলা হয়। যেমন—

ক) অর' আচুগনাইন আঙ সিনিঅ।

খ) কীপ্লাই আঁংনাই দল চিনি রাইজ'নি বদল।

গ) জে বরকরগ অর' ফায়কা বরগ চিনি জাইতি।

ঙ) পরিনাই চিনি পারানি বরক।

নীচে একটি ছকের সাহায্যে প্রতিটি *ককবীতাং-এর ককবীতাং ফাঙ* এবং *ককবীতাং য়াকচু* পৃথক পৃথকভাবে প্রদত্ত হইল।

ককবীতাং ফাঙ	ককবীতাং য়াকচু
ক) অর' আচুগনাইন	ক) আঙ সিনিঅ
খ) কীপ্লাই আঁংনাই দল	খ) চিনি রাইজ'নি বদল
গ) জে বরকরগ অর' ফায়কা	গ) বরক চিনি জাইতি
ঘ) ম পুথি সীয়নাই	ঘ) আনি কাকা
ঙ) পরিনাই	ঙ) চিনি পারানি বরক

➔ (৩) ককবীতাং মানজু (যৌগিক বাক্য) **[Compound Sentence] :**

যখন দুইটি বা তাহার অধিক *ককবীতাং* কোন *মানজুনাই* (সংযোজক অব্যয়) দ্বারা যুক্ত হইয়া একটি *ককবীতাং*-এ পরিণত হয় তখন তাহাকে *ককবীতাং মানজু* বা যৌগিক বাক্য বলা হয়। যেমন—

ক) কল্পনা মায় চাইতঙগ তেই খেলাংতি পড়িতঙগ।

খ) আঙ বন' সিনিঅ ফিয়া ব আন সিনিয়া।

গ) অমল বায় অসীম তিনি ফায়কা।

ঘ) আকাশ অঙখরখা তেই ব হাবখা।

ঙ) বিনি মুঙ তরুণ তাই আনি মুঙ তপন।

উপরে প্রতিটি *ককবীতাং মানজু* যে-দুইটি *ককবীতাং* দ্বারা গঠিত হইয়াছে এবং যে *মানজুনাই* দ্বারা যুক্ত হইয়াছে সেগুলিকে একটি ছকের সাহায্যে প্রদত্ত হইল।

ককবীতাং	মানজুনাই	ককবীতাং
ক) কল্পনা মায় চাই তঙগ	তেই	খেলাই পরিতঙগ
খ) আঙ বন সিনিঅ	ফিয়া	ব আন সিনিয়া
গ) অমল তিনি ফায়কা	বায়	অসীম তিনি ফায়কা
ঘ) আকাশ অঙখরখা	তেই	ব হাবখা
ঙ) বিনি মুঙ তরুণ	তাই	আনি মুঙ তপন

বেদেক উলথাম (তৃতীয় পরিচ্ছেদ)

ককবীতাংনি বাগমুঙ (বাক্যের বিভাগ)

[Different Forms of Sentence]

ককবরক ভাষায় যে-সকল *ককবীতাং* ব্যবহৃত হইয়া থাকে তাহাদের প্রধানতঃ দুইটি শ্রেণীবিভাগে বিভক্ত করা যায়। যথা—

- অ) *ইঁ ককবীতাং* (অস্ত্যর্থক বাক্য)
- আ) *ইঁহি ককবীতাং* (নঞর্থক বাক্য)

এই উভয় প্রকার *ককবীতাং* আবার অর্থ অনুসারে পাঁচটি বিভাগে বিভক্ত। যথা—

- ১) *সাকীলাইমুঙ ককবীতাং* (বিবৃতিসূচক বাক্য)
- ২) *সীংমুঙ ককবীতাং* (প্রশ্নসূচক বাক্য)
- ৩) *দাগিমুঙ ককবীতাং* (নির্দেশসূচক বাক্য)
- ৪) *সুরিমুঙ এবা মুচুঙমুঙ ককবীতাং* (প্রার্থনা বা ইচ্ছাসূচক বাক্য)
- ৫) *কীমাঙমুঙ ককবীতাং* (বিস্ময়সূচক বাক্য)

নিম্নে উহাদের সম্পর্কে বিশেষভাবে আলোচনা কবা হইল।

(১) *সাকীলাইমুঙ ককবীতাং* (বিবৃতিসূচক বাক্য) [Assertive Sentence] :

যে-*ককবীতাং* দ্বারা কোন কিছুর উল্লেখ করা হয় বা বিবৃতি প্রকাশ করা হয় তাহাকে বলা হয় *সাকীলাইমুঙ ককবীতাং* বা বিবৃতিসূচক বাক্য। যেমন—

ক) চাঁও মায় চাঅ (আমরা ভাত খাই) *[ইঁ ককবীতাং]*

খ) চাঁও মায় চায়া (আমরা ভাত খাইনা) *[ইঁহি ককবীতাং]*

(২) *সীংমুঙ ককবীতাং* (প্রশ্নসূচক বাক্য) [Interrogative Sentence] :

যে-*ককবীতাং* দ্বারা কোন প্রকার প্রশ্ন করা হয় তাহাকে বলা হয় *সীংমুঙ ককবীতাং* বা প্রশ্নসূচক বাক্য। যেমন—

ক) নিনি মুঙ তাম' (তোমার নাম কি)? *[ইঁ ককবীতাং]*

খ) ব থাংয়াদে (সে কি যায় না)? *[ইঁহি ককবীতাং]*

➔ (৩) ***দাগিমুঙ ককবীতাং*** **(নির্দেশসূচক বাক্য) [Imperative Sentence]:**

যে-*ককবীতাং* দ্বারা আদেশ, উপদেশ, নির্দেশ, নিষেধ বা অনুরোধ ইত্যাদি প্রকাশ পায় তাহাকে ***দাগিমুঙ ককবীতাং*** বা নির্দেশসূচক বাক্য বলা হয়। যেমন—

ক) তাবুক নগ' থাংদি (এখন বাড়ি যাও) *[ইঁ ককবীতাং]*

খ) কক তাতাল তা সাদি (মিথ্যা কথা বলিও না) *[ইঁহি ককবীতাং]*

➔ (৪) ***সুরিমুঙ এবা মুচুঙমুঙ ককবীতাং*** **(প্রার্থনা বা ইচ্ছাসূচক বাক্য) [Optative Sentence] ঃ**

যে-*ককবীতাং* দ্বারা বক্তার মনের ইচ্ছা বা প্রার্থনা প্রকাশ করা হয় তাহাকে *সুরিমুঙ এবা* ***মুচুঙমুঙ ককবীতাং*** বা ইচ্ছাসূচক বাক্য বলা হয়। যেমন—

ক) বগীবান নিনি কাহাম খীলায়থুন (ভগবান আপনার মঙ্গল করুন)।

[ইঁ ককবীতাং]

খ) ব তা ফায় থুন (সে যেন না আসে)। *[ইঁহি ককবীতাং]*

➔ (৫) ***কীমাঙমুঙ ককবীতাং*** **(বিস্ময়সূচক বাক্য) [Exclamatory Sentence] ঃ**

যে-*ককবীতাং* দ্বারা আনন্দ, দুঃখ, ঘৃনা, ভয়, লজ্জা, উৎসাহ ইত্যাদি প্রকাশ পায় তাহাকে ***কীমাঙমুঙ ককবীতাং*** বা বিস্ময় সূচক বাক্য বলা হয়। যেমন—

ক) এ রাদ'! ম তীমা আংখা সা (হে রাম! বিষয়টা কি হইয়াছে)। *[ইঁ ককবীতাং]*

খ) চি ! নীমীখাং তেই তা ফীনুগদি (ছি! তোমার মুখটা আর দেখাইও না)

[ইঁহি ককবীতাং]

চতুর্থ অধ্যায়

বীখাক উলবীরীয়

বেদেক পুইলা (প্রথম পরিচ্ছেদ)

ককবাক (পদ)

[Parts of Speech]

বাংলা ভাষায় যেমন বাক্যে ব্যবহৃত শব্দকে পদ বলা হয় তেমনি ককবরকেও *ককবীতাং*-এ ব্যবহৃত *ককথাই*-গুলিকে ***ককবাক*** বলে।

বাংলার ন্যায় ককবরকেও *ককবাক*-কে পাঁচ ভাগে ভাগ করা হইয়াছে। যথা—

- (ক) ***মুঙরীক ককথাই*** (বিশেষ্য পদ)
- (খ) ***মুঙসীলাই ককথাই*** (সর্বনাম পদ)
- (গ) ***খীলায় ককথাই*** (ক্রিয়া পদ)
- (ঘ) ***গরন ককথাই*** (বিশেষণ পদ)
- (ঙ) ***হালকবনাই*** (অব্যয় পদ)

পরবর্তীকালে এইগুলি সম্পর্কে বিশেষ ভাবে আলোচনা করা হইয়াছে।

➤ ***মুঙরীক ককথাই*** (বিশেষ্য পদ) [Noun]

যে-*ককথাই* দ্বারা কোন ব্যক্তি, বস্তু, জাতি, কাল, স্থান, বার, মাস, পর্ব দিন, দোষ, গুণ, অবস্থা, সমষ্টি, ক্রিয়া বা কোন ভাষার নাম বুঝায় তাহাকে ***মুঙরীক ককথাই*** বা *মুঙ ককথাই* বা বিশেষ্য পদ বলা হয়।

মুঙরীকনি দালবেরেম (বিশেষ্যের প্রকারভেদ)
[Classification of Noun]

মুঙরীক বা বুমুঙ আবার নিম্নলিখিত বিভাগে বিভক্ত। যথা—

- ***বরকনি বুমুঙ*** (মনুষ্যবাচক বিশেষ্য)
- ***মানীইনি বুমুঙ*** (বস্তুবাচক বিশেষ্য)
- ***জাগানি বুমুঙ*** (স্থানবাচক বিশেষ্য)
- ***হামাগীনাঙ বুমুঙ*** (প্রাণীবাচক বিশেষ্য)
- ***বুফাঙ উাফাঙনি বুমুঙ*** (গাছপালা বাচক বিশেষ্য)
- ***দফানি বুমুঙ*** (জাতিবাচক বিশেষ্য) ইত্যাদি।

নিম্নে এই সকল বুমুঙ সম্পর্কে বিশেষ আলোচনা করা হইয়াছে।

➔ *বরকনি বুমুঙ* (মনুষ্যবাচক বিশেষ্য) ঃ

যে-সকল *বুমুঙ* দ্বারা মানুষের নাম নির্দেশ করে তাহাকে ***বরকনি বুমুঙ*** বা মনুষ্যবাচক বিশেষ্য বলা হয়। যেমন— *করমতি, নায়থকতি, কসমতি, নগীরাই, তখিরায়, খেলাংতি* ইত্যাদি।

➔ *মানীইনি বুমুঙ* (বস্তুবাচক বিশেষ্য) ঃ

যে-সকল *বুমুঙ* দ্বারা কোন এক শ্রেণীর বস্তুর সমস্তটাকে একই সঙ্গে বুঝাইয়া থাকে তাহাদের বলা হয় ***মানীইনি বুমুঙ*** বা বস্তু বাচক বিশেষ্য। যেমন— *মায়রুম* (চাউল, *রমফে* (চিড়া), *তীয়* (জল), দুধ, *রাঙচাক* (স্বর্ণ), *রুফাই* (রূপা) ইত্যাদি।

➔ *জাগানি বুমুঙ* (স্থানবাচক বিশেষ্য) ঃ

উাকসিমালীঙ, তীয় উানদাল, মুইচিংবারি, সেংকারিবারি, নলংবারি, উদয়পুর, আগরতলা, খোয়াই, আমপুরা ইত্যাদি।

➔ *হামাগীনাঙনি বুমুঙ* (প্রাণীবাচক বিশেষ্য) ঃ

মায়ুঙ (হাতী), *মীসা* (বাঘ), *মুফুক* (গোসাপ), *পুন* (ছাগল), *মুসুক* (গরু), *আমিঙ* (বিড়াল), *মীসীই* (হরিণ), *করাই* (ঘোড়া), *উাক* (শূকর), *গঙ* (ভল্লুক), ইত্যাদি।

➔ *বুফাঙ-উাফাঙনি বুমুঙ* (গাছপালা বাচক বিশেষ্য) ঃ

বরচুক (শিমূল), *উামিলিক* (রুফইবাঁশ), *কুসুমায়* (লটকন), *মানদার* (এক প্রকার

কাঁটাযুক্ত গাছ), *বুরিফাঙ* (বটগাছ), ইত্যাদি।

➔ *চংদালসানি বুমুঙ* (শ্রেণীবাচক বিশেষ্য) ঃ

পুথি (বই), খাতা, *বরক* (মানুষ), *খীনাই* (চুল), *মকল* (চোখ), *থা* (আলু), *বুকুর* (চর্ম) ইত্যাদি।

➔ *গরননি বুমঙ* (গুণবাচক বিশেষ্য) ঃ

হাময়া (খারাপ), *কেবেল* (দুর্বল), *কীথার* (পবিত্র), *কাহাম* (ভাল), *কীলায়* (সহজ), *কসল* (তরল), *কীরাক* (শক্ত), ইত্যাদি।

➔ *বদলনি বুমুঙ* (সমষ্টিবাচক বিশেষ্য) ঃ

কীলাস (ক্লাস), সেনাবাহিনী, *কোম্পানী, কীলাব* (সংঘ), অ্যাসোসিয়েশন, *মথ* (সংস্থা), *বদল* (দল), সমবায়, *কমিতি* (কমিটি), ইত্যাদি।

➔ *খীলায় খুমুঙ* (ক্রিয়াবাচক বিশেষ্য) ঃ

চামা (খাওয়া), *নীঙমা* (পান করা), *নাইমা* (দেখা), *মীনীয়মা* (হাসি), *কাবমা* (কান্না), *তনথক* (আনন্দ) ইত্যাদি।

মুঙরীকন ককবীতাংগ থেপামুঙ

(বাক্যে বিশেষ্যের প্রয়োগ)

➔ (১) *মুঙরীকনি বুমুঙ* (নামবাচক বিশেষ্য) **[Proper Noun] :**

ক) বিমল আপেল খায় — *বিমল আপেল চাঅ।*

খ) করমতি বই পড়ে — *করমতি পুথি পরিঅ।*

গ) আমি আগরতলা যাইব — *আঙ আগরতলা থাংনাই*

ঘ) হাওড়া ত্রিপুরার একটি নদী — *সাইদ্রা ত্রিপুরানি তীয়মা কাইসা।*

ঙ) রামচরণবাবু সকালে স্নান করেন — *রামচরণবাবু ফুঙগ তুকুঅ।*

➔ (২) *মানীইনি বুমুঙ* (বস্তুবাচক বিশেষ্য) **(Material Noun) :**

ক) ত্রিপুরার মানুষ ভাত খায় — *ত্রিপুরানি বরক মায় চাঅ।*

খ) খোয়াই নদীর জল ঠাণ্ডা — *খোয়াই তীয়মানি তীয় কীচাং।*

গ) রামকুমার গুঁড় বিক্রি করে — *রামকুমার কীতীই ফাল'।*

ঘ) প্রদীপ মদ পান করে — *প্রদীপ চুউাক নীঙগ।*

ঙ) সে স্বর্ণালঙ্কার তৈরী করে — *ব রাংচাকনি গয়না সীনাম'।*

➔ (৩) *চংদালসানি বুমুঙ* (শ্রেণীবাচক বিশেষ্য) **[Common Noun] :**

ক) কুকুর ভাত খায় — *সীই মায় চাঅ।*

খ) বিড়াল মাছ খায় — *আমিঙ আ চাঅ।*

গ) পাখী আকাশে উড়ে — *তকসা নাখা সাকা বির'।*

ঘ) তোতাপাখি কথা বলে — *তপসি কক সাঅ।*

ঙ) গরু গৃহপালিত পশু — *মুসুক নগ' রিজাগনাই মালমাতা।*

➔ (৪) *গরনানি বুমুঙ* (গুণবাচক বিশেষ্য) **[Abstract Noun] :**

ক) নীরমহলের সৌন্দর্য দেখিতে ইচ্ছা হয় — *নীরমহলনি নায়থকমুঙ নায়না মুচুঙগ।*

খ) মনের পবিত্রতা রক্ষা করা উচিত — *বীখানি কীথার তঙমুঙ মীথাঙ নারীগথাই কীলাইঅ।*

গ) তিনি ক্রোধহীন ব্যক্তি — *ব থামচি কীরীই বরক।*

ঘ) *বিশুদ্ধ* জল পান করা উচিৎ — *তীয় কীকীরীক নীংথাই কীলাইঅ।*

➔ (৫) *বদলনি বুমুঙ* (সমষ্টিবাচক বিশেষ্য) **[Collective Noun] :**

ক) একদল ছাগল ঘাস খায় — *পুনদলসা আদা চালাইঅ।*

খ) আমি তৃতীয় শ্রেণীর ছাত্র — *আঙ কীলাস থ্রিনি পরিনাই।*

গ) আমাদের ক্লাবের নাম 'থানসা' — *চিনি কীলাবনি মুঙ 'থানসা'।*

ঘ) তিনি সমবায়ের একজন সদস্য — *ব সমবায়নি আদঙ খরকসা।*

ঙ) তিনি অঞ্চল কমিটির সম্পাদক — *ব আমচাই কমিতিনি তাঙফাঙ।*

➔ (৬) *খীলায় বুমুঙ* (ক্রিয়াবাচক বিশেষ্য) **[Verbal Noun] :**

ক) তার কোন কান্না নেই — *বিনি মুঙসা কাবমুঙ কীরীই।*

খ) টিংকুর হাসি খুব সুন্দর — *টিংকুনি মীনীয়মা নায়থগ'।*

গ) চন্দার কোন ভয় নেই — *চন্দানি মুঙসা কিরিমা কীরীই*

ঘ) লতার গান শ্রুতিমধুর — *লতানি রীচাবমুঙ খীনাথগ'।*

ঙ) তাদের নৃত্য খুবই সুন্দর — *বঙনি মীসামুঙ নায়থগ'।*

বেদেক উলনীয় (দ্বিতীয় পরিচ্ছেদ)

➔ ***মুঙসীলাই*** **(সর্বনাম) (Pronoun) :**

বুমুঙ এর পরিবর্তে যে *ককথাই* ব্যবহৃত হয় তাহাদের বলা হয় *মুঙসীলাই* বা সর্বনাম। যেমন - *আঙ* (আমি), *নীঙ* (তুমি বা আপনি), *ব* (সে বা তিনি), *ম* (এটি), *উম* (ঐটি) ইত্যাদি।

➔ ***দালবেরেম*** **(প্রকারভেদ) (Classification) :**

অর্থ অনুযায়ী *মুঙসীলাই* আবার ছয়টি বিভাগে বিভক্ত। যথা -

- *(১) খরক মুঙসীলাই* (ব্যক্তিবাচক সর্বনাম)
- *(২) থীগীই মুঙসীলাই* (নির্দেশবাচক সর্বনাম)
- *(৩) চংমুঙ কীরীই মুঙসীলাই* (অনিশ্চয়সূচক সর্বনাম)
- *(৪) সীংমারি মুঙসীলাই* (প্রশ্নসূচক সর্বনাম)
- *(৫) বাইথাঙমারি মুঙসীলাই* (আত্মবাচক সর্বনাম)
- *(৬) নাইথেপাই মুঙসীলাই* (নাই-যুক্ত সর্বনাম)

নিম্নে এই সকল *মুঙসীলাই* সম্পর্কে বিশেষ আলোচনা করা হইল।

➔ *(১)* ***খরক মুঙসীলাই*** **(ব্যক্তিবাচক সর্বনাম) (Personal Pronoun) :**

যে-সকল *মুঙসীলাই* ব্যক্তির নামের পরিবর্তে ব্যবহৃত হয় তাহাদের ***খরক মুঙসীলাই*** বলা হয়। যেমন — *আঙ* (আমি), *নীঙ* (তুমি বা আপনি), *ব* (সে বা তিনি), *চীঙ* (আমরা) *বরগ* (তাহারা) *নরগ* (আপনারা বা তোমরা) ইত্যাদি।

ককবীতাংগ থেপামুঙ **(বাক্যে ব্যবহার) ঃ**

ক) তাহার বাবা নাই — *বিনি বাবু কীরীই।*

খ) আমি ভাত খাই — *আঙ মায় চাঅ।*

গ) সে ভাল লোক — *ব বরক কাহাম।*

ঘ) আপনার একটি বিড়াল আছে — *নিনি আমিঙ মাসা তঙগ।*

ঙ) তিনি ভীষণ খাঁটো — *ব বেলাই বারা।*

উপরে বাক্যগুলিতে উল্লেখিত *বিনি* (তাহার), *আঙ* (আমি), *ব* (সে), *নিনি* (আপনার), *ব* (তিনি) ইত্যাদি পদগুলি কোন না কোন ব্যক্তির নামের পরিবর্তে ব্যবহৃত হইয়াছে। তাই এই (মোটা অক্ষরে লিখিত) পদগুলি *খরক মুঙসীলাই*।

➔ *(২) থাগাই মুঙসীলাই* (নির্দেশবাচক সর্বনাম) **(Demonstrative Pronoun)** ঃ

যে-সকল *মুঙসীলাই* কোন ব্যক্তি বা বস্তুকে নির্দেশ করে তাহাদের বলা হয় ***থাগাই মুঙসীলাই***। যেমন— *ম* (এইটি), *আম* (ঐটি), *মরগ/ অমরগ* (এইগুলি), *আমরগ, উমরগ* (ঐগুলি) *ইক'* (এইতো), *উকলে* (ঐতো) ইত্যাদি।

ককবীতাংগ থেপামুঙ (বাক্যে ব্যবহার) ঃ

ক) এইটি আমার বই — *ম' আনি পুথি।*

খ) ঐটি আমার কলম — *আব' আনি কলম।*

গ) ঐ জিনিসগুলি আপনাদের — *উ মানীইরগ নরগনি।*

ঘ) এইতো তোমার বাবা — *ইকলে নীফা।*

ঙ) ঐতো তাহার ঘোড়া — *উক' বিনি করাই।*

উপরে বাক্যগুলিতে *ম'* (এইটি), *আব'* (ঐটি), *উ* (ঐ), *ইকলে* (এইতো), *উক'* (ঐতো), ইত্যাদি *মুঙসীলাই*-গুলি যথাক্রমে বই, কলম, জিনিসগুলি, বাবা এবং ঘোড়াকে নির্দেশ করিতেছে। তাই এই *মুঙসীলাই*-গুলি হইল *থাগাই মুঙসীলাই* বা নির্দেশবাচক সর্বনাম।

➔ (৩) *চংমুঙ কীরাই মুঙসীলাই* (অনিশ্চয়সূচক সর্বনাম) **(Indefinite Pronoun)** ঃ

যে-সকল *মুঙসীলাই* নিশ্চয় করিয়া বলা যায় না এইরূপ ব্যক্তি বা বস্তুর নামের পরিবর্তে ব্যবহৃত হয়, তাহাদের বলা হয় ***চংমুঙ কীরাই মুঙসীলাই*** বা অনিশ্চয়সূচক সর্বনাম। যেমন - *কেব'* (কেহ), *কিচা কিচা* (কিছু কিছু), *কেব' কেব'* (কেহ কেহ), *বাকসা বাকসা* (কেহ কেহ), *কুসতাম* (কিছু একটা), *মুঙসাসীক* (কিছু পরিমাণ) ইত্যাদি।

ককবীতাংগ থেপামুঙ (বাক্যে ব্যবহার) ঃ

ক) কেহ কেহ এই কাজ করিতে চায় — *কেব কেব' অঙসামুঙ তাঙনা নায়ু।*

খ) কিছু আনিতে হইলে আনো — *কুসতাম তুবুনাখে তুবদি।*

গ) এখানে কেহ আসে না — *অর' কেব ফায়া।*

(ঘ) আপনি যাহা পারেন করেন — *নীং জে মানসাক খীলায়দি।*

(ঙ) তুমি কিছু একটা কর — *নীঙ মুঙসাসীক খীলায়দি।*

উপরে বাক্যগুলিতে *'কেব কেব'* দ্বারা অনির্দিষ্ট ব্যক্তি, *'কুসতাম'* দ্বারা অনির্দিষ্ট বস্তু, *'জে'* দ্বারা অনিশ্চয় সূচক পরিমান এবং *'মুঙসাসীক'* দ্বারা অনির্দিষ্ট কার্য নির্দেশ করিতেছে। তাই এই *মুঙসীলাই*-গুলি *চংমুঙ কীরীই মুঙসীলাই* বা অনিশ্চয় সূচক সর্বনাম।

➔ *(৪) সীংমারি মুঙসীলাই* (প্রশ্নসূচক সর্বনাম) **[Interrogative Pronoun]** ঃ

যে-সকল *মুঙসীলাই* দ্বারা প্রশ্ন জিজ্ঞাসা করা হয় তাহাদের বলা হয় *সীংমারি মুঙসীলাই*। যেমন— *সীবা/সাব'* (কে), *সীবান/ সাবন* (কাহাকে), *বম'* (কোনটি), *তীমা/ তাম'* (কি), ইত্যাদি।

ককবীতাংগ থেপামুঙ (বাক্যে ব্যবহার) ঃ

ক) এখন কে ভাত খাইয়াছে — *তাবুক সীবা মায় চাখা ?*

খ) সে কাহাকে জিজ্ঞাসা করিয়াছে — *ব সীবান সীংখা ?*

গ) কোনটি তোমার কলম — *বম' নিনি কলম?*

ঘ) তোমার নাম কি — *নিনি মুঙ তীমা?*

ঙ) আপনি কখন যাইবেন — *নীঙ বুফুরু থাংনাই?*

উপরে বাক্যগুলিতে ব্যবহৃত *'সীবা', 'সীবান', 'বম', 'তীমা'*. এবং *'বুফুরু'* ইত্যাদি *মুঙসীলাই* দ্বারা প্রতিটি ক্ষেত্রেই প্রশ্ন জিজ্ঞাসা করা হইয়াছে। তাই এই সকল (মোটা অক্ষরে লেখা) *মুঙসীলাই*-গুলি *সীংমারি মুঙসীলাই* বা প্রশ্নসূচক সর্বনাম।

➔ *(৫) বাইথাঙমারি মুঙসীলাই* (আত্মবাচক সর্বনাম) **[Reflixive Pronoun]** ঃ

যে-সকল *মুঙসীলাই* দ্বারা আমি স্বয়ং, তুমি স্বয়ং, সে স্বয়ং, আমরা স্বয়ং, তোমরা স্বয়ং, তাহারা স্বয়ং, ইহারা স্বয়ং বা ইহা স্বযং ইত্যাদির যে কোন একটিকে বুঝায় তখন তাহাকে *বাইথাঙমারি মুঙসীলাই* বা আত্মবাচক সর্বনাম বলা হয়। যেমন— *আঙসাক-ন* (আমি নিজেই), *ব বাইথাঙ-ন* (সে নিজেই), *নরগ বাইথাঙ* (তোমরা স্বয়ং), *বরগ বাইথাঙ* (তাহার স্বয়ং) ইত্যাদি।

ককবীতাংগ থেপামুঙ (বাক্যে ব্যবহার) ঃ

ক) আমি নিজে নিজেই পড়িতে পারি — *আঙ সাক সাক-ন পরি মান'।*

খ) আমরা স্বয়ংই যাইব — *চীঙ বাইথাঙ-ন থানাই।*

গ) **তিনি নিজেই** আসিতে পারেন — *ব বাইথাঙ-ন ফায়মান'।*

ঘ) **তাহারা স্বয়ং** প্রত্যক্ষ করিয়াছে — *বরগ বাইথাঙ মকল বায় নায়খা।*

ঙ) **আপনাকে স্বয়ং** আসিতে হইবে — *নীঙ বাইথাঙ মা ফায়নাই।*

উপরে বাক্যগুলিতে মোটা অক্ষরে লিখিত *মুঙসীলাই*-গুলি প্রতি ক্ষেত্রেই স্বয়ং অর্থে ব্যবহৃত হইয়াছে। তাই এই *মুঙসীলাই*-গুলি *বাইথাঙমারি মুঙসীলাই* বা আত্মবাচক সর্বনাম।

➔ *(৬)* ***নাইথেপাই মুঙসীলাই*** **(নাই-যুক্ত সর্বনাম) ঃ**

ককবরকে *ককচীলীয়* (ধাতু)-এর সহিত *'নাই'* প্রত্যয় যুক্ত হইয়া *মুঙসীলাই* গঠন করে এবং ঐ *মুঙসীলাই* ধাতু দ্বারা গঠিত ক্রিয়া সম্পাদনকারীকে বুঝাইয়া থাকে। এই ধরণের *মুঙসীলাই*-কে নাই-যুক্ত সর্বনাম বা ***নাইথেপাই মুঙসীলাই*** বলা হয়। যেমন— *চানাই, রীনাই, ফায়নাই, থাংনাই* ইত্যাদি।

ককবীতাংগ থেপামুঙ **(বাক্যে ব্যবহার) ঃ**

ক) এখানকার **আগন্তুক** কে— *অর' ফায়নাই সীবা?*

খ) **ক্রিয়া সম্পাদনকারীকে** বল — *সামুঙ তাঙনাইন সাদি।*

গ) **পথিককে** ডাক — *লামা হিমনাইন রিঙদি।*

ঘ) **প্রত্যক্ষকারীগণকে** আসিতে বল — *নায়নাইরগন ফায়নানি সাদি।*

ঙ) **যিনি যাইতেছেন** তাকে জিজ্ঞাসা কর — *থাংনাইন সীংদি।*

উপরে বাক্যগুলিতে মোটা অক্ষরে লিখিত *মুঙসীলাই*-গুলি প্রতিটি ক্ষেত্রেই কোন না কোন ক্রিয়া সম্পাদনকারীকে বুঝাইতেছে। তাই এইগুলি *নাইথেপাই মুঙসীলাই।*

বেদেক উলথাম (তৃতীয় পরিচ্ছেদ)

গরন ককথাই (বিশেষণ পদ)

[Adjective]

যে-সকল *ককথাই* দ্বারা অপর *ককথাই*-এর দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি বুঝায়, তাহাদের বলা হয় *গরন ককথাই* বা বিশেষণ পদ। যেমন— *কাহাম* (ভাল) *হাময়া* (খারাপ), *কীচাং* (ঠান্ডা), *কসল* (তরল), *কীরাক* (শক্ত), *খাকসা* (একাংশ), *মাসা* (একটি) ইত্যাদি।

দালবেরেম (প্রকারভেদ)

[Classification]

গরন ককথাই-কে আবার তিনটি বিভাগে বিভক্ত করা যায়। যথা—

- *ক)* *মুঙ গরন* (বিশেষ্যের বিশেষণ)
- *খ)* *গরননি গরন* (বিশেষণের বিশেষণ)
- *গ)* *খীলায় গরন* (ক্রিয়া বিশেষণ)

উপরে উল্লেখিত বিভিন্ন প্রকার *গরন* সম্পর্কে নিম্নে বিস্তারিত আলোচনা করা হইয়াছে।

➔ *(১)* মুঙ *গরন* (বিশেষ্যের বিশেষণ)

যে-সকল *গরন* (বিশেষণ), *মুঙরীক-এর* দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি বুঝায় তাহাদের **মুঙ** *গরন* বা বিশেষ্যের বিশেষণ বলা হয়।

ককবীতাংগ থেপামুঙ (বাক্যে ব্যবহার) ঃ

ক) বিকাশ **ভাল** ছেলে ··· *বিকাশ চীলা কাহাম।*

খ) বিমলেরা **দুইজন** আসিয়াছে — *বিমলসঙ খরগনীয় ফায়কা।*

গ) **ঠান্ডা** জল পান করিও - *তীয় কীচাং নীংদি।*

ঘ) **সবুজ** সার্ট পরিধান কর — *কামচীলীয় কীখীরাং কানদি।*

উপরে বাক্যগুলিতে ব্যবহৃত *গরন*-গুলির *'কাহাম'* দ্বারা বিকাশের গুণ, *'খরগনীয়*

দ্বারা বিমলদের দলের লোকসংখ্যা, *'কীচাং'* দ্বারা জলের তাপমাত্রা, *'কলক'* দ্বারা বাঁশের দৈর্ঘ্য এবং *'কীখীরাং'* দ্বারা সার্টটির রঙ নির্দেশ করিতেছে। আর বিকাশ, বিমলেরা, জল, বাঁশ এবং সার্ট এই শব্দগুলি সবই *মুঙরীক* বা বিশেষ্য। সুতরাং *'কাহাম'*, *'খরগনীয়'*, *'কীচাং'*, *'কীখীরাং'* ইত্যাদি শব্দগুলি হইতেছে *মুঙ গরন* বা বিশেষ্যের বিশেষণ।

এখানে একটি বিষয় লক্ষ্যণীয় যে, *মুঙগরন*-গুলি যে *মুঙরীকএর গরন ঐ মুঙরীক* এর পরে বসিয়া থাকে। আর *মুঙরীক*-এর পরিবর্তে *মুঙসীলাই* ব্যবহৃত হইলে এই ধরনের *গরন*-কে বলা হইবে ***মুঙসীলাই গরন***। নিম্নে *মুঙসীলাই গরন*-এর ব্যবহার দেখানো হইল ঃ

***ককবীতাংগ থেপামুঙ* (বাক্যে ব্যবহার) ঃ**

ক) এইটি বেশ ভারী — *ম বেলাই হিলিগ'*।

খ) সে ভাল — *ব কাহাম*।

গ) তুমি আমার তুলনায় (বয়সে) বড় — *নীঙ আনি সীলাই অকীরা।*

ঘ) কোনটি সুন্দর — *বম' নায়থক?*

ঙ) ঐটি পুরাতন — *উম' কীচাম।*

উপরের বাক্যগুলিতে ব্যবহৃত *'হিলিক'*, *'কাহাম'*, *'অকীরা'*, *'নায়থক'*, *'কীচাম গরন*-গুলি যথাক্রমে *'ম* (এইটি)', *'ব* (সে)', *'নীঙ* (তুমি)', *'বম* (কোনটি)', এবং *'উম* (ঐটি)' ইত্যাদি *মুঙসীলাই*-গুলির *গরন* বা বিশেষণ। তাই এই *গরন*-গুলিকে বলা হইবে *মুঙসীলাই গরন।*

➔ *(২) গরননি গরন* (বিশেষণের বিশেষণ) [adverb]

যে-সকল *গরন* অপর কোন *গরন*-এর অবস্থা নিরূপণ করে, তাহাদের বলা হয় ***গরননি গরন*** বা বিশেষণের বিশেষণ।

***ককবীতাংগ থেপামুঙ* (বাক্যে ব্যবহার) ঃ**

ক) এই আমটি বেশ পঁচা — *অ থাইচুক জব্বই কসক।*

খ) এই পাথরটি প্রচন্ড ভারী — *ম হলং বেলাই হিলিক।*

গ) রতন খুব ভাল ছেলে — *রতন বেলাই চীলা কাহাম।*

ঘ) খারপানিটা খুবই পাতলা হইয়াছে — *ম চাখীইলে বেলাই পাতলা আঁংখা।*

ঙ) তাহার হৃদয় কিছুটা শক্তই — *বিনি বীখা কিসা কীরাক-ন।*

সিথাই (জ্ঞাতব্য) ঃ *'বেলাই'* বিশেষণটি দ্বারা 'খুবই', 'সাংঘাতিক', 'প্রচন্ড' ইত্যাদি সবই বুঝাইয়া থাকে।

উপরে আলোচিত বাক্যগুলির মধ্যে প্রথম বাক্যে *'জব্বই'* দ্বারা আমটি কিরকম পঁচা তাহা বুঝানো হইয়াছে। দ্বিতীয় বাক্যে *'বেলাই'* দ্বারা পাথরটির ওজন বেশী ভাড়ী বুঝানো হইয়াছে। অনুরূপভাবে তৃতীয় বাক্যে *'বেলাই'* দ্বারা খারপানিটার ঘনত্ব কিরকম এবং শেষ বাক্যে *'কিসা'* দ্বারা তাহার হৃদয়টি কিরকম শক্ত তাহা বুঝানো হইয়াছে। সুতরাং দেখা যায় যে, *'জব্বই', 'বেলাই', 'কিসা'* ইত্যাদি *গরন*-গুলি প্রতি ক্ষেত্রেই *গরনের*-অবস্থা নিরূপণ করিয়াছে। তাই উাহারা ***গরননি গরন*** বা বিশেষণের বিশেষণ।

এখানে একটি বিষয় লক্ষ্যণীয় *গরন*-টি যে *গরন*-এর অবস্থা নির্দেশ করে তাহার পূর্বে বসিয়া থাকে।

➔ *(৩) খীলায় গরন* (ক্রিয়া বিশেষণ)

যে-সকল *গরন* কোন *খীলায়* (ক্রিয়া)-র অবস্থা নিরূপণ করে তাহাদের বলা হয় *খীলায় গরন* বা ক্রিয়া বিশেষণ।

ককবীতাংগ থেপামুঙ (বাক্যে ব্যবহার) ঃ

ক) পীযুষ দ্রুত হাঁটে — *পীযুষ দাকতি হিম'।*

খ) আশীষ ধীরে ধীরে হাটে — *আশীষ তেব তেবখে হিম'।*

গ) আস্তে আস্তে লিখিও — *কল কলখে সীয়দি।*

ঘ) সে জোরে কথা বলে — *ব খরাংতরীই কক সাঅ।*

ঙ) তিনি দ্রুত দৌড়াইতে পারেন — *ব দাকতি খাচিক মানী'।*

উপরে বাক্যগুলিতে ব্যবহৃত *'দাকতি'* ও *'তেব তেবখে' গরন* দুইটি *হিম* (হাঁটা) ক্রিয়াটির অবস্থা, *'কল কলখে'* গরনটি *সীয়* (লেখা) ক্রিয়াটির অবস্থা, *'খরাংতরীই' গরনটি সা* (বলা) ক্রিয়াটির ধরণ, এবং শেষ বাক্যটিতে *'দাকতি' গরনটি খাচিক* (দৌড়ানো) ক্রিয়াটির অবস্থা নির্দেশ করিয়াছে। তাই এগুলি *খীলায় গরন*।

গরনারি [Degree]

Degree-কে ককবরকে বলা হয় *গরনারি*। ইংরেজীর ন্যায় ককবরকে *গরনারি* তিন প্রকার। যথা—

- ১) *সংদারি গরনারি* [Positive Degree]
- ২) *সুরনীয় গরনারি* [Comparative Degree]
- ৩) *সুরবাং গরনারি* [Superlative Degree]

দুইটি বস্তু বা ব্যক্তির মধ্যে তুলনা করিতে হইলে *সুরনীয় গরনারি* হয়, আর দুইটির বেশী একজাতীয় ব্যক্তি বা বস্তুর মধ্যে তুলনা করিতে হইলে *সুরবাং গরনারি* হয়।

নিচে একটি টেবিলের সাহায্যে *গরনারি*-গুলি দেখানো হইল ঃ

সংদারি গরনারি	*সুরনীয় গরনারি*	*সুরবাং গরনারি*
কাহাম	*সীলাই কাহাম*	*জতনি সীলাই কাহাম/কাহামকুক*
(ভাল)	(তুলনায় ভাল)	(সবচাইতে ভাল)
কতর	*সীলাই কতর*	*জতনি সীলাই কতর/কতরকুক*
(আকারে বড়)	(তুলনায় বড়)	(সকলের তুলনায় বড়)
নায়থক	*তেই-ব নায়থক*	*জতনি বের' নায়থক*
(সুন্দর)	(আরও সুন্দর)	(সকলের মধ্যে সুন্দর)
কলক	*সীলাই কলক*	*জতনি সীলাই কলক*
(লম্বা)	(তুলনায় লম্বা)	(সকলের তুলনায় লম্বা)
কুচুক	*সীলাই কুচুক*	*জতনি সীলাই কুচুক/ কুচুককুক*
(উচ্চ)	(তুলনায় উচ্চ)	(সর্বোচ্চ)

বেদেক উলবীরীয় (চতুর্থ পরিচ্ছেদ)

খীলায় ককথাই

(ক্রিয়াপদ) [Verb]

যে-সকল *ককথাই* দ্বারা কোনও কার্য সম্পাদন করা বুঝায়, তাহাদের বলা হয় ***খীলায় ককথাই***। যেমন— *চা* (খাওয়া), *খীলায়* (করা), *বির* (উড়া), *রীচাব* (গান করা), *ফায়* (আসা) ইত্যাদি।

দালবেরেম **(শ্রেণীবিভাগ) ঃ**

খীলায় ককথাই কে প্রধানতঃ দুইটি বিভাগে বিভক্ত করা যায়। যথা—

- *(১) মীথাক খীলায়* (সমাপিকা ক্রিয়া)
- *(২) মীথাগয়া খীলায়* (অসমাপিকা ক্রিয়া)

নিম্নে উহাদের সম্পর্কে বিশেষ আলোচনা করা হইল ঃ

(১) মীথাক খীলায় (সমাপিকা ক্রিয়া) [Finite Verb]

যে-সকল *খীলায় ককথাই* দ্বারা বাক্যের অর্থ সম্পূর্ণরূপে প্রকাশ পায়, তাহাদের ***মীথাক খীলায়*** বা সমাপিকা ক্রিয়া বলা হয়।

বাগমুঙ (বিভাগ)

মীথাক খীলায়-কে আবার দুইটি বিভাগে বিভক্ত করা যায়। যথা—

- *অ) তাঙজাকনাই খীলায়* (সকর্ম ক্রিয়া)
- *আ) তাঙজাকয়া খীলায়* (অকর্ম ক্রিয়া)

নিম্নে উহাদের সম্পর্কে বিশেষ আলোচনা করা হইয়াছে।

(অ) তাঙজাকনাই খীলায় (সকর্ম ক্রিয়া) [Transitive Verb] ঃ

যে-সকল *খীলায় ককথাই*-এর *তাঙজাকনাই* (কর্ম) বর্তমান, তাহাদের বলা হয় ***তাঙজাকনাই খীলায়*** বা সকর্ম ক্রিয়া।

***ককবীতাংগ থেপামুঙ* (বাক্যে ব্যবহার) ঃ**

ক) সে দড়ি **টানে** — *ব দীখাই সতন'।*

খ) তুমি বল **খেল** — *নীঙ বল থুংগ'।*

গ) তিনি আম **পাড়েন** — *ব থাইচুগ খাগ'।*

ঘ) পাপাই বই **পড়ে** — *পাপাই পুথি পরিঅ।*

ঙ) খেলাংতি চিঠি **লিখে** — *খেলাংতি তীইতুন সীয়'।*

উপরের বাক্যগুলির মধ্যে প্রথম বাক্যে *'সতন* (টানা)' *খীলায় ককথাই*-টির *তাঙজাকনাই* (কর্ম) হইতেছে *'দীখাই* (দড়ি)'. দ্বিতীয় বাক্যে *থুং* (খেলা করা)-এর *তাঙজাকনাই 'বলং'* তৃতীয় বাক্যে *'খাগ* (পাড়া)'-এর *তাঙজাকনাই 'থাইচুক* (আম)'. চতুর্থ বাক্যে *পরি* (পড়া)-র *তাঙজাকনাই 'পুথি* (বই)', এবং পঞ্চম বাক্যে *সীয়* (লেখা) *খীলায় ককথাই-টির তাঙজাকনাই 'তীইতুন* (চিঠি)'। তাই *'সতন', 'থুং', 'খাগ', 'পরি', 'সীয়'* ইত্যাদি *খীলায় ককথাই*-গুলি *তাঙজাকনাই খীলায়* বা সমাপিকা ক্রিয়া।

এইক্ষেত্রে একটি বিষয় লক্ষ্যণীয় *তাঙজাকনাই* (কর্ম) সর্বদাই বাক্যের *খীলায় ককথাই*-এর পূর্বে বসিয়া থাকে।

তাঙজাকনীয় খীলায় (দ্বিকর্ম ক্রিয়া) ঃ

যে-সকল *খীলায় ককথাই*-এর দুইটি করিয়া *তাঙজাকনাই* (কর্ম) থাকে, তাহাদের ***তাঙজাকনীয় খীলায়*** বা দ্বিকর্ম ক্রিয়া বলা হয়।

➔ ***ককবীতাংগ থেপামুঙ* (বাক্যে ব্যবহার) ঃ**

ক) সাবেন্দ্র বাবু **আমাদের ককবরক** শিখান — *সাবেন্দ্র বাবু চীঙন ককবরক ফীরীংগ।*

খ) তিনি **আমাকে পাঁচ টাকা** দিয়াছেন — *ব আন রাং খগবা রিখা।*

গ) আমি **আপনাকে একটি ছড়া** শোনাইব -- *আঙ নন' ককতাং তাংসা খীনা রীউানী।*

ঘ) আপনি **তাহাকে একটি কলম** দিবেন — *নীঙ বন' কলম কঙসা রীউানু।*

ঙ) গাভী **আমাদের দুধ** দেয় — *মুসুকমা চীঙন দুধ রীঅ।*

উপরের বাক্যগুলির প্রথম বাক্যটিতে *ফীরীং* (শিক্ষা দেওয়া) *খীলায় ককথাই*-টির দুইটি *তাঙজাকনাই* (যথা- *চীঙন ও ককবরক*) রহিয়াছে। অনুরূপভাবে দ্বিতীয় বাক্যে *'রি* (দেওয়া)', *খীলায় ককথাই-টির* দুইটি *তাঙজাকনাই 'আন* (আমাকে)' ও *রাং-খগবা* (পাঁচ টাকা), তৃতীয় বাক্যে *'খীনারী* (শোনানো)', *খীলায় ককথাই-টির* দুইটি *তাঙজাকনাই নন ও ককতাং*, ৪র্থ বাক্যে *'রী* (দেওয়া)', *খীলায় ককথাই*-টির দুইটি *তাঙজাকনাই বন* (তাহাকে) ও *কলম কাঙসা* (একটি কলম), এবং শেষ বাক্যের দুইটি *তাঙজাকনাই চীঙন* (আমাদেরকে) ও দুধ বর্তমান রহিয়াছে। তাই *'ফীরীং', 'রি', 'খীনারী', 'রী'* ইত্যাদি *খীলায় ককথাই*-গুলি *তাঙজাকনীয় খীলায়* বা দ্বিকর্ম ক্রিয়া।

(আ) তাঙজাকয়া খীলায় (অকর্ম ক্রিয়া) **[Intransitive Verb] ঃ**

যে-সকল *খীলায় ককথাই*-এর কোন *তাঙজাকনাই* (কর্ম) নাই, তাহাদের বলা হয় *তাঙজাকয়া খীলায়* বা অকর্ম ক্রিয়া।

➔ *ককবীতাংগ থেপামুঙ* (বাক্যে ব্যবহার) ঃ

ক) সামপারি খায় — *সামপারি চাঅ।*

খ) আপনি আসিয়াছেন — *নীঙ ফায়কা।*

গ) রীংমারি পড়িয়াছে — *রীংমারি পারিখা।*

ঘ) গৌতম লিখিয়াছে — *গৌতম সীয়বায়খা।*

ঙ) তাহারা স্নান করিয়াছে — *বরগ তুকুবায়খা।*

উপরে বাক্যগুলিতে লক্ষ্য করিলে দেখা যায় যে *'চা* (খাওয়া)', *'ফায়* (আনে)', *'পরি* (পড়া)', *'সীয়* (লেখা)', *'তুকু* (স্নান করা)' ইত্যাদি *খীলায় ককথাই*-গুলির কোন *তাঙজাকনাই* (কর্ম) নাই। তাই এইগুলি *তাঙজাকয়া খীলায়* বা অকর্ম ক্রিয়া।

➔ *(২) মীথাকয়া খীলায়* (অসমাপিকা ক্রিয়া) **[Non-finite Verb] :**

যে-সকল *খীলায় ককথাই*-এর দ্বারা বাক্যের অর্থ সম্পূর্ণরূপে প্রকাশ পায়না, তাহাদের বলা হয় *মীথাকয়া খীলায়* বা অসমাপিকা ক্রিয়া।

➔ *ককবীতাংগ থেপামুঙ* (বাক্যে ব্যবহার) ঃ

ক) সে আসিলে — *ব ফায়খাই।*

খ) আপনি দেখিলে — *নীঙ নায়খে।*

গ) আমি কাঁদিয়া — *আঙ কাবীই।*

ঘ) রাকেশ হাসিতে হাসিতে — *রাকেশ মীনীয়মাং মীনীয়মাং।*

ঙ) চন্দ্রবালা হাঁটিতে হাঁটিতে — *চন্দ্রবালা হিমতে হিমতে।*

উপরের বাক্যগুলির *'ফায়খাই* (আসিলে)', *'নায়খে* (দেখিলে)', *'কাবীই* (কাঁদিয়া), *'মীনীয়মাং মীনীয়মাং* (হাসিতে হাসিতে)', এবং *'হিমতে হিমতে* (হাঁটিতে হাঁটিতে)', ইত্যাদি *খীলায় ককথাই*-গুলির দ্বারা বাক্যের অর্থ সম্পূর্ণরূপে প্রকাশ পায় নাই। অতএব এই *খীলায় ককথাই*-গুলি *মীথাকয়া খীলায়* বা অসমাপিকা ক্রিয়া।

মীথাকয়া খীলায়নি চংজাকমুঙ

(অসমাপিকা ক্রিয়ার গঠন)

➔ **(ক)** বাংলায় ধাতুর সহিত *'-ইলে'* প্রত্যয়টির জন্য ককবরকে ককচীলীয় (ধাতু) এর সহিত *'-খাই', 'খে'* বা *'খীলায়' উাখীলাই* (প্রত্যয়) যুক্ত হয়। যেমন—

ককচীলীয়	+	*উাখীলাই*	= *মীথাকয়া খীলায*
খা	+	ইলে	= খাইলে
(চা	+	*খে)*	*(চাখে)*
দেখ	+	ইলে	= দেখিলে
(নায	+	*খাই)*	*(নাযখাই)*
কাঁদ	+	ইলে	= কাঁদিলে
(কাব	+	*খীলায)*	*(কাবখীলায)*

➔ (খ) বাংলায ধাতুর সহিত '- *ইযা*' প্রত্যযটির জন্য ককবরকে ককচীলীয-এর সহিত '-*উই*' উাখীলাই যুক্ত হয। যেমন –

ককচীলীয	+	*উাখীলাই*	= *মীথাগয়া খীলায*
খা	+	ইযা	= খাইযা
(চা	+	*উই)*	*(চাউই)*
দেখ	+	ইযা	= দেখিযা
(নায	+	*উই)*	*(নাযীই)*
কাঁদ	+	ইযা	কাদিযা
(কাব	+	*আই)*	*কাবীই*

➔ (গ) বাংলায ধাতুর সহিত '*ইতে*' প্রত্যযটির জন্য ককবরকে *ককচীলীয* (ধাতু) এর সহিত *-না*', '*নান*' বা '*-নানি*' উাখীলাই যুক্ত হয। যেমন —

ককচীলীয	+	উাখীলাই	= মীথাকযা খীলায
খা	+	ইতে	= খাইতে
(চা	+	*না)*	*(চানা)*
দেখ	+	ইতে	= দেখিতে
(নায	+	*নান)*	*(নাযনান)*
কাঁদ	+	ইতে	= কাঁদিতে
(কাব	+	*নানি)*	*(কাবনানি)*

➔ (ঘ) বাংলায় ধাতুর সহিত '- ***ইবার***' প্রত্যয়টির জন্য ককবরকে ককচীলীয়-এর সহিত '-*মানি*' *উাখীলাই* যুক্ত হয়। যেমন—

ককচীলীয়	+	***উাখীলাই***	=	***মীথাকয়া খীলায়***
খা	+	ইবার	=	খাইবার
(চা	+	*মানি)*		*(চামানি)*
দেখ্	+	ইবার)	=	দেখিবার
(নায়	+	*মানি)*		*(নায়মানি)*
কাঁদ্	+	ইবাব	=	কাঁদিবার
(কাব	+	*মানি)*		*(কাবমানি)*

➔ (ঙ) বাংলায় ধাতুর সহিত '- ***ইলেও***' প্রত্যয়টির জন্য ককবরকে ককচীলীয়-এর সহিত '-*ফানী*', *উাখীলাই* যুক্ত হয়। যেমন—

ককচীলীয়	+	***উাখীলাই***	=	***মীথাগয়া খীলায়***
খা	+	ইলেও	=	খাইলেও
(চা	+	*ফানী)*		*(চাফানী)*
দেখ	+	ইলেও	=	দেখিলেও
(নায়	+	*ফানী)*		*(নায়ফানী)*
কাদ	+	ইলেও	=	কাদিলেও
(কাব	+	*ফানী)*		*(কাবফানী)*

➔ (চ) বাংলায় ধাতুকে যদি দুইবার ব্যবহার করিয়া দুইবার '- ***ইতে***' প্রত্যয়টি যুক্ত হয় সেই ক্ষেত্রে ককবরকে *ককচীলীয়*-এর সহিত '-*তীতীই*' *উাখীলাই* যুক্ত করিতে হয়। যেমন—

খাইতে খাইতে = *চাতীতীই*

দেখিতে দেখিতে = *নায়তীতীই*

কাঁদিতে কাঁদিতে = *কাবতীতীই*

অথবা বাংলা এই '- ***ইতে***' প্রত্যয়টির জন্য ককবরকে *ককচীলীয়*-কে দুইবার উল্লেখ করিয়া তাহার সঙ্গে প্রতিবারই '- *তে*' *উাখীলাই* যুক্ত করিতে হয়। যেমন—

খাইতে খাইতে = *চাতে চাতে*

দেখিতে দেখিতে = *নায়তে নায়তে*

কাঁদিতে কাঁদিতে = *কাবতে কাবতে*

অথবা ককবরকে *ককচীলীয়*-কে দুইবার উল্লেখ করিয়া প্রতিবারই '- *মাং*' *উাখীলাই* যুক্ত করিতে হয়। যেমন—

খাইতে খাইতে = *চামাং চামাং*

দেখিতে দেখিতে = *নায়মাং নায়মাং*

কাঁদিতে কাঁদিতে = *কাবমাং কাবমাং*

ককবরক ভাষায় ব্যবহৃত বহুল ব্যবহৃত কতগুলি ক্রিয়ার একটি তালিকা নিম্নে ককবরক বর্ণানুক্রমিক ভাবে প্রদত্ত হইল ঃ

ক্রিয়ার তালিকা [List of Verbs]

ককবরক	বাংলা
অক খুই	খিদে লাগা
অক দু	পেট ফাঁপা
অক কিয়র	পেট কামড়ানি
অঙখর	অবতরণ করা, বাহির হওয়া
আই	প্রভাত হওয়া
আকক	অঙ্কন করা
আকাই	বিতৃষ্ণ হওয়া
আকার	যন্ত্রণা করা, উপদ্রপ করা
আগক	অগ্রসর হওয়া
আচাই	জন্ম গ্রহণ করা, সৃষ্টি হওয়া
আচুক	বসা
আচুক রী	বসানো
আজি	উপার্জন করা
আমজক	অনুশীলন করা, মূল্যায়ণ করা
আল চুউাই	হালচাষ করা
আউাই খীলায়	প্রচার করা
আসাই	আশা করা
আঁং	হওয়া
ইমাং নুক	স্বপ্ন দেখা
উাখাক	দাঁত বা মুখ দিয়া ধাক্কা দেওয়া

ককবরক	বাংলা
উনসুর	পশ্চাদ পদ হওয়া
উফিল	ফিরিয়া আসা
উরপাতি	বিশৃঙ্খলা সৃষ্টি করা
উসিক	ভিড় ঠেলা
উসিকপা	ভিড় ঠেলিয়া প্রবেশ করা
উসরীপ	ঝোপঝাড় ঠেলিয়া প্রবেশ করা
উসতা খু	হোঁচট খাওয়া
এগ	ঘাঁটা
এর	বিস্তার লাভ করা
এলেগানা খীলায়	অবহেলা করা
কই	অভিমান করা
কক চাব	সিদ্ধান্ত গ্রহণ করা
কক ফিরক	উত্তর দেওয়া
ককবার	প্রতিজ্ঞা ভঙ্গ করা
কক বারস	কথা গোপন করা
কক সুর	কথা সাব্যস্ত করা
কঙ	নত মস্তক হওয়া
কচই	নির্ভর করা
কচক	ভাসিয়া যাওয়া
কচর	সঙ্কুচিত হওয়া
কনর	সরিয়া যাওয়া
কবক	আহ্বান করা
কবন	উড়িয়া যাওয়া
কমথিঙ	সম্পাদনা করা
কমর	লুপ্ত হওয়া, ধ্বংস হওয়া
কমি	হ্রাস পাওয়া
কয়	অনুরোধ করা
কর'	ভুল করা
কল	ঘাঁটিয়া দেওয়া
কলব	ভর করা (ডাইনী, দেবতা ইত্যাদি)
কলম	গরম লাগা
কসর	স্বর ভঙ্গ হওয়া

ককবরক	বাংলা
কহর	ভর করা (পাগল ইত্যাদি)
কা	আরোহন করা, পা ফেলা, পায়ে দেওয়া
কাই	রোপন করা
কাইজাক	বিহাহ করা
কাক	বিচ্ছিন্ন হওয়া
কাখগ	দূরিভূত করা
কাতক	অতিবাহিত করা (সময়, দিন ইত্যাদি)
কাদুল	পদদলিত করা
কান	পরিধান করা
কানসীলাই	পোশাক পরিধান করা
কাফি	পদক্ষেপন
কাব	কাঁদা/ ক্রন্দন করা
কারা থুং	মসকরা করা/ঠাট্টা করা
কারি	প্রকাশ করা, বাহির কবা,
কাসেলে	পিছলে যাওয়া
কাসা	উপরে উঠা, আরোহণ করা
কাসু	আটকানো, আবদ্ধ করা
কাং	তেষ্টা পাওয়া
কিফিল	প্রত্যাবর্তন কবা, ফিরে আসা
কিয়ক	বিকশিত হওয়া
কিয়করী	বিকাশ ঘটানো
কিয়র	ব্যথা হওয়া
কিপির	কিরণ দেওয়া
কিসিল	গড়াগড়ি দেওয়া
কুক	ছাল উঠিয়া যাওযা
কুতুক	গণ্ডগোল করা
কতুল	সরিয়া যাওয়া
কুথুম	সমবেত হওয়া
কুদি	গালাগালি দেওয়া
কুফুং	ভাসা
কুমা	কিংকর্তব্য বিমুঢ় হওয়া

ক্রিয়াপদ

ককবরক	বাংলা
কুবুল	জরানো
কুল	নিন্দা করা
কুসুং	আকড়াইয়া ধরা
কেঙগাই	কোঁকানো, কাতরানো
কেতাই	কাতুকুতু করা
কেপলে	ফসকাইয়া যাওয়া
কেবেং	বাধা দেওযা
কের	সংযমী হওয়া
কীচা	আটকাইয়া যাওয়া
কীচাং	ডাণ্ডা লাগা
কীথা	মেলামেশা করা
কীপরী	নরম হওয়া
কীফা	লাগিয়া থাকা
কীবা	বমি করা
কীবাগ্	জরাইযা ধরা
কীমা	হারাইয়া যাওয়া
কীরাই	ঝড়িয়া পড়া
কীলাহ্	পড়িযা যাওয়া
কীলীক	ডুবিয়া যাওয়া
কীসা চা	ক্ষত হওয়া
কীসার	ছড়াইয়া ছিটাইয়া পড়া
কীসীক	গোজিয়া দেওয়া
খগ	চুরি করা, জল তোলা
খচা	কুড়ানো, সংগ্রহ করা
খন	বেষ্টন করা
খনতাই রী	অভিযোগ করা
খব	অন্তর্ভূক্ত করা
খর	ছিটাইয়া দেওযা
খরাই	ভর্ৎসনা করা
খল	চয়ন করা, মনস্থ করা,
খলব	ঢাকিয়া দেওয়া
খা	বাঁধা

ককবরক	বাংলা
খাইচিক	দৌড়ানো
খাইরীগ	সহানুভূতিশীল হওয়া
খা কা	মনে হওয়া
খা কাই	মনযোগ দেওয়া
খাগ	পাড়া (গাছ ইত্যাদি থেকে)
খা খাম	দুঃখিত হওয়া
খা চং	মনস্থির করা
খাচি	ঝুলানো
খাজাই	আনন্দিত হওয়া
খাতুং	মোহগ্রস্ত হওয়া
খাতুংরী	উৎসাহিত করা
খা তাই	মনে নেওয়া (রাগ করে)
খাপি	মিলিয়া যাওয়া
খা ফুর	সমর্থন করা, খুশী হওয়া
খাবাই	লোভ করা
খা বায়	ভগ্নোৎসাহ হওয়া
খাম	পোড়িয়া যাওয়া
খায়	করা
খার	পলায়ন করা
খাল	আঁচড়ানো (চুল)
খা সীরাং রী	আগ্রহান্বিত করা
খি	মল ত্যাগ করা
খিকীলাই	নীচের দিকে ফেলিয়া দেওয়া
খিচিগ	চিমটি কাটা
খিতার	নিক্ষেপ করা
খিব	ফেলিয়া দেওয়া
খু	উল্লেখ করা
খুগ	খুলিয়া ফেলা
খুগ কেঙ	প্রকাশ করা (মুখ খোলা)
খুচরু	বঞ্চিত হওয়া
খুমপাই	ডিম ফুটানো

ককবরক	বাংলা
খুর	খনন করা
খুলগ	খোলা
খুলুম	প্রণাম করা
খুউা	হাঁ করা
খুউা নাঙ	নজর লাগা
খাই	নাস্তানাবুদ করা, চাউল ভাঙ্গানো
খানা	শুনতে পাওয়া
খালায়	করা
গঙ	নত হওয়া
গতি	ঘটা
গথক	খাপ খাওয়ানো
গদক	নাড়া দেওয়া
গবি	গঠন করা
গলি	গলে যাওয়া
গসি	স্বীকার করা
গুরক	ঘুরা
গেরক	গড়ানো
গেরেব	ধর্ণা দেওয়া/ অভিযান চালানো
চ	ছিন্ন হওয়া
চক	ঝাড়া (ধান, চাউল ইত্যাদি, দাঁড় বাওয়া)
চপরপ	ঝাঁপাইয়া পড়া
চব	বন্দী করা
চম	জলে ডুবানো
চর	টিকসই হওয়া, ভার সহ্য করা
চং	নির্বাচন করা, ঠিক করা
চা	খাওয়া
চাইতক	ছটফট করা
চাকরপ	কুল কুচা করা
চাব	সিদ্ধান্ত নেওয়া, স্থির করা
চাম	পুরাতন হওয়া, ক্ষয় হওয়া
চাল	দূরত্ব বৃদ্ধি পাওয়া
চিখক	ছিঁড়িয়া টুকরা করা

ককবরক	বাংলা
চিরিক	চিৎকার করা
চু	পুটলি বাঁধা
চুবাচু রী	সাহায্য করা
চুম	পরিধান করা
চেকেপ	দোলানো
চেং	আরম্ভ করা
চেন	পরাজিত হওয়া
চেমাই	কুচকাইয়া যাওয়া
চের	তলাইয়া দেখা, চিবানো,
চেরেপ	চেষ্টা করা
চেংরা থুং	ঠাট্টা করা
চীনা	উজ্জ্বল হওয়া (রঙ ইত্যাদি)
চীং	প্রজ্বলিত হওয়া
জগালু	উলুধ্বনি করা
জপি	জপ করা
জমক	জমা হওয়া
জলি	ক্রুদ্ধ হওয়া
জানক	জানানো
জালক	জ্বালাতন করা
জালি	সংস্কার করা (পুকুর, নালা ইত্যাদি)
জাংরি	ঝাঁকুনি দেওয়া
জিতি	জয়লাভ করা
জুগক	যোগানো
জুনতি না	উদ্যোগ নেওয়া
তক	আঘাত করা
তগখীলাই	স্রোতের অনুকূলে যাওয়া
তকসা	স্রোতের প্রতিকূলে যাওয়া
তঙ	বাস করা, থাকা
তঙথক	আনন্দ লাভ করা
তন	রাখা
তর	বড় হওয়া

ককবরক	বাংলা
তাক	বয়ন করা, তৈরী করা (হাঁড়ি, কলসী ইত্যাদি)
তাং	স্পর্শ করা, নির্মাণ করা,
তান	কাটা (কুপ দিয়া)
তাম	বাজানো, বাজা (ঢাক, ঘড়ি ইত্যাদি)
তিকি	টিকিয়া থাকা, টিকসই হওয়া.
তিখীলাই	বাহির করিয়া আনা,
তিখীলাই রী	বাহির করিয়া দেওয়া
তিলাং	নেওয়া
তিসা	তোলা
তুন	পৌঁছাইয়া দেওয়া
তুং	গরম হওয়া বা লাগা
তৌই	লইয়া যাওয়া
থক	স্বাদ লাগা
থন	বোতাম টিপা
থল	আদেশ দেওয়া
থাই	ফল ধরা (গাছ ইত্যাদিতে)
থাঙ	বাঁচা
থাব	তালি দিয়া জোরা লাগানো
থারি	সন্দেহ করা
থাং	যাওয়া
থিক	মিতব্যয় করা
থু	ঘুমানো
থুক	গভীর হওয়া
থুব	মাথায় দেওয়া (টুপি, মুকুট ইত্যাদি)
থুম	একত্রিত করা, সংগ্রহ করা,
থুং	খেলা করা
থেপা	সংযুক্ত করা
থৌয়	মৃত্যু হওয়া
দ	তাড়াতাড়ি করা
দা	ভর্তি করা
দাগার	ধাক্কা দেওয়া
দাগি	নির্দেশ দেওয়া, লেলাইয়া দেওয়া

ককবরক	বাংলা
দাবক	পুঁতিয়া দেওয়া (কাদায় ইত্যাদিতে)
দালক	মিশ্রিত করা
দিয়াই	প্রার্থনা করা, কামনা করা, ধ্যান করা
দুমসা	তুলিয়া ধরা (কোন বস্তু ইত্যাদি)
দুল	প্যাঁচানো
দুসি	দোষারোপ করা
দেরা	বিকল হওয়া, সর্বনাশ হওয়া
দেং	প্রেষন করা
নখর	অবতরন করা
নখা গুরুম	মেঘ গর্জন করা
নখা ফিলিক	বিদ্যুৎ চমকানো
নায়	দেখা
নায়তুক	অনুসন্ধান করা
নায়সিক	তাকানো
নায়সিং	অপেক্ষা করা
নায়সেলে	ঘৃণা করা
নার	আলোড়িত করা
নিনাং	আলোড়িত হওয়া
নীঙ	পান করা
নীং	ডাকা (সম্বোধন করা)
পক	ভুলিয়া যাওয়া
পতলক	পরীক্ষা করা
পরি	পড়া
পাই	শেষ হওয়া, জয়লাভ কবা, সমর্থ হওয়া
পানজি না	উদ্যোগ গ্রহণ করা
পালাই	উৎযাপন করা (জন্মদিন, দিবস ইত্যাদি)
পায়	ক্রয় করা
পাসা	বিদ্ধ হওয়া, প্রকাশিত হওয়া
পিন	বপন করা
পির	প্রচার করা
পুইতু থাং	বিশ্বাস করা

ককবরক	বাংলা
পুক	চুলকানো (আপনা থেকে)
পুঙ	শব্দ করা, পূর্ণ হওয়া
পুবাক	ঢেউ খেলা
পুসি	প্রতিপালন করা (পশু, পাখি ইত্যাদি)
পেঙ	সোজা হওয়া
ফব	কবর দেওয়া, মাটি দেওয়া
ফাকি রি	ফাকি দেওয়া
ফাতি	ফাটিয়া যাওয়া
ফাতাই রী	নিমন্ত্রণ করা
ফায়	আসা
ফাল	বিক্রয় করা
ফিয়গ	মুক্ত করা
ফিরাক	প্রত্যাবর্তন করা
ফুলুক	প্রদর্শন করা
ফুল	প্রলেপ দেওয়া
ফুউার	প্রসারিত করা
ফেহেল	ছড়িয়ে দেওয়া (কাপড় ইত্যাদি)
ফীনাও	লাগানো, ব্যবহার করা
ফীরীং	শিক্ষা দেওয়া
ব	বিছানো
বখক	ভাঙ্গিয়া চুরমার করা
বর	রোপন করা (ধান ইত্যাদি)
বলাই	প্রশংসা করা, গর্ব করা
বাচা	দাঁড়ানো
বাতাই	প্রতিযোগিতা করা
বাথাক	থামা
বানদি	প্রতারণা করা
বাম	কোলে নেওয়া
বায়	ভাঙ্গিয়া যাওয়া
বার	প্রস্ফুটিত হওয়া
বাহার	লাফানো

ককবরক	বাংলা
বুচি	বুঝা
বুথার	হত্যা করা
বেঙ	তাড়াইয়া দেওয়া
বেরেপ	ভিজানো/ বন্ধ করা
বেল	দুর্বল হওয়া
বেংগাই	ভ্যাঙচানো
মকল পেং	গ্রাহ্য করা
মখল	বেকায়দায় ফেলিয়া দেওয়া, শোয়ানো,
মচম	মুষ্টিবদ্ধ করা
মনক	গ্রাস করা
মান	পাওয়া, পারা,
মালাই	সাক্ষাৎ করা
মুকুম	চোখ বন্ধ করা
মুথুব	বন্ধ করা (ছিদ্র, রাস্তা ইত্যাদি)
মুয়তু নারীগ	মনে রাখা
মুসু	থুথু ফেলা
মেচেন	পরাজিত করা
মীচাঙ	মানানসই হওয়া
মীতাইরী	পূজা দেওয়া
মীথাক	থামানো, দমন করা
মীনীয়	হাসা
মীরীক	পাহাড়া দেওয়া
মীলাংচা	আশ্চর্য হওয়া
মীসা	নৃত্য করা
য়ক	মুক্তি পাওয়া, ভাজা করা (লুচি, পাপড় ইত্যাদি) জ্বালাতন করা,
য়র	প্রবাহিত হওয়া, খোচা দেওয়া
য়াকার	ত্যাগ করা, ছাড়া
য়াচাক	গ্রহণ করা
য়াসুম পার	আসন করা

ককবরক	বাংলা
রক'	শোয়া
রক	কাচাইয়া পরিস্কার করা
রচি	রচনা করা
রবম	ফুলিয়া যাওয়া
রম	ধরা
রসা	প্রত্যাহার করা
রহর	প্রদান করা
রান	শুকাইয়া যাওয়া
রাম	শীর্ণ হওয়া
রাসু	পুচাইয়া কাটা
রিফিরিক	ধাবিত হওয়া বা ধাওয়া করা
রিয়ক	সাঁতার কাটা
রিং	ডাকা
রীং	স্তুপিকৃত করা, জমায়িত করা
রী	দেওয়া
রীখলাই	তাড়ানো
রীচাব	গান করা
লক	দীর্ঘ হওয়া
লখলাই	ঝুলিয়া যাওয়া
লব	আদর করা
লরি	নড়াচড়া করা
লাই	অতিক্রম করা
লাইসু	যাতায়াত করা
লাচি	লজ্জাবোধ করা
লাম রী	রওনা হওয়া বা দেওয়া, যাত্রা করা
লামসক	অভ্যর্থনা করা
লুম	জ্বর হওয়া
লেখা	গণনা করা
লের	বিলম্ব করা
লেলা	বিশ্রাম করা
লেংজাক	পরিশ্রান্ত হওয়া
উা	বয়ন করা (বেড়া ইত্যাদি)

উইজাক	উন্মত্ত হওয়া
উচেরেপ	চিবানো (দাঁত দিয়া)
উতায় উা	বৃষ্টি পড়া
উনসুক	ভাবা, চিন্তা করা
উার	কামড় দেওয়া (কুকুর, মশা ইত্যাদি)
উালাই	ঝগড়া করা
সক	পুড়িয়া যাওয়া, পচিয়া যাওয়া
সঙ	রান্না করা
সংগা	অনুষ্ঠিত হওয়া, গঠন করা
সতন	টানা,
সা	বলা
সাকতার	চেষ্টা করা, প্রচেষ্টা চালানো
সিন	চাপ দেওয়া
সিনি	চেনা, চিনতে পারা,
সেজা	নিন্দা করা
সেলেং	সমালোচনা করা, ঘৃণা করা
সীনাম	তৈরি করা
সীং	জিজ্ঞাসা করা
হর	প্রদান করা
হাপ	প্রবেশ করা
হাম	ভাল হওয়া
হামজাক	ভাল লাগা, ভালবাসা
হিন	বলা
হিনজাক	গালি খাওয়া
হিম	হাঁটা
হিলিক	ভারী হওয়া

বেদেক উলবা (পঞ্চম পরিচ্ছেদ)

হালকবনাই (অব্যয়)

বিভক্তি পুরুষ, বচন বা লিঙ্গ ভেদে যে সকল *ককথাই*-এর কোন ব্যয় বা পরিবর্তন হয়না, তাহাদের বলা হয় ***হালকবনাই*** বা অব্যয়।

দালবেরেম (শ্রেণীবিভাগ)

ককবরকে *হালকবনাই-কে* মূলতঃ তিনটি বিভাগে বিভক্ত করা যায়। যথা -

- (১) ***ককথাইমানজুনাই হালকবনাই*** (পদান্বয়ী অব্যয়)
- (২) ***ককবীতাংমানজুনাই হালকবনাই*** (বাক্যান্বয়ী অব্যয়)
- (৩) ***খা-পেরনাই হালকবনাই*** (অনন্বয়ী অব্যয়)

নিম্নে উহাদের সম্পর্কে বিশেষ আলোচনা করা হইয়াছে।

(১) *ককথাই মানজুনাই হালকবনাই* (পদান্বয়ী অব্যয়) [Preposition]

যে-*হালকবনাই* একটি *ককথাই*-এর সহিত অপর *ককথাই*-এর অন্বয় বা সমন্ধ স্থাপন করে, তাহাকে ***ককথাইমানজুনাই হালকবনাই*** বা পদান্বয়ী অব্যয় বলে।

ককবীতাংগ থেপামুঙ (বাক্যে ব্যবহার) ঃ

ক) গাছের **উপরে** ওঠিওনা — *বুফাঙ **সাকাঅ** তা কাসাদি।*

খ) টেবিলের **নীচে** একটি বিড়াল আছে — *টেবিল **তলাঅ** আমিঙ মাসা তঙগ।*

গ) হাত **দিয়া** ধর — *য়াক **বায়** রমদি*

ঘ) তাহার **জন্য** আমি যাইতে পারিনাই — *বিনি **বাগাই** আঙ থাং মায়াখু।*

ঙ) ঘরের **ভিতরে** কেহ নাই — *নক **বিসিং** কেব কাঁরাই।*

" *সীলাই* (অপেক্ষা, চেয়ে, তুলনায়), *জরা* (অবধি, পর্যন্ত, তক), *বাগাই* (জন্য, তরে, নিমিত্ত, দরুন, বাবত), *সলতীতাই* (সামঞ্জস্য, মিল), *কাহায়* (মতো, মতন, ন্যায়), *হায়* (মতো, মতন, ন্যায়), *তাই* (মতো, মতন, ন্যায়), *লগিঅ* (সঙ্গে, সহিত), *উকলগ'* (পরে, পাছে), *সীকাঙগ'* (আগে, অগ্রে), *সাম'* (পাশে, নিকটে), *য়াকতাই* (মারফত, মাধ্যমে), *বিসিংগ* (ভিতরে, মধ্যে, মাঝে), *তলাঅ* (নীচে), *সাকাঅ* (উপরে), *ফাতার'* (বাহিরে), রগ' (নাগাদ), *য়াসা* (ব্যতীত, ছাড়া, বই)" ইত্যাদি *ককথাইমানজুনাই হালকবনাই*। এইগুলিকে *উসাম* বা অনুসর্গ বা পরসর্গ (Post Position)-ও বলা হয়। এই *ককথাইমানজুনাই হালকবনাই*-কে আবার চারটি বিভাগে বিভক্ত করা যাইতে পারে। এইগুলি নিম্নরূপ ঃ

ক) ***সুররীক হালকবনাই*** ঃ *কাহায়* (মত), *হায়* (মতন), *সলতাইসা* (ন্যায়), *সলতীতাই* (মতন), *সলতীতাইসা* (মতন), *আংতাইসা, আংতীতাই, তাই* ইত্যাদি *সুররীক হালকবনাই*-এর উদাহরণ।

খ) ***আরিরীক হালকবনাই*** ঃ *জরা* (পর্যন্ত), *জরাতাই* (অবধি) ইত্যাদি *আরিরীক হালকবনাই*।

গ) ***আচুকরীক হালকবনাই*** ঃ *লগিঅ* (সঙ্গে, সহিত) *উকলগ'* (পাছে, পশ্চাৎ, পরে), *সীকাঙগ* (আগে, পূর্বে), *সাম* (পাশে, সন্নিকটে), *বিসিংগ* (ভিতরে, মধ্যে, মাঝে), *তলাঅ* (নীচে) *সাকাঅ* (উপরে) ইত্যাদি *আচুকরীক হালকবনাই*।

ঘ) ***য়াসারীক হালক বনাই*** ঃ *য়াসা* (ব্যতীত, বিনা, ছাড়া, বই), *করাই* (নাই) ইত্যাদি *য়াসারীক হালকবনাই*।

➔ (২) ***ককবীতাংমানজুনাই হালকবনাই*** (বাক্যান্বয়ী অব্যয়)

যে *হালকবনাই* একাধিক *ককবীতাং*-কে পরস্পর একত্র করে, তাহাকে ***ককবীতাং মানজুনাই হালকবনাই*** বা বাক্যান্বয়ী অব্যয় বা সমুচ্চয়ী অব্যয় বা সংযোজক অব্যয় বা সম্বন্ধবাচক অব্যয় বলে।

ককবীতাংগ থেপামুঙ (বাক্যে ব্যবহার) ঃ

ক) কসমতি অথবা তুমি যাও — *কসমতি **এবা** নীঙ থাংদি।*

খ) আপনি ও আমি সিনেবায় যাইব — *নীঙ **বায়** আঙ সিনেমাঅ থানাই।*

গ) দীপক এবং নান্টু ভাত খাইবে — *দীপক **তাই** নান্টু মায় চাউনী।*

ঘ) বিদ্যালয়ে যাও নতুবা কাজ কর — *রীঙনগ' থাংদি **য়াখে** সামুঙ তাঙদি।*

ঙ) আপনি যদি আসেন তাহলে আমিও যাইব — *নীঙ **তুমুঙ** ফায়খে আঙ-ব থাংনাই। ইত্যাদি।*

" *তেই* (এবং, আর, ও), *বায়* (ও, আর, এবং), *অীংয়াখে* (নহিলে, নইলে, নতুবা), *য়াখে* (নাহয়, নাহলে, নয়তো, যদি না), *তামঙগীই* (কেন), *তব ফান'* (তথাপিও, বটে), *এবা* (কিংবা, বা, অথবা, না হয়, নতুবা), *হায়ফান'* (তথাপিও), *তুমীঙ* (যদি), *তাংগীই হিনবা* (কারণ, কেননা), *ফিয়া* (কিন্তু, পরন্তু, তবু, বটে), *দে* (না-কি), *হিনখে* (তবে, তাহা হইলে), *ফিয়াবা* (তথাপি, অথচ), *তাইসা* (পুনরায়, পুনশ্চ), *তব* (তথাপি), *বনি বাগীই* (তাই, সেই জন্য, তার জন্য)" ইত্যাদি ***ককবীতাংমানজুনাই হালকবনাই*** বা বাক্যান্বয়ী অব্যয়।

➔ (৩) ***খা-পেরনাই হালকবনাই*** (ভাববাচক অব্যয়) **[Interjection]**

যে-*হালকবনাই*-এর সহিত *ককবীতাং*-এর অন্যান্য *ককথাই*-এর ব্যাকরণগত কোন অন্বয় বা সম্বন্ধ থাকেনা, কেবল ভাব বুঝাইবার জন্য ব্যবহৃত হয়, তাহাকে ***খা-পেরনাই হালকবনাই*** বা ভাববাচক অব্যয় বা অনন্বয়ী অব্যয় বলা হয়।

ককবীতাংগ খেপামুঙ (বাক্যে ব্যবহার) ঃ

ক) ইশ্! ভীষণ ব্যথা পাইয়াছি — ***আয়া*** *! বেলাই দুখু মানখা।*

খ) না, সে আসেনাই তো — ***ইঁহি*** *! ব ফায়াখু বীলা।*

গ) ছি-ছি! কি লজ্জাকর ব্যাপার — ***চিস্*** *! লাচিমাসিনসা কক।*

ঘ) হায় ভগবান! এটাই কি আমার ভাগে—***অ কীপাল*** *! মদে আনি বানতা।*

ঙ) আচ্ছা, আপনিই বলেন — *দ, নীঙ-ন সাদি; ইত্যাদি।*

"*অঃ* (ওহে, এই যে), *উঃ* (ওঃ), *তুর'* (ধেৎ, ছাই, দূর), *চা-খা* (বেশ), *ছিস* (ছি-ছি), অ, *কীপাল* (হে ভগবান), *অ রাঙচাক* (বাঃ, বাহবা, বেশ, খুব, সাবাস, চমৎকার), *অীঃ* (উঃ অ্যাঁ), *এ রাদ'* (রাম রাম, ছাই, কী আপদ, কী মুশকিল), *আয়া* (ওঃ, ইশ), *অমায়ু* (ওঃ বাবা, বাপরে বাপ, ওমা, মাগো বাবাগো, গোলমগো) ইত্যাদি *খা-পেরনাই হালকবনাই*।

পঞ্চম অধ্যায়

বীখাক উলবা

বেদেক পুইলা (প্রথম পরিচ্ছেদ)

সীক (বচন)

[Number]

মুঙরীক বা *মুঙসীলাই*-এর সংখ্যাকে বলা হয় ***সীক*** বা বচন।

বাগমুঙ (বিভাগ)

সীক-কে দুইটি বিভাগে বিভক্ত করা যায়। যথা—

- ১) ***সীকসা*** (একবচন)
- ২) ***সীকবাং*** (বহুবচন)

নিম্নে উহাদের সম্পর্কে আলোচনা করা হইল।

(১) *সীকসা* (একবচন) [Singular Number] :

যে-সকল *মুঙরীক* বা *মুঙসীলাই* দ্বারা একটি মাত্র প্রাণী বা বস্তুকে বুঝাইয়া থাকে, তাহাদের ***সীকসা*** বা একবচন বলা হয়। যেমন— *গাড়ী খুংসা* (একটি গাড়ী), *খরকসা* (একজন), *বই কাঙসা* (একটি বই) ইত্যাদি।

(২) *সীকবাং* (বহুবচন) [Plural Number] :

যে-সকল *মুঙরীক* বা *মুঙসীলাই* দ্বারা একাধিক প্রাণী বা বস্তু-কে বুঝায়, তাহাদের বলা হয় ***সীকবাং*** বা বহুবচন। যেমন— *চেরাইরগ* (শিশুরা), *চাঙ* (আমরা), *বইরগ* (বইগুলি), *সীরাংনাইরগ* (ছাত্রগণ), *য়ারসঙ* (বন্ধুগণ) ইত্যাদি।

সীক সীলাইমুঙ (বচন পরিবর্তন)

[Number Change]

বাংলায় যেরূপ বিশেষ্য বা সর্বনামের সহিত 'বা', 'এরা', 'গণ', 'বৃন্দ', 'গুলি' ইত্যাদি যুক্ত করিয়া একবচন হইতে বহুবচনে রূপান্তর করা হয়, অনুরূপভাবে ককবরকেও *সীকসা* হইতে *সীকবাং*-এ রূপান্তরিত করিবার কতগুলি নিয়ম-কানুন আছে। যেমন—

(১) ব্যক্তিবাচক শব্দের সহিত ***সঙ'*** বসাইয়া *সীকসা* হইতে *সীকবাং*-এ পরিবর্তন করা হয়। যথা—

সীকসা (একবচন)	***সীকবাং*** (বহুবচন)
প্রদীপ (প্রদীপ)	*প্রদীপসঙ* (প্রদীপেরা)
দারা (দাদা)	*দারাসঙ* (দাদারা)
য়ার (বন্ধু)	*য়ারসঙ* (বন্ধুরা)
বাই (দিদি)	*বাইসঙ* (দিদিরা)
বিমল (বিমল)	*বিমলসঙ* (বিমলেরা)

(২) শ্রেণী বা জাতিবাচক বিশেষ্য পদের সহিত ***'রগ'*** বসাইয়া *সীকসা* হইতে *সীকবাং*-এ পরিবর্তন করা হয়। যথা—

সীকসা (একবচন)	***সীকবাং*** (বহুবচন)
তাখুক (ভ্রাতা)	*তাখুকরগ* (ভ্রাতাগণ)
বীরীয় (স্ত্রীলোক)	*বীরীয়রগ* (স্ত্রীলোকেরা)
পরিনাই (পাঠক)	*পরিনাইরগ* (পাঠকগণ)
চেরাই (শিশু)	*চেরাইরগ* (শিশুরা)
রিগনাই (শাড়ী)	*রিগনাইরগ* (শাড়ীগুলি)

(৩) বাংলায় যে-সব বিশেষ্য পদের পূর্বে ***'বহু'*** বা ***'অনেক'*** এই শব্দ দুইটির যে কোন একটি যুক্ত করিয়া একবচন হইতে বহুবচনে পরিবর্তন করা হয়, ককবরকে ঐসব বিশেষ্য পদের শেষে ***'কীবাংমা'*** শব্দটি যুক্ত করিয়া *সীকসা* হইতে *সীকবাং*-এ পরিবর্তন করা হয়। যথা—

সীকসা (একবচন)	***সীকবাং*** (বহুবচন)
বরক (মানুষ)	*বরক কীবাংমা* (বহু মানুষ)
মানাই (জিনিস)	*মানাই কীবাংমা* (বহু জিনিস)
নক (বাড়ি)	*নক কীবাং* (অনেক বাড়ি)

(৪) বাংলায় যে-সব ক্ষেত্রে দুইবার বিশেষণ শব্দের প্রয়োগ করিয়া একবচন হইতে বহুবচনে পরিবর্তন করা হয়, ঐসব ক্ষেত্রে ককবরকেও দুইবার বিশেষণ প্রয়োগ করিয়া *সীকসা* হইতে *সীকবাং*-এ পরিবর্তন করা হয়। যথা—

সীকসা (একবচন)	*সীকবাং* (বহুবচন)
খুম (ফুল)	*খুম নাইথক নাইথক* (সুন্দর সুন্দর ফুল)
থাইপুঙ (কাঁঠাল)	*থাইপুঙ কুমুন কুমুন* (পাকা পাকা কাঁঠাল)
নক (বাড়ি/ঘর)	*নক কতর কতর* (বড় বড় বাড়ি/ঘর)

(৫) বিশেষ্য বা সর্বনাম পদের শেষে একাধিক সংখ্যা বাচক শব্দ যোগ করিয়া *সীকসা* হইতে *সীকবাং*-এ পরিবর্তন করা যায়। যথা—

সীকসা (একবচন)	*সীকবাং* (বহুবচন)
সাল (দিন)	*সালনীয়* (দুইদিন)
মকল (চক্ষু)	*মকল কলনীয়* (দুইটি চক্ষু)
বরক (মানুষ)	*বরক খরগথাম* (তিনজন মানুষ)

(৬) *মুঙসীলাই* বা সর্বনাম পদের *সীক* বা বচন পরিবর্তন।

সীকসা (একবচন)	*সীকবাং* (বহুবচন)
আঙ (আমি)	*চীঙ* (আমরা)
আনি (আমার)	*চিনি* (আমাদের)
আন (আমাকে)	*চীঙন* (আমাদের)
নীঙ (তুমি/আপনি)	*নরগ* (তোমরা/আপনারা)
নিনি (তোমার/আপনার)	*নরগনি* (তোমাদের/আপনাদের)
নন (তোমাকে/আপনাকে)	*নরগন* (তোমাদেরকে/ আপনাদেরকে)
ব (সে/তিনি)	*বরগ* (তাহারা)
বিনি (তাহার)	*বরগনি* (তাহাদেরকে)
বন (তাহাকে)	*বরগন* (তাহাদের)
অম' (এইটি)	*অম'রগ* (এইগুলি)
অমনি (উহার)	*অম'রগনি* (উহাদের)
অমন (উহাকে)	*অম'রগন* (উহাদেরকে)
আব (ঐটি)	*আবরগ* (ঐগুলি)
আবনি (ঐটির)	*আবরগনি* (ঐগুলির)
আবন (ঐটিকে)	*আবরগন* (ঐগুলিকে)

বেদেক উলনীয় (দ্বিতীয় পরিচ্ছেদ)

বরক (পুরুষ)

(Person)

যে শব্দের দ্বারা বক্তাকে বা শ্রোতাকে বা যাহাকে উদ্দেশ্য করিয়া বলা হয়, তাহাকে বলা হয় ***বরক*** বা পুরুষ। যেমন - *আঙ* (আমি), *নীঙ* (তুমি/আপনি), *ব* (সে/তিনি), রাম ইত্যাদি।

দালবেরেম (প্রকারভেদ)

বাংলার ন্যায় ককবরকে *বরক* (পুরুষ) কে তিনটি বিভাগে বিভক্ত করা যায়। যথা -

- (১) ***পুইলা বরক*** (উত্তম পুরুষ)
- (২) ***কীচার বরক*** (মধ্যম পুরুষ)
- (৩) ***কুসু বরক*** (প্রথম পুরুষ)

(১) *পুইলা বরক* (First Person) ঃ

মুঙসীলাই বা সর্বনাম ***'আঙ'*** এবং উহার যাবতীয় পরিবর্তনীয় রূপকে-ই বলা হয় ***পুইলা বরক*** বা উত্তম পুরুষ। এই পরিবর্তনীয় রূপগুলিকে নিম্নে প্রদত্ত হইল ঃ

আঙ (আমি)

সীকসা (একবচন)	***সীকবাং*** (বহুবচন)
আঙ (আমি)	*চীঙ* (আমরা)
আন (আমাকে)	*চীঙন* (আমাদেরকে)
আনি (আমার)	*চিনি* (আমাদের)

(২) *কীচার বরক* (Second Person) ঃ

মুঙসীলাই বা সর্বনাম ***'নীঙ'*** এবং উহার যাবতীয় পরিবর্তনীয় রূপকে বলা হয় ***কীচার বরক*** বা মধ্যম পুরুষ। নিম্নে '*নীঙ*' শব্দের যাবতীয় পরিবর্তনীয় রূপ প্রদত্ত হইল ঃ

নীঙ (তুমি/ আপনি)

সীকসা (একবচন)	*সীকবাং* (বহুবচন)
নীঙ (তুমি/আপনি)	*নরগ* (তোমরা/ আপনারা)
নন (তোমাকে/ আপনাকে)	*নরগন* (তোমাদেরকে/ আপনাদেরকে)
নিনি (তোমার/ আপনার)	*নরগনি* (তোমাদের/ আপনাদের)

➔ (৩) ***কুসু বরক*** **(Third Person)** ঃ

মুঙসীলাই বা সর্বনাম ***'ব'*** এবং উহার যাবতীয় পরিবর্তনীয় রূপকে বলা হয় ***কুসু বরক*** বা প্রথম পুরুষ। নিম্নে *'ব'* শব্দের যাবতীয় পরিবর্তনীয় রূপ প্রদত্ত হইল ঃ

ব (সে/ তিনি)

সীকসা (একবচন)	সীকবাং (বহুবচন)
ব (তিনি/ সে)	*বরগ* (তাহারা)
বন (তাহাকে)	*বরগন* (তাহাদেরকে)
বনি (তাহার)	*বরগনি* (তাহাদের)
রাম	*রামসঙ* (রামকে)
রামন (রামকে)	*রামসঙন* (রামদেরকে)
রামনি (রামের)	*রামসঙনি* (রামদের)

বেদেক উলথাম(তৃতীয় পরিচ্ছেদ)

সির (লিঙ্গ)

(Gender)

বাংলায় যেমন বিশেষ্য পদের পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ, উভয়লিঙ্গ এবং ক্লীবলিঙ্গ রহিয়াছে, অনুরূপভাবে ককবরকেও *মুঙরীক*-এর বিভিন্ন লিঙ্গ রহিয়াছে। ককবরকে লিঙ্গকে বলা হয় *সির*।

দালবেরেম (প্রকারভেদ)

সির প্রধানতঃ চারি প্রকার। যথা -

- (১) *সিরচীলা* (পুংলিঙ্গ)
- (২) *সিররীবীয়* (স্ত্রীলিঙ্গ)
- (৩) *সিরনীনীয়* (উভয়লিঙ্গ)
- (৪) *সিরগুরমান* (ক্লীবলিঙ্গ)

(১) *সির চীলা* / Musculine Gender ঃ

যে-*মুঙরীক* দ্বারা কেবল মাত্র পুরুষ বা পুরুষ জাতীয় কোন প্রাণীকে বুঝায় তাহাদের বলা হয় *সিরচীলা* বা পুংলিঙ্গ। যেমন - *তাখুক* (ভাই), *তগলা* (মোরগ), *বুফা* (তাহার বাবা), *সাইলা* (কুকুর), *চীলা* (ছেলে), *সিকলা* (যুবক) *রানদা* (বিপত্নীক) ইত্যাদি।

(২) *সিরবীরীয়* / Feminine Gender ঃ

যে- *মুঙরীক* দ্বারা কেবল মাত্র স্ত্রী বা স্ত্রী জাতীয় কোন প্রাণীকে বুঝায় তাহাকে বলা হয় *সির বীরীয়* বা স্ত্রীলিঙ্গ। যেমন - *বুখুক* (বোন), *তগমা* (মুরগী), *বুমা* (তাহার মা), *সাইমা* (কুকুরী), *বীরীয়* (মেয়ে), *সিকলি* (যুবতী), *রানদি* (বিধবা) ইত্যাদি।

(৩) *সিরনীনীয়* / Common Gender ঃ

যে-*মুঙরীক* দ্বারা পুরুষ এবং স্ত্রী উভয় জাতীয় প্রাণীকেই নির্দেশ করে, তাহাকে বলা হয় *সিরনীনীয়* বা উভয়লিঙ্গ। যেমন - *ফায়নাই* (আকন্তুক), *চেরাই* (শিশু), *তক* (মোরগ), *সা* (সন্তান) ইত্যাদি।

➔ (৪) *সিরগুরুমান* / **Neuter Gender :**

যে-*মুঙরীক* দ্বারা কোন উদ্ভিদ, কীটপতঙ্গ বা কোন অচেতন পদার্থকে বুঝায়, তাহাকে বলা হয় *সিরগুরুমান* বা ক্লীবলিঙ্গ। যেমন - *বুফাঙ* (গাছ), *থামপুই* (মশা), *কলম* (কলম), *হলং* (পাথর), *উা* (বাঁশ), *নক* (ঘর) ইতাদি।

সির সীলাইমুঙ (লিঙ্গ পরিবর্তন)

[Gender Change]

অন্যান্য ভাষার ন্যায় ককবরকেও *সির* পরিবর্তনের কতকগুলি নিয়ম আছে। যথা -

(ক) পৃথক শব্দের ব্যবহার করিয়া *সিরচীলা* হইতে *সিরবীরীয়*-এ পরিবর্তন করা যায়। যথা -

সিরচীলা (পুংলিঙ্গ)	*সিরবীরীয়* (স্ত্রীলিঙ্গ)
ফা (বাবা)	*মা* (মা)
তাখুক (ভাই)	*বুখুক* (বোন)
চীলা (ছেলে)	*বীরীয়* (মেয়ে)
ফায়ুঙ (ছোট ভাই)	*হানকজীক* (ছোট বোন)
সায় (স্বামী)	*হিক* (স্ত্রী)
কিচিং (বন্ধু)	*মারে* (বান্ধবী)
চু (দাদু)	*চুই* (দিদিমা)
চামারি (জামাতা)	*হামজীক* (পুত্রবধূ)
কুমুয় (জামাইবাবু)	*বাচাই* (বৌদি)
দেগা (ষাঁড়)	*গায়* (গাভী)

(খ) পুংলিঙ্গ শব্দের শেষে **আ-কার** এর পরিবর্তে ***ই-কার*** ব্যবহার করিয়া স্ত্রীলিঙ্গে পরিবর্তন করা যায়। যথা -

সিরচীলা (পুংলিঙ্গ)	*সির বীরীয়* (স্ত্রীলিঙ্গ)
সিকীলা (যুবক)	*সিকলি* (যুবতী)
বুরা (বৃদ্ধ)	*বুরি* (বৃদ্ধা)
রানদা (বিপত্নীক)	*রানদি* (বিধবা)
মীখরা (পুং বানর)	*মীখরি* (স্ত্রী বানর)
মামা	*মামি*
কাকা	*কাকি*

(গ) পুংলিঙ্গ বাচক শব্দের শেষে ***'জীক'*** যুক্ত করিয়া স্ত্রীলিঙ্গে পরিবর্তন করা যায়। যথা -

সিরচীলা (পুংলিঙ্গ)	*সিরবীরীয়* (স্ত্রীলিঙ্গ)
কীরা (শ্বশুর)	*কীরাজীক* (শাশুড়ী)
চামাই (বৈবাহিক)	*চামাইজীক* (বৈবাহিকা)

পীরাঙ (শালক) *পীরাঙজীক* (শালিকা)

(ঘ) ককবরকে *সিরনীনীয়* (উভয়লিঙ্গ) বাচক শব্দের শেষে ***'চীলা'*** যুক্ত করিয়া *সিরচীলা* এবং ***'বীরীয়'*** যুক্ত করিয়া *সিরবীরীয়*-এ পরিবর্তন করা যায়। যথা —

***সিরনীনীয়* (উভয়লিঙ্গ)**	***সিরচীলা* (পুংলিঙ্গ)**	***সিরবীরীয়* (স্ত্রীলিঙ্গ)**
মায়ুঙ (হাতি)	*মায়ুঙ চীলা* (পুং হাতি)	*মায়ুঙবীরীয়* (হস্তিনী)
করায় (ঘোড়া)	*করায় চীলা* (ঘোটক)	*করায়বীরীয়* (ঘোটকী)
তাখুম (হাঁস)	*তাখুম চীলা* (হংসপুং)	*তাখুমবীরীয়* (হংসী)
আমিঙ (বিড়াল)	*আমিঙ চীলা* (হুনু বিড়াল)	*আমিঙবীরীয়* (মাদী বিড়াল)

(ঙ) উভয়লিঙ্গ বাচক শব্দের শেষে ***'সা'*** যুক্ত করিয়া সিরচীলা এবং ***'জীক'*** যুক্ত করিয়া *সিরবীরীয়*-এ পরিবর্তন করা যায়। যথা —

***সিরনীনীয়* (উভয়লিঙ্গ)**	***সিরচীলা* (পুংলিঙ্গ)**	***সিরবীরীয়* (স্ত্রীলিঙ্গ)**
থুরুক (মুসলীম)	*থুরুকসা* (মুসলীম পুরুষ)	*থুরুকজীক* (মুসলীম স্ত্রী)
মীখরা (বানর)	*মীখরাসা* (পুং বানর)	*মীখরাজীক* (স্ত্রী বানর)
মীসীই (হরিণ)	*মীসীইসা* (পুং হরিণ)	*মীসীইজীক* (হরিণী)

(চ) উভয়লিঙ্গ বাচক শব্দের শেষে ***'রায়'*** যুক্ত করিয়া সিরচীলা এবং ***'তি'*** যুক্ত করিয়া *সিরবীরীয়*-এ পরিবর্তন করা যায়। যথা —

***সিরনীনীয়* (উভয়লিঙ্গ)**	***সিরচীলা* (পুংলিঙ্গ)**	***সিরবীরীয়* (স্ত্রীলিঙ্গ)**
কসম (কাল)	*কসমরায়* (কালাচাঁদ)	*কসমতি* (কালি)
করম' (হলুদ)	*করম'রায়*	*করম'তি*
কীচাক (রাঙা)	*কীচাকরায়*	*কীচাকতি*

(ছ) উভয়লিঙ্গ বাচক শব্দের শেষে ***'লা'*** যুক্ত করিয়া পুংলিঙ্গে এবং ***'মা'*** যুক্ত করিয়া স্ত্রীলিঙ্গে পরিবর্তন করা যায়। যথা -

***সিরনীনীয়* (উভয়লিঙ্গ)**	***সিরচীলা* (পুংলিঙ্গ)**	***সিরবীরীয়* (স্ত্রীলিঙ্গ)**
তক (মোরগ)	*তকলা* (পুং মোরগ)	*তকমা* (স্ত্রী মোরগ)
সীয় (কুকুর)	*সীইলা* (পুং কুকুর)	*সীইমা* (স্ত্রী কুকুর)

(জ) উপরে বর্ণিত নিয়মগুলি ছাড়াও আরও কয়েকটি **ব্যতিক্রমধর্মী নিয়ম** নিম্নে উদাহরণের মাধ্যমে প্রদত্ত হইল ঃ

***সিরনীনীয়* (উভয়লিঙ্গ)**	***সিরচীলা* (পুংলিঙ্গ)**	***সিরবীরীয়* (স্ত্রীলিঙ্গ)**
পুন	*পুজুউা*	*পুনজীক*
উাক	*উাকজীলা*	*উাকমা*
সা	*সাজীলা*	*সাজীক, সাজীকমা*

বেদেক উলবীরীয় (চতুর্থ পরিচ্ছেদ)

খরাঙ মানজু (সন্ধি)

আমরা জানি বর্ণের সঙ্গে বর্ণের মিলনকে সন্ধি বলে। ককবরকে সর্বদাই বর্ণের সঙ্গে বর্ণের মিলন ঘটে না। কোন কোন ক্ষেত্রে ধ্বনির সঙ্গে ধ্বনির মিলন ঘটে, কোন কোন ক্ষেত্রে ধ্বনি লোপ পায়, আবার কখনও বা সম্পূর্ণ নতুন ধ্বনির আগমন ঘটে। তাই ককবরকে সন্ধিকে বলা হয়েছে *খরাঙ মানজু*। *'খরাঙ'*শব্দের অর্থ ধ্বনি, আর *'মানজু'*শব্দের অর্থ মিলন। নিম্নে ককবরক সন্ধির কতগুলি নিয়ম আলোচনা করা হইল ঃ

➤ ১। ককবরকে পূর্ববর্তী শব্দটির শেষ বর্ণটি যদি *'ক'*হয় ও পরবর্তী শব্দটির বা প্রত্যয়টির প্রথম বর্ণটি যদি *'অ'*হয় এই ক্ষেত্রে *'ক'*অক্ষরটি *'গ'*হইয়া যায় এবং *গ*-এর শেষে *'অ'*এর উপস্থিতি বুঝাইবার জন্য *'অ'*এর প্রাথমিক চিহ্ন (') বসে। যথা —

অক + অ = অগ',
নক + অ = নগ',
মক + অ = মগ',
নুক + অ = নুগ',
চীক + অ = চীগ',

রুতুক + অ = রুতুগ',
বুখুক + অ = বুখুগ',
মীরীক + অ = মীরীগ',
কবক + অ = কবগ'
বহক + অ = বহগ',

➤ ২। পূর্ববর্তী শব্দ বা শব্দাংশের শেষ বর্ণটি *'ক'*হইলে *খরাঙ মানজু*-র ক্ষেত্রে *'ক'* বর্ণটি *'গ'*হয়। যথা —

ফুনুক + দি = ফুনুগদি,
রুতুক + নাই = রুতুগনাই,
নায়তুক + আনী = নায়তুগানী,
হাচুক + সা = হাচুগসা,

খীলায় + জাক + খা = খীলায়জাগখা,
ফুনুক + জাক + খা = ফুনুগজাগখা,
মীরীক + জাক + খা = মীরীগজাগখা,
বাথাক + জাক + খা = বাথাগজাগখা,

আচুক + দি = আচুগদি, তঙথক + জাক + খা = তঙথগজাগখা,

➔ ৩। পূর্ববর্তী শব্দের শেষে *'প'* বর্ণ থাকিলে এবং উহার সহিত *'অ'* যুক্ত হইলে *'প'* বর্ণটি *'ব'* হয় এবং *'অ'* এর উপস্থিতি বুঝাইবার জন্য অ-এর প্রাথমিক চিহ্ন (—') বসে।

রীচাপ + অ = রীচাব' হালাপ + অ = হালাব'

ককলপ + অ = ককলব' সীকীরীপ + অ = সীকীরীব'

খাকীলাপ + অ = খাকীলাব' ককচাপ + অ = ককচাব'

য়াকীলাপ + অ = য়াকীলাব' বীলাপ + অ = বীলাব'

বীকীলাপ + অ = বীকীলাব' মুথুপ + অ = মুথুব'

➔ ৪। পূর্ববর্তী শব্দের শেষ বর্ণটি *'প'* হইলে উহার সহিত প্রত্যয় বা বিভক্তি বা কালের চিহ্ন যুক্ত হইলে *'প'* বর্ণটি *'ব'* হয়। যথা —

খলপ + জাক = খলবজাক, হাপ + দি = হাবদি,

রীচাপ + নাই = রীচাবনাই, চাপ + খা = চাবখা,

হালাপ + দি = হালাবদি, সুখুরুপ + আই = সুখুরুবাই,

➔ ৫। পূর্ববর্তী শব্দের শেষে *'ং'* অথা *'ঙ'* থাকিলে এবং পরবর্তী শব্দের প্রথমে *'অ' 'আ' উ'* বা *'আ'* থাকিলে সন্ধির সময় একটি *'গ'* এর আগমন ঘটে। যথা —

কীচাং + অ = কীচাংগ, তঙ + আনী = তঙগানী,

বীতাং + অ = বীতাংগ, নীং + অ = নীংগ,

তাঙ + আনী = তাঙগানী, চীং + অ = চীংগ,

থাং + আই = থাংগাই, বাং + আই = বাংগাই,

➔ ৬। ককবরক সন্ধির ক্ষেত্রে কখনও কখনও প্রথম শব্দের শেষ বর্ণ বা পরবর্তী শব্দের প্রথম বর্ণ লোপ পায়। যথা —

সাই + চালা = সাইলা, আনি + চাই = আচাই,

উা + বথর = উাথর, মায় + মুই = মামুই,

সম + মস' = সমস:, আনি + মা = আমা,

বসয় + বুদুক = বসয়দুক, মীখরা + বীসা = মীখরাসা,

➔ ৭। ককবরক সন্ধিতে কখনও কখনও প্রথম শব্দের শেষ বর্ণ ও পরবর্তী শব্দের প্রথম বর্ণ উভয়ই লোপ পায়। যথা —

পুন + বাহান = পুহান, পুন + বুমা = পুমা,

উাক+ বাহান = উাহান, তক + বাহান = তহান,

তক + বথপ = ত'বথপ, উানি + বখক = উাখক

➔ ৮। ককবরক সন্ধিতে উচ্চারণের সুবিধার জন্য কখনও কখনও পরবর্তী শব্দের প্রথম *'চী'* বর্ণটি *'জী'* হয়। যথা —

বীসা + চীলা = বীসাজীলা, সীই + চীলা = সীইজীলা,

আঙ + বীসা + চীলা = আঙসাজীলা, নীঙ + বীসা + চীলা = নীঙসাজীলা,

➔ ৯। ককবরক সন্ধিতে কখনও কখনও উভয় শব্দেরই সম্পূর্ণ অংশ বিদ্যমান থাকে। যথা —

মুগলি + জীক = মুগলিজীক, বীসা + জীক = বীসাজীক,

তিপ্রা + জীক = তিপ্রাজীক, সা + কীরাক = সাকীরাক,

রাঙ + গীনাঙ = রাঙগীনাঙ, আ + কীরান = আকীরান,

কুউাই + ফাঙ = কুউাইফাঙ, লাই + ফাঙ = লাইফাঙ,

➔ ১০। অন্যান্য নিয়মযুক্ত ককবরক সন্ধি ঃ

হিক + সাক + কীনীয় = হিসাগনীয়, বিনি + হানক + জীক = বাহানজীক,

মা + সা + কীনীয় = মাসাগনীয়, নিনি + হানক + জীক = নাহানজীক,

বেদেক উলবা (পঞ্চম পরিচ্ছেদ)

তাঙহালক বায় সিনিমারি (কারক ও বিভক্তি)

কোন বাক্যে *মুঙরীক* বা *মুঙসীলাই*-এর সহিত *খীলায়*-এর যে সমন্ধ, তাহাকে বলা হয় *তাঙহালক* বা কারক।

দালবেরেম (প্রকারভেদ)

খীলায়-এর সহিত *মুঙরীক* বা *মুঙসীলাই*-এর সমন্ধ অনুযায়ী *তাঙহালক* ছয়টি বিভাগে বিভক্ত। যথা —

- (১) *তাঙফাঙ তাঙহালক* (কর্তৃ কারক)
- (২) *তাঙজাকনাই তাঙহালক* (কর্ম কারক)
- (৩) *তাঙমানীয় তাঙহালক* (করণ কারক)
- (৪) *তাঙয়াকচু তাঙহালক* (সম্প্রদান কারক)
- (৫) *তাঙমুক তাঙহালক* (অপাদান কারক)
- (৬) *তাঙনিকুমা তাঙহালক* (অধিকরণ কারক)

➤ (১) ***তাঙফাঙ তাঙহালক*ঃ** বাক্যে যে-*মুঙরীক* বা *মুঙসীলাই* ক্রিয়া সম্পাদান করে, তাহাকে বলা হয় ***তাঙফাঙ তাঙহালক*** বা কর্তৃ কারক। যেমন —

ক) বিমল পড়ে — *বিমল পরিঅ।*

খ) আমরা ভাত খাইয়াছি — *চাঁঙ মায় চাবায়খা।*

উপরে প্রথম বাক্যে 'বিমল', *পরি* (পড়া) ক্রিয়াটি এবং দ্বিতীয় বাক্যে, *'চাঁঙ' চা* (খাওয়া) ক্রিয়াটি সম্পাদন করিতেছে। সুতরাং ***'বিমল'*** এবং ***'চাঁঙ'*** শব্দ দুটিই *তাঙফাঙ তাঙহালক।*

➤ (২) ***তাঙজাকনাই তাঙহালক*ঃ** *'তাঙফাঙ'* যে-সকল ব্যক্তি, বস্তু বা প্রাণীকে

অবলম্বন করিয়া ক্রিয়া সম্পাদন করেন, তাহাকে বলা হয় ***তাঙজাকনাই তাঙহালক*** বা কর্মকারক। যেমন --

ক) গরু ঘাস খায় --- *মুসুক আদা চাঅ।*

খ) আমার বাবা ঔষধ বিক্রি করেন --- *আফা বিথি ফালী।*

উপরে প্রথম বাক্যে *তাঙফাঙ, মুসুক আদা* (ঘাস)-কে অবলম্বন করিয়া এবং দ্বিতীয় বাক্যে *তাঙফাঙ, আফা* (আমার বাবা) *বিথি* (ঔষধ)-কে অবলম্বন করিয়া ক্রিয়া সম্পাদন করিয়াছে। সুতরাং ***'আদা'*** এবং ***'বিথি'*** এখানে *তাঙজাকনাই তাঙহালক* ।

➔ (৩) ***তাঙমানীয় তাঙহালক*** ঃ *তাঙফাঙ* যাহার দ্বারা বা যাহার সাহায্যে ক্রিয়া সম্পাদন করে তাহাকে বলা হয় ***তাঙমানীয় তাঙহালক*** বা করণ কারক। যেমন —

ক) কসমরায় লাঠি দিয়া সাপ মারিয়াছে — *কসমরায় লাথা বায় চিবুক বুথারখা।*

খ) আমরা পা দিয়া হাঁটি — *চীঙ য়াকুং বায় হিম'।*

উপরে প্রথম বাক্যে *কসমরায় (তাঙফাঙ) 'লাথা* (লাঠি)' দ্বারা সাপটি মারিয়াছে এবং দ্বিতীয় বাক্যে *চীঙ* (আমরা) *'য়াকুং* (পা)' দ্বারা হাঁটা ক্রিয়াটি সম্পাদন করিতেছে। সুতরাং ***'লাথা'*** এবং ***'য়াকুং'*** এখানে *তাঙমানীয় তাঙহালক*।

➔ (৪) ***তাঙয়াকচু তাঙহালক*** ঃ কোন বস্তু দানের পাত্রকে বা কোন কিছুর দান গ্রহণকারীকে বলা হয় ***তাঙয়াকচু তাঙহালক*** বা সম্প্রদান কারক। যেমন —

ক) অর্থহীনদের অর্থ দান কর — ***য়াঙকীরীইরগন*** *রাঙ রীদি।*

খ) ভিখারীকে ভিক্ষা দাও --- ***বিরনাইন*** *মায়রুঙ রীদি।*

উপরে প্রথম বাক্যে দান গ্রহণকারী *রাঙকীরীইরগ* (অর্থহীনরা) এবং দ্বিতীয় বাক্যে দান গ্রহণকারী *বিরনাই* (ভিখারী)। সুতরাং ***'রাঙকীরীইরগ'*** এবং ***'বিরনাই'*** এখানে *তাঙয়াকচু তাঙহালক* বা সম্প্রদান কারক।

➔ (৫) **তাঙমুক তাঙহালক** ঃ যাহা হইতে কোন বস্তু বা কোন কিছু উৎপন্ন, মুক্ত, ভীত, রক্ষিত, গৃহীত, পতিত ইত্যাদি বুঝায় তাহাকে বলা হয় ***তাঙমুক তাঙহালক*** বা অপাদান কারক। যেমন —

ক) তিল হইতে তৈল পাওয়া যায় --- ***সিপিঙনি*** *থক মানগ্বগ'।*

খ) গাছ হইতে ফল পড়ল — ***বুফাঙনি*** *বীথাই কীলায়খা।*

উপরে বাক্যগুলির প্রথম বাক্যে দেখা যায় যে, *সিপিঙ* (তিল) হইতে *থক* (তৈল)

উৎপন্ন হইয়াছে। দ্বিতীয় বাক্যে *বুফাঙ* (গাছ) হইতে *বীথাই* (ফল) পতিত হইয়াছে। সুতরাং *'সিপিঙ'* এবং *'বুফাঙ'* এখানে *তাঙমুক তাঙহালক* বা অপাদান কারক।

➤ (৬) **তাঙনিকুমা তাঙহালক ঃ** ক্রিয়া সম্পাদিত হইবার আধার (স্থান, কাল, পাত্র)-কে বলা হয় ***তাঙনিকুমা তাঙহালক*** বা অধিকরণ কারক। যেমন —

ক) **জলে** মাছ থাকে — *তীয়' আ তঙবায়ী।*

খ) **বনে** বাঘ থাকে — *বলংগ মীসা তঙবায়ী।*

উপরে প্রথম বাক্যে *'আ* (মাছ)' থাকার স্থান *'তীয়* (জল)', আর দ্বিতীয় বাক্যে *'মীসা* (বাঘ)' থাকার স্থান *'বলং* (বন)'। সুতরাং *'তীয়'* এবং *'বলং'* *তাঙনিকুমা তাঙহালক* বা অধিকরণ কারক।

সিনিমারি (বিভক্তি)

যে-সমস্ত চিহ্নের দ্বারা *মুঙরীক* বা *মুঙসীলাই*-এর সহিত *খীলায়*-এর সমন্ধ নির্ণয় করা যায়, তাহাকে বলা হয় ***সিনিমারি*** বা বিভক্তি।

ককবরকে *সিনিমারি* ছয় প্রকার। যথা —

➤ ১) *'বুকচা' সিনিমারি* ('শূন্য' বিভক্তি)

➤ ২) *'ন' সিনিমারি* ('কে' বিভক্তি)

➤ ৩) *'বায়' সিনিমারি* ('দ্বারা' বিভক্তি)

➤ ৪) *'নি' সিনিমারি* ('র' বা 'এর' বিভক্তি)

➤ ৫) *'নি সিমি' সিনিমারি* ('হইতে' বা 'থেকে' বিভক্তি)

➤ ৬) *'অ' সিনিমারি* ('য়'-এ বা 'তে' বিভক্তি)

➤ ১) ***'বুকচা' সিনিমারি*** ঃ বাংলা শব্দের **'শূন্য'** বিভক্তির জন্য ককবরকে ***'বুকচা সিনিমারি*** হয়। *বুকচা* কথাটির বাংলা অর্থ **'শূন্য'**। সাধারণতঃ *তাঙফাঙ তাঙহালক*-এ *'বুকচা' সিনিমারি* হয়। যেমন —

সীকসা **(একবচন)**	***সীকবাং*** **(বহুবচন)**
বিমল + শূন্য = বিমল	বিমল + এরা = বিমলেরা
(বিমল + বুকচা) = (বিমল)	*(বিমল + সঙ) = (বিমলসঙ)*
শিশু + শূন্য = শিশু	শিশু + রা = শিশুরা
(চেরাই + বুকচা) = (চেরাই)	*(চেরাই + রগ) = (চেরাইরগ)*

➔ *ককবীতাংগ থেপামুঙ* (বাক্যে ব্যবহার) ঃ

সীকসা (একবচন) ঃ বিমল হাঁটে — *বিমল হিম'।*

সীকবাং (বহুবচন) ঃ বিমলেরা হাঁটে — *বিমলসঙ হিমলাইঅ।*

সীকসা (একবচন) ঃ শিশু দুধ পান করে — *চেরাই দুধ নীংগ'।*

সীকবাং (বহুবচন) ঃ শিশুরা দুধ পান করে — *চেরাইরগ দুধ নীংলাইঅ।*

সিথাই (জ্ঞাতব্য) ঃ পরস্পর একই সঙ্গে কোন ক্রিয়া সম্পাদন করা বুঝাইলে ধাতুর সঙ্গে *'লাই'* বা *'জীলাই'* বসিয়া পরে প্রয়োজনীয় চিহ্ন বসিবে।

➔ ২) ***'ন' সিনিমারি ঃ*** *বাংলায় 'কে' বিভক্তির জন্য ককবরকে 'ন' সিনিমারি হয়। সাধারণতঃ তাঙজাকনাই তাঙহালক ও তাঙয়াকচু তাঙহালক-এ 'ন' সিনিমারি হয়। যেমন —*

***সীকসা* (একবচন)**	***সীকবাং* (বহুবচন)**
কসমতি + কে = কসমতিকে *(কসমতি + ন) = (কসমতিন)*	কসমতি + দিগকে = কসমতিদিগকে *(কসমতি + সঙন) = (কসমতিসঙন)*
শিশু + কে = শিশুকে *(চেরাই + ন) = (চেরাইন)*	শিশু + দেরকে = শিশুদেরকে *(চেরাই + রগন) = (চেরাইরগন)*

➔ *ককবীতাংগ থেপামুঙ* (বাক্যে ব্যবহার) ঃ

সীকসা ঃ কসমতি করমতিকে এক টাকা দিয়াছে — *কসমতি করমতিন রাং খকসা রীখা।*

সীকবাং ঃ কসমতিরা করমতিদেরকে কিছু টাকা দিয়াছে — *কসমতিসঙ করমতিসঙন রাং কিচাসীক রীখা।*

সীকসা ঃ শিশুকে খাবার দাও — *চেরাইন চাথাই রীদি।*

সীকবাং ঃ শিশুদেরকে খাবার দাও — *চেরাইরগন চাথাই রীদি।*

➔ ৩) ***'বায়' সিনিমারি ঃ*** *বাংলায় 'দ্বারা', 'দিয়া', 'কর্তৃক' ইত্যাদির জন্য ককবরকে 'বায়' সিনিমারি হয়। সাধারণতঃ তাঙমানীয় তাঙহালক-এ 'বায়' সিনিমারি হয়। যেমন —*

***সীকসা* (একবচন)**	***সীকবাং* (বহুবচন)**
বিমল + কর্তৃক = বিমল কর্তৃক *(বিমল + বায়) = (বিমল বায়)*	বিমলদিগের + কর্তৃক = বিমলদিগের কর্তৃক *(বিমলসঙ + বায়) = (বিমলসঙ বায়)*
শিশু + দ্বারা = শিশু দ্বারা *(চেরাই + বায়) = (চেরাই বায়)*	শিশুদের + দ্বারা = শিশুদের দ্বারা *(চেরাইরগ + বায়) = (চেরাইরগ বায়)*

➔ **ককবীতাংগ থেপামুঙ (বাক্যে ব্যবহার) ঃ**

সীকসা ঃ বিমলের দ্বারা এই কাজ হইবে না — *বিমল বায় অ সামুঙ আঁংগ্লাক।*

সীকবাং ঃ বিমলদের দ্বারা এই কাজ হইবে না — *বিমলসঙ বায় অ সামুঙ আঁংগ্লাক।*

সীকসা ঃ শিশু দ্বারা এই কাজ হইবে না — *চেরাই বায় অ সামুঙ আঁংগ্লাক।*

সীকবাং ঃ শিশুদের দ্বারা এই কাজ হইবে না — *চেরাইরগ বায় অ সামুঙ আঁংগ্লাক।*

➔ ৪) ***নি' সিনিমারি*** ঃ বাংলায় 'র' বা 'এর' বিভক্তির জন্য ককবরকে '*নি সিনিমারি* হয়। সাধারণতঃ *ককহালক* বা সম্বন্ধ পদে এই বিভক্তির অধিক প্রয়োগ লক্ষ্য করা যায়। যেমন —

***সীকসা* (একবচন)**	***সীকবাং* (বহুবচন)**
বিমল + এর = বিমলের	বিমল + দিগের = বিমলদিগের
(বিমল + নি) = (বিমলনি)	*(বিমল + সঙনি) = (বিমলসঙনি)*
শিশু + র = শিশুর	শিশু + দের = শিশুদের
(চেরাই + নি) = (চেরাইনি)	*(চেরাই + রগনি) = (চেরাইরগনি)*

➔ **ককবীতাংগ থেপামুঙ (বাক্যে ব্যবহার) ঃ**

সীকসা ঃ এটি বিমলের হাত — *ম' বিমলনি য়াক।*

সীকবাং ঃ এগুলি বিমলদের বই — *অমরগ বিমলসঙনি পুথি।*

সীকসা ঃ এটি শিশুর কণ্ঠস্বর — *ম চেরাইনি খরাঙ।*

সীকবাং ঃ এটি শিশুদের কান্না — *ম চেরাইরগনি কাবমুঙ।*

➔ ৫) ***'নি সিমি' সিনিমারি*** ঃ বাংলায় **'হইতে', 'থেকে'** ইত্যাদি বিভক্তির জন্য ককবরকে *'নি সিমি'* হয়। সাধারণতঃ *তাঙমুক তাঙহালক*-এ, *'নি সিমি সিনিমারি* হয়। যেমন —

***সীকসা* (একবচন)**	***সীকবাং* (বহুবচন)**
খুমুলীঙ + থেকে = খুমুলুঙ্ থেকে	ছেলেদের + কাছ থেকে = ছেলেদের থেকে
(খুমুলীঙ + নি সিমি) = (খুমুলীঙনি সিমি)	*(চৌলারগ + নি সিমি) = (চৌলারগনি সিমি)*
শিশুটি + থেকে = শিশুটি থেকে	শিশুদের + থেকে = শিশুদের থেকে
(চেরাই + নি সিমি) = (চেরাইনি সিমি)	*(চেরাইরগ + নি সিমি) = (চেরাইরগনি সিমি)*

➔ *ককবীতাংগ থেপামুঙ* (বাক্যে ব্যবহার) ঃ

সীকসা ঃ খুমুলুঙ থেকে কত দূর — *খুমুলীঙনি সিমি বীসীক চাল?*

সীকবাং ঃ ছেলেদের নিকট হইতে কত দূর — *চীলারগনি সিমি বীসীক চাল?*

সীকসা ঃ সকাল হইতে বৃষ্টি পড়িতেছে — *ফুঙনি সিমি উাতীয় উাই তঙগ।*

সীকবাং ঃ তাহাদের নিকট হইতে কত দূর — *বরগনি সিমি বীসীক চাল?*

➔ ৬) ***'অ' সিনিমারি*** ঃ বাংলায় 'য়', 'এ', 'তে', 'এতে' ইত্যাদির জন্য ককবরকে ***'অ' সিনিমারি*** হয়। সাধারণতঃ *তাঙনিকুমা তাঙহালক*-এ ***'অ' সিনিমারি*** হয়। যেমন —

সীকসা (একবচন)	*সীকবাং* (বহুবচন)
গাছ + এ = গাছে	গাছগুলি + তে = গাছগুলিতে
(বুফাঙ + অ) = (বুফাঙগ)	*(বুফাঙরগ + অ) = (বুফাঙরগ')*
বাড়ী + তে = বাড়ীতে	বাড়ীগুলি + তে = বাড়ীগুলিতে
(নক + অ) = (নগ')	*(নকরগ + অ) = (নগরগ')*

➔ *ককবীতাংগ থেপামুঙ* (বাক্যে ব্যবহার) ঃ

সীকসা ঃ গাছে ফল ধরে — *বুফাঙগ বীথাই থাইঅ।*

সীকবাং ঃ এই গাছগুলিতে ফল আছে — *অ বুফাঙরগ' বাথাই তঙগ।*

সীকসা ঃ এই বাড়ীতে লোক আছে — *অ নগ' বরক তঙগ।*

সীকবাং ঃ এই বাড়ীগুলিতে মদ পাওয়া যায় — *অ নকরগ' চুরাক মানথগ'।*

ককহালক ঃ বাংলায় সম্বন্ধ পদকে ককবরকে বলা হয় ***ককহালক***। *ককহালক*-এ সাধারণতঃ *'নি সিনিমারি'* হয়। যেমন —

ক) আমার বন্ধু — *আনি কিচিং,*

খ) রামের মা — *রামনি বুমা,*

গ) চোখের রোগ — *মকলনি বেমার, ইত্যাদি।*

ককখুমুঙ ঃ বাংলার 'সম্বোধন পদকে' ককবরকে ***ককখুমুঙ*** বলা হয়। এই পদের সহিত বাক্যের অন্যান্য পদের কোন সম্বন্ধ থাকে না। কেবল মাত্র কাউকে সম্বোধন করার জন্য এই পদের ব্যবহার লক্ষ্য করা যায়। যেমন —

মা, আমাকে রক্ষা কর — ***আমা,*** *আন মীথাঙজাবাদি।*

ভ্রাতাগণ, এইদিকে আইস — *তাখুকরগ, য়াং ফায়গ্রাদি।*

ষষ্ঠ অধ্যায়

বীখাক উলদক

বেদেক পুইলা (প্রথম পরিচ্ছেদ)

উাসা বায় উাসাম (উপসর্গ ও অনুসর্গ)

➤ *উাসা* (উপসর্গ) ঃ যে-সকল অব্যয় জাতীয় শব্দ বা শব্দাংশ ধাতু বা শব্দের পূর্বে বসিয়া তাহাদের অর্থান্তর ঘটায়, তাহাদিগকে বলে *উাসা*। *উাসা* ব্যবহারের দ্বারা ধাতুর বা শব্দের অর্থ পরিবর্তিত হইয়া যায়। যেমন, *সা* - ধাতুর অর্থ বলা। কিন্তু *উাসা*-যোগে উহার বিভিন্ন অর্থ হয়। যথা —

উাসা (উপসর্গ)	+	*ককচীলীয়* (ধাতু)	=	*ককমাঙ* (অর্থ)
০	+	*সা*	=	*সা* (বলা, এক)
ক	+	*সা*	=	*কসা* (একাংশ)
কা	+	*সা*	=	*কাসা* (আরোহণ করা)
কী	+	*সা*	=	*কীসা* (ক্ষত, ঘা)
বী	+	*সা*	=	*বীসা* (সন্তান, বাচ্চা)
বাক	+	*সা*	=	*বাকসা* (সমান)
নী	+	*সা*	=	*নীসা* (তোমার সন্তান)
খক	+	*সা*	=	*খকসা* (এক টাকা)
খাক	+	*সা*	=	*খাকসা* (অর্ধাংশ)
দুম	+	*সা*	=	*দুমসা* (তোলে ধরা)
সিপ	+	*সা*	=	*সিবসা* (প্রবাহিত হওয়া)
তীয়	+	*সা*	=	*তীয়সা* (ছোট নদী)

উসা (উপসর্গ)	+	*ককচালীয়* (ধাতু)	=	*ককমাঙ* (অর্থ)
তি	+	*সা*	=	*তিসা* (তোলা)
তেই	+	*সা*	=	*তেইসা* (আবার, আর একটু)
তাং	+	*সা*	=	*তাংসা* (কাসর,কাসি)
কাই	+	*সা*	=	*কাইসা* (একটি)
বার	+	*সা*	=	*বারসা* (লাফানো)
নায়	+	*সা*	=	*নায়সা* (উপর দিকে তাকানো)
বক	+	*সা*	=	*বকসা* (উপরে চাপানো)
মী	+	*সা*	=	*মীসা* (বাঘ, নাচা)

➔ ২) *'লাই'* অর্থ অতিক্রম করা। এই *'লাই'* ধাতুর সঙ্গে উপসর্গ-যোগে গঠিত শব্দের কয়েকটি নিম্নে প্রদত্ত হইল ঃ

উসা (উপসর্গ)	+	*ককচালীয়* (ধাতু)	=	*ককমাঙ* (অর্থ)
০	+	*লাই*	=	*লাই* (অতিক্রম করা)
বী	+	*লাই*	=	*বীলাই* (পাতা, পৃষ্ঠা)
কী	+	*লাই*	=	*কীলাই* (পতিত হওয়া)
কক	+	*লাই*	=	*ককলাই* (চিঠি)
খিক	+	*লাই*	=	*খিকলাই* (নিক্ষেপ করা)

➔ ৩) *'ফাঙ'* শব্দের অর্থ 'গাছ'। *ফাঙ* শব্দের সঙ্গে উপসর্গ-যোগে বিভিন্ন শব্দের কয়েকটি নিম্নে প্রদত্ত হইল ঃ

উসা (উপসর্গ)	+	*ককথাই (শব্দ)*	=	*ককমাঙ* (অর্থ)
০	+	*ফাঙ*	=	*ফাঙ* (গাছ, বৃক্ষ)
নক	+	*ফাঙ*	=	*নকফাঙ* (গৃহকর্তা)
তাঙ	+	*ফাঙ*	=	*তাঙফাঙ* (সম্পাদক)
আচুক	+	*ফাঙ*	=	*আচুকফাঙ* (সভাপতি)
রাং	+	*ফাঙ*	=	*রাংফাঙ* (কোষাধ্যক্ষ)

➔ ৪) ককবরকে এইরূপ আরও অনেক উপসর্গ আছে। নীচে বিভিন্ন উপসর্গ যোগে গঠিত কয়েকটি শব্দ ও তাদের বাংলা অর্থ প্রদত্ত হইল ঃ

ক) **'অ' উপসর্গ-যোগে কয়েকটি শব্দ ঃ** *অব'* (এটি), *অম'* (এটি), *অর'* (এখানে।

খ) **'আ' উপসর্গ-যোগে কয়েকটি শব্দ ঃ** *আব'* (ঐটি), *আম'* (ঐটি), *আর* (সেখানে, *আমা* (আমার মা), *আফা* (আমার বাবা), *আতা* (আমার বড়ভাই), *আচুই* (আমার দিদিমা, *আচু* (আমার দাদু)।

গ) **'উ' উপসর্গ-যোগে কয়েকটি শব্দ ঃ** *উব'* (ঐটি), *উম'* (ঐটি), *উর'* (ঐখানে, *উক'* (ঐতো)।

ঘ) **'ই' উপসর্গ-যোগে কয়েকটি শব্দ ঃ** *ইব'* (ঐটি), *ইর'* (ঐখানে), *ইম'* (ঐটি), *ইক'* (ঐতো)।

ঙ) **'ক' উপসর্গ-যোগে কয়েকটি শব্দ ঃ** *কবর* (পাগল), *কতর* (বড়), *কথর* (শিলা, *কথক* (সুস্বাদু), *কবন* (উড়া), *কবক* (আহ্বান করা), *কফন* (জীর্ণ), *কবল* (ঢেকে ফেলা), *কমর্ক* (ম্লান, বিষন্ন), *কর'* (ভুল করা), *কলব* (ডাইনি বা দেবতা ভর করা), *কলম* (গরম লাগা), *কসক* (পঁচা), *কসর* (স্বর ভঙ্গ হওয়া), *কহর* (ভর করা, পাগল ইত্যাদি দ্বারা)।

চ) **'কা' উপসর্গ-যোগে কয়েকটি শব্দ ঃ** *কাহাম* (ভাল), *কাখক* (দূর করা, মুক্ত করা), *কালাং* (রেখে যাওয়া), *কাখার* (বিস্বাদ), *কাদুল* (পদ দলিত করা), *কারা* (ঠাট্টা করা), *কাসা* (উপরে উঠা), *কাসেলে* (পিছলে যাওয়া), *কাসু* (আটকানো)।

ছ) **'কি' উপসর্গ-যোগে কয়েকটি শব্দ ঃ** *কিসি* (ভেজা), *কিচিক* (ছিন্ন), *কিফিল* (প্রত্যাবর্তন করা), *কিয়র* (ব্যথা হওয়া বা কামড়ানি), *কিরি* (ভয় পাওয়া), *কিপির* (কিরণ দেওয়া), *কিসিপ* (পাখা)।

জ) **'কু' উপসর্গ-যোগে কয়েকটি শব্দ ঃ** *কুউার* (প্রশস্ত), *কুমুন* (পাকা), *কুথুক* (গভীর), *কুতুক* (কঠিন), *কুচুক* (উচ্চ), *কুসুর* (সাদা), *কুসুং* (মোটা, বন্ধ), *কুবুক* (ধারালো)।

ঝ) **'কে' উপসর্গ-যোগে কয়েকটি শব্দ ঃ** *কেখেক* (বাঁকা, বক্র), *কেফের* (চেপ্টা) , *কেচেন* (পরাজিত), *কেবেল* (দূর্বল), *কেপেক* (নরম, কোমল), *কেবেং* (বাধা দেওয়া), *কেফেক* (মাতাল), *কেরাম* (শীর্ণ, রোগা), *কেলেঙ* (আশেপাশে ঘোর ঘোর করা), *কেলের* (দীর্ঘসূত্রী), *কেসেপ* (চাপ দেওয়া, সংকীর্ণ হওয়া), *কেসেং* (ফাঁক ফাঁক)।

ঞ) **'কী' উপসর্গ -যোগে কয়েকটি শব্দ ঃ** *কীকাক* (স্খলিত), *কীচা* (আটকে থাকা, *কীকীরীক* (পবিত্র, স্বচ্ছ), *কীচাক* (লাল বর্ণ), *কীখা* (তিক্ত), *কীচাম* (পুরাতন), *কীখাম* (দগ্ধ), *কীচার* (মধ্য), *কীখীয়* (অম্ল, টক), *কীথা* (মেলামেশা করা), *কীথার* (পবিত্র),

কীনীয় (দুই), *কীপ্রাপ* (লবণাক্ত, ঝাঁঝালো), *কীফা* (লেগে থাকা), *কীপীরু* (নরম হওয়া, নষ্ট হওয়া), *কীবা* (বমি করা), *কীবাক* (জরিয়ে ধরা), *কীমা* (হারিয়ে যাওয়া), *কীরাই* (ঝড়ে পরা), *কীরাক* (শক্ত, কঠিন), *কীরীঙ* (শিক্ষিত, দক্ষ), *কীলাই* (পড়ে যাওয়া), *কীলীয়* (কাঁপা), *কীলীক* (ডুবে যাওয়া)।

ট) **'বু' উপসর্গ-যোগে কয়েকটি শব্দ ঃ** *বুখুক* (মুখ), *বুচু* (পুঁটলি), *বুফা* (পিতা), *বুফাঙ* (গাছ), *বুমুঙ* (নাম), *বুসু* (কাঁটা), *বুদুল* (পিণ্ড), *বুদুক* (লতা, ছিলা)।

ঠ) **'বী' উপসর্গ-যোগে কয়েকটি শব্দ ঃ** *বীকীরা* (শ্বশুর), *বীকলাপ* (ঢাকনা), *বীকীরাঙ* (পাখনা, ডানা), *বীখা* (হৃদয়), *বীচাপ* (গুচ্ছ), *বীচামারি* (তাহার জামাতা), *বীতাই* (ডিম), *বীতীয়* (রস, ঝোল), *বীথাই* (ফল), *বীপীরা* (মিলনস্থল), *বীলাম* (ছিদ্র), *বীসীকাং* (অগামী, সামনা), *বীসা* (সন্তান), *বীসাক* (শরীর)।

ড) **'মে' উপসর্গ-যোগে কয়েকটি শব্দ ঃ** *মেচেন* (পরাজিত করা), *মেথেপ* (বুঝিয়ে সুঝিয়ে বলা)।

ঢ) **'মী' উপসর্গ-যোগে কয়েকটি শব্দ ঃ** *মীখীয়* (টক), *মীনাক* (অন্ধকার), *মীচাঙ* (মানান সই হওয়া), *মীনীয়* (হাসা), *মীতাই* (দেবতা), *মীরীক* (পাহাড়া দেওয়া), *মীথাক* (থামানো, দমন করা), *মীসা* (নাচা), *মীসীই* (হবিণ), *মীচীং* (প্রজ্জ্বলিত করা)।

ণ) **'সী' উপসর্গ-যোগে কয়েকটি শব্দ ঃ** *সীকীয়* (চাকা, ছিলা), *সীবায়* (ভাঙ্গা), *সীতীয়* (হলুদ, মশলা), *সীরীঙ* (শিক্ষা করা)।

উপরে উল্লেখিত উপসর্গগুলি ছাড়াও ককবরকে আরও অনেক (যেমন - *ফী, মা, সে* ইত্যাদি) উপসর্গ রহিয়াছে,যাহা লক্ষ্য করিলে সহজেই অনুধাবন করা যায়।

উসাম* (অনুসর্গ) ঃ** যে-সকল অর্থপূর্ণ শব্দ *মুঙরীক* বা *মুঙসীলাই*-এর পরে বসিয়া উহাদের সঙ্গে বাক্যে ব্যবহৃত অন্যান্য পদের সম্পর্ক স্থাপন করে ও *সিনিমারি* (বিভক্তি) নির্দেশ করে তাহাদের বলে ***উসাম বা অনুসর্গ।

ককবরকে বহুল ব্যবহৃত অনুসর্গ বা *উসাম*-গুলি নিম্নে প্রদত্ত হইল ঃ

বায় (দ্বারা, দিয়া, কর্তৃক, সাথে, সঙ্গে, সনে), *ফাইসিং* (দিকে, অভিমুখে, প্রতি, পানে), *বীখাক* (দিকে, অভিমুখে, প্রতি, পানে), *সীকাং* (আগে, পূর্বে, প্রথমে), *য়াছা* (ছাড়া, ব্যতীত, বিনা); *উকলগ* (পাছে, পিছে, পিছু), *হাই* (ন্যায়, রকম, মতো, মতন), *বের* (মাঝে), *বিসিং* (ভিতর, ভিতরে, মাঝ, মাঝে-মধ্যে), *সাকাঅ* (উপরে), *সাম'* (নিকটে, কাছে/পাশে), *তলাঅ* (নীচে), *বাগাই* (জন্য, নিমিত্ত, লাগিয়া), *গানা* (কাছে, নিকটে, পাশে, *সীলাই* (থেকে, চেয়ে অপেক্ষা), *থানি* (প্রতি, নিকট, কাছে)।

বেদেক উলনীয় (দ্বিতীয় পরিচ্ছেদ)

উাখীলাই (প্রত্যয়)

ধাতু-প্রকৃতির সহিত বা শব্দ-প্রকৃতির সহিত যে সকল বর্ণচিহ্ন যুক্ত হইয়া নতুন শব্দ বা ক্রিয়াপদ গঠিত হয় তাহাকে বলে ***উাখীলাই*** বা প্রত্যয়। ককবরকে *উাখীলাই* বা প্রত্যয় দুই প্রকার।

➤ ক) ***খীলায় উাখীলাই*** (ধাতু প্রত্যয়)

➤ খ) ***ককথাই উাখীলাই*** (শব্দ প্রত্যয়)

➤ ক) ***খীলায় উাখীলাই*** (ধাতু প্রত্যয়) ঃ *খীলায়* (ধাতু)-এর সহিত প্রত্যয় যুক্ত হইয়া নতুন শব্দ গঠন করিলে তাহাকে বলা হয় ধাতু প্রত্যয় বা ***খীলায় উাখীলাই***। যেমন — *থাং + খামন = থাংখামুন*।

➤ খ) ***ককথাই উাখীলাই*** (শব্দ প্রত্যয়) ঃ *ককথাই* (শব্দ)-এর সহিত প্রত্যয় যুক্ত হইয়া নতুন শব্দ গঠন করিলে তাহাকে বলা হয় শব্দ প্রত্যয় বা ***ককথাই উাখীলাই***। যেমন — *রাঙ + গীনাঙ = রাঙগীনাঙ*।

নীচে ককবরক ভাষায় বহুল ব্যবহৃত কয়েকটি প্রত্যয়ের ব্যবহার দেখানো হইল ঃ

➤ ১। ***'খাই'/ 'খে'/ 'খীলায়'*** প্রত্যয়

ধাতুর সহিত *'ইলে'* প্রত্যয় যুক্ত হইয়া যে অসমাপিকা ক্রিয়া গঠিত হয়, এই *'ইলে'* রূপটির জন্য ককবরকে মূল ক্রিয়ার সহিত *'খাই'/'খে'/'খীলায়'* ব্যবহৃত হয়। যেমন —

ক) *নীঙ পরিখাই আঙ পরিনাই* — তুমি পড়িলে আমি পড়িব।

খ) *আঙ থাংখে নীঙ থাংনাদে?* — আমি যাইলে তুমি যাইবে কি?

গ) *ব ফায়খীলায় আঙ ফায়নাই* — তিনি আসিলে আমি আসিব।

➤ ২। ***'উই'/ 'আই'/'ই'*** প্রত্যয়

ধাতুর সহিত *'ইয়া'* প্রত্যয় যুক্ত হইয়া যে অসমাপিকা ক্রিয়া গঠিত হয় এই *'ইয়া'* রূপটির জন্য ককবরকে মূল ক্রিয়ার সহিত *'উই'/'আই'/'ই'* ব্যবহৃত হয়। যেমন —

ক) *'অর', ফায়উই নায়দি* — এখানে আসিয়া দেখ।

খ) *নগ' থাংগাই পরিদি* — বাড়ীতে গিয়া পড়।

গ) *মায় চাই নায়দি* — ভাত খাইয়া দেখ।

কোনও ক্রিয়া যাইয়া সম্পাদন করা বুঝাইলে ক্রিয়ার সহিত '*আ*', '*উই*' ও '*ই*' এবং পরে প্রয়োজনীয় চিহ্ন ব্যবহৃত হয়। যেমন —

ক) *নগ' চাইদি* — বাড়ীতে গিয়া খাও।

খ) *আঙ রাঙনগ' পরিউইনাই* — আমি বিদ্যালয়ে গিয়া পড়িব।

ঘ) *বাজার' নায়াইদি* — বাজারে গিয়া দেখ।

খালায়মা বা *মুঙরাক* বা *মুঙসালাই*- এর উপর বিশেষ জোর দেওয়া বুঝাইবার জন্য মুঙরাক বা মুঙসালাই-এর পরে 'খে, খাই' বসে। যেমন —

ক) *ব খাই থাংগালাক* — সে যাইবে না।

খ) *মনি বাগাইখে উনাজাগ গালাক* — উহার জন্য চিন্তা করিতে হইবে না।

গ) *থাংনা খাই থাংদি* — যাইতে হইলে যাও।

ঘ) *চানানিখে চাদি* — খাইতে হইলে খাও।

ক্রিয়ার ভাব বা অবস্থা বুঝাইবার জন্য যে ক্রিয়া বিশেষণটি ব্যবহৃত হয় উহার সহিত '*খাই*',/'*খে*'/'*খালায়*' বসে। যেমন —

ক) *কল কলখাই হিমদি* — ধীরে ধীরে হাঁট।

খ) *সেরেক সেরেক খালায় সাদি* — চুপি চুপি বল।

গ) *বাতাইখে রমখা* — কিভাবে ধরিয়াছেন?

ঘ) *কাতালখাই সালাইদি* — নতুনভাবে আলোচনা করিও।

➔ ৩। '*খালাই*' প্রত্যয়

নীচের দিকে কোন ক্রিয়া সম্পন্ন করা বা হওয়া বুঝাইলে ক্রিয়াপদের সহিত '*খালাই*' এবং উহার সহিত প্রয়োজনীয় চিহ্ন ব্যবহৃত হয়। যেমন —

ক) *য়াংগ' নাইখালাইদি* — এইদিকে (নীচের দিকে) তাকাও।

খ) *অবন খিবখালাইদি* — উহাকে (নীচের দিকে) ছুড়িয়া ফেল।

➔ ৪। '*গারা*' প্রত্যয়

সর্বাগ্রে কোন ক্রিয়া সম্পাদন করা বুঝাইলে ক্রিয়াটির সহিত '*গারা*' এবং উহার সহিত প্রয়োজনীয় চিহ্ন ব্যবহৃত হয়। যেমন —

ক) *নাঙ পরিগারাদি* — তুমি আগে পড়।

খ) *বন' সাগীরাদি* — তাহাকে আগে বল।

গ) *মান সাউইগীরাদি* — মাকে আগে গিয়া বল।

➔ ৫। ***'গীরানা'* প্রত্যয়**

উত্তম পুরুষের ক্ষেত্রে সর্বাগ্রে কোন ক্রিয়া সম্পাদন 'করিয়া দেখি' করিয়া ফেলি, বা করিয়া লই, এইরূপ বুঝাইলে ক্রিয়ার সহিত *'গীরানা'* বসে। যেমন —

ক) *রীঙনগ' থাংগীরানা* — আগে বিদ্যালয়ে যাই।

খ) *আঙ বই পরিগীরানা* — আমি আগে বই পড়িয়া লই।

গ) *বল কিসা থুংগীরানা* — আগে একটু বল খেলিয়া লই।

➔ ৬। ***'খামু'/'খামুন'* প্রত্যয়**

বাংলায় কার্যকারণাত্মক বাক্যে অতীতকালে হয়তো কোন ক্রিয়া সম্পাদিত হইত এইরূপ বুঝাইলে ক্রিয়ার সহিত *'খামু'/'খামুন'* ব্যবহৃত হয়। যেমন —

ক) *ব খাংখাই আঙ-ব থাংখামুন* — তিনি যাইলে আমিও যাইতাম।

খ) *আঙ চাখে নীঙ-ব চাখামুন* — আমি খাইলে তুমিও খাইতে।

গ) *নীঙ পরিখাই ব পরিখামুন* — তুমি পড়িলে সে পড়িত।

➔ ৭। ***'গীলাকখামুন'* প্রত্যয়**

কার্যকারণাত্মক বাক্যে অতীতকালে সম্ভবতঃ কোন ক্রিয়া সম্পাদিত হইত না এইরূপ বুঝাইলে মূল ক্রিয়াপদের সহিত *গীলাকখামুন* বসে। যেমন —

ক) *ব ফায়ফান' আঙ ফায়গীলাকখামুন* — সে আসিলেও আমি আসিতাম না।

খ) *আঙ নুগগীলাকখামুন* — আমি দেখিতাম না।

গ) *নীঙ চাফান' ব চাগীলাকখামুন* — আপনি খাইলেও তিনি খাইতেন না।

➔ ৮। ***'গীলাকখা'* প্রত্যয়**

ভবিষ্যৎ কালে সম্ভবতঃ কোন ক্রিয়া সম্পাদিত হইবে না, এইরূপ বুঝাইলে ক্রিয়া পদটির সহিত *'গীলাকখা'* বসে। যেমন —

ক) *ব মায় চাগীলাকখা* — তিনি সম্ভবতঃ ভাত খাইবেন না।

খ) *ব তেই থাংগীলাকখা* — তিনি হয়তো আর যাইবেন না।

গ) *নরেন ফায়গীলাকখা* — নরেন হয়তো আসিবে না।

➔ ৯। ***'চম'* প্রত্যয়**

মনযোগের সহিত বা গোপনে দেখা বা শোনা অর্থে ককবরকে ক্রিয়ার সহিত *'চম'* এবং উহার সহিত প্রয়োজনীয় চিহ্ন ব্যবহৃত হয়। যেমন —

ক) *কাহামখে নায়চমদি* — ভালভাবে (মনযোগের সহিত) লক্ষ্য কর।

খ) *সেরেক সেরেকখাই খীনাচমদি* — চুপিচুপি (গোপনে) শোন।

➔ ১০। *'জাক'* প্রত্যয়

উহা কর্মবাচ্যে ক্রিয়ার প্রত্যয়। কর্মবাচ্যে মূল ক্রিয়ার সহিত উহাকে এবং উহার সহিত প্রয়োজনীয় চিহ্ন ব্যবহৃত হয়। যেমন —

ক) *ব বায় অম' সীয়জাগখা* — তাহার দ্বারা উহা লেখা হইয়াছে।

খ) *অব' ফুনুগজাগানী* — এইটা দেখানো হইবে।

➔ ১১। *'গীনাঙ'* প্রত্যয়

কেহ কোন কিছুর অধিকারী বুঝাইলে, যে বস্তু, সম্পত্তি বা বিষয়ের অধিকারী বুঝাইবে উহার সহিত *'গীনাঙ'* ব্যবহৃত হয়। যেমন —

ক) *ব ফানগীনাঙ বরক* — সে শক্তিমান লোক।

খ) *রামবাবু রাঙগীনাঙ বরক* — রামবাবু ধনবান ব্যক্তি।

গ) *রহিম খাগীনাঙ বরক* — রহিম হৃদয়বান লোক।

➔ ১২। *'গীনাঙগীই'* প্রত্যয়

ব্যাপীয়া বা জুরিয়া অর্থে ককবরকে *'গীনাঙগীই'* বসে। যেমন —

ক) *কামি গীনাঙগীই কেব কীরীই* — গ্রাম জুরিয়া কেহ নাই।

খ) *ভারত গীনাঙগীই বন্ধ পালাইজাগখা* — ভারত ব্যাপী বন্ধ পালন করা হইয়াছে।

➔ ১৩। *'জা'* প্রত্যয়

কষ্টেসৃষ্টে বা দুঃখসূচক ভাব বুঝাইবার জন্য ককবরকে ক্রিয়াপদের সহিত *'জা* এবং উহার সহিত প্রয়োজনীয় চিহ্ন ব্যবহৃত হয়। যেমন —

ক) *তাবুক অর-ন তঙজাঅ* — এখন কষ্টে সৃষ্টে এইখানেই থাকি।

খ) *বীরগ তাবুক হুকখীলায় চাজাঅ* — তাহারা এখন জুম করিয়া জীবিকা নির্বাহ করে।

➔ ১৪। *'ত'* প্রত্যয়

বাংলায় বিশেষ্য বা সর্বনামের পরে যে 'তো' ব্যবহৃত হয়, ককবরকে এই 'তো' রূপটির জন্য *'ত'* ব্যবহৃত হয়। এইক্ষেত্রে তাহার পূর্বে এটি হাইফেন ব্যবহৃত হয়। যেমন —

ক) *ব-ত' ফায়গীলাক* — তিনি তো আসিবেন না।

খ) *নন'-ত' তাই নুগয়া* — তোমাকে তো আর দেখা যায় না।

গ) *রাঙ-ত' তাই মানগীলাক* — টাকা তো আর পাইব না।

➔ ১৫। *'তৗই'* প্রত্যয়

ন্যায়, মতো, দিকদিয়া, রকম ইত্যাদির জন্য ককবরকে সর্বনামের সহিত 'তৗই' বসে। যেমন —

ক) *নৗঙতৗই বরক অর' কৗরৗই* — আপনার মতো লোক এইখানে নাই।

খ) *বিয়াংতৗই থাংনাই* — কোন দিক দিয়া যাইবেন?

গ) *নৗঙ বৗতৗই কক সা* — আপনি কিরকম কথা বলেন?

কোনও ক্রিয়া প্রায় সম্পন্ন হইবার পথে বা সম্পাদিত হইবার উপক্রম এইরূপ বুঝাইলে মূল ক্রিয়াকে দুইবার উল্লেখ করিয়া প্রতিবারই উহার সহিত 'তৗই' বসে। যেমন —

ক) *ব থাংতৗই থাংতৗই ঔংখা* — সে যায় যায় ভাব হইয়াছে।

খ) *পাখীটি উড়ে উড়ে ভাব হইয়া আছে* — অ তক বিরতৗই বিরতৗই ঔংখা ।

➔ ১৬। *'তৗতৗই'/'তে'* প্রত্যয়

কোনও ক্রিয়া সম্পাদন করিতে করিতে অপর কোনও ক্রিয়া সম্পাদন করা বুঝাইলে প্রথম মূল ক্রিয়া বসাইয়া ক্রিয়াটির সহিত *'তৗতৗই'* বা প্রথম ক্রিয়াটিকে দুইবার উল্লেখ করিয়া প্রতিবারই উহার সহিত *'তে'* বসাইতে হয়। যেমন —

ক) *হিমতৗতৗই ই কক সাখা* — হাঁটিতে হাঁটিতে এই কথা বলিয়াছে।

খ) *ব নৗংতৗতৗই মৗনৗয়'* — সে খাইতে খাইতে (তরল পদার্থ) হাসে।

গ) *আঙ মৗনৗয়তে মৗনৗয়তে লেংজাগখা* — আমি হাসিতে হাসিতে পরিশ্রান্ত হইয়াছি।

ঘ) *বরগ মৗনৗয়তৗতৗই সালাংখা* — তাহারা হাসিতে হাসিতে বলিয়া গিয়াছে।

➔ ১৭। *'তা'* প্রত্যয়

চলিত বাংলায় কোন ক্রিয়া 'করিয়াছি আর কি' 'করিয়াছে আর কি' বা 'করিয়াছেন আর কি' এইরূপ বুঝাইলে নিশ্চিন্ত অর্থে 'আরকি' রূপটির জন্য ককবরকে বাক্যের শেষে *'তা'* বসে। যেমন —

ক) *ব ফায়কা তা* — তিনি আসিয়াছেন আর কি।

খ) *খেলাংতি চাখা তো* — খেলাংতি খাইয়াছে আর কি।

গ) *নৗঙ ফায়দি তা* — আপনি আসিবেন আরকি।

ঘ) *খায়কা তা* — করিয়াছি আরকি।

ঙ) *সানাই তা* — বলিব আরকি।

➔ ১৮। *'থক'* প্রত্যয়

কোনও ক্রিয়া সম্পাদন করিতে ভাল লাগা, আরাম লাগা, সুবিধা লাগা এইরূপ বুঝাইলে ককবরকে মূল ক্রিয়ার সহিত *'থক'* বসে এবং উহার সহিত প্রয়োজনীয় চিহ্ন ব্যবহৃত হয়। যেমন —

ক) *আঙ রীচাবমুঙ রীচাবথগ'* — আমার গান গাইতে ভাল লাগে।

খ) *য়াক বায় রমথগ'* — হাত দিয়া ধরিতে সুবিধা লাগে।

গ) *আঙ হিমথগয়া* — আমার হাঁটিতে ভাল লাগেনা।

➔ ১৯। ***'থাই'*প্রত্যয়**

কোনও ক্রিয়া সম্পাদন করা উচিত বা করণীয় এইরূপ বুঝাইলে ককবরকে মূল ক্রিয়ার সহিত *'থাই'* প্রত্যয়টি বসে। যেমন —

ক) *আঙ খকবা মানথাই তঙগ* — আমি পাঁচ টাকা প্রাপ্য।

খ) *বন খুলুমথাই কীলাইঅ* — তাহাকে প্রণাম করা উচিত।

গ) *অব-ন চিনি নায়থাই কীলাইঅ* — এটাই আমাদের দেখা উচিত।

➔ ২০। ***'থানি'*প্রত্যয়**

কোনও ক্রিয়া সম্পাদনের 'সময় বা বেলায়' এইরূপ বুঝাইলে ককবরকে মূল ক্রিয়ার সহিত *'থানি'* প্রত্যয়টি যুক্ত হয়। যেমন —

ক) *বক্তৃতা খীলায়থানি* — বক্তৃতা করিবার সময়।

খ) *মানথানি খাই জতত-ন তঙগ'* — পাওয়ার বেলায় সকলেই আছেন।

কাছে বা নিকট অর্থে ককবরকে *'থানি'* ব্যবহৃত হয়। যেমন —

ক) *আনি থানি* — আমার নিকট।

খ) *রামনি থানি* — রামের নিকট।

➔ ২১। ***'দউ'*প্রত্যয়**

অনুজ্ঞাসূচক বাক্যের শেষে অনুরোধ অর্থে 'কেমন' শব্দটির জন্য ককবরকে *'দউ* প্রত্যয়টি ব্যবহৃত হয়। যেমন —

ক) *অর' আচুক তঙদি, দউ* — এখানে বসিয়া থাক, কেমন।

খ) *বন রীই রীদি, দউ* — তাহাকে দিয়া দিও, কেমন।

➔ ২২। ***'দ আকন'*প্রত্যয়**

'আচ্ছা ঠিক আছে' বা 'সে যাই হউক' এই কথাগুলির জন্য ককবরকে *'দ আকন* ব্যবহৃত হয়। আবার কখনো কখনো উহার সংক্ষিপ্ত রূপ কেবলমাত্র *'আকন'*ও ব্যবহৃত হয়। যেমন —

ক) *দ আকন, নীঙ ফায়সিদে* — আচ্ছা ঠিক আছে, আপনি চলে আসেন।

খ) *আকন, নীঙ তাবুক পরিদি* — আচ্ছা, তুমি এখন পড়।

গ) *দ আকন, তাবুক সাদি নীঙ ফায়নাই বীলা* — সে যাই হউক, এখন বলেন আপনি আসছেন তো?

➔ ২৩। *'দরপ'* প্রত্যয়

কোনও ক্রিয়া সম্পাদন হইবা মাত্র বা হইবার সঙ্গে সঙ্গেই অপর কোন ক্রিয়া সম্বন্ধে কিছু বলা হইলে প্রথম ক্রিয়ার সহিত *'দরপ'* প্রত্যয়টি বসাইয়া প্রয়োজনীয় চিহ্ন পরে যোগ করা হয়। যেমন —

ক) *বিশু ফায়দরপ-ন সাখা* — বিশু আসা মাত্রই বলিয়াছি।

খ) *আঙ সাদরপ-ন সীয়খা* — আমি বলিবা মাত্রই লিখিয়াছে।

➔ ২৪। *'থার'* প্রত্যয়

হত্যা করা বুঝাইবার জন্য মূল ক্রিয়ার সহিত **'থার'** ও উহার সহিত প্রয়োজনীয় চিহ্ন বসে। যেমন —

ক) *লাথা বায় বুথারখা* — লাঠির দ্বারা (পিটাইয়া) হত্যা করিয়াছে।

খ) *দা বায় রাথারদি* — দা দিয়া (কাটিয়া) হত্যা কর।

➔ ২৫। *'য়াগীজা'/'য়গাজা'* প্রত্যয়

সাধারণ বর্তমান কালে না-বাচক বাক্যে বিরক্তি প্রকাশ করিবার জন্য মূল ক্রিয়ার সহিত *'য়াগীজা'/'য়াগাজা'* বসে। যেমন —

ক) *মায়সে চায়াগীজা বাহাইখে তরনাই* — ভাতই খায়না বড় হইবে কি করিয়া।

খ) *অরনি কনরয়াগীজা* — এখান হইতে সরেই না।

➔ ২৬। *'ন'* প্রত্যয়

বিশেষ্য বা সর্বনাম সম্পর্কে জোর দিয়া কোন কিছু বুঝাইতে হইলে বাংলায় 'ই' রূপটির জন্য ককবরকে *'-ন'* বসে এবং এই *'ন'* এর পূর্বে একটা হাইফেন বসে। যেমন —

ক) *অপু-ন মায় চাখা* — অপুই ভাত খাইয়াছে।

খ) *আঙ-ন পুইলা নুগখা* — আমিই প্রথম দেখিয়াছি।

➔ ২৭। *'নাই'* প্রত্যয়

কোনও ক্রিয়া সম্পাদনকারীকে বুঝাইবার জন্য মূল ক্রিয়ার সহিত *'নাই'* এবং উহার সহিত প্রয়োজনীয় চিহ্ন বসে। যেমন —

ক) *মীথাঙনাই -ন চানাই* — যে রক্ষক সেই ভক্ষক।

খ) *ফায়নাইরগন আচুগ রীদি* — আগন্তুকগণকে বসিয়ে দিন।

➔ ২৮। *'বাই'* প্রত্যয়

সামগ্রিক ভাবে কোন ক্রিয়া সমাপ্ত হওয়া বুঝাইলে মূল ক্রিয়ার সহিত *'বাই* বসাইয়া উহার সহিত প্রয়োজনীয় চিহ্ন ব্যবহার করা হয়। যেমন —

ক) *চীঙ অর' ফায়বাইখা* — আমরা (সকলেই) এইখানে আসিয়াছি।

খ) *নরগ থাংবাইদি* — আপনারা সকলেই চলিয়া যান।

➔ ২৯। ***'ফ/ফন'প্রত্যয়***

প্রথম পুরুষ সম্পর্কে কোনও সংশয় প্রকাশ করা হইলে হাঁবাচক বা নাবাচক বাক্যের শেষে বাংলা বাক্যে 'নাকি' রূপটির জন্য *'ফ/ফন'* বসে। যেমন —

ক) *ব থাংগীলাক ফ* — তিনি নাকি যাইবেন না।

খ) *রহিম থাংনাই ফন* — রহিম নাকি যাইবে।

গ) *জোটন নুগ খা ফ* — জোটন নাকি দেখিয়াছে।

➔ ৩০। ***'ফানী মানী'প্রত্যয়***

কোনও ক্রিয়া সম্পাদন হইলেও হইতে পারে এইরূপ বুঝাইলে মূল ক্রিয়ার সহিত *'ফানী'* এবং পরে *'মানী'* বসিয়া থাকে। যেমন —

ক) *ব চাফানী মানী* — তিনি খাইলেও খাইতে পারেন।

খ) *আঙ থাংফানী মানী* — আমি যাইলেও যাইতে পারি।

৩১। ***'য়াফানী মানী'প্রত্যয়***

কোনও ক্রিয়া সম্পাদন নাও হইতে পারে এইরূপ বুঝাইলে মূল ক্রিয়ার সহিত *'য়াফানী'* এবং পরে *'মানী'* বসে। যেমন —

ক) *উাতীয় উায়াফানী মানী* — বৃষ্টি নাও পড়িতে পারে।

খ) *ব ফায়াফানী মানী'* — তিনি নাও আসিতে পারেন।

➔ ৩২। ***'জাবাদি'প্রত্যয়***

অনুজ্ঞাসূচক বাক্যে অনুরোধ বুঝাইবার জন্য ককবরকে মূল ক্রিয়ার সহিত *'জাবাদি* বসিয়া থাকে। যেমন —

ক) *বরগন' কিসা নায়জাবাদি* — তাহাদেরকে একটু দেখিও।

খ) *অমন' কিসা রমজাবাদি* — এইটাকে একটু ধরিয়া রাখিও।

➔ ৩৩। ***'ফুরু'প্রত্যয়***

কোনও ক্রিয়া সম্পাদনের সময় অপর কোনও ক্রিয়া সম্বন্ধে কিছু বলা হইলে 'সময়' অর্থে প্রথম ক্রিয়াটির সহিত *'ফুরু'* প্রত্যয়টি বসে। যেমন —

ক) *নগ' থাংফুরু সাদি* — বাড়ী যাইবার সময় বলিও।

খ) *হাতিনি ফায়ফুরু তুবুনাই* — বাজার হইতে আসিবার সময় লইয়া আসিব।

➔ ৩৪। *'ব'প্রত্যয়*

বাংলায় কখনও বিশেষ্য বা সর্বনামের সহিত 'also' অর্থে 'ও' বসিয়া থাকে। ককবরকে এই 'ও' এর জন্য *'-ব'* বসিয়া থাকে। তবে এই ব-এর পূর্বে একটি হাইফেন বসে। যেমন —

ক) *আঙ-ব থাংনাই রাম-ব থাংনাই* — আমিও যাইব রামও যাইবে।

খ) *অম'-ব তাইদি উম'-ব তাইদি*— এটাও লও ঐটাও লও।

পর পর দুইটি ক্রিয়া সম্পর্কে কিছু বলা হইলে ককবরকে প্রথমে প্রথম ক্রিয়াটির প্রথম উচ্চারিত ধ্বনির সহিত *'-ব'* বসাইয়া উহার পর মূল ক্রিয়া উল্লেখ করিয়া প্রয়োজনীয় কালের চিহ্ন বসাইতে হয়। দ্বিতীয় ক্রিয়াটির ক্ষেত্রেও একই রূপ হয়। এই 'ব'-এর পূর্বেও একটা হাইফেন বসাইতেহয়। যেমন —

ক) *আঙ রী-ব রীনাই তু-ব তুনাই* — আমি দিবও আনবও।

খ) *ব ফা-ব ফায়নাই না-ব নায়নাই* — সে আসিবেও দেখিবেও।

➔ ৩৫। *'মা'প্রত্যয়*

কোনও ক্রিয়া সম্পাদনে বাধ্যতা বা নিয়ম বুঝাইলে ক্রিয়ার পূর্বে *'মা'* এবং মূল ক্রিয়ার সহিত প্রয়োজনীয় কালের চিহ্ন যুক্ত হয়। যেমন —

ক) *দরখাস্তনি লগি সার্টিফিকেট জমা মা রীনাই* — দরখাস্তের সঙ্গে সার্টিফিকেট জমা দিতে হইবে।

খ) *নীঙ অর' মা তঙনাই* — তোমাকে অবশ্যই এইখানে থাকিতে হইবে।

কেহ কোনও ক্রিয়া সম্পাদন করিতে পাওয়া বা না পাওয়া বুঝাইলেও ক্রিয়ার পূর্বে *'মা'* এবং ক্রিয়ার সহিত প্রয়োজনীয় চিহ্ন যুক্ত হইয়া থাকে। যেমন —

ক) *ব মায় মা চায়া* — সে ভাত খাইতে পায়না।

খ) *আঙ মা নুগয়া* — আমি দেখিতে পাইনা।

গ) *আঙ অর' মা ফায়কা* — আমাকে এইখানে আসিতে হইয়াছে।

➔ ৩৬। *'মাসেমা'প্রত্যয়*

অবশ্যই কোনও ক্রিয়া সম্পাদন হওয়া বা করা বুঝাইলে মূল ক্রিয়ার পূর্বে *'মাসেমা* এবং মূল ক্রিয়ার সহিত প্রয়োজনীয় চিহ্ন বসিয়া থাকে। যেমন —

ক) *আঙ মাসেমা তঙনাই* — আমাকে অবশ্যই থাকিতে হইবে।

খ) *নীঙ মাসেমা থাংনাই* — তোমাকে যাইতেই হইবে।

➔ ৩৭। *'মাসিনসা'প্রত্যয়*

বাংলায় জনক বা কর ইত্যাদি প্রত্যয়ের জন্য ককবরকে মূল ক্রিয়ার সহিত

'মাসিনসা' যুক্ত হয়। যেমন —

ক) *মীলাংচামাসিনসা* — বিস্ময়কর।

খ) *কিরিমাসিনসা* — ভয়ঙ্কর।

গ) *সেলেংমাসিনসা* — ঘৃণাজনক।

ঘ) *উানামাসিনসা* — উদ্বেগজনক।

➔ ৩৮। ***'সক'*** **প্রত্যয়**

ঘটমান বর্তমান কালে অনুজ্ঞাসূচক হাঁবাচক বাক্যে ক্রিয়ার সঙ্গে *'সক'* বসাইয়া উহার সহিত প্রয়োজনীয় চিহ্ন যুক্ত করা হয়। যেমন —

ক) *নীঙ হিম সকদি* — তুমি যাইতে থাক।

খ) *নরগ নায়সকদি* — আপনারা দেখিতে থাকেন।

➔ ৩৯। ***'সন'*** **প্রত্যয়**

কষ্টসহকারে দেখা বুঝাইলে 'দেখা' ক্রিয়াটির সঙ্গে *'সন'* বসাইয়া উহার সহিত প্রয়োজনীয় চিহ্ন বসানো হয়। যেমন —

ক) *বেরা বেসেরতাই নায়সনদি* — বেড়ার ফাঁক দিয়া দেখ।

খ) *য়াং কিসা নায়সন লা* — এদিকে একটু দেখ তো (কষ্টেসৃষ্টে)।

➔ ৪০। ***'সি'*** **প্রত্যয়**

অনুজ্ঞাসূচক কিংবা ইচ্ছাসূচক বাক্যে ক্রিয়া সম্পাদনের উপর জোর দেওয়া বুঝাইলে ক্রিয়ার সহিত *'সি'* বসাইয়া উহার সহিত প্রয়োজনীয় চিহ্ন যুক্ত করা হয়। যেমন —

ক) *ব ফায়সিথুন* — সে আসুক।

খ) *আঙ থাংসিনাই* — আমি চলিয়া যাইব।

➔ ৪১। ***'সা'*** **প্রত্যয়**

উপরের দিকে কোনও ক্রিয়া সম্পাদন করা বা হওয়া বুঝাইলে মূল ক্রিয়াটির সহিত *'সা'* বসাইয়া উহার সহিত প্রয়োজনীয় চিহ্ন বসানো হয়। যেমন —

ক) *ম তক পীরসা বিরসাই থাংকা* — পাখীটা ফুরুৎ করিয়া উড়িয়া গেল।

খ) *বুফাঙগ' কাসাদি* — কাছে উঠ।

➔ ৪২। ***'সুক'*** **প্রত্যয়**

সম্পূর্ণরূপে কোনও ক্রিয়া সম্পাদন করা বুঝাইলে মূল ক্রিয়াটির সহিত 'সুক বসাইয়া উহার সহিত প্রয়োজনীয় চিহ্ন বসানো হয়। যেমন —

ক) *চীঙ নায়সুকখা* — আমরা সম্পূর্ণরূপে দেখিয়াছি।

খ) *ককলাম পানদা মিয়া পাইসুগখা* — আলোচনা সভা গতকাল শেষ হইয়াছে।

➔ ৪৩। *'থায়া'* প্রত্যয়

কোনও ক্রিয়া খুব একটা সম্পন্ন হয় না বা করা হয় না এইরূপ বুঝাইলে ককবরকে মূল ক্রিয়ার সহিত *'থায়া'* প্রত্যয়টি যুক্ত হয় ও তার সঙ্গে প্রয়োজনীয় চিহ্ন যুক্ত হয়। যেমন —

ক) *ব তাবুক ফায়থায়া* — তিনি এখন (খুব একটা) আসেন না।

খ) *তাবুক মমফল মানথায়া* — এখন তরমুজ (খুব একটা) পাওয়া যায়না।

➔ ৪৪। *'ফায়'* প্রত্যয়

আসিয়া কোনও ক্রিয়া সম্পাদন করা বুঝাইলে ককবরকে মূল ক্রিয়াটির সহিত *'ফায়'* বসাইয়া উহার সহিত প্রয়োজনীয় চিহ্ন বসানো হয়। যেমন —

ক) *নায়ফায়দি* — আসিয়া দেখ।

খ) *চিনি অর' পরিফায়দি* — আমাদের এখানে আসিয়া পড়।

গ) *চিনি নগ' চাফায়দি* — আমাদের বাড়ীতে আসিয়া খাও।

➔ ৪৫। *'বু'* প্রত্যয়

কোনও ক্রিয়া সম্পাদন করিয়া আসা বুঝাইলে মূল ক্রিয়াটির সহিত *'বু'* বসাইয়া উহার সহিত প্রয়োজনীয় চিহ্ন বসানো হয়। যেমন —

ক) *আঙ নায়বুখা* — আমি দেখিয়া আসিয়াছি।

খ) *থাংনাই বীলা মায় চাবুদি* — যাইতেছ তো ভাত খাইয়া আসিও।

➔ ৪৬। *'মাং'* প্রত্যয়

অবিরাম বা বারবার কোনও ক্রিয়া সম্পন্ন করিতে করিতে উহার ফলস্বরূপ অপর কোনও ক্রিয়া সম্পাদন হওয়া বুঝাইলে প্রথম ক্রিয়াটিকে দুইবার উল্লেখ করিয়া প্রতিবার উহার সহিত *'মাং'* বসানো হয়। যেমন —

ক) *সামাং সামাং লেংজাগখা* — বলিতে বলিতে পরিশ্রান্ত হইয়াছে।

খ) *সীয়মাং সীয়মাং কলম বায়খা* — লিখিতে লিখিতে কলম ভাঙ্গিয়াছে।

একই জিনিস বা বিষয় সম্বন্ধে বার বার কিছু বুঝাইলে বিশেষ্য বা সর্বনামের সহিত *'মাং'* বসে। যেমন —

ক) *তীয়মাং নুকজাগ'* — শুধু জলই দেখা যায়।

খ) *ব-মাং ফায়না নায়ী* — শুধু (বারংবার) সেই আসিতে চায়।

➔ ৪৭। *'বুরুম বুরুম'* প্রত্যয়

প্রত্যেক বা প্রতিবার বুঝাইবার জন্য বিশেষ্য বা ক্রিয়াপদের সহিত *'বুরুম বুরুম'* বসে। যেমন —

ক) *সাল বুরুম বুরুম উাতীয় উায়া* — প্রত্যেক দিন বৃষ্টি হয় না।

খ) *থাং বুরুম বুরুম আন' তিলাংগ'* — প্রত্যেকবার যাইবার সময় আমাকে লইয়া যায়।

➔ ৪৮। *'বীলে'/ 'বীলা'* প্রত্যয়

বলিলাম তো, করিলাম তো, দেখিলাম তো, এইরূপ কোন ক্রিয়া সম্পাদন করা হইয়াছে বুঝাইলে 'তো' রূপটির জন্য ককবরকে বাক্যের শেষে *'বীলে'/বীলা'* ব্যবহৃত হয়। যেমন —

ক) *আঙ নায়খা বীলা* — আমি দেখিলাম তো।

খ) *নীঙ সাখা বীলে* — আপনি বলিলেন তো।

➔ ৪৯। *'সীক'* প্রত্যয়

পরিমাণ বুঝাইবার জন্য ককবরকে সর্বনামের সহিত *'সীক'* বসিয়া থাকে। যেমন —

ক) *আসীক-ন চাখামুন* — এতটাই খাইতাম।

খ) *বীসীক নায়থক* — কত সুন্দর!

গ) *কিসাসীক রীখাই-ন আংনাই* — খানিকটা দিলেই হইবে।

➔ ৫০। *'র-র'* প্রত্যয়

কোনও ক্রিয়া সম্পন্ন প্রায় বুঝাইবার জন্য ক্রিয়ার সহিত 'র-র' বসিয়া থাকে। যেমন —

ক) *নখা সম র-র* — আকাশ প্রায় অন্ধকার।

খ) *সাল হাব র-র* — সূর্যাস্ত প্রায়।

➔ ৫১। *'রীরীক'* প্রত্যয়

কোনও ক্রিয়া ক্রমশঃ সম্পন্ন হওয়া বুঝাইলে ককবরকে ক্রিয়ার সহিত *'রীরীক* বসিয়া থাকে। এবং উহার সহিত প্রয়োজনীয় চিহ্ন যুক্ত হয়। যেমন —

ক) *মানাই-খীনাইনি দাম বাংরীরীকখা* — জিনিসপত্রের দাম ক্রমশঃ বাড়িতেছে।

খ) *বেকার বাংরীরীকখা* — বেকার ক্রমশঃ বাড়িতেছে।

কোনও ক্রিয়া ক্রমশঃ সম্পন্ন হওয়ার সঙ্গে সঙ্গে অপর একটি ক্রিয়াও ক্রমশঃ সম্পন্ন হওয়া বুঝাইলে উভয় ক্রিয়ার সহিত *'রীরীক'* বসে। যেমন —

ক) *হিমরীরীক নায়রীরীক* — হাঁটিতেছি আর দেখিতেছি।

খ) *কুতুক মা থাগরীরীক তঙ কীচাং ফায়রীরীক* — গোলমাল থামিতে লাগিল শান্তিও আসিতে লাগিল।

➔ ৫২। 'কুক' প্রত্যয়

তুলনামূলক ভাবে বেশী বুঝাইবার জন্য ককবরকে মূল ক্রিয়ার সহিত *'কুক* বসাইয়া উহার সহিত প্রয়োজনীয় চিহ্ন বসানো হয়। যেমন —

ক) *ব-ন হামকুকনাই* — সে-ই তুলনামূলক ভাবে ভাল হইবে।

খ) *আউলিঅ বেকার বাংকুগ'* — শহরে বেকার তুলনামূলক ভাবে বেশী।

➔ ৫৩। ***'সীলাপ'* প্রত্যয়**

নির্দিষ্ট সময়ের মধ্যে কোন ক্রিয়া সম্পাদন করিয়া অগ্রসর হওয়া বা না হওয়া বুঝাইবার জন্য মূল ক্রিয়ার সহিত *'সীলাপ'* বসে এবং উহার সহিত প্রয়োজনীয় কালের চিহ্ন যুক্ত হইয়া থাকে। যেমন —

ক) *ব খাজাক জরানি বিসিং রীচাবসীলাবলিয়া* — সে নির্দিষ্ট সময়ের মধ্যে গাইতে পারিল না।

খ) *আঙ খাজাক জরানি বিসিসক ফায়সীলাবলিয়া* — আমি নির্দিষ্ট সময়ে আসিয়া পৌঁছাইতে পারি নাই।

➔ ৫৪। ***'লাং'* প্রত্যয়**

কোন ক্রিয়া সম্পাদন করিয়া যাওয়া বুঝাইবার জন্য ককবরকে ক্রিয়ার সহিত *'লাং* বসিয়া উহার সহিত প্রয়োজনীয় কালের চিহ্ন যুক্ত করিতে হয়। যেমন —

ক) *'আঁন সালাংদি* — আমাকে বলিয়া যাও।

খ) *মায় চালাংখা* — ভাত খাইয়া গিয়াছেন।

➔ ৫৫। ***'লিয়ানা'/'য়াখীনা'* প্রত্যয়**

অতীতকালে সম্ভবতঃ কোন ক্রিয়া সম্পাদন করা হয় নাই এইরূপ বুঝাইলে ককবরকে মূল ক্রিয়ার সহিত *'লিয়ানা/য়াখীনা'* বসে। যেমন —

ক) *ব ফায়লিয়ানা* — সে সম্ভবতঃ আসে নাই।

খ) *নীঙ মায় চায়াখীনা* — আপনি হয়তো ভাত খান নাই।

➔ ৫৬। ***'য়াই'/'য়াউই'* প্রত্যয়**

কোনও ক্রিয়া সম্পন্ন না করিয়া বা হইয়া অপর কোন ক্রিয়া সম্পন্ন করা বা হওয়া বুঝাইলে প্রথম ক্রিয়াটির সহিত *'য়াই/য়াউই'* বসে। যেমন —

ক) *মায় চায়াই থাংগীলাক* — ভাত না খাইয়া যাইব না।

খ) *ব সিনমা নায়াউই ফায়গীলাক* — সে সিনেমা না দেখিয়া আসিবে না।

➔ ৫৭। ***'য়াখাই'/'য়াখীলায়'/'য়াখে'* প্রত্যয়**

কোনও ক্রিয়া সম্পাদন না করিলে বা না হইলে অপর কোন ক্রিয়া সম্পাদন করা বা না করা, হওয়া বা না হওয়া বুঝাইলে প্রথম ক্রিয়াটির সহিত *'য়াখাই'/'য়াখীলায়'* বসে। যেমন —

ক) *ফুনুগয়াখাই থাংগীলাক* — না দেখাইলে যাইব না।

খ) *আচুগ রীয়াখীলায় আচুগগীলাক* — না বসাইলে বসিব না।

➔ ৫৮। *'য়াসাক'* প্রত্যয়

কোন ক্রিয়া সম্পাদন না হওয়া বা না করা পর্যন্ত কিছু বুঝাইলে মূল ক্রিয়াটির সহিত *'য়াসাক'* বসে। যেমন —

ক) *আঙ ফায়াসাক নায়সিংতঙদি* — আমি না আসা পর্যন্ত অপেক্ষা করিও।

খ) *খাইয়াসাক উপায় কীরীই* — না করা পর্যন্ত উপায় নাই।

➔ ৫৯। *'য়াসা'* প্রত্যয়

ব্যতীত বা ছাড়া অর্থে ককবরকে সর্বনাম, বিশেষ্য বা ক্রিয়াপদের সহিত *'য়াসা* যোগ করা হয়। যেমন —

ক) *পাস খীলায়াসা উপায় কীরীই* — পাশ করা ব্যতীত উপায় নাই।

খ) *নীঙয়াসা আঙ থাংগীলাক* — আপনি ব্যতীত আমি যাইব না।

গ) *সময়াসা মুই* — লবণ ছাড়া তরকারি।

➔ ৬০। *'য়াসানি'* প্রত্যয়

কোনও ক্রিয়া সম্পন্ন হইবার আগে অপর কোন ক্রিয়া সম্পাদন সম্পর্কে কিছু বলা হইলে প্রথম ক্রিয়াটির সহিত *'য়াসানি'* বসে। যেমন —

ক) *ব থাংয়াসানি আঙ থাংনাই* — তিনি যাইবার আগে আমি যাইব।

খ) *পানদা পায়াসানি ব অঙখর থাংকা* — সভা শেষ হইবার পূর্বে সে চলিয়া গিয়াছে।

গ) *ডাকতার ফায়াসানি-ন অ বরক থীয়মানি* — ডাক্তার আসিবার পূর্বেই লোকটি মারা গিয়াছিল।

➔ ৬১। *'ফাইসিং'/'বীখাক'* প্রত্যয়

দিকে বা অভিমুখে অর্থে ককবরকে বিশেষ্য বা সর্বনাম পদের পরে *'ফাইসিং'/'বীখাক'* বসে। যেমন —

ক) *আউলি বীখাক লাম রীখা* — শহরাভিমুখে যাত্রা করিল।

খ) *আনিফাইসিং নাহারখা* — আমার দিকে দেখিয়াছে।

➔ ৬২। *'সিমি'* প্রত্যয়

শুধু বা কেবলমাত্র অর্থে ককবরকে বিশেষ্য বা সর্বনামের পরে *'সিমি'* বসিয়া থাকে। যেমন —

ক) *আঙ সিমি থাংনাই* — আমিই শুধু যাইব।

খ) *তরু সিমি চানাই* — কেবলমাত্র তরুই খাইবে।

➔ ৬৩। *'থীগীই'* প্রত্যয়

প্রতি বা পিছু অর্থে ককবরকে *'থীগীই'* ব্যবহৃত হয়। যেমন —

ক) *খরক থীগীই খকবা বাগদি* — মাথা পিছু পাঁচ টাকা ভাগ করিয়া দাও।

খ) *কেজি থীগীই রাঙ খকসা* — কেজি প্রতি এক টাকা।

গ) *নুখুঙ থাগাই* রাং নীয়রা — পরিবার পিছু দুই শত টাকা।

➔ ৬৪। ***'লা' প্রত্যয়***

বাংলা অনুজ্ঞাসূচক বাক্যে 'আসেন তো', 'বসেন তো', 'দেখেন তো', এইরূপ বুঝাইলে অনুরোধ অর্থে ক্রিয়ার সহিত 'তো' রূপটির জন্য ককবরকে মূল ক্রিয়ার শেষে *'লা'* বসে। যেমন —

ক) *য়াং কিসা ফায়লা* — এইদিকে একটু আসেন তো।

খ) *নায়লা ম তাম'* — দেখেন তো এইটা কি?

➔ ৬৫। ***'নাবা' প্রত্যয়***

বাংলা অনুজ্ঞাসূচক বাক্যে অনুরোধ অর্থে 'আসেন না' বসেন না' এইরূপ বুঝাইলে 'না' রূপটির জন্য ককবরকে মূল ক্রিয়ার সহিত *'নাবা'* বসে। যেমন —

ক) *আঙ বায় ফায়নাবা* — আমার সহিত আসেন না।

খ) *অর' কিসা আচুগনাবা* — এইখানে একটু বসেন না।

➔ ৬৬। ***'রাগ' প্রত্যয়***

কোনও ক্রিয়া সম্পাদন করিতে সাহস পাওয়া বা না পাওয়া বুঝাইবার জন্য ককবরকে মূল ক্রিয়াটির সহিত *'রাগ'* বসে এবং উহার সহিত প্রয়োজনীয় চিহ্ন যুক্ত হয়। যেমন —

ক) *ব আন সারাগয়া* — সে আমাকে বলিতে সাহস পায় না।

খ) *আঙ রমরাগয়া* — আমি ধরিতে সাহস পাই না।

➔ ৬৭। ***'সীলাই' প্রত্যয়***

এই প্রত্যয়টি অনেক সময় প্রশ্নসূচক বাক্যের শেষে অলঙ্কারস্বরূপ ব্যবহৃত হয়। যেমন —

ক) *তাম নায়না সীলাই* — কি দেখিবেন?

খ) *বর' তঙনা সীলায়?* — কোথায় থাকিবেন?

➔ ৬৮। ***'ফি' প্রত্যয়***

পুনরায় কোন ক্রিয়া সম্পাদন করা বুঝাইলে মূল ক্রিয়ার সহিত *'ফি'* এবং উহার সহিত প্রয়োজনীয় চিহ্ন যুক্ত হয়। যেমন —

ক) *খবর বুবাগরগ পরিফির* — মুখ্য খবরগুলি পুনরায় পড়িতেছি।

খ) *অম পরিফিনাই* — এইটা পুনরায় পড়িব।

➔ ৬৯। ***'হর' প্রত্যয়***

দূর হইতে কোন ক্রিয়া সম্পাদন করা বুঝাইলে ককবরক ক্রিয়াটির সহিত *'হর* বসাইয়া উহার সহিত প্রয়োজনীয় চিহ্ন যোগ করা হয়। যেমন —

ক) *বন রিঙহরদি* — তাহাকে ডাকিয়া পাঠাও।

খ) *আরজি সীয়হরদি* — দরখাস্ত লিখিয়া পাঠাও।

➤ ৭০। ***'হাই' প্রত্যয়***

কোন কিছুর সহিত অন্য কোন কিছুর উপমা দেওয়া হইলে 'মতো' অর্থে ককবরকে বিশেষ্য বা সর্বনামের পরে *'হাই'* বসে। যেমন —

ক) *নীঙ হাই বরক নুগয়াখ* — আপনার মতো মানুষ দেখি নাই।

খ) *রাম হাই শ্যাম আঁংগীলাক* — রামের মতো শ্যাম হইবে না।

➤ ৭১। উপরিউক্ত প্রত্যয়গুলি ছাড়াও ককবরকে আরও অনেক প্রত্যয় নীচে কেবলমাত্র উদাহরণের সাহায্যে এইগুলি উপস্থাপন করা হইলঃ

	প্রত্যয়	প্রত্যয়যুক্ত শব্দ	বাংলা
ক)	*লেলে*	*তাইলেলে*	অতি সামান্য মিষ্ট
		খালেলে	সামান্য তিতা বিশিষ্ট
খ)	*সিসি*	*য়কসিসি*	ঝাল ঝাল ভাব
		প্রাপসিসি	সামান্য লবণাক্ত ভাব
		লকসিসি	সামান্য লম্বাটে
গ)	*বেরে বেরে*	*খা বেরে বেরে*	তিতা তিতা ভাব
		তাই বেরে বেরে	মিষ্টি মিষ্টি ভাব
ঘ)	*তুরু তুরু*	*খীয় তুরু তুরু*	মোটামুটি টক
		চাক তুরু তুরু	লালচে ভাব
ঙ)	*লীলীক*	*তাই লীলীক*	সামান্য মিষ্টি
		খালীলীক	সামান্য তিতা
চ)	*চুমুচুমু*	*খীয় চুমুচুমু*	টক টক ভাব
		তাই চুমুচুমু	মিষ্টি মিষ্টি ভাব
ছ)	*চমচম*	*খীয় চমচম*	টক টক ভাব
		তাই চমচম	মিষ্টি মিষ্টি ভাব
জ)	*সসল*	*কাখা সসল*	খুবই তিতা
		কাতাই সসল	খুবই মিষ্ট
ঝ)	*জিপজিপ*	*মতম জিপজিপ*	উগ্র সুগন্ধযুক্ত
ঞ)	*হুহুক*	*মতম হুহুক*	খানিকটা সুগন্ধযুক্ত
ট)	*দুদু*	*ফুন্দুদু*	ধবধবে সাদা
ঠ)	*হেহেক*	*মীনাম হেহেক*	খানিকটা দুর্গন্ধযুক্ত
ড)	*ল'ল'*	*ফুল'ল'*	সামান্য সাদা

বেদেক উলথাম (তৃতীয় পরিচ্ছেদ)

ককথাই মানজু (সমাস)

পরস্পরের সহিত অর্থ সম্বন্ধযুক্ত একাধিক *ককথাই*-কে একটি *ককথাই*-এ পরিণত করাকে বলে ***ককথাই মানজু*** বা সমাস।

মানজুমা ককথাই **(সমস্যমান পদ)** ঃ যে ককথাই-গুলিকে লইয়া *'ককথাই মানজু* গঠিত হয়, তাহাদের প্রত্যেককে বলা হয় ***মানজুমা ককথাই*** বা সমস্যমান পদ। যেমন — *বীসা তেই বীতাই = বীসা-বীতাই*। এখানে তিনটি *'ককথাই'* রহিয়াছে, যেগুলিকে লইয়া *'ককথাই মানজু'* গঠিত হইয়াছে। এইগুলি হইতেছে *'বীসা'*, *'তেই'* ও *'বীতাই'*। এই তিনটি *ককথাই*-এর প্রত্যেকটিকেই বলে *মানজুমা ককথাই*।

মানজুজাক ককথাই **(সমস্ত পদ)** ঃ পরস্পরের সহিত অর্থ সম্বন্ধযুক্ত যে *ককথাই*-গুলি মিলিত হইয়া একটি অর্থপূর্ণ নতুন শব্দ গঠিত হয় তাহাকে বলে ***মানজুজাক ককথাই*** বা সমস্ত পদ। যেমন — *'বীসা তেই বীতাই' = বীসা-বীতাই*। এখানে মানজুজাক ককথাই হইতেছে *'বীসা-বীতাই'*।

ককসুখুরুপ **(ব্যাসবাক্য)** ঃ *'ককথাই মানজু'*-এর অর্থ বুঝাইবার জন্য যে *ককথাই*-গুলি প্রয়োগ করিতে হয়, উহাদের নাম ***ককসুখুরুপ*** বা ব্যাসবাক্য। যেমন — *বীসা তেই বীতাই = বীসা-বীতাই*। এখানে *'বীসা তেই বীতাই'*-কে একত্রে বলা হয় ***ককসুখুরুপ***।

সীকাঙ ককথাই **(পূর্বপদ)** ঃ ককবরকে *'সীকাঙ'* শব্দটির অর্থ 'পূর্ব বা আগে' এবং *'ককথাই'* শব্দটির অর্থ 'পদ'। যেমন — *বীসা তেই বীতাই = বীসা-বীতাই*। এখানে *'বীসা'* হইতেছে ***সীকাঙ ককথাই*** বা পূর্বপদ।

উলককথাই **(পরপদ)** ঃ ককবরকে *'উল'* শব্দটির অর্থ 'উত্তর বা পরে' এবং *ককথাই* শব্দের অর্থ 'পদ'। সুতরাং ***উলককথাই***-এর অর্থ পরপদ বা উত্তরপদ। যেমন — *বীসা তেই বীতাই = বীসা-বীতাই*। এখানে *'বীতাই'* হইতেছে *উলককথাই* বা উত্তরপদ।

দালরীকমুঙ (প্রকারভেদ)

ককবরক ব্যাকরণে *'ককথাই মানজু'* পাঁচ প্রকার। যথা —

- ১) *বাতায় ককথাইমানজু* (দ্বন্দ্ব সমাস)
- ২) *ফুনুকজুদা ককথাইমানজু* (বহুব্রীহি সমাস)
- ৩) *উলফাঙ ককথাইমানজু* (তৎপুরুষ সমাস)
- ৪) *মুঙগরন ককথাইমানজু* (কর্মধারায় সমাস)
- ৫) *সীকাঙফাঙ ককথাইমানজু* (অব্যয়ীভাব সমাস)

নিম্নে এই সকল *ককথাইমানজু* সম্বন্ধে বিশেষ আলোচনা করা হইল ঃ

১) *বাতায় ককথাইমানজু* (দ্বন্দ্ব সমাস) ঃ

যে *ককথাইমানজু*-তে একাধিক একজাতীয় ভিন্নার্থক *ককথাই* মিলিত হইয়া একপদ হয় এবং *'মানজুমা ককথাই'* প্রতিটিরই অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয়, তাহাকে *বাতায় ককথাইমানজু* বা দ্বন্দ্ব সমাস বলে। নিম্নে কতগুলি *'বাতায় ককথাইমানজু'* এবং উহাদের বাংলা অর্থও ডানপাশে প্রদত্ত হইল ঃ

ককবরক	বাংলা অর্থ
হর বায় সাল = হর-সাল	(রাত ও দিন = রাত-দিন)
মা বায় ফা = মা-ফা	(মাতা ও পিতা = মাতা-পিতা)
মায় বায় মুই = মায়-মুই	(ভাত ও তরকারি = ভাত-তরকারি)
সম বায় মস' = সম-মস'	(লবণ ও মরিচ = লবণ-মরিচ)
চীলা বায় বীরীয় = চীলা-বীরীয়	(ছেলে ও মেয়ে = ছেলে-মেয়ে)
য়াক বায় য়াকুং = য়াক-য়াকুং	(হাত ও পা = হাত-পা)
সাল বায় তাল = সাল-তাল	(সূর্য ও চন্দ্র = সূর্য-চন্দ্র)
হিক বায় সায় = হিক-সায়	(বধূ ও বর = বধূ-বর)
তাখুক বায় বুখুক = তাখুক-বুখুক	(ভ্রাতা ও ভগ্নি = ভ্রাতা-ভগ্নি)
কীরীই বায় গীনাঙ = কীরীই-গীনাঙ	(দরিদ্র ও ধনী = ধনী-দরিদ্র)
কাহাম তেই হাময়া = কাহাম-হাময়া	(ভাল ও খারাপ = ভাল-খারাপ)
উল' তেই সীকাং = উল'-সীকাং	(পশ্চাৎ ও অগ্র = অগ্র-পশ্চাৎ)
য়াকসি তেই য়াকগ্রা = য়াকসি-য়াকগ্রা	*(বাঁয়ে ও ডাইনে = ডাইনে-বাঁয়ে)*

➔ ২) *ফুনুকজুদা ককথাইমানজু* (বহুব্রীহি সমাস) ঃ

যে *'ককথাই'* দুইটি মিলিত হইয়া *'ককথাই মানজু'* গঠিত হয় তাহাদের অর্থ না বুঝাইয়া যদি *'মানজুজাক ককথাই'* অন্য বস্তু বা পদার্থ বা কিছুকে প্রধানরূপে বুঝায়, তাহা হইলে ঐ *'ককথাই মানজু'*কে বলা হয় ***ফুনুকজুদা ককথাইমানজু*** বা বহুব্রীহি সমাস। নিম্নে কতগুলি উদাহরণ ও তাদের বাংলা অর্থ ডানপাশে প্রদত্ত হইল ঃ

ককবরক	বাংলা অর্থ
কীরাক, বুবুক সেং তাইনাই বরক = সেংকীরাক	(শক্ত, ধারালো তরবারিধারী = *বীর*)
বীখা কীরাক বরক - খা-কীরাক	(কঠোর হৃদয় যাহার = কঠোর হৃদয়)
লাচিমা কীরাই বরক = লাচিয়াবরক	(লজ্জা নেই যাহার = লজ্জাহীন)
বলঙগ তঙনাই বীরীয় = বলংতি	(পর্বতে থাকেন যে নারী = পার্বতী)
করম' বীসাকনি বীরীয় = করমতি	(গৌর অঙ্গ যে নারী = গৌরাঙ্গী)
বীখীনাই কুফুরু বরক – খীনাইকুফুর	(পক্ক কেশ যাহার = পক্ককেশ)
ককরীই কক নারীগয়া বরক = বুখুকখিখরক	(কথা দিয়ে যে কথা রাখে না =বৃথা বাগীশ)
তঙমুঙ সিত্রা বীরীয় - তঙসিত্রা	(চরিত্র ভ্রষ্টা নারী = চরিত্র ভ্রষ্টা)
য়াকুং কেবেল বরক = য়াকুংকেবেল	(পা দুর্বল যাহার = পরনির্ভর)
লামানি বীপীরা = লামপীরা	(চৌ রাস্তা যেখানে = চৌরাস্তা)
বীখা কতর বরক – খা-কতর	(হৃদয় মহৎ যাহার = মহৎহৃদয়)

➔ ৩) *উলফাঙ ককথাইমানজু* (তৎপুরুষ সমাস) ঃ

যে *ককথাইমানজু*-তে পূর্বপদের *সিনিমারি* বা বিভক্তি লোপ পায় ও পরপদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয়, তাহাকে ***উলফাঙ ককথাইমানজু*** বা তৎপুরুষ সমাস বলে। নিম্নে কয়েকটি *উলফাঙ ককথাইমানজু* এবং এর বাংলা অর্থ ডানপাশে প্রদত্ত হইল ঃ

ককবরক	বাংলা অর্থ
বলঙনি বুবাগ্রা - বলঙবুবাগ্রা	(জঙ্গলের রাজা = জঙ্গলীরাজ)
উানি বীলীঙ = উালীঙ	(বাঁশের ঝাড় = বাঁশঝাড়)
তকনি বীতাই - তকতাই	(মুরগীর ডিম = মুরগীডিম)
বাইবেলন পরিমা = বাইবেল পরিমা	(বাইবেলকে পড়া = বাইবেল পড়া)
রথন নায়মা = রথনায়মা	(রথকে দেখা = রথদেখা)

ককবরক	বাংলা অর্থ
দেংগি বায় সুগজাক = দেংগিসুগজাক	(ঢেঁকি দ্বারা ছাঁটা = ঢেঁকিছাঁটা)
চিবুক বায় সুকজাক = চিবুকসীকজাক	(সর্প দ্বারা দষ্ট = সর্পদষ্ট)
লাথা বায় থুংমা = লাথাথুংমা	(লাঠি দ্বারা খেলা = লাঠিখেলা)
বল বায় থুংমুঙ = বলথুংমুঙ	(বল দ্বারা খেলা = বলখেলা)
আমানি কক = মানিকক	(মাতার ভাষা = মাতৃভাষা)
খুমনি বীলীঙ = খুমলীঙ	(ফুলের বাগান = ফুলবাগান)
বিথি বায় ফুলজাক = বিথিফুলজাক	(ঔষধ দ্বারা মর্দন = ঔষধমর্দন)
পরিমানি নক = পরিমা নক	(পড়ার যে ঘর = পড়ারঘর)
হাঅ কীরাইজাক = হাকীরাই	(ভূমিতে পতিত = ভূ-পতিত)

➔ **৪) *মুঙগরন ককথাই মানজু* (কর্মধারয় সমাস) ঃ**

যে *ককথাইমানজু*-তে প্রথম *ককথাই*-টি দ্বিতীয় *ককথাই*-টির গরন বা বিশেষণরূপে অবস্থান করে এবং দ্বিতীয় *ককথাই*-টির অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাহাকে ***মুঙগরন ককথাইমানজু*** বা কর্মধারয় সমাস বলে। নিম্নে কয়েকটি *'মুঙগরন ককথাইমানজু'* ও তাহাদের বাংলা অর্থ পাশাপাশি প্রদত্ত হইল ঃ

ককবরক	বাংলা অর্থ
বুদুল বুদুলখে মায় = মায়দুল	(মুষ্টি পরিমান যে অন্ন = অন্নমুষ্টি)
কীচাং মায় = মায়কীচাং	(ঠাণ্ডা যে ভাত = ঠাণ্ডাভাত)
কাহাম বরক = বরক কাহাম	(ভাল যে মানুষ = ভালমানুষ)
বিরনাই জাত খুঙ = বিরখুঙ	(উড়ে যে জাহাজ = উড়োজাহাজ)
বিরীই চানাই বরক = বিরনাইসা	(ভিক্ষা বৃত্তি যাহার = ভিক্ষুক)
কুপুলীঙ হর = হপুঙ	(সমগ্র রাতব্যাপী = রাতব্যাপী)
কুপুলীঙ সাল = সাপুঙ	(সমগ্র দিবসব্যাপী = দিবসব্যাপী)
জতনি কতর বায় = বায়কতর	(বড় যে দিদি = বড়দি)
জতনি কতর দারা = দাকতর	(বড় যে দাদা = বড়দা)
জতনি চিকন দারা = দাচিকন	(ছোট যে দাদা = ছোড়দা)
রাঙ-রি কীরীই বরক = বিগ্রাসা	(কানাকড়ি নাই যাহার = দরিদ্র)

ককবরক	বাংলা অর্থ
হুলজাক মস' = মস' হলজাক	(বাটা যে মরিচ = বাটামরিচ)
হুলজাক সীতীয় = সীতীয় হুলজাক	(বাটা যে হলুদ = হলুদবাটা)
তুংজাক তীয় = তীয়কীতুং	(গরম যে জল = গরমজল)
অক্রা ফীরীঙনাই = ফীরীনাই অক্রা	(প্রধান যে শিক্ষক = প্রধানশিক্ষক)

➔ ৫) ***সীকাঙফাঙ ককথাইমানজু*** **(অবয়ীভাব সমাস) ঃ**

যে *ককথাইমানজু*-তে পূর্বপদ *'মুঙরীক'* এবং পরপদ *'হালকবনাই'* কিন্তু অর্থে পূর্বপদ বা *সীকাঙ ককথাই*-এরই প্রধান্য প্রতীয়মান হয়, তাহাকে ***সীকাঙফাঙ ককথাইমানজু*** বা অব্যয়ীভাব সমাস বলে। নিম্নে কয়েকটি *সীকাঙফাঙ ককথাইমানজু* ও তাদের বাংলা অর্থ ডানপাশে প্রদত্ত হইল ঃ

ককবরক	বাংলা অর্থ
থীয়াঁই থাংয়াসাক = থীয়াসাক	(মৃত্যু না হওয়া পর্যন্ত = আমৃত্যু)
থাঙগীই তঙসাক = থাঙ তঙসাক	(জীবিত থাকা পর্যন্ত = আজীবন)
চাথাই কীরীই = মা চায়া	(খাদ্যের অভাব = খাদ্যাভাব)
চেরায়ফাঙনি সিমি = চেরায়ফাঙসিনি	(বাল্য হইতে = আবাল্য)
আচায় দ্রপনি সিমি = আচায়ফাঙসিনি	(জন্ম হইতে = আজন্ম)
নক বুরুম বুরুম নক থীগীই	(বাড়ী বাড়ী = প্রতিবাড়ী)
সাল বুরুম বুরুম = সালথীগীই	(রোজ বোজ = হররোজ)
জেলা জেলাঅ জেলা থীগীই	(জেলায় জেলায় = প্রতিজেলা)
পাই থাংয়াসাক = পাইয়াসাক	(শেষ না হওয়া পর্যন্ত = অশেষ)
য়াফাঙনি সিমি বুচুক = য়াফাঙবুচুক	(আগা হইতে গোরা পর্যন্ত = আগাগোরা
জে মানমা আমসীক = মানমাসীক	(সাধ্যকে অতিক্রম না করে = যথাসাধ্য)
জে মুচুঙমা আমসীক = মুচুঙমাসীক	(ইচ্ছাকে অতিক্রম না করে = যথেচ্ছ)

সপ্তম অধ্যায়

বীখাক উলসিনি

বেদেক পুইলা (প্রথম পরিচ্ছেদ)

খীলায় জরা (ক্রিয়ার কাল) [Tense of the Verb]

'খীলায়' কথাটির অর্থ ক্রিয়া অর্থাৎ কার্য। প্রতিটি কার্য-ই কোন না কোন সময়ে সম্পাদিত হইয়া থাকে। ক্রিয়া যে সময়ে সম্পাদিত হয় অর্থাৎ ক্রিয়া সম্পাদনের সময়কেই বলা হয় *খীলায় জরা* বা ক্রিয়ার কাল।

বাংলা বা ইংরেজীর ন্যায় ককবরকেও *খীলায় জরা* বা ক্রিয়ার কাল তিন প্রকার। যথা —

- (১) *আঁংতঙ জরা* (বর্তমান কাল)
- (২) *আঁংথাং জরা* (অতীত কাল)
- (৩) *আঁংনাই জরা* (ভবিষ্যৎ কাল)

ককবরক ভাষায় ব্যবহৃত সকল প্রকার বাক্যই উপরে উল্লেখিত তিনটি *জরা* বা কালের কোন না কোনটিতে ঘটে এবং সেই অনুযায়ী ক্রিয়ার কাল নির্ধারিত হইয়া থাকে। নীচে একটি ছকের সাহায্যে বিষয়টি আরও পরিস্কার ভাবে বুঝানো হইল।

আঁংতঙ জরা	*আঁংথাং জরা*	*আঁংনাই জরা*
১। *পামতীয় পড়িঅ* (পামতীয় পড়ে)	১। *পামতীয় পড়িখা* (পামতীয় পড়িয়াছে)	১। *পামতীয় পড়িনাই* (পামতীয় পড়িবে)
২। *ব চাঅ* (সে খায়)	২। *ব চাখা* (সে খাইয়াছে)	২। *ব চাউনী* (সে খাইবে)
৩। *সামপারি ফায়* (সামপারি আসে)	৩। *সামপারি ফায়মানি* (সামপারি আসিয়াছিল)	৩। *সামপারি ফায়নাই* (সামপারি আসিবে)

উপরে তিনটি উদাহরণ লক্ষ্য করিলে দেখা যায় যে, একই কাজ সময় ভেদে সম্পাদিত হওয়ায় ভিন্ন ভিন্ন *জরা*-য় বিভক্ত হইয়াছে।

(১) *ঔংতঙ জরা* (বর্তমান কাল)

[Present Tense]

সাধারণতঃ বর্তমানে কোন কার্য হয়, হইয়া থাকে বা হইতেছে এইরূপ বুঝাইলে *খীলায়*-এর ***ঔংতঙ জরা*** হয়। এই *'ঔংতঙ জরা'* আবার দুই প্রকার। যথা —

- ক) ***কালনি ঔংতঙ জরা*** (সাধারণ বর্তমান কাল)
- খ) ***ঔংগীই তঙমা জরা*** (ঘটমান বর্তমান কাল)

নিম্নে এই দুইটি *জরা* সম্বন্ধে পৃথক পৃথক ভাবে আলোচনা করা হইল ঃ

ক) *কালনি ঔংতঙ জরা* (সাধারণ বর্তমান কাল)

[Present Indefinite Tense]

বর্তমানে কোন কার্য সম্পাদিত হইতেছে বুঝাইলে কিন্তু কখন সম্পাদিত হইতেছে তাহা নির্দিষ্ট না থাকিলে *খীলায়*-এর ***কালনি ঔংতঙ জরা*** বা সাধারণ বর্তমান কাল হয়। নিম্নে উদাহরণের সাহায্যে বিষয়টি বুঝানো হইল ঃ

➔ ***ইঁ ককবীতাং*** **(Affirmative Sentence)** ঃ

ক) সামপারি ভাত খায় — *সামপারি মায় চাঅ (সাকীলাইমুঙ)*

খ) অমিয়া ভাত খায়কি — *অমিয়া মায় চাদে চা? (সীংমুঙ)*

গ) সে এইদিকে আসুক--- *ব য়াংগ ফায়থুন (মুচুঙমুঙ)*

ঘ) অনিল ঐদিকে যাও — *অনিল আয়াং থাংদি (দাগিমুঙ)*

ঙ) কত সুন্দর ফুল! — *বীসীক নায়থক খুম! (কীমাঙমুঙ)*

➔ ***ইঁহি ককবীতাং*** **(Negative Sentence)** ঃ

ক) সামপারি ভাত খায় না — *সামপারি মায় চায়া।*

খ) অমিয়া কি ভাত খায় না — *অমিয়া মায় চায়াদে?*

গ) সে যেন এইদিকে না আসে — *ব য়াং তা ফায়ংথুন।*

ঘ) অনিল ঐদিকে যাইও না — *অনিল আয়াং তা থাংদি।*

ঙ) হায় ভগবান! আমার দুর্দশার অন্ত নাই— *অ কীপাল! আনি বিয়ালনি থাগমুঙ কীরাই।*

সিথাই (জ্ঞাতব্য) ঃ ক) সাধারণ বর্তমান কালে হ্যাঁসূচক সরল বাক্যে *খীলায়* (ক্রিয়া) -এর সহিত *'অ'* এবং নাসূচক সরল বাক্যে *'য়া'* বসে।

খ) সাধারণ বর্তমান কালে প্রশ্নবোধক হ্যাঁসূচক বাক্যে *খীলায়* (ক্রিয়া)-এর প্রথম উচ্চারিত ধ্বনির সহিত *'দে'* ও পরে আবার সম্পূর্ণ ক্রিয়াটি বসে এবং নাসূচক বাক্যে *খীলায়* (ক্রিয়া)-এর সহিত কেবলমাত্র *'য়াদে'* বসে।

গ) সাধারণ বর্তমান কালে ইচ্ছা প্রকাশার্থে হ্যাঁসূচক বাক্যে *খীলায়* (ক্রিয়া)-এর সহিত (**'উক'** প্রত্যয়ের জন্য) ***থুন*** বা ***থুং*** বসে। অপরদিকে নাসূচক বাক্যে *খীলায়*-এর পূর্বে *'তা'* এবং পরে ***থুন*** বা ***থুং*** বসে।

ঘ) সাধারণ বর্তমান কালে অনুজ্ঞাসূচক হ্যাঁবাচক বাক্যে *খীলায়*-এর সহিত *'দি* এবং নাবাচক বাক্যে *খীলায়*-এর পূর্বে *'তা'* ও পরে *'দি'* বসে।

খ) *আঁংগীই তঙমা জরা* (ঘটমান বর্তমান কাল)

[Present Continuous Tense]

বর্তমানে কোন কার্য চলিতেছে অর্থাৎ যাহা আরম্ভ হইয়াছে কিন্তু এখনও শেষ হয় নাই এইরূপ বুঝাইলে *খীলায়* (ক্রিয়া)-এর ***আঁংগীই তঙমা জরা*** হয়। এই *জরা*-য় বাংলা বাক্যে ক্রিয়া পদের সহিত 'ইতেছি' 'ইতেছ' 'ইতেছে' বা 'ইতেছেন' ইত্যাদি যুক্ত থাকে। যেমন —

➔ ***ইঁ ককবীতাং*** **(Affirmative Sentence)** ঃ

ক) সামপারি ভাত খাইতেছে — *সামপারি মায় চাইতঙগ।*

খ) অমিয়া ভাত খাইতেছে কি? — *অমিয়া মায় চাউইদে তঙ?*

গ) সে এইদিকে আসিতে থাকুক — *ব য়াং ফায় তঙথুন।*

ঘ) অনিল যাইতে থাকো — *অনিল থাং তঙদি।*

➔ ***ইঁহি ককবীতাং*** **(Negative Sentence)** ঃ

ক) সামপারি ভাত খাইতেছে না — *সামপারি মায় চাইতঙযা।*

খ) অমিয়া কি ভাত খাইতেছে না — *অমিয়া মায় চাই তঙয়াদে?*

গ) সে যেন এইদিকে না আসিতে থাকে — *ব য়াং তা ফায় তঙথুন।*

ঘ) অনিল তুমি এইদিকে আসিতে থাকো না — *অনিল নীঙ য়াং তা ফায়তঙদি।*

সিথাই (জ্ঞাতব্য) ঃ ক) ঘটমান বর্তমান কালে সরল হ্যাঁসূচক বাক্যে *খীলায়* (ক্রিয়া)-

এর সহিত *'উই/আই/ই'* ও পরে *'তঙগ'* বসে এবং নাসূচক বাক্যে *খীলায়* -এর সহিত *'উই/আই/ই'* ও পরে *'তঙয়া'* বসে।

খ) ঘটমান বর্তমান কালে প্রশ্নবোধক হ্যাঁসূচক বাক্যে *খীলায়* (ক্রিয়া)-এর সহিত *'উইদে/আইদে/ইদে'* ও পরে *'তঙ'* বসে এবং নাসূচক বাক্যে *খীলায়*-এর সহিত *'উই/আই/ই'* ও পরে *'তঙয়াদে'* বসে।

গ) ঘটমান বর্তমান কালে ইচ্ছা প্রকাশার্থে হ্যাঁসূচক বাক্যে *খীলায়*-এর সহিত *উই/আই/ই* ও পরে *'তঙথুন'* বসে এবং নাসূচক বাক্যে *খীলায়*-এর সহিত *'উই তঙথুন/আই তঙথুন/ই তঙথুন'* বসে।

ঘ) ঘটমান বর্তমান কালে অনুজ্ঞাসূচক হ্যাঁবাচক বাক্যে *খীলায়*-এর সহিত *'আই/উই/ই'* ও পরে *'তঙদি'* বসে এবং নাবাচক বাক্যে *খীলায়*-এর পূর্বে *'তা'* ও পরে *'উই তঙদি/আই তঙদি/ই তঙদি'* বসে।

(২) *আঁংথাং জরা* (অতীত কাল)

[Past Tense]

যে-কার্য সম্পূর্ণরূপে সমাপ্ত হইয়াছে বা অতীতে সম্পাদিত হইয়াছে ককবরকে তাহা *আঁংথাং জরা* হয়। এই *আঁংথাং জরা* আবার দুই প্রকার। যথা —

ক) *কালনি আঁংথাং জরা* (সাধারণ অতীত কাল)

[Past Indefinite Tense]

কোন কার্য অতীতে হইয়াছিল বা এইমাত্র সমাপ্ত হইয়াছে এইরূপ বুঝাইলে *খীলায়* (ক্রিয়া)-এর *কালনি আঁংথাং জরা* হয়।

এই *জরা* (কাল)-য় বাংলা বাক্যে ক্রিয়াপদের শেষে 'ইয়াছি', 'ইয়াছ', 'ইয়াছে', 'ইয়াছেন' অথবা 'ইলাম', 'ইলে', 'ইল' বা 'ইলেন' যুক্ত থাকে। যেমন — আমি খাইয়াছি, তুমি করিয়াছ, সে দেখিয়াছে, তিনি পড়িয়াছেন ইত্যাদি।

এই ধরণের হ্যাঁসূচক বাংলা বাক্যগুলিকে ককবরকে অনুবাদ করিবার সময় *খীলায়* (ক্রিয়া)-এর সহিত *'খা/কা'* বসে। যেমন —

➔ ***ইঁ ককবীতাং* (Affirmative Sentence) ঃ**

ক) আমি খাইয়াছি — *আঙ চাখা।*

খ) তুমি গান গাইয়াছ — *নীঙ রীচাবমুঙ রীচাবখা।*

গ) সে একটি পাখি দেখিয়াছে — *ব তক মাসা নুগখা।*

ঘ) তিনি বই পড়িলেন — *ব বই পরিখা*।

ঙ) আমরা খেলিয়াছি — *চাঁও থুঙলাইখা*।

সিথাই (জ্ঞাতব্য) ঃ ক) বাংলায় পুরাঘটিত বর্তমান কালকে ককবরকে সাধারণ অতীত কাল ধরা হয়।

খ) পরস্পর মিলে কোন কার্য করা বুঝাইলে ককবরকে মূল ক্রিয়াপদের সঙ্গে *'লাই'* বসে পরে অন্যান্য চিহ্ন যুক্ত হয়।

সাধারণ অতীত কালে বাংলা বাক্যে ক্রিয়াপদের শেষে আবার 'ইয়াছিলাম', 'ইয়াছিলে', 'ইয়াছিল' বা 'ইয়াছিলেন' ইত্যাদিও যুক্ত থাকে। যেমন — আমি খাইয়াছিলাম; তুমি করিয়াছিলে; সে দেখিয়াছিল; তিনি বই পড়িয়াছিলেন ইত্যাদি।

এই ধরণের বাংলা বাক্যকে ককবরকে অনুবাদ করিবার সময় *খীলায়* (ক্রিয়া)-এর শেষে *'মানি'* যুক্ত হয়। যেমন —

➔ ***ইঁ ককবীতাং* (Affirmative Sentence) ঃ**

ক) আমি খাইয়াছিলাম — *আঙ চামানি*।

খ) তুমি করিয়াছিলে — *নীঙ খীলায়মানি*।

গ) সে দেখিয়াছিল — *ব নুগমানি*।

ঘ) তিনি বই পড়িয়াছিলেন — *ব পুথি পরিমানি*।

ঙ) তাহারা বল খেলিয়াছিল — *বরগ বল থুংলাইমানি*।

সাধারণ অতীত কালে নাসূচক বাক্যকে ককবরকে অনুবাদ করিবার সময় *খীলায়* (মূল ক্রিয়া)-এর সহিত *য়াখী* বা *লিয়া* যুক্ত করিতে হয়। যেমন —

➔ ***ইঁহি ককবীতাং* (Negative Sentence) ঃ**

ক) আমি ভাত খাইনাই — *আঙ মায় চায়াখী*।

খ) তুমি এই কাজটি করনাই — *নীঙ অ সামুঙ খীলায়াখী*।

গ) সে সিনেমা দেখেনাই — *ব সিনেমা নায়াখী*।

ঘ) তিনি বই পড়েননাই — *ব পুথি পরিলিয়া*।

ঙ) তাহারা বল খেলেনাই — *বরগ বল থুংলিয়া*।

অতীত কালে সম্ভবতঃ কোন কার্য করা হয় নাই এইরূপ বুঝাইলে ক্রিয়াপদের সবশেষে একটি 'না' যুক্ত হয়। যেমন —

➔ ***ইঁহি ককবীতাং* (Negative Setence) ঃ**

ক) বিমল সম্ভবতঃ আসে নাই — *বিমল ফায়াখীনা।*

খ) সে হয়ত সিনেমা দেখেনাই — *ব সিনেমা নায়াখীনা।*

গ) তাহারা হয়ত বল খেলেনাই — *বরগ বল থুংলিয়ানা।*

খ) ঔংগীই থাং জরা (ঘটমান অতীত কাল)

[Past Continuous Tense]

অতীতে কোন কার্য কিছু সময় যাবৎ ঘটিতেছিল বা চলিতেছিল এরূপ বুঝাইলে ***ঔংগীই থাং জরা*** বা ঘটমান অতীত কাল হয়। এই *জরা* বা কালের বাংলা বাক্যে ক্রিয়াপদের শেষে 'ইতেছিলাম', 'ইতেছিলে', 'ইতেছিল' বা 'ইতেছিলেন' ইত্যাদি যুক্ত থাকে। যেমন — আমি খাইতেছিলাম; তুমি করিতেছিলে; সে দেখিতেছিল; তিনি পড়িতেছিলেন ইত্যাদি।

এই ধরণের বাংলা হ্যাঁসূচক বাক্যগুলিকে ককবরকে অনুবাদ করিবার সময় *খীলায়* (মূল ক্রিয়া)-এর সহিত ***ই/ঔই/উই*** ও পরে ***তঙমানি*** বসাইতে হয়। যেমন —

➔ **ইঁ ককবীতাং (Affirmative Sentence) ঃ**

ক) আমি আম খাইতেছিলাম — *আঙ থাইচুক চাই তঙমানি।*

খ) মাজিলতা খেলিতেছিল — *মাজিলতা থুংগীই তঙমানি।*

গ) সে হাঁটিতেছিল — *ব হিমীই তঙমানি।*

ঘ) তাহারা খেলা দেখিতেছিল — *বরগ থুংমুঙ নায়লাই তঙমানি।*

ঙ) চন্দ্রমুখী বই পড়িতেছিল — *চন্দ্রমুখী পুথি পরি তঙমানি।*

এখানে মনে রাখা প্রয়োজন যে, ঘটমান বর্তমান কালের কোন বাক্যে যদি অতীতসূচক কোন শব্দ ব্যবহৃত হয় তবে ঐ বাক্যটি স্বয়ংক্রীয় ভাবে ঘটমান অতীত কালে রূপান্তরিত হইয়া যায়। যেমন —

➔ ***ইঁ ককবীতাং* (Affirmative Sentence) ঃ**

ক) সামপারি তখন ভাত খাইতেছিল — *সামপারি আফুরু মায় চাই তঙগ।*

খ) কিছুক্ষণ পূর্বে আমি হাঁটিতেছিলাম — *তাইছিংগ আঙ হিমীই তঙগ।*

অতীত সূচিত করে এইরূপ শব্দযুক্ত বাক্যগুলিকে নাসূচক বাক্যে রূপান্তরিত করিবার জন্য *খীলায়* (ক্রিয়া)-এর সহিত ***'ঔই/উই/ই'*** ও পরে ***'তঙয়া'*** বসে। যেমন —

ক) সামপারি তখন ভাত খাইতেছিল না — *সামপারি আফুরু মায় চাই তঙয়া।*

খ) কিছুক্ষণ পূর্বে আমি হাঁটিতেছিলাম না — *তাইছিংগ আঙ হিমাই তঙয়া*।

৩) *আঁংনাই জরা* (ভবিষ্যৎ কাল)

[Future Tense]

পরবর্তী সময়ে কোন কার্য হইবে, ঘটিবে, চলিবে বা চলিতে থাকিবে এইরূপ বুঝাইলে *খীলায়*-এর ***আঁংনাই জরা*** বা ভবিষ্যৎ কাল হয়। এই *'আঁংনাই জরা'* আবার দুই প্রকার। যথা —

- ক) ***কালনি আঁংনাই জরা*** (সাধারণ ভবিষ্যৎ কাল)
- খ) ***আঁংগাই তঙনাই জরা*** (ঘটমান ভবিষ্যৎ কাল)

নিম্নে উহাদের সম্বন্ধে আলোচনা করা হইল ঃ

ক) *কালনি আঁংনাই জরা* (সাধারণ ভবিষ্যৎ কাল)

[Future Indefinite Tense]

ভবিষ্যতে কোন কার্য হইবে বা ঘটিবে এইরূপ বুঝাইলে *খীলায়* (ক্রিয়া)-এর কালনি ***আঁংনাই জরা*** বা সাধারণ ভবিষ্যৎ কাল হয়। এই কালে বাংলা বাক্যে ক্রিয়াপদের সহিত **'ইব', 'ইবে'**, বা **'ইবেন'** যুক্ত থাকে। যেমন— আমি খাইব; তুমি দেখিবে; তিনি আসিবেন ইত্যাদি।

এই ধরণের বাংলা হ্যাঁসূচক বাক্যকে ককবরকে অনুবাদ করিবার সময় *খীলায়* (মূল ক্রিয়া)-এর সহিত *'নাই/আনী/উানী'* ইত্যাদি বসাইতে হয়। যেমন —

➔ ***ইঁ ককবীতাং*** **(Affirmative Sentence) ঃ**

ক) আমি যাইব — *আঙ থাংনাই*।

খ) খুমপুই বাজারে যাইবে — *খুমপুই হাতিঅ থাংগানী*।

গ) বিমল চাঁদ দেখিবে — *বিমল তাল নায়ানী*।

ঘ) কসমতি ভাত খাইবে — *কসমতি মায় চাউানী*।

ঙ) কসমরায় কাজটি করিবে — *কসমরায় ম সামুঙ খীলায়নাই*।

সাধারণ ভবিষ্যৎ কালে নাসূচক বাক্যকে ককবরকে অনুবাদ করিবার সময় *খীলায়* বা মূল ক্রিয়া সহিত কেবল *'গীলাক'* যুক্ত করিতে হয়। যেমন —

➔ ***ইঁহি ককবীতাং*** **(Negative Sentence) ঃ**

ক) আমি যাইব না — *আঙ থাংগীলাক*।

খ) খুমপুই বাজারে যাইবে না — *খুমপুই হাতিঅ থাংগীলাক।*

গ) বিমল চাঁদ দেখিবে না — *বিমল তাল নায়গীলাক।*

ঘ) কসমতি ভাত খাইবেনা — *কসমতি মায় চাগীলাক।*

ঙ) কসমরায় কাজটি করিবে না — *কসমরায় ম সামুঙ খীলায়গীলাক।*

খ) *আঁংগীই তঙনাই জরা* (ঘটমান ভবিষ্যৎ কাল)

[Future Continuous Tense]

ভবিষ্যতে কোন কার্য চলিতে থাকিবে বা ঘটিতে থাকিবে এইরূপ বুঝাইলে *খীলায়*-এর ***আঁংগীই তঙনাই জরা*** বা ঘটমান ভবিষ্যৎ কাল হয়। এই কালে বাংলা বাক্যে ক্রিয়াপদের শেষে '-ইতে থাকিব', '-ইতে থাকিবে', '-ইতে থাকিবেন', ইত্যাদি যুক্ত থাকে। যেমন — আমি যাইতে থাকিব; সে দেখিতে থাকিবে; তিনি হাটিতে থাকিবেন ইত্যাদি।

এই ধরণের বাংলা হ্যাঁসূচক বাক্যকে ককবরকে অনুবাদ করিবার সময় *খীলায়*-এর সহিত '***ই/আঁই/উই***'ও পরে *'তঙনাই/তঙগানী'* ইত্যাদি বসাইতে হয়। যেমন —

➔ ***ইঁ ককবীতাং*** **(Affirmative Sentence) ঃ**

ক) আমি যাইতে থাকিব — *আঙ থাংগীই তঙনাই।*

খ) তুমি যাইতে থাকিবে — *নীঙ থাংগীই তঙনাই।*

গ) সে হাঁটিতে থাকিবে — *ব হিমীই তঙগানী।*

ঘ) তিনি পড়িতে থাকিবেন — *ব পড়িউই তঙগানী।*

ঙ) আমরা খেলিতে থাকিব — *চীঙ থুংলাই তঙনাই।*

ঘটমান ভবিষ্যৎ কালে নাসূচক বাংলা বাক্যকে ককবরকে অনুবাদ করিবার সময় *খীলায়* বা মূল ক্রিয়ার সহিত ***'ই/উই/আঁই'***ও পরে ***'তঙগীলাক'*** বসে। যেমন —

➔ ***ইঁহি ককবীতাং*** **(Negative Sentence) ঃ**

ক) আমি যাইতে থাকিব না — *আঙ থাংগীই তঙগীলাক।*

খ) তুমি খাইতে থাকিবে না — *নীঙ চাই তঙগীলাক।*

গ) সে হাঁটিতে থাকিবে না — *ব হিমীই তঙগীলাক।*

ঘ) তিনি পড়িতে থাকিবেন না — *ব পরি তঙগীলাক।*

ঙ) আমরা খেলিতে থাকিব না — *চীঙ থুং তঙগীলাক।*

সিথাই **(জ্ঞাতব্য) ঃ** কখনও কখনও মূল ক্রিয়ার সঙ্গে **'ই/আঁই/উই'** উহ্য থাকে।

বেদেক উলনীয় (দ্বিতীয় পরিচ্ছেদ)

সীংমুঙ ককবীতাং (প্রশ্নসূচক বাক্য)
[Interrogative Sentence]

কাল অনুসারে প্রশ্নসূচক বাক্যকে কিভাবে অনুবাদ করিতে হয় এই পরিচ্ছেদে এই বিষয়ে বিশেষ আলোচনা করা হইয়াছে।

(১)

কালনি ঔংতঙ জরা, ঔংথাং তেই ঔংনাই জরা
[Present, Past and Future Indefinite Tense]

(অ)

➔ *ইঁ ককবীতাং* (**Affirmative Sentence**) ঃ

তুমি কি অসীম — *নীঙ অসীম দে?*

তুমিই কি অসীম — *নীঙদে অসীম?*

তোমার নাম কি অসীম — *নিনি মুঙ অসীমদে?*

তোমার নামই কি অসীম — *নিনি মুঙদে অসীম?*

তুমি কি পড় — *নীঙ পদে পরি?*

তুমিই কি পড় — *নীঙদে পরি?*

তুমি কি রামায়ন পড় — *নীঙ রামায়নদে পরি?*

তুমি রামায়ন পড় কি — *নীঙ রামায়ন পদে পরি?*

➔ *ইঁহি ককবীতাং* (**Negative Sentence**) ঃ

তুমি কি অসীম নও — *নীঙ অসীময়াদে?*

তুমি নও কি অসীম — *নীঙ য়াদে অসীম?*

তোমার নাম কি অসীম নয় — *নিনি মুঙ অসীময়াদে?*

তোমার নাম নয় কি অসীম — *নিনি মুঙয়াদে অসীম?*

তুমি কি পড় না — *নীঙ পরিয়াদে?*

তুমিই কি পড় না — *নীঙদে পরিয়া?*

তুমি কি রামায়নই পড় না — *নীঙ রামায়নদে পরিয়া?*

তুমি রামায়ন কি পড় না — *নীঙ রামায়ন পরিয়াদে?*

সিথাই (জ্ঞাতব্য) ঃ ক) ককবরকে *'দে'* জিজ্ঞাসাসূচক চিহ্ন। জিজ্ঞাস্য ব্যক্তি, বস্তু, স্থান, কাল, পাত্র, ক্রিয়া বা সর্বনামের সহিত হ্যাঁসূচক বাক্যে ব্যবহৃত হয়।

খ) সাধারণ বর্তমান কালে প্রশ্নবোধক হ্যাঁসূচক বাক্যে ক্রিয়া সম্পর্কে জিজ্ঞাসা করা হইলে *খীলায়* (মূল ক্রিয়া)-এর প্রথম উচ্চারিত ধ্বনির সহিত *'দে'*ও পরে সম্পূর্ণ *খীলায়*-টি ব্যবহার করা হয়।

গ) ককবরকে *'য়াদে'* নাবোধক জিজ্ঞাসাসূচক চিহ্ন। জিজ্ঞাস্য ব্যক্তি, বস্তু, স্থান, কাল, পাত্র, ক্রিয়া বা সর্বনামের পরে বসে।

(আ)

➤ ***ইঁ ককবীতাং* (Affirmative Sentence) ঃ**

তোমার কি কোন বই আছে — *নিনি কুনু পুথিদে তঙ?*

তাহার সাইকেল আছে কি — *বিনি সাইকেল ত-তঙ?*

কসমতির কলম আছে কি — *কসমতিনি কলম ত-তঙ?*

➤ ***ইঁহি ককবীতাং* (Negative Sentence) ঃ**

তোমার কি কোন বই নাই — *নিনি কুনু পুথি কীরীইদে?*

তাহার কি সাইকেল নাই — *বিনি সাইকেল কীরীইদে?*

কসমতির কি কলম নাই — *কসমতিনি কলম কীরীইদে?*

সিথাই (জ্ঞাতব্য) ঃ ক) সাধারণ বর্তমান কালে হ্যাঁবাচক প্রশ্নসূচক বাক্যে *খীলায়* (ক্রিয়া) -এর প্রথম উচ্চারিত ধ্বণির সঙ্গে ব্যবহৃত জিজ্ঞাসাসূচক চিহ্ন *'দে'* কখনও কখনও উহ্য থাকে। যেমন — *তদে* তঙ-এর পরিবর্তে ত-তঙ।

খ) সাধারণ বর্তমান কালে নাবাচক বাক্যে কাহারও কোন বস্তু বা কিছু আছে কি নাই এরূপ জিজ্ঞাসা করিলে *'নাই'* শব্দটির জন্য *'কীরাই'* ও পরে জিজ্ঞাসাসূচক চিহ্ন *'দে'* বসে।

(ই)

➔ ***ইঁ ককবীতাং* (Affirmative Sentence) ঃ**

খেলাংতি কি আসিয়াছে — *খেলাংতি ফা (দে) ফায়কা?*

সে কি বাড়ীতে গিয়াছে — *ব নগ' থা (দে) থাংকা?*

তাহারা কি ভাত খাইয়াছে — *বরগ মায় চা (দে) চাখা?*

➔ ***ইঁহি ককবীতাং* (Negative Sentence) ঃ**

খেলাংতি কি আসে নাই — *খেলাংতি ফায়াখীদে?*

সে কি বাড়ীতে যায় নাই — *ব নগ' থাংয়াখীদে?*

তাহারা কি ভাত খায় নাই — *বরগ মায় চায়াখীদে?*

***সিথাই* (জ্ঞাতব্য) ঃ** ক) সাধারণ অতীত কালে প্রশ্নসূচক হ্যাঁবাচক বাক্যকে ককবরকে অনুবাদ করিবার সময় *খীলায়* (ক্রিয়া)-এর প্রথম উচ্চারিত ধ্বনির সঙ্গে জিজ্ঞাসাসূচক চিহ্ন *'দে'*ও পরে সম্পূর্ণ *খীলায়* (ক্রিয়া)-টি ব্যবহার করিয়া তাহার সঙ্গে *'খা/কা'* ব্যবহার করিতে হয়। এখানে স্মরণ রাখা প্রয়োজন যে, প্রশ্নসূচক হ্যাঁবাচক বাক্যে *খীলায়*-এর প্রথম উচ্চারিত ধ্বনির সঙ্গে ব্যবহৃত *'দে'* কখনও কখনও উহ্য থাকে।

খ) সাধারণ অতীতকালে প্রশ্নসূচক নাবাচক বাক্যকে ককবরকে অনুবাদ করিবার সময় *খীলায়* (মূল ক্রিয়া)-টিকে একবার উল্লেখ করিয়া তাহার সহিত *'য়াখীদে/লিয়াদে* যুক্ত করিতে হয়।

(ঈ)

➔ ***ইঁ ককবীতাং* (Affirmative Sentence) ঃ**

আপনি কি ভাত খাইবেন — *নীঙ মায় চাদে চানী?*

তুমি গান গাইবে কি — *নীঙ রীচাবমুঙ রীচাবনাইদে?*

সে এখানে আসিবে কি — *ব অর' ফায়নাইদে?*

➔ ***ইঁহি ককবীতাং* (Negative Sentence) ঃ**

আপনি কি ভাত খাইবেন না — *নীঙ মায় চাগীলাকদে?*

তুমি কি গান গাইবে না — *নীঙ রীচাবমুঙ রীচাবগীলাকদে?*

সে কি এখানে আসিবে না — *ব অর' ফায়গীলাকদে?*

সিথাই (জ্ঞাতব্য) ঃ ক) সাধারণ ভবিষ্যৎ কালে প্রশ্নসূচক হ্যাঁবাচক বাক্যকে ককবরকে অনুবাদ করিবার সময় *খীলায়* (ক্রিয়া)-এর প্রথম উচ্চারিত ধ্বনির সহিত *'দে'*ও পরে সম্পূর্ণ ক্রিয়াটির সহিত কালের চিহ্ন *'নু/উানী/নাই'* অথবা,

ককচীলীয় বা ধাতুটি কেবলমাত্র একবার ব্যবহার করিয়া তাহার সহিত *'নাদে'*বা *'নাইদে'*যুক্ত করিতে হয়। যেমন — খাইবে কি — *চানাদে?* দেখিবে কি — *নায়নাইদে?* ইত্যাদি।

খ) সাধারণ ভবিষ্যৎ কালের প্রশ্নসূচক নাবাচক বাক্যকে ককবরকে অনুবাদ করিবার সময় ধাতুটির সহিত *'গীলাকদে'* বসাইতে হয়।

২

অীংগীইতঙ, অীংগীইথাং তাই অীংগীই তঙনাই জরা

[Present, Past and Future Continuous Tense]

(অ)

➔ ***ইঁ ককবীতাং* (Affirmative Sentence) ঃ**

আপনি কি ঘুমাইতেছেন — *নীঙ থুউইদে তঙ?*

তুমি কি পড়িতেছ — *নীঙ পরিউইদে তঙ?*

তাহারা কি খেলিতেছে — *বরগ থুংলাইদে তঙ?*

➔ ***ইঁহি ককবীতাং* (Negative Sentence) ঃ**

আপনি কি ঘুমাইতেছেন না — *নীঙ থুউই তঙয়াদে?*

তুমি কি পড়িতেছ না — *নীঙ পরিউই তঙয়াদে?*

তাহারা কি খেলিতেছে না — *বরগ থুংলাই তঙয়াদে?*

সিথাই (জ্ঞাতব্য) ঃ ক) ঘটমান বর্তমান কালে প্রশ্নসূচক হ্যাঁবাচক বাক্যে *খীলায়* (ক্রিয়া) -এর সহিত *'ইদে/উইদে/অীইদে'* ও পরে *'তঙ'*বসে।

খ) ঘটমান বর্তমান কালে প্রশ্নসূচক নাবাচক বাক্যকে ককবরকে অনুবাদ করিবার সময় *খীলায়* (ক্রিয়া)-এর সহিত *'ই/অীই/উই'*ও পরে *'তঙয়াদে'*বসে।

(আ)

➔ ***ইঁ ককবীতাং* (Affirmative Sentence) ঃ**

টিংকু কি পড়িতেছিল — *টিংকু পরিউইদে তঙমানি?*

তুমি কি সিনেমা দেখিতেছিলে — *নীঙ সিনেমা নায়ীইদে তঙমানি?*

অভি কি হাঁটিতেছিল — অভি হিমীইদে তঙমানি ?

➔ ***ইঁহি ককবীতাং* (Negative Sentence) ঃ**

টিংকু কি তখন পড়িতেছিল না — *টিংকু আফুরু পরিই তঙয়াদে?*

তুমি কি গতকাল সিনেমা দেখিতেছিলে না — *নীঙ মিয়া সিনামা নায় তঙয়াদে?*

অভি কি সকালে হাঁটিতেছিল না — *অভি ফুঙগ হিমীই তঙয়াদে?*

সিথাই* (জ্ঞাতব্য) ঃ** ক) ঘটমান অতীতকালে প্রশ্নসূচক হ্যাঁবাচক বাক্যকে ককবরকে অনুবাদ করিবার সময় *খীলায়*-এর সহিত ***'ইদে/আইদে/উইদে' ও পরে ***'তঙমানি'*** বসাইতে হয়।

খ) ঘটমান অতীতকালে প্রশ্নসূচক নাবাচক বাক্যকে ককবরকে অনুবাদ করিবার সময় বাক্যটিতে অতীতসূচক কোন শব্দ (যেমন —গতকাল, গত পরশু, তখন ইত্যাদি) ব্যবহার করিয়া *খীলায়*-এর সহিত ***'ই/আই/উই'*** ও পরে ***'তঙয়াদে'*** বসাইতে হয়।

(ই)

➔ ***ইঁ ককবীতাং* (Affirmative Sentence) ঃ**

করমতি কি ভাত খাইতে থাকিবে — *করমতি মায় চাইদে তঙনাই?*

তপন কি ঘুমাইতে থাকিবে — *তপন থুউইদে তঙনাই?*

তুমি কি লিখিতে থাকিবে — *নীঙ সীয়াইদে তঙগানী?*

➔ ***ইঁহি ককবীতাং* (Negative Sentence) ঃ**

করমতি কি ভাত খাইতে থাকিবে না — *করমতি মায় চাই তঙগীলাকদে?*

তপন কি ঘুমাইতে থাকিবে না — *তপন থুউই তঙগীলাকদে?*

তুমি কি লিখিতে থাকিবে না — *নীঙ সীয়াই তঙগীলাকদে?*

সিথাই* (জ্ঞাতব্য) ঃ** ক) ঘটমান ভবিষ্যৎ কালে প্রশ্নসূচক হ্যাঁবাচক বাক্যে *খীলায়* (ক্রিয়াপদ)-এর সহিত ***'ইদে/উইদে/আইদে'ও পরে ***'তঙনাই/তঙগানী'*** বসে।

খ) ঘটমান ভবিষ্যৎ কালের প্রশ্নসূচক নাবাচক বাক্যে *খীলায়*-এর সহিত ***'ই/উই/আই'***ও পরে ***'তঙগীলাকদে'*** বসে।

বেদেক উলথাম (তৃতীয় পরিচ্ছেদ)

সীং ককথাই কিচাসীক

(কয়েকটি প্রশ্নসূচক শব্দ)

সীবা/সাব'(কে; **Who**)

তিনি কে — *ব সীবা?*

তাহারা কারা — *বরগ সীবা?*

আপনারা কে — *নরগ সাব'?*

সীবান'/সাবন'(কাহাকে; **Whom**)

আপনি কাহাকে চান — *নীঙ সীবান' নুহন?*

সে কাহাকে ডাকিতেছে — *ব সীবান' রিঙগাই তঙ?*

এইটি কাহাকে দিয়াছেন — *অম' সাবন' রীখা?*

সীবানি/সাবনি(কাহার; **Whose**)

এইটি কাহার বই — *ম সীবানি পুথি?*

তিনি কাহার পিতা — *ব সীবানি বুফা?*

ঐ কলমটি কাহার — *উ কলম সাবনি?*

তীমা/তাম'(কি; **What**)

তোমার নাম কি — *নিনি মুঙ তীমা?*

তাহার বাবা কি করেন — *বিনি বুফা তাম' খীলায়?*

তিনি আপনার কি হন — *ব নিনি তীমা কীলাই?*

তীমান/তামন (কোনটিকে)

তুমি কোনটাকে (কি) লইয়াছ — *নীঙ তীমান তিলাংখা?*

তিনি কোনটাকে (কি) খুঁজিতেছেন — *ব তামন নাইতুক?*

তিনি কোনটাকে (কি) চান — *ব তীমান' সান?*

তীমানি/তামনি (কিসের)

তিনি কিসের জন্য আসিলেন — *ব তীমানি বাগাই ফায়?*

এইটি কিসের জিনিস — *ম' তীমানি মানাই?*

ঐটি কিসের বই — *উম' তামনি পুথি?*

বম'/বব' (কোনটি; Which)

কোনটি তোমার গাড়ী — *বম' নিনি গাড়ি?*

এইগুলির মধ্যে কোনটি তোমার — *অবরগনি বিসিং বম' নিনি?*

কোনটি তোমার কলম — *বব' নিনি কলম?*

বমন/ববন (কোনটিকে)

তোমার কোনটাকে প্রয়োজন — *নিনি বমন' দরকার?*

আপনি কোনটাকে ভালবাসেন — *নীঙ বমন' হামজাক?*

সে কোনটাকে চায় — *ব ববন' সান?*

বমনি/ববনি (কোনটির)

কোনটার কথা বলিয়াছ — *বমনি কক সাখা?*

কোনটার জন্য নিবেন — *ববনি বাগাই তিলাংনাই?*

এইটি কোনটার অংশ — *অব' ববনি কসা?*

বুফুরু (কখন; When)

আপনি কখন যাইবেন — *নীঙ বুফুরু থাংনাই?*

তিনি কখন আসিবেন — *ব বুফুরু ফায়নাই?*

তুমি কখন আসিয়াছ — *নীঙ বুফুরু ফায়খা?*

বীক'/বিয়াং/বীর' (কোথায়; Where)

আপনি কোথায় থাকেন — *নীঙ বীর' তঙ?*

তুমি কোথায় যাও — *নীঙ বিয়াং থাং?*

কোথায়? দেখিতেছিনা তো — *বীর' নুগয়া বীলা?*

বাহাই (কেমন; How)

আপনি কেমন আছেন — *নীঙ বাহাই তঙ?*

তিনি কিরকম আছেন — *ব বাহাই তঙ?*

কেমন করিয়া আসিলেন — *বাহাইখে ফায়কা?*

বীতাই (কিরকম)

এইটি কিরকম জিনিস — *ম বীতাইজাত মানাই?*

লোকটি কি ধরনের — *ম বরক বীতাই?*

ঐটা দেখিতে কিরকম — *উম' নায়নানি বীতাই?*

তামগাই /তামাঙগাই (কেন; Why)

আপনি যান নাই কেন — *নীঙ তামগাই থাংলিয়া?*

তিনি হাসেন কেন — *ব তামাঙগাই মানায়?*

আপনারা যাইবেন না কেন — *নীরগ তামগাই থাংগীলাক?*

ব (কোন)

তিনি কোন লোকটির কথা বলিলেন — *ব ব বরকনি কক সাখা?*

তুমি কোন কলমটি নিতে চাও — *নীঙ ব-কলম তিলাংনা নায়?*

বিমল কোন কাজটি করিতে চায় — *বিমল ব-সামুঙ খীলায়না নায়?*

বেদেক উলবীরীয় (চতুর্থ পরিচ্ছেদ)

খীলায়হালক

(বাচ্য; Voice)

প্রত্যেক মানুষের কথা বলিবার ভঙ্গি একরকম নহে। তাই কথা বলিবার ধরণ, ভঙ্গি ও প্রকৃতি স্বতন্ত্র হইয়া থাকে। এই প্রকৃতি অনুসারে *তাঙফাঙ* (কর্তা) বা *তাঙজাকনাই* (কর্ম)-এর সহিত সম্বন্ধ অনুযায়ী *খীলায়* (ক্রিয়াপদ) -এর রূপভেদ ঘটিয়া থাকে। *খীলায়*-এর এই রূপভেদকে বলে ***খীলায়হালক*** বা বাচ্য। ইংরাজীতে ইহাকে বলে Voice। ককবরকে *খীলায়হালক* চার প্রকার। যথা —

- (১) *তাঙফাঙ খীলায়হালক* (কর্তৃ বাচ্য)
- (২) *তাঙজাকনাই খীলায়হালক* (কর্ম বাচ্য)
- (৩) *খা-চংমুঙ খীলায়হালক* (ভাব বাচ্য)
- (৪) *তাঙনীনীয় খীলায়হালক* (কর্তাবিহীন বাচ্য)

➤ (১) ***তাঙফাঙ খীলায়হালক* (Active Voice) ঃ**

যে-বাক্যে *তাঙফাঙ* বা কর্তা মুখ্যরূপে প্রতীয়মান হয়, তাহাকে বলে ***তাঙফাঙ খীলায়হালক*** বা কত্ৃ বাচ্য।

ক) রবীন্দ্রনাথ গীতাঞ্জলী লিখিয়াছেন — *রবীন্দ্রনাথ গীতাঞ্জলী সীয়খা*।

খ) সে ভাত খাইয়াছে — *ব মায় চাবায়খা*।

গ) তিনি আমাকে টাকা দিয়াছেন — *ব আন' রাং রীখা*।

➤ (২) ***তাঙজাকনাই খীলায়হালক* (Passive Voice) ঃ**

যে-বাক্যে *তাঙজাকনাই* বা কর্ম মুখ্যরূপে প্রতীয়মান হয়, তাহাকে বলে ***তাঙজাকনাই খীলায়হালক*** বা কর্ম বাচ্য। যেমন —

ক) রবীন্দ্রনাথ দ্বারা গীতাঞ্জলী লেখা হইয়াছে — *রবীন্দ্রনাথ বায় গীতাঞ্জলী সীয়জাগখা*।

খ) তাহার দ্বারা ভাত খাওয়া হইয়াছে — *ব বায় মায় চাজাগখা* ।

গ) তাহার দ্বারা আমাকে টাকা দেওয়া হইয়াছে — *ব বায় আন' রাং রীজাগখা*।

➔ ৩) ***খা-চংমুঙ খীলায়হালক*** (ভাব বাচ্য) ঃ

যে-বাক্যে *তাঙজাকনাই* বা কর্ম থাকে না এবং *খীলায়* (ক্রিয়াপদ)-এর অর্থ প্রধানরূপে ব্যক্ত হয়, তাহাকে বলে ***খা-চংমুঙ খীলায়হালক*** বা ভাব বাচ্য-এর বাক্য। যেমন —

ক) এইবার এইদিকে আসা হউক — *তাবুক য়াং ফায়থুন*।

খ) তাহাকেই যাইতে হইবে — *ব-ন মা থাংনাই*।

গ) তোমাকেই আসিতে হইয়াছে — *নীঙ-ন মা ফায়কা*।

➔ ৪) ***তাঙনীনীয় খীলায়হালক*** (কর্তাবিহীন বাচ্য) ঃ

যে-বাক্যে *তাঙফাঙ* বা কর্তা থাকে না এবং *তাঙজাকনাই* বা কর্ম ও *খীলায়* বা ক্রিয়াপদ উভয়েরই প্রধান্য বিদ্যমান থাকে, তাহাকে বলে ***তাঙনীনীয় খীলায়হালক*** বা কর্তাবিহীন বাচ্য। যেমন —

ক) সভা শেষ করা হইল — *পানদা মীথাকজাকখা*।

খ) কোথায় দেখা হইয়াছে — *বীর' নুগজাকখা*।

গ) ভাত রান্না হইয়াছে — *মায় সঙজাগখা*।

খীলায়হালক সীলাইমুঙ (বাচ্য পরিবর্তন)

[Voice Change]

➔ ***তাঙফাঙ খীলায়হালক*** **(Active Voice)** ঃ

ক) *আঙ চিবুক মাসা বুথারখা* (আমি একটি সর্প হত্যা করিয়াছি)।

খ) *চীঙ সিখা* (আমরা জানিয়াছি)।

গ) পুলিশ সিককন রমখা (পুলিশ চোর ধরিয়াছে)।

ঘ) *ব মায় চাখা* (সে ভাত খাইয়াছে)।

ঙ) *করমতি বই পরিখা* (করমতি বই পড়িয়াছে)।

➔ ***তাঙজাকনাই খীলায়হালক*** **(Passive Voice)** ঃ

ক) *আঙ বায় চিবুক মাসা বুথারজাকখা* (আমার দ্বারা একটি সর্প হত্যা করা হইয়াছে)।

খ) *চীঙ বায় সিজাকখা* (আমাদের দ্বারা জানা হইয়াছে)।

গ) পুলিশ বায় সিকক রমজাকখা (পুলিশ কর্তৃক চোর ধৃত হইয়াছে)।

ঘ) *ব বায় মায় চাজাকখা* (তাহার দ্বারা ভাত খাওয়া হইয়াছে)।

ঙ) *করমতি বায় বই পারিজাকখা* (করমতির দ্বারা বই পড়া হইয়াছে)।

সিথাই (জ্ঞাতব্য) ঃ ক) *তাঙফাঙ খীলায়হালক* (কর্তৃ বাচ্য) হইতে *তাঙজাকনাই খীলায়হালক* (কর্ম বাচ্য)-এ পরিবর্তন করিতে হইলে *তাঙফাঙ* (কর্তা) -এর পরে *'বায়* এবং *খীলায়* (ক্রিয়া)-এর সহিত *'জাক'* প্রত্যয় যুক্ত করিয়া তাহার সহিত প্রয়োজনীয় চিহ্ন ব্যবহার করিতে হয়।

খ) *তাঙজাকনাই খীলায়হালক* হইতে *তাঙফাঙ খীলায়হালক*-এ রূপান্তর করিতে হইলে *তাঙফাঙ*-এর পরে ব্যবহৃত *'বায়'* এবং *খীলায়*-এর সহিত ব্যবহৃত *'জাক'* প্রত্যয় তুলিয়া দিতে হইবে।

➔ ***তাঙফাঙ খীলায়হালক* (কতৃ বাচ্য) ঃ**

ক) *ব থাংনাই* (সে যাইবে)।

খ) *কসমতি থুংথুন* (কসমতি খেলা করউক)।

গ) *নীঙ আচুগদি* (আপনি বসুন)।

ঘ) *বরগ চাথুন* (তাহারা খাউক)।

ঙ) *নীরগ থাংদি* (তোমরা যাও)।

➔ ***খা-চংমুঙ খীলায়হালক* (ভাব বাচ্য) ঃ**

ক) *ব বায় থাংজাগনাই* (তার যাওয়া হইবে)।

খ) *কসমতি বায় থুংজাকথুন* (কসমতির দ্বারা খেলা হউক)।

গ) *নীঙ বায় আচুকনা আঁংথুন* (আপনার দ্বারা বসা হউক)।

ঘ) *বরগ বায় চাজাকথুন* (তাহাদের দ্বারা খাওয়া হউক)।

ঙ) *নীরগ বায় থাংনা আঁংথুন* (আপনাদের দ্বারা যাওয়া হউক)।

সিথাই (জ্ঞাতব্য) ঃ ক) কর্তৃবাচ্য হইতে ভাববাচ্যে পরিণত করিবার সময় কর্তার পরে *'বায়'* ও মূল ক্রিয়ার সহিত *'জাক'* প্রত্যয় যুক্ত করিতে হইবে।

খ) অনুজ্ঞাসূচক বাক্যকে কর্তৃবাচ্য হইতে ভাববাচ্যে পরিণত করিবার সময় কর্তার পরে *'বায়'* ও মূল ক্রিয়ার সহিত যুক্ত *'দি'*-এর পরিবর্তে *'না'* এবং সবশেষে *'আঁংথুন'* বসাইতে হয়।

তাঙনীনীয় খীলায়হালক-এর ব্যবহার খুব একটা লক্ষ্য করা যায় না বলিয়া এই সম্বন্ধে পরিবর্তনের নিয়ম বিশেষ আলোচনা করা হয় নাই।

বেদেক উলবা (পঞ্চম পরিচ্ছেদ)

কক সাফিলমুঙ (উক্তি পরিবর্তন)

[Narration Change]

ককবরকে **'উক্তি'**-র প্রতিশব্দ হল ***'কক'***। বাংলা বা ইংরাজীর ন্যায় ককবরকেও 'কক (উক্তি)' দুই প্রকার। যথা —

- ১) ***বাইথাঙ সাজাকমুঙ*** (প্রত্যক্ষ উক্তি)
- ২) ***বুইবায় সাজাকমুঙ*** (পরোক্ষ উক্তি)

১) *বাইথাঙ সাজাকমুঙ* [Direct Narration] ঃ

যে-বাক্য দ্বারা বক্তার বক্তব্যকে সরাসরি অর্থাৎ প্রত্যক্ষভাবে তুলিয়া ধরা হয়, তাহাকে বলা হয় ***বাইথাঙ সাজাকমুঙ*** বা প্রত্যক্ষ উক্তি। যেমন —

ক) রাম বলিল, "আমি পাশ করিব" — *রাম সাখা, "আঙ পাশ খীলায়নাই।"*

খ) খুমপুই বলিল, "আমি আর যাইব না" — *খুমপুই সাখা, "আঙ তেই থাংগীলাক।"*

২) *বুইবায় সাজাকমুঙ* [Indirect Narration] ঃ

যখন একজনের বক্তব্য অন্য একজন প্রকাশ করে, তখন তাহাকে বলে ***বুইবায় সাজাকমুঙ*** বা পরোক্ষ্য উক্তি। যেমন —

ক) রাম বলিল সে পাশ করিবে — *রাম সাখা ব পাশ খীলায়নাই।*

খ) খুমপুই বলিল সে আর যাইবেনা — *খুমপুই সাখা ব তেই থাংগীলাক।*

কক সাফিলমুঙনি রাইদারগ (উক্তি পরিবর্তনের নিয়ম) ঃ

ক) *বাইথাঙ সাজাকমুঙ*-এ বক্তব্য উদ্ধৃতি চিহ্নের মধ্যে থাকে। বুইবায় *সাজাকমুঙ* -এ রূপান্তরিত করিবার সময় উদ্ধৃতি চিহ্ন তুলিয়া দিতে হয়।

খ) *বাইথাঙ সাজাকমুঙ* -এ বক্তার বক্তব্য যে কালে থাকিবে *বুইবায় সাজাকমুঙ* -এ

ইহার কোন পরিবর্তন হইবে না। অর্থাৎ কালের কোন পরিবর্তন হয় না।

গ) *বাইথাঙ সাজাকমুঙ*-এ বক্তা যদি উত্তম পুরুষ হয় তবে *বুইবায় সাজাকমুঙ*-এ পরিবর্তন করিবার সময় উদ্ধৃতির ভিতরে ব্যবহৃত উত্তম পুরুষের কোন পরিবর্তন হয় না।

ঘ) *বাইথাঙ সাজাকমুঙ*-এ বক্তা যদি মধ্যম পুরুষ হয় তবে *বুইবায় সাজাকমুঙ*-এ পরিবর্তন করিবার সময় উদ্ধৃতির ভিতরে ব্যবহৃত পুরুষের নিম্নলিখিত পরিবর্তন হইবে।

বাইথাঙ (প্রত্যক্ষ)	*বুইবায়* (পরোক্ষ)
আঙ (আমি)	*নীঙ* (তুমি)
আনি (আমার)	*নিনি* (তোমার)
আন (আমাকে)	*নন'* (তোমাকে)
চীঙ (আমরা)	*নরগ* (তোমরা/আপনারা)
চিনি (আমাদের)	*নরগনি* (তোমাদের/আপনাদের)
চীঙন (আমাদেরকে)	*নরগন* (তোমাদেরকে/আপনাদেরকে)

ঙ) *বাইথাঙ সাজাকমুঙ*-এ বক্তা যদি প্রথম পুরুষ হয় তবে *বুইবায় সাজাকমুঙ*-এ পরিবর্তন করিবার সময় উদ্ধৃতির ভিতরে ব্যবহৃত পুরুষের নিম্নলিখিত পরিবর্তন হইবে।

বাইথাঙ (প্রত্যক্ষ)	*বুইবায়* (পরোক্ষ)
আঙ (আমি)	*ব* (সে/তিনি)
আনি (আমার)	*বিনি* (তাহার)
আন. (আমাকে)	*বন* (তাহাকে)
চীঙ (আমরা)	*বরগ* (তাহারা)
চিনি (আমাদের)	*বরগনি* (তাহাদের)
চীঙন (আমাদেরকে)	*বরগন* (তাহাদেরকে)

চ) *বাইথাঙ সাজাকমুঙ*-এ বক্তা যাহাকে বলিতেছেন তিনি যদি উত্তম পুরুষ হন তবে *বুইবায় সাজাকমুঙ*-এ পরিবর্তন করিবার সময় উদ্ধৃতিতে ব্যবহৃত পুরুষের নিম্নলিখিত পরিবর্তন হইবে।

বাইথাঙ (প্রত্যক্ষ)	*বুইবায়* (পরোক্ষ)
নীঙ (তুমি/আপনি)	*আঙ* (আমি)
নিনি (তোমার/আপনার)	*আনি* (আমার)

নন (তোমাকে/আপনাকে)	*আন* (আমাকে)
নরগ (তোমরা/আপনারা)	*চীঙ* (আমরা)
নরগনি (তোমাদের/আপনাদের)	*চিনি* (আমাদের)
নরগন (তোমাদেরকে/আপনাদেরকে)	চীঙন (আমাদেরকে)

ছ) *বাইথাঙ সাজাকমুঙ* -এ বক্তা যাহাকে বলিতেছেন তিনি যদি মধ্যম পুরুষ হন তবে *বুইবায় সাজাকমুঙ* -এ পরিবর্তন করিবার সময় উদ্ধৃতির ভিতরে ব্যবহৃত মধ্যম পুরুষের কোন পরিবর্তন হইবে না।

জ) *বাইথাঙ সাজাকমুঙ* -এ বক্তা যাহাকে বলিতেছেন তিনি যদি প্রথম পুরুষ হন তবে *বুইবায় সাজাকমুঙ* -এ পরিবর্তন করিবার সময় উদ্ধৃতির ভিতরে ব্যবহৃত পুরুষের নিম্নলিখিত পরিবর্তন হইবে।

বাইথাঙ (প্রত্যক্ষ)	*বুইবায়* (পরোক্ষ)
নীঙ (তুমি/আপনি)	*ব* (সে/তিনি)
নিনি (তোমার/আপনার)	*বিনি* (তাহার)
নন (তোমাকে/আপনাকে)	*বন* (তাহাকে)
নরগ (তোমরা/আপনারা)	*বরগ* (তাহারা)
নরগনি (তোমাদের/আপনাদের)	*বরগনি* (তাহাদের)
নরগন (তোমাদেরকে/আপনাদেরকে)	*বরগন* (তাহাদেরকে)

বাইথাঙ (প্রত্যক্ষ)	*বুইবায়* (পরোক্ষ)
তিনি (আজ)	*থানাইসাল* (গতদিন)
মিয়া (গতকাল)	*উসীকাঙনি সাল* (গত পরশু)
অর' (এখানে)	*আর'* (সেখানে)
তাবুক (এখন)	*আফুরু* (তখন)
খীনা (আগামীকাল)	*তাইনি সাল* (পরের দিন)

বাক্যের প্রকারভেদ অনুযায়ী ককবরকেও উক্তি পরিবর্তনের নিয়ম ভিন্ন ভিন্ন হইয়া থাকে। বিভিন্ন প্রকার বাক্যের উক্তি পরিবর্তন নিম্নে আলোচনা করা হইয়াছে।

সাকীলাইমুঙ ককবীতাং

(বিবৃতিমূলক বাক্য)

[Assertive Sentence]

ক) *বাইথাঙ সাজাকমুঙ — সামপারি সাখা, "আঙ মিয়া-ন কামিনি ফায়ী"।*

(প্রত্যক্ষ উক্তি) (সামপারি বলল, "আমি গতকালই গ্রাম থেকে এসেছি"।)

বুইবায় সাজাকমুঙ — সামপারি সাখা ব উসীকাঙনি সাল-ন কামিনি ফায়ী।

(পরোক্ষ উক্তি) (সামপারি বলল সে গতপরশু গ্রাম থেকে এসেছে)

খ) *বাইথাঙ* (প্রত্যক্ষ) — *করমতি সাঅ, "আঙ খীনা খুমলীঙগ থাংনাই "।*

(করমতি বলল, "আমি আগামীকাল খুমলীঙ যাব")

বুইবায় (পরোক্ষ) — *করমতি সাঅ ব খীনা খুমলীঙগ থাংনাই ফন।*

(করমতি বলল সে নাকি আগামীকাল খুমলীঙ যাবে)

গ) *বাইথাঙ* (প্রত্যক্ষ) — *রিমা সাখা, "আঙ সালকীবাং সীকাঙ দিল্লীঅ থাংকা"।*

(রিমা বলল, "আমি অনেকদিন আগে দিল্লী গিয়েছি)

বুইবায় (পরোক্ষ) — *রিমা সাখা ব সালকীবাং সীকাঙ দিল্লীঅ থাংকা।*

(রিমা বলেছে সে অনেকদিন আগে দিল্লী গিয়েছে)

ঘ) *বাইথাঙ* (প্রত্যক্ষ) — *ফীরীঙনাই সাখা, "হায়ুঙ সালন কিতিঙগীই পাক'গ"।*

(শিক্ষক মহাশয় বললেন, "পৃথিবী সূর্যকে কেন্দ্র করে ঘুরপাক খায়")

বুইবায় (পরোক্ষ) — *ফীরীঙনাই সাখা হায়ুঙ সালন কিতিঙগীই পাক'গ।*

(শিক্ষক মহাশয় বললেন পৃথিবী সূর্যকে কেন্দ্র করে ঘুরপাক খায়)

ঙ) *বাইথাঙ* (প্রত্যক্ষ) — *বুখীরা সাখা, "আঙ নন কক থাইসা সানাই"।*

(বুখীরা বলল, "আমি তোমাকে একটি কথা বলব")

বুইবায় (পরোক্ষ) — *ব নন কক থাইসা সানাই হিনাই বুখীরা সাখা।*

(সে তোমাকে একটি কথা বলবে বলে বুখীরা বলল)

সিথাই (জ্ঞাতব্য) ঃ ক) বিবৃতিমূলক বাক্যকে 'বুইবায় সাজাকমুঙ' -এ পরিণত করিবার সময় উদ্ধৃত অংশ (Reported Speech)-কে আগে লইয়া আসিলে তাহার পরে একটি **'হিনাই'** বসে।

সীংমুঙ ককবীতাং

(প্রশ্নসূচক বাক্য)

[Interrogative Sentence]

ক) *বাইথাঙ* (প্রত্যক্ষ) — *মুরুমুই সাখা, "নিনি মুঙ তীমা?"*

(মুরুমুই বলল, "তোমার নাম কি?")

বুইবায় (পরোক্ষ) — *মুরুমুই বন' বিনি মুঙ তীমা হিনীই সীংখা।*

(মুরুমুই তাকে তার নাম কি বলে জিজ্ঞাসা করল)

খ) *বাইথাঙ* (প্রত্যক্ষ) — *মুনমুন আন' সাখা, "নিনি মুঙ তীমা?"*

(মুনমুন আমাকে বলল, "তোমার নাম কি?")

বুইবায় (পরোক্ষ) — *মুনমুন আন আনি মুঙ তীমা হিনীই সীংখা।*

(মুনমুন আমাকে আমার নাম কি বলে জিজ্ঞাসা করল)

গ) *বাইথাঙ* (প্রত্যক্ষ) — *বিসুরাই সনজিন সাখা, "নীঙ তীমা খীলায়"।*

(বিসুরাই সনজিকে বলল, "তুমি কি কর?")

বুইবায় (পরোক্ষ) — *বিসুরাই সনজিন ব তীমা খীলায় হিনীই সীংখা।*

(বিসুরাই সনজিকে সে কি করে বলে জিজ্ঞাসা করল)

ঘ) *বাইথাঙ* (প্রত্যক্ষ) — *বুখারায় বীসীরায়ন সীংগ, "মায় চানাইদে?"*

(বুখারায় বীসীরায়কে জিজ্ঞাসা করে, "ভাত খাবে কি?")

বুইবায় (পরোক্ষ) — *বুখারায় বীসীরায়ন মায় চানাইদে হিনীয় সীংগ।*

(বুখারায় বীসীরায়কে ভাত খাবে কিনা জিজ্ঞাসা করল)

ঙ) *বাইথাঙ* (প্রত্যক্ষ) — *কসমরায় সীংখা, "নীঙ অমলদে?"*

(কসমরায় জিজ্ঞাসা করল, "তুমি অমল কিনা?")

বুইবায় (পরোক্ষ) — *কসমরায় আন সীংখা আঙ অমলদে।*

(কসমরায় আমাকে জিজ্ঞাসা করল আমি অমল কিনা)

দাগিমুঙ ককবীতাং

(অনুজ্ঞাসূচক বাক্য)

[Imperative Sentence]

ক) *বাইথাঙ* (প্রত্যক্ষ) — *কসমতি সাখা, "নীঙ য়াং ফায়দি"।*

(কসমতি বলল, "তুমি এদিকে এসো")

বুইবায় (পরোক্ষ) — *কসমতি বন আয়াং থাংনানি সাখা।*

(কসমতি তাকে সেদিকে যেতে বলেছে)

খ) *বাইথাঙ* (প্রত্যক্ষ) — *ফীরীঙনাই সাখা, "নরগ তা কতুগবায়দি"।*

(শিক্ষক মহাশয় বললেন, "তোমারা গোলমাল করিও না")

বুইবায় (পরোক্ষ) — *ফীরীঙনাই বরগন কতুগয়ানি বাগীই দাগিখা।*

(শিক্ষক মহাশয় তাদেরকে গোলমাল না করতে নির্দেশ দিলেন)

গ) *বাইথাঙ* (প্রত্যক্ষ) — *সুকুরায় সাখা, "আন কিচা তীয় খান রীদি"।*

(সুকুরায় বলল, "আমাকে একটু জল পান করাও")

বুইবায় (পরোক্ষ) — *সুকুরায় বন কিচা তীয় খানরীনানি কয়খা।*

(সুকুরায় তাকে একটু জল পান করাতে অনুরোধ করেন)

ঘ) *বাইথাঙ* (প্রত্যক্ষ) — *বুদলখি সাখা, "থাইচুক থাইসা খাকদি"।*

(বুদলখি বলল, "একটি আম পাড়")

বুইবায় (পরোক্ষ) — *বুদলখি আন' থাইচুক থাইসা খাকনানি দাগিখা।*

(বুদলখি আমাকে একটি আম পাড়তে নির্দেশ দিল)

ঙ) *বাইথাঙ* (প্রত্যক্ষ) — *রসমতি সাখা, "তাবুক তা তুকুবায়দি।"*

(রসমতি বলল, "এখন স্নান করো না")

বুইবায় (পরোক্ষ) — *রসমতি বন আফুরু তুকুয়ানি দাগিখা।*

(রসমতি তাকে তখন স্নান না করতে নির্দেশ দিলেন)

সুরিমুঙ ককবীতাং

(প্রার্থনাসূচক বাক্য)

[Optative Sentence]

ক) *বাইথাঙ* (প্রত্যক্ষ) — *বিগ্রাসা হিনখা, "মীতাইরগ, বরগ দাকতি হামাই বাচাথুন"*।

(ফকির বলল, "ঈশ্বর, তারা দ্রুতারোগ্য লাভ করুক)

বুইবায় (পরোক্ষ) — *বিগ্রাসা মীতাইরগনি থানি বরগ দাকতি হামাই বাচাথুন হিনাই দিয়াইখা*।

(ফকির ঈশ্বরের কাছে তাদের দ্রুতারোগ্য কামনা করেছেন)

খ) *বাইথাঙ* (প্রত্যক্ষ) — *ব হিনখা, "মীতাইরগ নিনি কাহাম খীলায়থুন"*।

(সে বলল, "ঈশ্বর আপনার মঙ্গল করুন")

বুইবায় (পরোক্ষ) — *ব মীতায়রগনি থানি চিনি হামারিনি বাগাই সুরিখা*।

(সে ঈশ্বরের কাছে আমাদের মঙ্গলের জন্য প্রার্থনা করেছে)

গ) *বাইথাঙ* (প্রত্যক্ষ) — *বুমা হিনখা, "বাবা গড়িয়া, আনি চেরাইন মীথাঙদি"*।

(মা বললেন, "বাবা গড়িয়া আমার শিশুকে রক্ষা করুন")

বুইবায় (পরোক্ষ) — *বুমা বাবা গড়িয়ানি থানি বিনি চেরাইন মীথাঙনা বাগাই সুরিখা*।

(মা বাবা গড়িয়ার নিকট তার শিশুকে রক্ষা করতে প্রার্থনা করেছেন)

ঘ) *বাইথাঙ* (প্রত্যক্ষ) — *কাচাকতি সাখা, "ভগীবান, আন মীথাঙজাবাদি"*।

(কাচাকতি বলল, "ভগবান আমায় রক্ষা কর")

বুইবায় (পরোক্ষ) — *কাচাকতি ভগীবাননি থানি বন মীথাঙনা বাগাই সুরিখা*।

(কাচাকতি ভগবানের নিকট তাহাকে রক্ষার জন্য প্রার্থনা করেছে)

ঙ) *বাইথাঙ* (প্রত্যক্ষ) — *দুখিরায় সাখা, "অ কাইথর চাঙন মায়া খায়দি।"*

(দুখিরায় বলল, "হে ঈশ্বর আমাদের দয়া করুন।")

বুইবায় (পরোক্ষ) — *দুখিরায় কাইথরনি থানি বঙন মায়া খীলায়নানি সুরিখা*।

(দুখিরায় ঈশ্বরের কাছে দয়া প্রার্থনা করেছে।)

বেদেক উলদক (ষষ্ঠ পরিচ্ছেদ)

ককলেনামারি (বিরাম চিহ্ন)

অন্যান্য ভাষার ন্যায় ককবরক ভাষায়ও বাক্যের কোথায় কতটুকু থামিতে হইবে তাহা বুঝাইবার জন্য বিভিন্ন বিরাম চিহ্নের ব্যবহার লক্ষ্য করা যায়। ককবরকে বিরাম চিহ্নকে বলা হয় *ককলেনামারি*।

ককবরক ভাষায় প্রধানতঃ নিম্নলিখিত *ককলেনামারি*-গুলি ব্যবহৃত হয়। যথা —

(১) *থাকমারি* (।) — পূর্ণচ্ছেদ বা দাঁড়ি,

(২) *থাকচ'মারি* (,) — পাদচ্ছেদ,

(৩) *কোলন* (ঃ) — কোলন,

(৪) *ড্যাস* (—) — রেখা চিহ্ন,

(৫) *কোলন ড্যাস* (ঃ—) — কোলন ড্যাস,

(৬) *সাঁংমারি* (?) — জিজ্ঞাসা চিহ্ন,

(৭) *কাঁমাঙমারি* (!) — বিস্ময় চিহ্ন

(৮) *খুরচামারি* (" ") — উদ্ধৃতি চিহ্ন,

(৯) *হাইফেন* (-) — সংযোজক চিহ্ন,

(১০) *আথুকিরিমারি* (*) — তারকা চিহ্ন,

এখন উপরের *ককলেনামারি*-গুলির ব্যবহারের নিয়ম সম্পর্কে নিম্নে আলোচনা করা হইয়াছে।

(১) *থাকমারি* (।) ঃ একটি বাক্য যেখানে শেষ হয় সেখানে একটি *থাকমারি* বা দাঁড়ি বসে। যেমন — *কসমতি ফায়খে আঙ থাংনাই* (কসমতি আসিলে আমি যাইব)।

(২) *থাকচ'মারি* (,) ঃ সাধারণতঃ কোন বাক্য পড়িবার সময় যেখানে খুব কম সময় বিরামের প্রয়োজন সেখানে *থাকচ'মারি* বা পাদচ্ছেদ বা কমা বসিয়া থাকে। যেমন — *অমিয়, নীঙ তাই আঙ মায় চানাই* (অমিয়, তুমি আর আমি ভাত খাইব)।

দ্বিতীয়তঃ বিশেষ্য, বিষেশণ, সর্বনাম এমনকি অব্যয় বা ক্রিয়াপদেও একাধিক পদের পর *থাকচ'মারি* প্রয়োগ করা প্রয়োজন। যেমন — *করমতি ফায়কা, লগি ফায়কা কসমতি* (করমতি আসিল, সঙ্গে আসিল কসমতি)।

তৃতীয়তঃ সম্বোধন পদের পরে *থাকচ'মারি* বসিয়া থাকে। যেমন — *তাখুক, য়াং ফায়দি* (ভাই, এইদিকে আসিও)।

চতুর্থতঃ নামের সহিত ডিগ্রী বা শিক্ষাগত যোগ্যতা লিখিতে হইলে নামের পরে ও প্রতিটি ডিগ্রীর পরে *থাকচ'মারি* বসিয়া থাকে। যেমন — *করমতি রিয়াং, এম. এ., এল. এল. বি,* (করমতি রিয়াং, এম. এ., এল. এল. বি)।

(৩) **কোলন** (ঃ) ঃ কোন বিষয় সম্পর্কে দ্রষ্টব্য বা জ্ঞাতব্য ইত্যাদি বুঝাইবার জন্য ব্যবহৃত শব্দের পরে *কোলন* বসিয়া থাকে। যেমন — *মালমাতারগ ঃ মুসুক, মিসিপ, মায়ুঙ, পুন আবতাইরগ* (পশু ঃ গরু, মহিষ, হাতি, ছাগল ইত্যাদি)।

(৪) **ড্যাস** (—) ঃ একটি বাক্যের সঙ্গে অপর বাক্যের সম্পর্ক রহিয়াছে বুঝাইবার জন্য প্রথম বাক্যের পরে *ড্যাস* বসিয়া থাকে। যেমন, *আঙ মায় চাঅ* — আমি ভাত খাই।

(৫) **কোলন ড্যাস** (ঃ—) ঃ বাক্যে পরবর্তী কোন কিছুর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হইলে এই *কোলন ড্যাস* বসিয়া থাকে। যেমন — *তলানি ককবীতাংরগন কক উানজুই বায় সীয়দিঃ*— (নিচের বাক্যগুলিকে বাংলায় অনুবাদ কর ঃ—)

(৬) **সীংমারি** (?) ঃ এইটি প্রশ্নসূচক চিহ্ন। প্রশ্নসূচক বাক্যের শেষে এই *সীংমারি* বা প্রশ্নসূচক চিহ্নটি বসিয়া থাকে। যেমন — *নীঙ তীমা খীলায়?* (আপনি কি করেন?)

(৭) **কীমাঙমারি** (!) ঃ আনন্দ, দুঃখ, ঘৃণা, লজ্জা, ভয়, বিষ্ময় ইত্যাদি কোন শব্দ বা শব্দসমষ্টির দ্বারা প্রকাশ করিলে তাহার পরে *কীমাঙমারি* বা বিষ্ময়সূচক চিহ্ন বসিয়া থাকে। যেমন — *আয়া! বেলাই দুখু মানখা* (উঃ! ভীষণ ব্যথা পাইয়াছি)।

(৮) **খুরচামারি** (" ") ঃ অপরের বক্তব্যকে হুবহু উল্লেখ করিতে হইলে বক্তব্যটির উভয় পার্শ্বে *খুরচামারি* বা উদ্ধৃতি চিহ্ন ব্যবহার করিতে হয়। যেমন — *নকসিরায় সাখা, "নীঙ তীমা খীলায়?"* (নকসিরায় বলিল, "তুমি কি কর?")

(৯) **হাইফেন** (-) ঃ দুই বা ততোধিক পদকে একসঙ্গে যুক্ত করিবার জন্য *মানজুমারি* বা হাইফেন ব্যবহার করা হয়। যেমন — *রাং-পুইসা* (টাকা-কড়ি)।

(১০) **আথুকিরিমারি** (*) ঃ কোন নির্দিষ্ট বাক্য বা শব্দকে বিশেষ ভাবে প্রদর্শন বা দৃষ্টি আকর্ষণ করিবার জন্য *আথুকিরিমারি* বা তারকা চিহ্ন ব্যবহার করা হইয়া থাকে। যেমন — *ত্রিপুরা হাঅ রয়েল বেঙ্গল কীরাঁই।* * রয়েল বেঙ্গল - মৌসা (বাঘ)।

বেদেক উলসিনি (সপ্তম পরিচ্ছেদ)

ককথাইমাঙ সীলাইমুঙ

(শব্দার্থের রূপান্তর)

যে-ভাষা যত বেশী সমৃদ্ধ সে ভাষায় তত বেশী শব্দ-প্রয়োগ বৈচিত্র্য লক্ষ্য করা যায়। ককবরক ভাষায় প্রয়োগের নিপুণতায় একই শব্দ বিশেষ বিশেষ অর্থ প্রকাশ করে থাকে। ককবরকে ইহাকে বলে ***ককথাইমাঙ সীলাইমুঙ*** বা শব্দার্থের রূপান্তর। এখানে বিশিষ্টার্থে কয়েকটি ***মুঙরীক*** (বিশেষ্য) ও ***গরন*** (বিশেষণ)-এর প্রয়োগ দেখানো হইয়াছে।

কক (কথা)

কক — কাহিনী বা গল্প,

রাজমালাঅ চিনি তিপ্রা রাজারগনি কক তঙগ — রাজমালায় আমাদের ত্রিপুরার রাজাদের কাহিনী রয়েছে।

কক — প্রতিশ্রুতি,

আঙ নন কক রীখা — আমি আপনাকে প্রতিশ্রুতি দিলাম।

কক — অনুরোধ,

নীঙ আনি কক মা নারীগনাই — আপনাকে আমার কথা-টা রাখতেই হবে।

কক — তর্ক,

ব বায় কক তানলাই সীবা পাই — তার সঙ্গে কথা-য় কে পারবে!

কক — অপ্রিয় কথা,

বন কক কিচাসীক সাই খীনা রিখা — তাকে কিছু কথা শুনিয়ে দিলাম।

মকল (চোখ)

মকল কিয়ক — চোখ খোলা,

তাবুকসে আনি মকল কিয়গ' — এখন আমার চোখ খুলেছে।

মকল বুকুর — চোখের পর্দা,

বিনি মকল বুকুর কীরাই হিনাই-ন ম কক সারাগ' — তার চোখের পর্দা নেই বলেই একথা বলতে সাহস পায়।

মকল চীং — চোখ রাঙানো,

আঙ নন তীমা কক সাখা, নীঙ মকল চীংগীই তঙ — আমি তোমাকে কি এমন কথা বললাম যে তুমি চোখ রাঙাচ্ছ।

মকল কাই — নজর রাখা/দৃষ্টি আকর্ষণ করা,

নীঙ মকল মা কাইনাই — তোমাকে নজর দিতে হবে।

মকল কিয়র — চোখ লাগা,

বুয়নি কাহাম নুকখে বিনি মকল কিয়র' — অন্যের ভাল দেখলে তার চোখ লাগে।

য়াক (হাত)

য়াক তঙ — প্রভাব থাকা/হাত থাকা,

অ সামুঙগ বিনি য়াক কীরাই — এই কাজে তার হাত নেই।

য়াগ' চব — হাত করা/বশ করা,

লালাসি ফুনুগীই আন য়াগ' চব মানগীলাক — প্রলোভন দেখিয়ে আমাকে বশ করতে পারবে না।

য়াক রী — হাত দেওয়া /আরম্ভ করা,

আঙ মিয়া-ন সামুঙগ য়াক রীখা — আমি গতকালই কাজে হাত দিয়েছি।

য়াক ফলক — হাত বাড়িয়ে দেওয়া,

নীঙ য়াক ফলগয়াখে আংগীলাক — আপনি হাত না বাড়ালে হবে না।

য়াক তিসা — হাত তোলা/প্রহার করা,

নগেন মনুনি সাগ' য়াক তিসাখা — নগেন মনুর গায়ে হাত তুলেছে।

বখরক (মাথা)

বখরক — শ্রেষ্ঠ ব্যক্তি বা প্রধান ব্যক্তি,

ব সুপ্রীম কোর্টনি বিচার বখরক তঙমানি — তিনি সুপ্রীম কোর্টের প্রধান বিচারক ছিলেন।

বখরক তুং — মাথা গরম করা,

আসীক বখরক তা তুংদি,কীচাং কীচাংখে উানসুগদি — মাথা গরম করো না, শান্তভাবে চিন্তা কর।

বখরক চা — মাতা খাওয়া/দিব্যি দেওয়া,

আনি বখরক চাদি, মীতাই সামুঙ তাঙখে — 'মাথা খাও' এমন কাজ করলে।

বখরগ' হাব — মাথায় ঢোকা/বোধগম্য হওয়া,

ম কক নিনি বখরগ' হাবয়াদে? — এ কথাটা কি তোমার মাথায় ঢোকছে না?

বখরক পায় — মাথা কেনা/বশীভূত করা,

রাং সলক রাই ব আনি বখরক পায়না নায়ী — টাকা ধার দিয়ে তিনি আমার মাথা কিনতে চাইছেন।

বখরক কীরাই — মাথা কাঁচা,

অঙ্কঅ বিনি বখরক কীরাই — অঙ্কে তার মাথা কাঁচা।

খুনজু (কান)

খুনজু রী — কান দেওয়া/গ্রাহ্য করা,

কক হাময়াঅ খুনজু তা রীদি — বাজে কথায় কান দিও না।

খুনজু চাক — কানপাতা/মনযোগ দিয়ে শোনা,

খুনজু চাগীই তীমা খীনাই তঙ — কান পেতে কি শুনছ?

খুনজুঅ ফায় — কানে আসা/শ্রুতিগোচর হওয়া,

বিনি কক আনি খুনজুঅ ফায়কা — তার কথা আমার কানে এসেছে।

খুনজু নাথঙ অীং — কান ঝালাপালা হওয়া,

বঙনি কক খীনাতে খীনাতে অনি খুনজু নাথঙ অীংখা — তাদের কথা শুনতে শুনতে আমা কান ঝালাপালা হল।

খুনজুঅ খিকীলাই — গোচরে আনা,

ম কক আঙ বিনি খুনজুঅ খিকীলায়ানী — এ কথা আমি তার গোচরে আনব।

বুখুক (মুখ)

বুখুগ' তুব — মুখে আনা/উচ্চারণ করা,

কক সিত্রা বুখুগ' তা তুবদি — বাজে কথা মুখে এনো না।

বুখুক মুথুব — মুখ বন্ধ করা/বিরত রাখা,

রাং রাই বিনি বুখুক মুথুবাই রীখা — টাকা দিয়ে তার মুখ বন্ধ করে দিয়েছি।

বুখুক তঙ — বচনশক্তি থাকা,

বুখুক তঙসাক কিরিমা তামগীই — মুখ থাকতে ভয় কিসে।

বুখুগ' ফায় — মুখে আসা/বলিবার প্রবৃত্তি হওয়া,

বিনি বুখুগ' ফা-মা জতত সায় খিবী — তার মুখে যা আসে তাই বলে।

য়াকুং (পা)

য়াকুং — পা,

মালমাতা হিংকাই-ন য়াকুং কঙবীরাই - পশু মানেই চারপা বিশিষ্ট।

য়াকুংগ কীলাই — পায়ে পড়া/কাকুতি-মিনতি করা,

বড়বাবুনি য়াকুংগ' কীলাই তঙদি, চাকরি মানাই — বড়বাবুর পায়ে পড়ো, চাকুরী পাবে।

য়াকুং রম — পায়ে ধরা/তোষামোদ করা,

বিনি য়াকুং রমখে লাভ অীংনাই — তার পায়ে ধরলে লাভ হবে।

য়াকুংগ থক ফুল — পায়ে তেল দেওয়া,

সাকবরম বুচিনাই বরক বুয়নি য়াকুংগ থক ফুলয়া — আত্মসম্মানবোধ ব্যক্তি অন্যের পায়ে তেল দেয় না।

য়াকুং রী — পা বাড়ানো/অগ্রসর হওয়ার জন্য পা সঞ্চালন,

সামুঙ হাময়াঅ য়াকুং রীয়াই তঙমান চাঅ — খারাপ কাজে পা না বাড়ানোই শ্রেয়।

উপরি উক্ত শব্দগুলি ছাড়াও ককবরকে এমন অনেক শব্দ আছে ব্যবহারিক ক্ষেত্রে বাক্য ভেদে বিভিন্ন অর্থ প্রকাশ করে।

অষ্টম অধ্যায়

বীখাক উলচার

বেদেক পুইলা (প্রথম পরিচ্ছেদ)

কক খচরমুঙ (বহুপদের একপদীকরণ)

আচায় দরপনি সিমি থীয়াসাক	—	*লাংমা তঙসাক*
(জন্ম থেকে মৃত্যু পর্যন্ত)		(আজীবন)
আমানি বদলা আমা	—	*মাতয়*
(মায়ের বদলে মা)		(বিমাতা)
আপসা কীলীয়ন বাদুল রানাই	—	*কুমাজীক*
(আতুর ঘরে শিশুনারি ছেদকারিনী)		(ধাত্রী)
আমানি হানকজীক	—	*আতয়জীক*
(মায়ের বোন)		(মাসি)
আমানি ফায়ুঙ	—	*মামা*
(মা-র ছোট ভাই)		(মামা)
আফানি সীলাই অকরা	—	*য়ঙ*
(বাবার জেষ্ঠ্য ভ্রাতা)		(জ্যাঠামশাই)
আফানি কুসু	—	*খীরা*
(বাবার ছোট ভাই)		(কাকা)
আঙখীরানি হিকজীক	—	*আঙখিরিজীক*
(আমার কাকার পত্নী)		(কাকিমনি)
ঔংমুঙরগ সই সই সিনাই	—	*সই সিকীরীঙ*
(সম্যক জ্ঞান আছে যার)		(বিজ্ঞানী)
উইসা অকতীইখে তেই অকতীইয়া	—	*থালিকবানজি*
(যে নারীর একটি মাত্র সন্তান)		(কাকবন্ধ্যা)

লাচিমা হাই সামুঙ	—	*লচাচিমাসিনচা*
(লজ্জা পাবার যোগ্য)		(লজ্জাজনক)
উল' আচায়নাই	—	*কুসু*
(পশ্চাতে জন্মেছে যে)		(অনুজ)
সীকাঙ আচায়নাই	—	*অকরা*
(অগ্রে জন্মেছে যে)		(অগ্রজ)
উকলগ' বুয়নি মুঙগীই কক সানাই	—	*বুয়ন সেজানাই*
(পশ্চাতে পরের নিন্দা করে যে)		(পরনিন্দুক)
উাক তনিমা নক	—	*উাহানক*
(শূকর রাখার ঘর)		(শূকরালয়)
উাকন চাথাই চারিমা তীক	—	*উাহাতীক*
(শূকরকে খাবার খাওয়ানোর হাড়ী)		(শূকর-হাড়ী)
উাকন চাথাই রিমা মানীই	—	*উাক রাঙখুঙ*
(শূকরকে খাবার দিতে ব্যবহৃত বস্তু)		(শূকর-হাতা)
উাবায় উাজাক রি বকসামা মানীই	—	*মাজাঙ*
(বাঁশবোনা কাপড় ছড়ানের বস্তু)		(বাঁশ মাচা)
উাক বীরীয় বীসা মানজাক	—	*ডাকমা*
(ছানা প্রাপ্ত শূকরী)		(শূকর-মাতা)
কীবাংমা সীরীঙগীই খাঅ চবজাক	—	*এলেম কীরীঙ*
(কোন বিষয়ে বিশেষ ভাবে জানেন যিনি)		(বিশেষজ্ঞ)
কাইজাকনাই চীলান চুবানাই	—	*আয়া*
(বিয়ে বাড়ীর বরকে সাহায্যকারী)		(বর সাহায্যকারী)
কাইজাকনাই বীরীয়ন চুবানাইজীক	—	*আয়াজীক*
(বিয়েবাড়ীর কনেকে সাহায্যকারী মহিলা)		(কনে সাহায্য কারীনী)
কাইজাক ফুরু চীলানি লগিঅ থাংনাইরগ	—	*চীলানসঙ*
(বরের সহযাত্রী যারা)		(বরযাত্রী)
কাইজাকফুরু বীরীয়নি লগিঅ তঙসকনাইরগ	—	*বরীয়সঙ*
(কন্যার সহযাত্রী যারা)		(কনে যাত্রী)
কুঙকিলা পুঙমুঙ	—	*কুহু কুহু*
(কোকিলের রব)		(কূজন)
কাহাম হাময়া উানসুকনা রীঙজায়া	—	*সুসুঙ*
(ভাল মন্দ বোধ নেই যার)		(নির্বোধ, অবোধ)

কাহাম হাময়া, উানসুগাই য়াপরি সেনাই বরক	—	*উানসুক কীরীঙ*
(ভাল মন্দ চিন্তা করে কাজ করেন যিনি)		(চিন্তাবিদ)
খুনজুঅ কানমা সীনামজাক খুম	—	*উাখুম*
(কর্ণে পরিধেয় ফুল)		(কর্ণফুল)
খুনজুনি বীলাম	—	*খুনজুলাম*
(কর্ণের ছিদ্রপথ)		(কর্ণছিদ্র)
খুমন সলনাই মুই	—	*মুইখুমু*
(ফুলের সদৃশ সব্জী)		(মাসরুম)
খীনাই সিলমানি সেং বীসা	—	*সেংসা*
(মাথা নেড়ার যন্ত্র বিশেষ)		(খুর)
খরগ' বুলজাকনাই রি	—	*পাকুরি*
(মাথায় পেচানো কাপড়)		(পাগরি)
খরগ' বীখনাই কীরীই	—	*পিলানদা*
(মাথায় চুল নেই যার)		(নেড়া)
খরগ সেদেরীই খীনাই রাজাক	—	*খরকথুনতা*
(মুণ্ডিত মস্তক যার)		(মুণ্ডিত মস্তক)
খরকসানি সামুঙ য়াচাকসকনাই	—	*য়াকচু*
খী-ব, খীইঅ, তী-ব তীইঅ	—	*খীইসুমু তীইসুমু*
(টকও লাগে মিষ্টিও লাগে)		(টকমিষ্টি)
চবাঅ বুয়ন মেচেননাই	—	*কীপলাই*
(যুদ্ধে জয় করেছেন যিনি)		(বিজয়ী)
চবাঅ বুয়নি য়াগ' চেননাই	—	*কেচেন*
(যুদ্ধে পরাজিত হয়েছেন যিনি)		(বিজিত)
চা-ব চাকয়া, চাকয়াই-ব তঙয়া	—	*চাক র-র*
(পূর্ণরাঙাও নয়, অরাঙাও নয়)		(ইসৎ রাঙা)
চীলা-ব য়া রীবীয়-ব য়া	—	*গুরুমান*
(পুরুষও নয়, স্ত্রীও নয়)		(হিজরা)
চেরায়ফুরুনি সিমি	—	*চেরায় ফাঙসিনি*
(শৈশবকাল হতে)		(আশৈশব)
চালায় কাইসানি বরকরগ	—	*সাক-চালাই*
(সঙ্গী হিসাবে বিচরণ করে যে)		(সহচর)

চাঙগ বরমা ফারাসা রি	—	*পুদরি*
(কোমর তাঁতে ব্যবহৃত ছেড়া টুকরো কাপড়)		(নেংটি)
চানা মায় কীরীই	—	*মাচায়া*
(যার ভাতের অভাব আছে)		(হাভাতে)
জততনি কুসু	—	*থাইথাক*
(সকলের ছোট)		(সর্ব কনিষ্ঠ)
জততনি সীকাঙ আচায়নাই বীসা	—	*অকীরাসা*
(সর্ব জ্যাষ্ঠ যে পুত্রসন্তান)		(জ্যাষ্ঠ পুত্র)
জততনি সীলাই হামজাককুকমা বীসা	—	*খাচুকসা*
(সর্বাধিক স্নেহের সন্তান)		(স্নেহভাজন)
জততনি কুসু য়াসি	—	*য়াসি কতই*
(সর্ব কনিষ্ঠ যে আঙ্গুল)		(কনিষ্ঠা)
জততনি কতর য়াসি	—	*য়াসিমা*
(সর্ব বৃহৎ যে আঙ্গুল)		(বৃদ্ধাঙ্গুল)
জততনি কতর বায়	—	*বায়কতর*
(বড় যে দিদি)		(বড়দি)
জততনি কতর দারা	—	*দাকতর*
(বড় যে দাদা)		(বড়দা)
তক হাই ফিলিক ফালাক আঁংতীরীংনাই	—	*তকবাইলিক*
(মুরগীর ন্যায় এদিক-ওদিক যাওয়া)		(চঞ্চলমতি)
তীয়মা খরনীয়নি বীপীরা	—	*তীয়পীরা*
(দুইটি নদীর মিলনস্থল)		(নদীসঙ্গম)
তীয় বীপীরাঅ সীকাঙ তঙবুনাই	—	*তিপ্রা*
(নদীসঙ্গমে অগ্রে আগন্তুক যারা)		(ত্রিপুরী)
তু-ব তুংয়া, তুংয়াই-ব তঙয়া	—	*তুংলুলুক*
(গরমও নয়, ঠাণ্ডাও নয়)		(ইসৎ গরম)
তী-ব তীইয়া, তীইয়াই-ব তঙয়া	—	*তীইলীলীক*
(মিষ্টিও নয়, অমিষ্টিও নয়)		(ইসৎ মিষ্টি)
তালুকাঅ বীখীনাই কীরীই	—	*পিলানদা*
(তালুতে চুল নেই যার)		(নেড়া)
তীয় খকমা দীখীই	—	*তীয়দুক*
(জল তোলার দড়ি)		(জলদড়ি)

তীয় হাময়া তনিমা মানীয়	—	*হাতিনি*
(নোংরা জল রাখার পাত্র)		(জলপাত্র)
তীয় তঙমা হাখর	—	*তীয়খর*
(জলের আধার)		(জলাধার)
তীয়নি বের' তীয়কতর	—	*তীয়ুঙ (সমুদ্র)*
তীয়' মানথকমা মুই	—	*তীয়মুই*
(জলে প্রাপ্য তরকারি)		(জলজ তরকারি)
তীয় ফায়মানি মুক	—	*তীয়মুক*
(জলের উৎস স্থল)		(জল-উৎস)
পেরনাইজাত মানীয়	—	*পেরনাই-মানীয়*
(যা সশব্দে বিস্ফোরন ঘটে)		(বিস্ফোরক)
মীয়তু খীলায় রিমা হাইখে সীয়মা	—	*সীয়মীয়তু*
(স্মরণ করে দেয় যে লিপি)		(স্মারকলিপি)
সেজামা হাই সামুঙ	—	*সেজাথাই*
(যা নিন্দা করার যোগ্য)		(নিন্দনীয়)
সেলেংমা হাই সামুঙ	—	*সেলেংমাসিনসা*
(ঘৃণা করার যোগ্য)		(ঘৃণ্য)
নক আরিগানা তঙনাই	—	*নকাল্লি*
(যে কাছে বাস করে)		(প্রতিবেশী)
হাচীক' তঙনাইসা	—	*হাচীকসা*
(গিরিতে অবস্থান করেন যিনি)		(গিরিশ)
বিহিক তেই বীসাই	—	*হিকসাই*
(জায়া ও পতি)		(দম্পতি)
লাইতেসাখে লাইসু মানয়া জাগা	—	*লাইসুথগয়া*
(যেখানে সহজে গমন করা যায় না)		(দুর্গম)
লেরীই সামুঙ তাঙনাই বরক	—	*কেলের*
(বিলম্বে কাজ করে যে)		(দীর্ঘসূত্রী)
লাইতেসাখে মানয়া মানীয়	—	*মানথগয়া*
(যা সহজে পাওয়া যায় না)		(দুষ্প্রাপ্য)
বুয়নি আঁংগাই সামুঙ তাঙনাই	—	*আদঙ*
(যে অপরের হয়ে কাজ করে)		(প্রতিনিধি)

বলঙগ তঙনাইজীক	—	*বলংতি*
(পর্বতের কন্যা)		(পার্বতী)
নীঙনা বাগীই তীয়	—	*নীঙজাগনাই*
(পানার্থে জল)		(পানীয়)
মীরীগনা সামুঙ খীলায়নাই	—	*মীরীগনাই*
(যে পাহাড়ার কাজ করে)		(পাহারাদার)
পরিনা বাগীই পুথি	—	*পরিজাগনাই*
(যা পাঠযোগ্য)		(পাঠ্য)
লাইতেসাখে সিজাগায়া	—	*সিথগয়া*
(যা সহজে জানা যায় না)		(দুর্জ্ঞেয়)
বলাইমা হাই সামুঙ	—	*বলাইথাই*
(যা প্রশংসার যোগ্য)		(প্রশংসনীয়)
খীলায়মা হাই সামুঙ	—	*খীলায়থাই*
(যা করার যোগ্য)		(করণীয়)
মানমা হাই মানীয়	—	*মানথাই*
(যা পাওয়া উচিত)		(প্রাপ্য)
চেংফুরু খীলায় থতক	—	*চেংথতক*
(যা আরম্ভে মধুর)		(আপাতমধুর)
কীসতাম কীরীই বরক	—	*বিগরা*
(যার কিছু নেই)		(নিঃস্ব, অকিঞ্চন)
সাকন বুথারনাই বরক	—	*সাক বুথারজাকনাই*
(যে আপনাকে হত্যা করে)		(আত্মঘাতী)
আইনন' তীয়াই কীরীঙ বরক	—	*আইকীরীঙ*
(আইন বিষয়ে অভিজ্ঞ যিনি)		(আইনজ্ঞ)
রীজাগনাই মানীয়	—	*রীথাই*
(যা দিতে হবে)		(প্রদেয়)
মুঙসান তীয়াই কাহামখে সিনাই	—	*কীরীঙ*
(কোন বিষয়ে যে উত্তমরূপে জানে)		(বিশেষজ্ঞ)
বীসাই কীরীই বীরীয়	—	*রানদি*
(পতি বিয়োগ ঘটেছে যার)		(বিধবা)
কিরিমা হাই সামুঙ এবা মানীই	—	*কিরিমসিনসা*
(ভয় দায়ক যা)		(ভয়ঙ্কর)

কক বিফিরিঙ বায় কক বীকীরায়

(বাগ্‌ধারা ও প্রবাদ বাক্য)

অ

অলমবুস — অকালকুষ্মাণ্ড

অললমা — অকর্মণ্য

অক খুয়খে মীসা আদা চাঅ — ক্ষুদা থাকলে বাঘে ঘাস খায়।

অচাইনি নগ' বেমার কাকয়া — ওঝার ঘরে নিত্য জ্বর।

অমর কুসু কক কীরাক — ছেলের মুখে বুড়ো কথা।

অক কীপীলীঙরগ অক খুইমা সিয়া — সুখী বুঝেনা দুখীর বেদন।

অমরনি সীলাই কক চাকীরা — ইঁচড়ে পাকা।

অক বুকচানি সীলাই অকআধা চা — নাই মামার চেয়ে কানা মামা ভালো।

আ

আউাস কীবাং লাংমা কম — আশা অনন্ত, জীবন সংক্ষিপ্ত।

আচায়া সানি বাসি তাক — কালনেমীর লঙ্কা ভাগ।

আনদ্রাকুনদ্রা হাদুল খিতার — অন্ধকারে চিল ছোড়া।

সাল-তাল তঙমা বায়সে নখা মীচীংগীই তঙ — আছে বলে চন্দ্র-সূর্য আকাশের এত সৌন্দর্য্য।

আমিঙনি থানি দুধ মীরীগনা পজা — শিয়ালের কাছে কুমির ছানা পোষার দায়িত্ব।

আ রমনাখে হারপেক নাঙগ — কষ্ট করলে কেষ্ট মিলে।

আমিঙবলঙন তনক ফুনুক — বনবিড়ালকে মুরগীর খাঁচা দেখানো।

উা

উাক বমতম — মাথায় গোবর।

উাহানক খরসানি উাক — এক গোয়ালের গরু।

উাতীয়ন নায়সিং রিগনাই সীতীই — পর প্রত্যাশী সদা উপবাসী।

উাইসালে চীমুই কুগানী — (দুঃখের পরে আসে সুখ)।

উাফাক লাইবাই লামা সাইঅ — চোর পালালে বুদ্ধি বাড়ে।
উাতীয় কীরীই ফেরাং কগ' — বিনা মেঘে বজ্রাপাত।
উানামা তঙখে বরক থীয়া — ইচ্ছা থাকলে উপায় হয়।
কীসা কীরীইদে থামপুই বা — কারণ বিনা কার্য হয় না।
কীপাল' তঙতীই — অদৃষ্টের লেখা।
কীসা কীথাঙগ চাখীয় লু — কাটা গায়ে নুনের ছিটা।
কীচাংমা বীথাই থাই — গায়ে কাটা দেওয়া।
কুউা বিসিংনি য়ংগীলা — কূপমণ্ডুক।
কীরীইনি বের' কা ফায় — মরার উপর খড়ার ঘা।
কীপাল হাময়া রীঙসাফুরু চংফেরেঙ বুদুক চঅ — অভাগা যেদিকে যায় সাগর শুকিয়ে যায়।
কিচান কতরখীলায় খিব — তিলকে তাল করা।

খ

খুম বাহাই নবার পুনী — ধর্মের ঢোল বাতাসেই বাজে।
খাঅত' তঙগ খায়ুঙ কানানি, কীপাল কারিয়া আন' — মনে বড়ো আশা করি, বিধাতা তা নেয় হরি।
খাম তাময়াই পুঙয়া — ঘটনা ছাড়া রটনা হয় না।
খিনাই লাচিয়া, নুগনাইসে লাচিঅ — করে জনের লাজ নেই, দেখে জনের লাজ।
খিমানি খিকরক সুয়া, খুপইমানি সুনাই — আচার আছে, বিচার নেই।
খা খামমা-ব খুকপেরয়া — বুক ফাটে তবু মুখ ফোটে না।
খীনাই থক কীরীই সীকাল রীঙ থথক — অভাবে স্বভাব নষ্ট।
খীনাই থক মিলিক তেই-ব থক ফুল — তেলা মাথায় তেল দেওয়া।
খরাঙ হাময়া রীচাপমুঙ, সম কীরীই মুই — সুরহীন গান আর নুনহীন ব্যঞ্জন।
খা কীরীইদে নায়সিগীই মীনীয়লাই — ভাব ছাড়া ভক্তি, কলা ছাড়া প্রসাদ।
খুরিঅ আচুগীই আথুকিরি খাক — আকাশ কুসুম কল্পনা করা।
বুখুগ' কীতীইখে য়াক-ব কীতীই — বচন ভাল যার চলন ভাল তার।
খুনজুঅ সেরেক সেরেক সালাইমা চায়া — কানাকানি ভাল নয়।
খাঅ তঙখে য়াক চুগ' — ইচ্ছা থাকলে উপায় হয়।
খীলায় তঙদে বীথাই মানয়া তঙ — কাজ করলে ফল পাবেই।
খরকসানি কাপমুঙ, তেই খরকসানি মীনীয়মুঙ — কারও পৌষ মাস কারও সর্বনাশ।
খুনজু রমখে বখরক ফায়ী — কান টানলে মাথা আসে।
খানি হর তীয় বায় বুথার মানয়া — মনের আগুন জল দিয়ে নিভানো যায় না।
খিকরকন উানসুগয়া থাইপল' মনক — ওজন না বুঝে ভোজন করা।
খা কামা নাঙয়া গথকমা নাঙগ — কল্পনা সত্য নয় বাস্তবই সত্য।

গ

গলা তীয় কীরাই পুঙমা আকার — শূন্য কলসী বেজায় বাজে।
গলা তীয় কীপীলীঙ পুপাকয়া — ভরা কলসী বাজে না।
গীনাঙরগ মুকতীরাই থাংয়া — ধনীর চোখে নিদ্রা নেই।

চ

চরলে হান খা-য়া — পর কখনও আপন হয় না।
চর বায় চর খায় — কাঁটা দিয়ে কাঁটা তোলা।
চানাই তপসি বুজাগনাই রজঙ — উদোর পিণ্ডি বুধুর ঘাড়ে।
চীলারগ কীবাং গুরা খাজাকয়া — অতি সন্ন্যাসীতে গাজন নষ্ট।
চিবুকন নুগীই লাথা — যৎ কালে তৎ চিন্তা।
চেরাইফুরু মুফুন মানয়াখে তরীই কীথীঙ আংগ — বাঁচায় না নোয়ালে বাঁশ, পাকলে করে ট্যাঁস ট্যাঁস।
চানা আচুগীই হাচিং লেখা — ধান ভাঙ্গতে শিবের গীত।
চাথানি চুগী, সামুঙ তাঙথানি চুগয়া — অকর্মণ্যের ভোজন সার।
চুউাক নীঙয়া, চুউাক বায় নীঙজাগী — মদ খায় না, মদে খায়।
চাথাই কীরাইখে বরম-ব কীরাই — খাবার নেই যার সম্মান নেই তার।
চানা কীরীঙখে সঙনা-ব রীঙগ — খেতে জানে যে রাঁধতে জানে সে।
চাবায়ামানি বজর' — কথা ও কাজে সম্পূর্ণ বিপরীত ব্যক্তি।
চানাখাইবা বেকরেং খিবনাখাইবা বাহান — গিলতেও পারিনা ফেলতেও পারি না।

জ

জামি মুন ফানী তীইয়া — লেবু পাকলেও মিষ্টি হয় না।
জামি-ব কীখা থেনতীরীয়-ব কীখা বমন কাহাম হিন নাই — কেবা মন্দ, কেবা ভালো প্রদীপ আর মোমের একই আলো।
জাইতি কীবাং মায় মা চায়া — অতি আত্মীয়তার ভাত জোটে না।
জলিফুরু মকল নুগয়া — ক্রোধে চোখ অন্ধ থাকে।

ত

তিপরাসা কক খেরেক, মীখরাসা কীসা খেরেক — ত্রিপুরীরা ঘাঁটে কথা নিয়ে, বানর ঘাঁটে ক্ষত নিয়ে।
তিয়ারি খরসানি আ — এক বিলের মাছ।
তীয়নি আ তীয়'-ন থাংগ — জলের মাছ জলেই যায়।
তীয়-ব পাইলাং খি-ব তাঙলাং — যেখানে বাঘের ভয় সেখানেই সন্ধ্যা হয়।
তক বলঙলে তকবরক খায়া — পর কখনও আপন হয় না।
তপসি মায় চাঅ, রজঙ তকজাগী — অপরাধ করে এক শাস্তি পায় আরেক।

তীয়মা নায়তাই রিগনাই সুতাই — রথ দেখা কলা বেচা।

তাপাঙ হাকীরা তানফুরু ফায়দি চেরাইরগ ফায়দি, মালা ফাগীনা চাফুরু থাংদি চেরাইরগ থাংদি — গাং ডিঙ্গুলে কুমিরকে কলা।

তীয়সানি আ, খামাঅ তখীলাইঅ, সাকাঅ তকসায়া — ইতিহাসের চাকা সামনের দিকে এগিয়ে চলে।

তীয়মানি আ পুখুরিঅ ফায়া — নদীর মাছ পুকুরে আসে না।

তীক তাগীইদে সরক তাগয়াই তঙ — জীব দিয়েছেন যিনি, আহার দেবেন তিনি।

তরমাঙ-ন বখরি খায়া — আকৃতিতে বড় হলেই গুণের অধিকারী নয়।

তীয় থেনেনি আ বাহারমা বারা — মুল্লার দৌড় মসজিদ পর্যন্ত।

তখাবা তীমা পুঙয়াই তঙ, ইমাংবা তীমা নুগয়াই তঙ — ঝকেকিনা ডাকে, স্বপনে কিনা দেখে।

তীমা সামানি, তীমা খীনাখা, থেনতীরীই পায়াই তুবুখা — বলি এক শুনে আরেক।

তীয়সা বাবাইসা বায়খে তেইবাবাইসা থেঅ — নদীর এক পাড় ভাঙ্গে তো আরেক পাড় গড়ে।

তীয়মানি সাই আরাংসে লগী — বাঁশের চেয়ে কঞ্চি বড়।

তখা তীতাই কুঙকিলা হাই পুঙনা নায় — কাক হয়ে কোকিলের মতো ডাকতে চেষ্টা করা।

তঙনা রীঙয়া তঙকীমা, চানা রীঙয়া চা কীমা — বেহিসাবীর সংসার ফতুর।

তরখে বায়াই কীলাইঅ — অতি দর্পে হত লঙ্কা।

তকমানি গীরীঙ তকসা, বুমানি গীরীঙ বীসা — যেমন পিতা তেমন পুত্র।

তীক তুংয়া সানি তীমা সরকবা তুং — হাড়ীর আগে সরা গরম হওয়া।

তখা হাই বুখুক হু — পরের মাথায় কাঁঠাল ভাঙ্গা।

থ

থাপাঅ বল কীরীই মায়তীক কুতুগয়া — মিষ্টি কথায় চিড়া ভিজে না।

দ

দামরা মায় তাঙ, চেখরা মুঙলাই — কাজ করে একজন, নাম কুড়ায় আরেকজন।

দউই হিমখে লামা কর'অ — তাড়াতাড়িতে জিনিস খারাপ হয়।

দাঙমাই বরমাঙন চীলা আঁংয়া — পিছ গোঁজলেই পুরুষ হয় না।

ন

নাপিতন নুগীই য়াসুকু লগী — নাপিত দেখে কুড়ি নখ বেড়ে উঠা।

নখা সময়াই উাতীয় উাঅ — বিনা মেঘে বৃষ্টিপাত।

নাসলেমা বরক মগজ' কর'অ — যাকে দেখতে নারি, তার চলন বাঁকা।

নখা সমমাসীক উাতীয় উায়া — যত গর্জে তত বর্ষে না।

নকনি তকজীলা ফাতার' সীইজীলা — ঘরে বাঘ, বাইরে বিড়াল।

নখা নায়সাই খুকতীয় মুসুখে সাগনি সাগ' কীলাইঅ — আকাশের দিকে থু থু ফেললে আপনার গায়ে পড়ে।

নখা গুরুমমা সীক ফেরাঙ কগয়া — যত গর্জে তত বর্ষে না।
নখাঅ বিরমাঙদে তলিঙ অীং — আকাশে উড়লেই চিল হয় না।
নক-হক কীরীই উানামা কীরীই — ন্যাংটার নেই বাটপাড়ের ভয়।
নক তাঙবায়ীই হিক তুবদি — আগে ঘর, তবে তো পর।
নবার কীরীই বীলাই নিনাঙয়া — বিনা বাতাসে পাতা নড়ে না।
নবারনি সীলাই খা দউ — মন বাতাসের আগে ছোটে।
নবার ফায়খে চুমুই কবনী — উঠন্তি মুলো পত্তনেই চেনা যায়।
নিনিলে সামামাঙ সে, আনিলে সাফা মীনাম ফা — তোমার একরকম আর আমার উভয়রকম যাতনা।

প

পিয়া বথপ' হর সুন — বোলতার চাকে আগুন দেওয়া।
পাপ গীনাঙরগ সা কীবাং মানী — যে করে পাপ, সে হয় সাত পুত্রের বাপ।
পিয়া বীতীয় নীংনাখে পিয়া চীকজাগনা নাঙগ — দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে।
পালসাখে তাতাল-ন কুবুয় — দশচক্রে ভগবান ভূত।
পাপ বুফান-ব ফিয়গয়া — পাপ বাপকেও ছাড়ে না।
পুয়তু থাংসে মীতাই, থাংয়াখে হলং — মানলে ঠাকুর, না মানলে পাথর।

ফ

ফানতক বারিঅ হাবখাইসে ফানতক মতগমা সিঅ, মস' বারিঅ হাবখাইসে মস' য়গমা সিঅ — কোন কাজ করলে তার সুবিধা অসুবিধা ধরা পড়ে।
ফানগীনাঙনি সাল — জোর যার মুলুক তার।
ফাতার' রাঙচাক, বিসিং কসক — বাইরে সরল, ভিতরে গরল।
ফানগীনাঙ-ন চাগীনাঙ — বীরভাগ্য বসুন্ধরা।

ব

বীথাই-ন বুফাঙনি, মুঙ নীরীগী — ফলেন পরিচীয়তে।
বুরাসা খীই পুক' য়াকুং রী — মরন ফাঁদে পা দেওয়া।
বাইথাঙ হামখে বেবাক-ন হামী — আপনি ভালো তো জগত ভালো।
বাইথাঙনি ফান-ন ফান — স্বাবলম্বন সর্বশ্রেষ্ঠ অবলম্বন।
বলঙনি মীসা চায়া, বীখানি মীসা চাঅ — বনের বাঘে খায় না, মনের বাঘে খায়।
বীরীয়রগ কীবাং নালিয়া মুনয়া — অতি সন্ন্যাসীতে গাজন নষ্ট।
বুইনি বাগীই উারাই চকখে সাগ-ন কীলাই থাইঅ — পরের জন্য ফাঁদ পেতে নিজে পড়ে মরে।
বীথাইনি সীলাই বকং কতর — আমের চেয়ে আঁটি বড়।
বরক খরকসা তঙমুঙ কাইসা — নানা মুনির নানা মত।

বখরক থাংথানি খিতুঙ থাং — আগের হাল যেদিকে, পিছের হাল সেদিকে।
বাহাই মানমাঙ অক কীপীলীঙ — ঘ্রাণেনঃ অর্ধ ভোজনং।
বীসাগ মারিউই কীসা, বীর' বিথি রিনাই — সর্ব অঙ্গে ব্যথা, ওষুধ দেব কোথা।
বেলাই তরখে বায়ীই কীলাইঅ — অতি দর্পে হত লঙ্কা।
বিরিমান নাঙখে বরকী খা সিঅ — বিপদে বন্ধুর পরিচয় হয়।

ম

মাইসিং কুসুঙসা বায় কীচাংমা পাইয়া — এক মাঘে শীত যায় না।
মাগনা মানমা হাইচুকমা চাঅ — পাপের ধন প্রায়শ্চিত্তে যায়।
মীসানা রীঙয়াখে নখীলা কেখেক — নাচতে না জানলে উঠান বাঁকা।
মাঙখুং হেলেঙ মুই থীইয়া — হালকা মুগুরে শিকার মরে না।
মায়তীক কতরনি মায়রুংখু, থুমুই রীঙগীই মচমসা — হাতি লেটলে ঘোড়ার সমান।
মকলনি ফন, য়াকুংনি চর — চোখের বালি।

ল

লাংমা তঙসাক অসীঙ পাইয়া — যতক্ষণ শ্বাস ততক্ষণ আশ।

স

সিয়ারি মায় হাময়া, কথমা অকপুঙয়া — শুধু কথায় চিড়া ভিজে না।
সাইচুং সাক কাইসা, পজা চাকজাগয়া — গায়ে মানে না আপনি মোড়ল।
সাক কাইসা তঙমুঙ কাইসা — নানা মুনির নানা মত।
সাকনি থীইমুঙ কবর-ব সিঅ — আপনা বুঝ পাগলও বুঝে।
সিনাল বায় সিনাল রিগনাই বাকসা — চোরে চোরে মাসতুতু ভাই।
সীই খিতুং উাসুঙগ দাফানী পেঙয়া — শতবার ধুলেও কয়লার ময়লা ছাড়ে না।
সীই বায় আমিঙ নাঙলাই তঙ — সাপে-নেউলে লড়াই।
সীংখে কক মানী, চগখে রুঙ থাংগ — গাইতে গাইতে গাইন আর বাজাতে বাজাতে বাইন।
সেলে সাক হাঙ কীসীরাঙ আ হাঙ — পরিশ্রমই সৌভাগ্যের প্রসূতি।
সাগনি খিকরকনি খি সামলেগীরাদি — আপন চরকায় তেল দাও।
সাজীকন ফীরীঙমা হামজীক রীঙ, হামজীকন ফীরীঙমা নকসা নকারি — মেয়েকে শেখালে, বউ শিখে, বউকে শেখালে পড়শী।
সেলেংন থলখে বালিন থলী — চাকরকে নির্দেশ দিলে সে তার নীচের চাকরকে নির্দেশ দেয়।

হ

হুউাচেং মায়রুঙ সারী — উলুবনে মুক্তা ছড়ানো।
হলং কেসেপনি তকতাই — উভয় সঙ্কট।

নবম অধ্যায়

বীখাক উলচুকু

বেদেক পুইলা (প্রথম পরিচ্ছেদ)

ককমাঙজুদা সামলায় ককথাই

(প্রায় সমুচ্চারিত ভিন্নার্থক শব্দ)

➔ ১। *উর'*

উর' — সেখানে,

উর' কেব কৗরাই — সেখানে কেহ নাই।

উর' — মুখ দিয়া ধাক্কা দিয়া খুঁড়া,

গনদার হা উর' — গণ্ডার (মুখ দ্বারা ধাক্কা দিয়া) মাটি খুঁড়ে।

➔ ২। *এর*

এর — নাড়াচাড়া করা,

মন তাই তা এরদি — এইটাকে আর নাড়াচাড়া করিও না।

এর — বিস্তার লাভ করা,

অব তাইব এরাই তঙগ — এইটি আরও বিস্তার লাভ করিতেছে।

➔ ৩। *কই ।। কয়*

কই — বাঁকিয়া যাওয়া,

অ লামা য়াগরাতাই কইখা — এই রাস্তাটি ডানদিকে বাঁকিয়া গিয়াছে।

কই — অভিমান করা,

আঙ তেই কইগীলাক — আমি আর অভিমান করিব না।

কয় — অনুরোধ করা,

ব আন ফায়না কয়জাঅ — তিনি আমাকে আসিতে অনুরোধ করেন।

➔ ৪। ***কক ।। কাক***

কক — কথা,

নীঙ আন তীমা কক সাখা — তুমি আমাকে কি কথা বলিয়াছ?

কক — ভাষা,

কক তামন হিন — ভাষা কাহাকে বলে?

কক — ছোঁড়া,

সিলাইনি কগদি — বন্দুক থেকে গুলি ছোড়।

কাক — ছিন্ন হওয়া,

বীরগ কাগলাই তঙখা — তাহারা বিচ্ছিন্ন হইয়া পড়িয়াছে।

➔ ৫। ***কতক ।। কথক***

কতক — গলা,

বিনি কতকনি খরাঙ কীমাখা — তাহার গলার স্বর হারাইয়া গিয়াছে।

কতকঁ — ডাকা (মুরগী),

তক কতকনাই — মুরগী ডাকিবে।

কথক — স্বাদপূর্ণ,

চাথাই কথক চাথগ' — স্বাদপূর্ণ খাবার খাইতে ভাল লাগে।

➔ ৬। ***কর'***

কর' — ভুল করা,

বরক হিংকাই-ন কর'অ — মানুষ মাত্রই ভুল হয়।

কর' — তা দেওয়া,

তাখুম তাখুমতীয় কর'য়া — হাঁস ডিমে তা দেয়না।

➔ ৭। ***কল***

কল — ঘাঁটিয়া দেওয়া,

মায়তীকনি মায় কলদি — হাড়ীর ভাত ঘাঁটিয়া দাও।

কল — দোলানো,

বিসমা কলাইতা হিমদি — কোমর দোলাইয়া হাঁটিও না।

কল — বর্শা (অস্ত্র),

কল বায় সুদি — বর্শা দিয়া খোঁচা দাও।

কল — যন্ত্র,

কল-কারখানা সীনামদি — কল-কারখানা তৈরী কর।

কল — আস্তে আস্তে,

কল কলখে হিমদি — আস্তে আস্তে হাঁটিও।

➔ ৮। ***কলম***

কলম — গরম লাগা,

তিনি বেলাই কলম' — আজ বেশী গরম লাগে।

কলম — হৃষ্টপুষ্ট হওয়া,

ব আগিনি সীলাই কলমখা — সে পূর্বাপেক্ষা হৃষ্টপুষ্ট হইয়াছে।

কলম — লেখনী,

আন কলম কাঙসা হদে — আমাকে একটা লেখনী দাও।

➔ ৯। ***কলি***

কলি — কলিকাল,

চীঙ কলিনি বরক — আমরা কলিকালের মানুষ।

কলি — নাকফুল,

বাই চিকন কলি কানয়া — ছোড়দি নাকফুল পরিধান করে না।

➔ ১০। ***কসর***

কসর — স্বর ভঙ্গ হওয়া,

আনি খরাঙ কসরখা — আমার গলার স্বর ভাঙ্গিয়াছে।

কসর — চুইয়ে পড়া,

গলানি তীয় কসরখা — কলসীর জল চুইয়া পড়িয়াছে।

➔ ১১। ***কা***

কা — আরোহণ করা,

বীফাঙগ কাসাদি — বৃক্ষারোহণ কর।

কা — রাখা,

নিনি সাইকেল কালাংদি — তোমার সাইকেলটা রাখিয়া যাও।

কা — পায়ে দেওয়া,

জুতা কায়াউই তা হিমদি — জুতা পায়ে না দিয়া হাঁটিওনা।

কা — পা ফেলা,

অর তা কাদি — এখানে পা ফেলিও না।

➔ ১২। ***কাই***

কাই — রোপন করা,

জে মানসাক বুফাঙ কাইদি — যতগুলি সম্ভব বৃক্ষ রোপণ কর।

কাই — বিবাহ দেওয়া,

বন কাইরীদি — তাহাকে বিবাহ দাও।

কাই — প্রতিষ্ঠা করা / স্থাপন করা,

ব ই রাংনকনি কুলালা কাইখা — তিনি এই স্কুলটির ভিত্তি প্রস্তর স্থাপন করিয়াছেন।

➔ ১৩। ***কার***

কার — ত্যাগ করা,

আঙ চা নাংমা কারখা — আমি চা পান ছাড়িয়া দিয়াছি।

কার — নিবেদন করা,

দুদ' তাঁয় কারদি — দুধে জল নিবেদন কর।

কার — বাওয়া,

বিমল তাবুক বসই কার' — বিমল এখন বড়শী বায়।

➔ ১৪। ***কারা ।। কাঁরা***

কাঁরা — শ্বশুর,

যদুবাবু রহিমনি বাকাঁরা — যদুবাবু রহিমের শ্বশুর।

কারা — ঠাট্টা,

নাঁঙ আন কারা দে থুং — তুমি কি আমাকে ঠাট্টা করিতেছ?

কারা — বিঘত (অর্ধহাত),

কসমবায়সঙ কারাসা জাগা-ব য়াকার না নাইয়া —কসমবায়গণ এক বিঘত জমিও ছাড়িতে চায় না।

➔ ১৫। ***কিসিল***

কিসিল — আরোপ করা,

দারানি সাগ'দায়িত্ব কিসিলজাগখা — দাদার উপর এই দায়িত্ব আরোপ করা হইয়াছে।

কিসিল — গড়াগড়ি দেওয়া,

ব কিসিলাই তঙগ — সে গড়াগড়ি দিতেছে।

➔ ১৬। ***কুচুক***

কুচুক — উঁচু,

সিকরুক সীনাই কুচুকতাই বির মান — শকুন অনেক উপর দিয়া উড়িতে পারে।

কুচুক — কাশ দেওয়া,

তা কুচুগদি — কাশি দিওনা।

➔ ১৭। ***কুতুক ।। কুথুক***

কুতুক — কঠিন,

ম সামুঙ বেলাই কুতুক — এই কাজটা খুবই কঠিন।

কুতুক — গোলমাল করা,

তা কুতুকবায়দি — গোলমল করিও না।

কুতুক — টগবগ করে ফুটা,
মায় কুতুগ — ভাত টগবগ করিয়া ফুটে।
কুথুক — গভীর,
তীয় কুথুগনি আ — গভীর জলের মাছ।

➔ ১৮। ***কুফুঙ ।। কুফুং***
কুফুঙ — জলে ভাসা,
লাইফাঙ তীয়' কুফুঙগ' — কলাগাছ জলে ভাসে।
কুফুঙ — মেদযুক্ত মোটা,
ম বীরীয় বেলাই কুফুঙ কতরমা — এই ভদ্রমহিলা বেশ মোটাসোটা।
কুফুং — বন্ধ হওয়া,
য়াংনি লামা কুফুংজাক — এইদিগের রাস্তা বন্ধ হইয়া আছে।

➔ ১৯। ***কুরুক***
কুরুক — নষ্ট হওয়া,
দুদ কুরুক থাংকা — দুধ নষ্ট হইয়া গিয়াছে।
কুরুক — আখ,
কুরুক মীতাই রীথানি নাঙগ' — আখ পূজায় লাগে।
কুরুক — আবর্জনাপূর্ণ হওয়া,
দাইকুং কুরুকখা — নর্দমাটি আবর্জনা পূর্ণ হইয়াছে।

➔ ২০। ***কেবেং***
কেবেং — বাধা দেওয়া,
ব আন কেবেংগ' — সে আমাকে বাধা দেয়।
কেবেং — দৈর্ঘ্য,
অ নগনি কেবেং-কসং হমান — এই ঘরটির দৈর্ঘ্য-প্রস্থ সমান।

➔ ২১। ***কীচাং***
কীচাং — ঠাণ্ডা, নম্র
প্রদীপ চীলা সীনাই কীচাং — প্রদীপ বেশ নম্র ছেলে।
কীচাং — শীত লাগা,
তিনি বেলাই কীচাংগ' — আজ প্রচণ্ড শীত।

➔ ২২। ***কীলাই ।। কীলায়***
কীলাই — পড়িয়া যাওয়া,
কুতুলদি, অীংয়াখে কীলাইনাই — সরিয়া যাও, নতুবা পড়িয়া যাইবে।
কীলায় — সহজ,

ম-ন লামা কীলায় — এইটাই সহজ পন্থা।

কীলায় — সস্তা,

তিনি তকতীয় কীলায় — আজ মুরগীর ডিম সস্তা।

➔ ২৩। ***খক***

খক — চুরি করা,

মানীই খগখে পাপ অীংগ' — জিনিস চুরি করিলে পাপ হয়।

খক — জল তোলা,

কুউানি তীয় খগদি — কূয়া হইতে জল তোল।

➔ ২৪। ***খপ***

খপ — অন্তর্ভূক্ত করা,

অ লিসতিঅ আনি মুঙ খবদি—এই তালিকায় আমার নাম অন্তর্ভূক্ত কর।

খপ — বাঁধানো (রাস্তা, মাঠ, ঘাট ইত্যাদি),

বিশু লামা খবনানি সামুঙ তাংগ — বিশু রাস্তা বাঁধাইবার কাজ করে।

➔ ২৫। ***খল***

খল — চয়ন করা,

সামপারিসঙ খুম খললাই তঙগ — সামপারিগণ ফুল চয়ন করিতেছে।

খল — কুড়ি

নকসিরায় আপেল খলনীয় পায়খা — নকসিরায় দুই কুড়ি আপেল ক্রয় করিয়াছে।

খল — মনস্থ করা,

আঙ পরিনানি খলকা — আমি পড়িতে মনস্থ করিয়াছি।

➔ ২৬। ***খাই।। খায়***

খাই — কমানো,

মায়রাঙনি মায় কিসা খাইদি — থালা হইতে কিছুটা ভাত কমাও।

খায় — করা,

নীঙ তাম খায়? — আপনি কি করেন?

খায় — গুঁতা মারা,

বঙনি মুসুক বকরং গীনাঙ ফানী খায়য়া—আগের গরু শিং থাকলেও গুঁত্র মারেনা।

➔ ২৭। ***খাইচিক***

খাইচিক — দৌড়ানো,

ব দাকতি খাইচিগ' — সে দ্রুত দৌড়ায়।

খাইচিক — কৃপণ,

অভিচরন বেলাই খাইচিক — অভিচরন খুবই কৃপণ।

২৮। *খাম*

খাম — ঢাক,

শিবু খাম তাম' — শিবু ঢাক বাজায়।

খাম — পোড়িয়া যাওয়া,

বঙনি নক খুংস্ম খামসাই থাংকা — তাহাদের একটা ঘর পুড়িয়া গিয়াছে।

২৯। *খু*

খু — উল্লেখ করা,

ব আনি মুঙ খুউইদে সাখা — তিনি কি আমার নাম উল্লেখ করিয়া বলিয়াছেন?

খু — ধাক্কা লাগা,

গারি বায় স্কুটার আতুমসা খুলাইখা — গাড়ী আর স্কুটার হঠাৎ ধাক্কা লাগিয়াছে।

খু — ঢালা,

লাঙগানি ময় খুদি — খাড়া হইতে ধান ঢাল।

৩০। *খুক*

খুক — মুখ,

খুকনি কক বায় আংগীলাক — মুখের কথায় হইবেনা।

খুক — খুলিয়া ফেলা,

কামচীলায় খুগদি — শার্ট খুলিয়া ফেল।

৩১। *খুর*

খুর — ভাত বা তরকারি ইত্যাদি বাড়া,

মামুই খুরদি — ভাত তরকারি বাড়।

খুর — খনন করা,

বরগ পুখুরি খুর' — তাহারা পুকুর খনন করে।

৩২। *খীনা*

খীনা — শ্রবণ করা/কর্ণপাত করা,

আনি কক থাইসা খীনাদি — আমার একটা কথা শ্রবণ কর।

খীনা — আগামীকাল,

আঙ খীনা নগ থাংনাই — আমি আগামীকাল বাড়ী যাইব।

৩৩। *খীয়।। খীই*

খীয় — অম্ল বা টক হওয়া

বেলপুই চানা খীয়' — জলপাই খাইতে টক লাগে।

খীই — ফাঁদ,

সিনজ মাসা খীইঅ কীচাখা — একটা ইঁদুর ফাঁদে আটকাইয়াছে।

খাই — নাস্তানাবুদ করা,

বন খাইজাগখা — তাহাকে নাস্তানাবুদ করা হইয়াছে।

৩৪। *গঙ*

গঙ — ভল্লুক,

আঙ গঙ মাসা নুগখা — আমি একটা ভল্লুক দেখিয়াছি।

গঙ — নত হওয়া,

আসীক দাকতি তা গঙদি — এত তাড়াতাড়ি নত হইও না।

৩৫। *গতি*

গতি — ঘটা,

তীমা গতিখা — কি ঘটিয়াছে?

গতি — উপায়,

ম য়াসা আনি তেই গতি কীরাই — ইহা ছাড়া আমার আর উপায় নাই।

৩৬। *গেরেপ*

গেরেপ — ঘনাইয়া আসা,

দিবর গেরেবখা — দুপুর ঘনাইয়া আসিয়াছে।

গেরেপ — বেজে উঠা,

সাইরেন গেরেবখা — সাইরেন বাজিয়া উঠিয়াছে।

গেরেপ — ঘেরাও করা,

কর্মচারীরগ বিধানসভা গেরেপলাইখা — কর্মচারীগণ বিধানসভা ঘেরাও করিয়াছে।

৩৭। *চক*

চক — খনন করা,

ও.এন.জি.সি. চকনা সামুঙ চলিতঙগ — ও. এন. জি. সি.-র খননকার্য চলিতেছে।

চক — চালানো /বাওয়া,

বিটুন রুঙ চগ — বিটুন নৌকা চালায়।

চক — ঝাড়া,

বায়চিকন মায় চগাইতঙগ — ছোড়দি ধান ঝাড়িতেছে।

৩৮। *চা*

চা — খাওয়া,

আঙ মায় চাঅ — আমি ভাত খাই।

চা — সঠিক হওয়া/মনপুতঃ হওয়া,

বিনি সামুঙন আঙ চাসুগ' — তাহার কাজ আমার মনপুতঃ।

চা — চা (পানীয়)

নীঙ চা নীংনাদে? — আপনি চা খাইবেন কি?

➔ ৩৯। ***চাক***

চাক — লাল হওয়া,

আপেল মুনুই চাগখা — আপেল পাকিয়া লাল হইয়াছে।

চাক — পাতা,

মীসাইনি খাই চাগদি — হরিণ ধরিবার ফাঁদ পাত।

চাক — জায়গা হওয়া,

অর চাগগীলাক — এখানে জায়গা হইবেনা।

চাক — মানত করা,

ব বুরাসনি থানি তক রীনানি চাগখা — সে বুড়াদেবতার নিকট মোরগ মানত করিয়াছে।

➔ ৪০। ***চর***

চর — কাঁটা,

চর বায় চর খায়দি — কাঁটা দিয়া কাঁটা তোল।

চর — টিকসই হওয়া,

অ রিগনাই চরউানী — এই শাড়ীটা টিকসই হইবে।

চর — ভর সহ্য করা,

অ উা আন চরগীলীক — এই বাঁশটা আমার ভর সহ্য করিবেনা।

➔ ৪১। ***চার***

চার — আট,

আন' থাইলিক থাইচার হরদি — আমাকে আটটা কলা দাও।

চার — মাচাঙ

চার সীনামদি — মাচাঙ তৈরী কর।

➔ ৪২। ***চাম***

চাম — পুরাতন হওয়া,

আনি সাইকেল বেলাইন চামখা — আমার সাইকেলটা বেশ পুরাতন হইয়াছে।

চাম — ক্ষয় প্রাপ্ত হওয়া,

বিনি জুতা দাকতি চাম' — তাহার জুতা তাড়াতাড়ি ক্ষয় হয়।

➔ ৪৩। ***তক***

তক — পাখী,

তক নখাঅ বির' — পাখী আকাশে উড়ে।

তক — আঘাত করা,

ব আন আতুরা বায় তগখা — সে আমাকে হাতুড়ী দ্বারা আঘাত করিয়াছে।

তক — মোরগ,

আনি তক কীচাক মাসা তঙমানি — আমার একটা লাল মোরগ ছিল।

➔ ৪৪। ***তাক***

তাক — বয়ন করা,

খেলাং রিতরাক তাগ' — খেলাং বিছানা চাদর বয়ন করে।

তাক — তৈরী করা,

তাপস গলা তাগী — তাপস কলসী তৈরী করে।

তাক — এখন,

আঙ তাক থাংগীলাক — আমি এখন যাইব না।

➔ ৪৫। ***তাখুক***

তাখুক — ভাই,

অ তাখুক্ য়াং কিসা ফায়দি — এই যে ভাই, এইদিকে একটু আসিও।

তাখুক — পেঁচা,

তাখুকনি মকল কিতিং — পেঁচার চক্ষু গোলাকার।

তাখুক — খাঁচা,

অ তাখুগ' তকবুলু মাসা তঙগ' — এই খাঁচায় একটা বুলবুলি আছে।

➔ ৪৬। ***তাঙ***

তাঙ — স্পর্শ করা,

মন' কিসা তাঙলা — এটাকে একটু স্পর্শ করতো।

তাঙ — নির্মাণ করা,

তখিরাই নক তাঙগ' — তখিরাই ঘর তৈরী করে।

তাঙ — নিড়ি দেওয়া,

বীরীয়রগ নালিয়া তাঙগ' — মহিলাগণ পাট নিড়ি দেয়।

তাঙ — কাজ করা,

ব সামুঙ তাঙ কীরাক — তিনি কঠোর পরিশ্রমী।

➔ ৪৭। ***তীমা***

তীমা — কি,

নীঙ তীমা খীলায় — আপনি কি করেন?

তীমা — বাজানো,

শিবু খাম তীমা' — শিবু ঢাক বাজায়।

➔ ৪৮। ***তাল***

তাল — চাঁদ

নখানি তালন' জতত-ন হামজাগী — আকাশের চাঁদকে সকলেই ভালবাসে।
তাল — মাস,
ফাইনাই তাল' আঙ দিল্লী থাংনাই — আগামী মাসে আমি দিল্লী যাইব।
তাল — তাল (ফল),
তালনি আউান চাথগ' — তালের পিঠা খাইতে ভাল লাগে।

➤ ৪৯। *তাই।। তায়*
তাই — লওয়া,
আনি সলা কিসা তাইলা — আমার থলেটা একটু লও তো।
তাই — মিষ্টি লাগা,
থাইপুঙ চানা তাইঅ — কাঁঠাল খাইতে মিষ্টি লাগে।
তাই — ডিম পাড়া,
তাখুমবীরাই বীতাই তাইঅ — হংসী ডিম পাড়ে।
তায় — জল,
নাঙ তায় নাংনাদে — আপনি জল খাইবেন কি?

➤ ৫০। *থক*
থক — তৈল,
সিপিঙনি থক মান' — তিল হইতে তৈল পাওয়া যায়।
থক — স্বাদ লাগা,
থদে থক নাইলা — স্বাদ হইয়াছে কি দেখ তো।

➤ ৫১। *থপ*
থপ — ফোঁটা,
উাতায় থপসা থপনায়খে কালাইঅ — বৃষ্টি একফোঁটা দুই ফোঁটা করিয়া পড়ে।
থপ — বাসা তৈরী করা,
তক খুকচাই বায় বথপ থপ' — পাখী চঞ্চু দ্বারা বাসা তৈরী করে।

➤ ৫২। *থু*
থু — ঘুমানো,
নাঙ থুউইদে তঙ — আপনি কি ঘুমাইতেছেন?
থু — চাল পরিস্কার করা,
আমা মাইরুম থুঅ — মা চাল পরিস্কার করেন।

➤ ৫৩। *থুক।। থীক*
থুক — গভীর হওয়া,
অ পুখুরি বীসীক থুগনাই — এই পুকুরটা কত গভীর হইবে।

থীক — উকুন;

আনি বখরগ' থীক কীরীই — আমার মাথায় উকুন নাই।

৫৪। ***থীই ।। থীয়***

থীই — রক্ত,

কুকনি থীই কুফুর — ফড়িং এর রক্ত সাদা।

থীয় — মৃত্যু হওয়া,

চীঙ জতন মা থীয়নাই — আমদের সকলকেই মৃত্যুবরণ করিতে হইবে।

৫৫। ***দুম***

দুম — বাঁধা,

মুসুক দুমদি — গরু বাঁধ।

দুম — বোনা/ বয়ন করা,

আফা বেড়া দুমীই মান' — বাবা বেড়া বুনিতে পারেন।

৫৬। ***দুক ।। দীক***

দুক — লতা,

মুইতুনি দুক তুবদি — কচুর লতা আনিও।

দীক — দেরী হওয়া,

তামঙগীই দীগীখা সীলাই — কেন দেরী হইয়াছে?

দীক — ফাঁদ,

দীক চাগদি — ফাঁদ পাত।

৫৭। ***নার***

নার — দোলানো,

তা নারদি — দোলাইও না।

নার — পাড়, তীর,

আয়াং নার' থাংদি — ঐ পাড়ে যাও।

৫৮। ***নুখুঙ ।। নুখুং***

নুখুঙ — পরিবার, সংসার

চিনি কামিঅ নুখুঙ খুঙনীয়চি তঙগ — আমাদের গ্রামে কুড়িটা পরিবার আছে।

নুখুং — ঘরের ছাদ,

নুখুং সাকানি কীলাইখা — ঘরের ছাদ হইতে পড়িয়াছে।

৫৯। ***নীঙ ।। নীং***

নীঙ — তুমি/আপনি,

নীঙ তাম খীলায়? — আপনি কি করেন?

নীং — পান করা,

আঙ তীয় নীংনাই — আমি জল পান করিব।

নীং — ডাকা,

অমলন নীংদি — অমলকে ডাক।

➔ ৬০। ***পাই।। পায়***

পাই — শেষ হওয়া,

সিনেমা পাইখা — সিনেমা শেষ হইয়াছে।

পাই — জয় লাভ করা,

সীবা পাইখা — কে জয়লাভ করিয়াছে?

পায় - ক্রয় করা,

আঙ সাইকেল খুংসা পায়নাই — আমি একটা সাইকেল ক্রয় করিব।

➔ ৬১। ***প্রাপ ।। পাপ***

প্রাপ — লবনাক্ত হওয়া,

মুইঅ সম প্রাবখা — তরকারিতে লবণ বেশী হইয়াছে।

পাপ — পাপ (Sin),

তাতাল সাখে পাপ আংনাই — মিথ্যা বলিলে পাপ হইবে।

➔ ৬২। ***পিয়া***

পিয়া — মৌমাছি,

পিয়া বথপ' হর তা সুনদি — মৌমাছির চাকে আগুন দিও না।

পিয়া — পিসেমশাই,

পিয়া তিনি ফায়াখী — পিসেমশাই আজ আসেন নাই।

➔ ৬৩। ***পুঙ***

পুঙ — পূর্ণ হওয়া,

নিনি মুচুংমা পুঙথুন — আপনার ইচ্ছা পূর্ণ হউক।

পুঙ — শব্দ করা,

তাবুক তাই তা পুঙদি — এখন আর শব্দ করিও না।

➔ ৬৪। ***পের***

পের — অঙ্কুরিত হওয়া,

বীচীলাইনি বুমুক পের' — বীজ হইতে অঙ্কুরোদগম হয়।

পের — সশব্দে ফাঁটা,

বোমা পেরমা বায় খরগনীয় থীয়জাখা — বোমা ফাঁটায় দুইজনের মৃত্যু হইয়াছে।

➔ ৬৫। ***ফাই।। ফায়***

ফাই — মটকে ভাঙ্গা,

উা ফাইদি — বাঁশ (মটকে) ভাঙ্গ।

ফায় — আসা

য়াং ফায়দি — এইদিকে আসিও।

➔ ৬৬। ***ফান***

ফান — শক্তি,

বিনি মুঙসা ফান কীরাই — তাহার কোন শক্তি নাই।

ফান — জড়ানো, ফাঁসানো

বিনি লগি আন-ব ফানখা — তাহার সহিত আমাকেও জড়াইছে।

➔ ৬৭। ***ফার***

ফার — ঝাড়পোষ করা,

তিনি নক ফারয়াখী — আজ ঘর ঝাড়পোষ করে নাই।

ফার — অনুবাদ করা,

ককবরক বায় ফারদি — ককবরকে অনুবাদ কর।

ফার — নামকরণ করা,

নরেনন' বিবেকানন্দ' মুঙ ফারজাগখা — নরেনকে বিবেকানন্দ নামকরণ করা হইয়াছে।

➔ ৬৮। ***ফুঙ***

ফুঙ — সকাল,

আঙ ফুঙগ মায় চায়া — আমি সকালে ভাত খাই না।

ফুঙ — হাতল বা বাট,

উা বায় দাফুঙ সীনামদি — বাঁশ দিয়া দা-র হাতল তৈরী কর।

➔ ৬৯। ***ব***

ব — সে, তিনি

ব সীবা? — তিনি কে?

ব — কোন?

ব কলম নিনি? — কোন কলমটা তোমার?

ব — বিছানো,

রিগনাই বরক বউই আচুগদি — পাছড়া বিছাইয়া বসিও।

ব - ও (also, too)

বিনি লগি অমল-ব ফায়নাই — তাহার সহিত অমলও আসিবে।

➔ ৭০। **বখক**

বখক — কোন কিছুর খোল বা ঘর,

সেং বখকনি সেং তিখীলাইদি — খোল হইতে তরবারি বাহির কর।

বখক — ভাঙ্গিয়া চুরমার করা,

মন' বখকদি — এইটাকে ভাঙ্গিয়া চুরমার কর।

➔ ৭১। ***বসক***

বসক — অগ্রভাগ,

উা বসক' তখা আচুগখা — বাঁশের আগায় কাক বসিয়াছে।

বসক — বসানো,

অর' কল কাইসা বসকদি — এখানে একটা কল বসাও।

➔ ৭২। ***বা***

বা — পাঁচ,

আন রাঙ খকবা হরদে — আমাকে পাঁচ টাকা দাও।

বা — প্রসব হওয়া,

চিনি মুসুক মাসা বাখা — আমাদের একটা গরু বাচ্চা দিয়াছে।

বা — বেয়ে যাওয়া,

চীঙ হাচাম বাআই অঙখরখা — আমরা খাড়া পাহাড় (বেয়ে) অবতরণ করিয়াছি।

➔ ৭৩। ***বায়।। বাই***

বায় — ভাঙ্গিয়া যাওয়া,

আনি য়াক বায়' থাংকা — আমার হাত ভাঙ্গিয়া গিয়াছে।

বায় — দ্বারা/দিয়া,

য়াগরা বায় রমদি — ডান হাত দিয়া ধর।

➔ ৭৪। ***বায় - এবং/ও***

মনীষা বায় সুদীপা ফায়কা — মনীষা ও সুদীপা আসিয়াছে।

বাই — সঙ্গে/সহিত,

আঙ নীঙ বাই থাংনাই — আমি তোমার সঙ্গে যাইব।

বাই — দিদি,

নিনি বাইনি মুঙ তীমা? — তোমার দিদির নাম কি?

➔ ৭৫। ***বার***

বার — প্রস্ফুটিত হওয়া,

খুমলীঙগ খুম বারখা — বাগানে ফুল ফুটিয়াছে।

বার — পার হওয়া,

নীঙ হাওড়া তীয়মা বারীই বাচাদি— তুমি হাওড়া নদী পার হইয়া দাঁড়াও।

➔ ৭৬। ***বারা***

বারা— বেঁটে/খাটো,

ব আনি সীলাই বারা— সে আমার তুলনায় খাটো।

বারা— অতিরিক্ত/ অবশিষ্ট,

নরগ খরগ বীসীক বারা আঁংখা— তোমরা কতজন অতিরিক্ত হইয়াছ?

➔ ৭৭। ***বীর'।। বর'।। বর***

বীর'— কোথায়?

নীঙ বীর' থাংনাই— আপনি কোথায় যাইবেন?

